মগনীরাম রত্নপিটক গ্রন্থাবলী

পঞ্চমরত্ন।

যোগমণিপ্রভা

রামানক্ষতি বিরচিত।

অনুবাদক—শ্রীতুর্গাচরণ চট্টোপাধ্যায়।

ক্ষুত্তরোপনিষৎ সমূহে সকল প্রকার যোগেরই বীজ নিহিত্ব দিখিতে পাওয়া যায়। আর প্রপত্তি—ঈশ্বরের (অথবা তাঁহার দ্বাকথা) একান্ত শরণাপন্ন হওয়া যে ঈশ্বরের ও মায়ার আরুক্লালাভে ওপায় ঈশর স্বয়ং বলিয়া দিয়াছেন—''মামেব যে প্রপালন্তে মায়ামেভাই তর নিশ রা আমার শরণাপন্ন হয়, তাহারাই এই মায়া উত্তীর্ণ হইতে পারে । তাই স্থিতি লয়ের জন্ত ঈশ্বর ত্রিগুণাত্মিকা মায়াকে অবলম্বন করিয়া যে ব্রহ্মা বিষ্ণু ও রজ—মূর্ত্তি ধারণ করেন, সেই তিন মূর্ত্তিতেই, তাঁহাকে জ্ব অধিকারীর জন্ত, সেই বেলোক্ত যোগসমূহের ভিন্ন প্রকার বিভাগ তিনিদেশ করিতে হইয়াছে এবং সর্কাবস্থায় মায়া বা ভবানী, মহালক্ষী, মহাদ্ব ও মহাকালী এই তিমূর্ত্তি ধরিয়া যোগক্ষেমবহন, শুভব্দ্ধিসংযোজন ও, স্থ্যানাদিবিদ্বাপদারণ পূর্বক, যোগোপদেন্তার তথা জীবের অনুকৃল্য

মহাবোগেশ্বরঃ শস্তুম হাবোগেশ্বরো হরিঃ। মহাবোগেশ্বরো ত্রনা ভবানী সিদ্ধবোগিনী॥

রুদ্র যে চারিপ্রকার যোগের উপদেশ করেন, তাহা এই (১) ম (২) হঠযোগ, (৩) লয়যোগ (৪) রাজযোগ।

থাকেন। এই কথাই সংক্ষেপে শাস্ত্রান্তরে এইরূপে উক্ত হ্রাছে—

- (১) মন্ত্রবোগ—'ওঁ নমো নারায়ণায়', 'ওঁ নমো ভগবতে বাস্থদেবায়', 'শিবায়'; (ব্রাহ্মণের পক্ষে), গায়্রী, (সয়াসীর পক্ষে) কেবল প্রণব, ই মহামন্ত্রের পুরশ্চরণ, ধ্যান প্রভৃতির অন্তর্গান দারা ইষ্টদেবতা প্রসন্ম হইলে, চিত্তকে আপনাতে একাগ্র করিয়া শাস্ত করিয়া দেয় এবং তদ্বারা মোক্ষ হয়; (সেই মোক্ষ অবশ্য জ্ঞানসাপেক্ষ)। ইহাই মন্ত্রবোগের—তাল্সিংহ পূর্ব্বতাপিয়্যপনিষদে মন্ত্রবোগের উপদেশ প্রজ্ঞাপতিমুখনিঃস্ত ব্রক্ত বিবরণ সমূহ পাওয়া বায়।
- (২) হঠবোগে (বোধসার ১১৮ পৃঃ হইতে—১২৭পৃঃ দ্রষ্টব্য—শি
 সমাধোগ দারা মুক্তিসাধন উপদিষ্ট হইয়াছে। পরমাত্মা শিবরূপে জীবের ব্রথ
 অবস্থান করেন। এই স্থানেই তিনি আপনার শিবরূপ ভূলিয়া গিয়া জীবভা
 প্রোপ্ত হন—আপনাকে জীব বলিয়া মনে করেন। এই হেতু ব্রহ্মরদ্ধের নামান্ত
 প্রহা (ভ্রমং রাতি দলাতি ইতি ভ্রমরঃ)। মায়া বা শক্তি, (ভুজগীরূপে পরি
 কুণ্ডলিনী নামে) মূলাধারে অবস্থান করেন। প্রাণায়ামাদি দারা অপান

কে: উর্ক্ত দক্ষা লিভ করিয়া প্রাণবায়কে অবক্রম করিয়া রাখিতে বিশ্ব করিছে দ্বাধারস্থিত কুণ্ডলিনীশক্তি ব্যথিত হইয়া (সংসারী ক্রিমা করিছে ক্র্ডলিনীশক্তি ব্যথিত হইয়া (সংসারী ক্রিমা করিছে করিছে করিছা করিছে করিয়া ব্রহ্মরক্রে সহস্রারে অবস্থিত শিবের সহিত্য করিয়া ব্রহ্মরক্রে সহস্রারে অবস্থিত শিবের সহিত্য করিয়া বাসউচ্ছাসরূপ—প্রাণবৃত্তি বিলীন হং করিছা করিছা বাহিকর্মানিকর্মাণকর্মনার্থিত বিলীন হইয়া ধায়। এইরূপ মনোনাশনা বিশেবর করিছা করিছা বিলীন হইয়া ধায়। এইরূপ মনোনাশনা বিশেবর করিছা বিলীন হইয়া ধায়। এইরূপ মনোনাশনা বিশেবর করিছা বিলীন হইয়া ধায়।

েইছ প্রতিষ্ঠ আছে, মার্কণ্ডের হঠযোগের সাধন দারা যমরাজকে বঞ্চন র চিত্র হেইরা ইইরা বহিয়াছেন। মার্কণ্ডেরসাধিত হঠযোগ অষ্টাঙ্গণোগে বিল্লেই এই সম্প্রদায়ের আদি "নাথ''। পরে এই নাথকরে, গোরক্ষনাথ, চর্পটি, জলয়র, কনেড়ি, চতুরাঙ্গ, বিচারনাথ, প্রভৃতি প্রসিদ্ধিনাত করেন। হঠযোগের আদিন উপদেশ, যোগতদ্বোপনিষ্ণ বিলেই হঠযোগসাহিত্যে গোরক্ষণতক,' 'গোরক্ষসংহিতা,' 'সিদ্ধসিদ্ধান্তপদ্ধিত, বিলেই সংগ্রহ,' 'গোরক্ষসিদ্ধান্তসংগ্রহ,' 'অমনস্ক,' 'যোগবীজ,' 'হঠযো
কিত্র, 'হঠতত্বকৌমুলী,' 'ঘেরওসংহিতা' 'নিরঞ্জনপুরাণ' ইত্যাদি প্রাম্বিক ইইরা উক্ত সাহিত্যের পুষ্টিসাধন করে।

- া লরবোগ—সাক্ষান্তাবে বাহ্যপ্রপঞ্চলয়ের (তদ্বারা পরোক্ষভাবে মনো-টি র অসংখ্যপ্রকার উপায়, প্রীশন্তর প্রীপার্ব্বতীকে উপদেশ করিয়াছিলেন, বা নাইছেন্দ্রনান বা দক্ষিণ কর্ণে স্থিত অনাহত নাদের প্রবণই প্রেষ্ঠ লয়োপায়;
 না, ভদ্ধারা সাধক দেহের সহিত সমস্ত জগৎপ্রপঞ্চ বিশ্বত হইতে পারেন।
 সপর বে সকল উপায় উপদিষ্ট হইয়াছে, তাহাদের লক্ষ্য এই বে, ব্রির লে সংসারের যাবতীয় ইষ্ট ও অনিষ্টকে, ইষ্টরূপে গ্রহণ করিতে পারিলে চিভের হেরাস্তিশ্স্ত ভাব জন্মে, তদ্বারা জগৎপ্রপঞ্চের গ্রহণ নিরুদ্ধ হইয়া য়ায়,
 না লগং, দ্বেয়, প্রিয় ও উদাসীন বা তটস্থ বস্তুর সমষ্টিমাত্র এবং উদাসীন বা
 তার বিরুদ্ধ লয়বোগের পরিশ্ব্রত উপদেশ দেখিতে পাওয়া য়ায়। পরে বিরুদ্ধ সেই সকল উপদেশ পল্লবিত হইয়াছে।
- ্ঃ) শিবশক্তিপরাক্রঘামুভব—মাধার অঘটনঘটনপটুতা অমুভব করিয়া^জ

তখন সতাই অমুভব হইতে থাকেঃ—

"নুৰ্ত্তকী স্বাঙ্গভঙ্গেন ধনং প্ৰাপ্নোতি বা ন বা।

কুলান্সনা কটাক্ষেণ স্বং বশীকুরুতে পতিম্॥" (বোধদার পৃঃ ৫১৬), বা "নৌকার পালে হাওয়া লাগিলে, আর দাঁড় বাহিতে হয় না ''

বিষ্ণুপুরাণে বর্ণিত গ্রুবের সকামভক্তি ও বাসিষ্ঠ রামায়ণে বর্ণিত প্রহলাদের নিষ্কাম ভক্তিমূলক অভ্যাসপরিপাটীর বিচার করিলে একথা হৃদয়ঙ্গম হইবে।

এই কারণে, কলিতে অনগতপ্রাণ জীবের পক্ষে ভক্তিযোগাভ্যাস ও ভক্তির সাহায্যে যোগাভ্যাসই প্রশস্ত বলিয়া বলিয়া মনে হয়। কলিতে যোগালুষ্ঠানের ভক্তিমৃ ক উপায়ের প্রতি যাহাতে কলির সাধকের চিত্তে অনুরাগ জন্মে, তজ্জন্ত কয়েকটা অনুভব বাক্য এই ভূমিকার শেষে শ্লোকনিসদ্ধ করিয়া প্রদত্ত হইয়াছে। (ফলের) ঈশ্বরার্পণবৃদ্ধিতে কর্মানুষ্ঠানরূপ 'কর্মযোগ' ভক্তিযোগেরই অন্তর্গত। বর্ণাশ্রমবিহিত শাস্ত্রীয় কর্মের অনুষ্ঠানকেই প্রাচীনগণ কর্মবোগ বলিয়া বৃথিতেন। ইদানীস্তনগণ, পাশ্চাত্যকর্ম্মিগণের প্রভাবে, নিক্ষামভাবে নরসেবায় নারায়ণেরই সেবা সম্পাদিত হইয়া থাকে,এই বলিয়া প্রাচীন কর্মযোগের পরিধি আরও বিস্তৃত করিয়া দিয়াছেন।

নারদভক্তিস্ত্র, শাণ্ডিল্যভক্তিস্ত্র, বিষ্ণুপুরাণ, ভাগবত প্রভৃতি স্থবছগ্রন্থ ভক্তিযোগসাহিত্যে স্থপরিচিত।

এক্ষণে হিরণাগর্ভপ্রোক্ত বা ব্রহ্মা কর্তৃক উপদিষ্ট,যোগের বিষয় কিছু আলোচনা করিবার অবসর। হিরণাগর্ভ বা ব্রহ্মা যে যোগের উপদেশ করিয়াছিলেন, তাহাই গুরুপরম্পরাক্রমে পতঞ্জলি ঋষিকে প্রাপ্ত হইয়া স্ব্রাকারে নিবদ্ধ হইয়াছে, একথা পতঞ্জলি "অথ যোগান্থশাসনম্"এই স্থত্রে অথ'শন্দ দ্বারা এবং 'অন্থ'—উপসর্গের দ্বারা ইক্ষিত করিয়াছেন মাত্র। এই যোগের বিশিষ্টতা পরিক্ষৃট করিবার জন্থু, বিজ্ঞান-ভিক্ষু ইহার লক্ষণ করিলেন—"ক্রেশকর্মাদিপরিপদ্বিত্বে সতি চিত্তবৃত্তিনিরোধন্তম্ যোগত্বম্"। ইহার তাৎপর্য্য এই—চিত্তবৃত্তিনিরোধমাত্রই যোগ নহে। যে চিত্তবৃত্তিনিরোধে ক্রেশকর্মাদির অবসান হয়, তাহাই যোগ। কেননা, চিত্তের ক্রিপ্তানিরোধ ক্রেশকর্মাদির অবসান হয়, তাহাই যোগ। কেননা, চিত্তের ক্রিপ্তাদি অবস্থাতেও বৃত্তিনিরোধ সম্ভব, যেমন হিরণাক্ষিপুর ক্রোধ্বশতঃ চিত্ত-নিরোধ হইয়াছিল। 'যোগ' বলিতে সেইরূপ চিত্তনিরোধকে বৃথাইবে না, কেননা সে স্থলে বৃত্তিনিরোধদত্বেও ক্রেশকর্মাদির অবসান হয় নাই। কিন্তু কেহ কেহ এক্নপ লক্ষণে দোষ ধরিয়া কহিলেন—"বিবেকথ্যাতি"ক্রপ বৃত্তি দ্বারা ক্রেশকর্মাদির

অবসান হয় এবং তাহার নিরোধ কোনও যোগীর অভীষ্ট নহে বরং তাহার উৎপাদনই যোগীর লক্ষ্য, অবশু তাহা গৌণ। স্থতরাং বিজ্ঞানভিক্ষ্কত লক্ষণে অতিব্যাপ্তি দোষ হইল। এইহেতু তাঁহারা যোগের অন্ত লক্ষণ করিলেন—"ক্লেশকর্মনিঘটকত্বে সতি প্রমাণবিপর্য্যায়াদির্ভিনিরোধত্বং যোগত্বম্"। তাহার তাৎপর্য্য এই—প্রমাণ, বিপর্যায়, বিকল্প, নিদ্রা ও স্মৃতি, এই বৃত্তিগুলির নিরোধন্বারা ক্লেশকর্মের অবসান হয় বলিয়া, কেবল সেই বৃত্তিগুলির নিরোধকেই 'যোগ' বলিয়া বৃত্তিতে হইবে। 'বিবেকথাতি'রূপ বৃত্তি, যাহা প্রত্যক্ষ, অমুমান ও আগমরূপ প্রমাণের ফলস্বরূপ, তাহার নিরোধ যোগীর অভীষ্ট নহে।

প তঞ্জলিবিরচিত হত্ত সমূহের অর্থ পরিস্ফুট করিবার উল্লেখ্যে বাাসদেব যে ভাষ্য রচনা করিয়াছিলেন, সেই ভাষ্যে এই স্ত্রগুলি "সাংখ্য প্রবচন" বলিয়া উল্লিখিত হইরাছে। তাহার কারণ এই-ক্রায়দর্শন যেমন বৈশেষিকদর্শন-কার কুণাদনিরূপিত পদার্থব্যবস্থা অবলম্বন করিয়া প্রবৃত্ত হইয়াছে, ব্যাসের ব্রহ্মনীমাংসা যেমন কর্ম্মনীমাংসায় জৈমিনিব্যুৎপাদিত শাব্দক্রায়তত্ত্ব অবলম্বন করিয়া গঠিত হইয়াছে, সেইরূপ সাংখ্যশাস্ত্রোক্ত সৃষ্টিপ্রলয়প্রক্রিয়া অবলম্বন করিয়াই ''যোগাফুশাসন'' বিরচিত হইয়াছে। এই কারণে ভগবান ব্যাস 'ব্রহ্মসূত্রে' সাংখ্য-শ্বতির নিরাস করিয়া ''এতেন যোগঃ প্রত্যুক্তঃ'' (স্থ্র ২।১।০)-'এইরূপে সাংখ্য- \ শ্বতির থণ্ডন দারাই যোগশ্বতিও থণ্ডিত হইল, অর্থাৎ যোগশ্বতির পুণক নিরসনের প্রয়োজন নাই—ইহাই হচনা করিলেন, কিন্তু ইহার দারা এরূপ ব্ঝিতে হইবে না যে যোগদর্শন একেবারেই নির্থক। যোগদর্শনে যে জগৎকে অচেতনো পাদানক বলিয়া মানিয়া লওয়া হইয়াছে, পুরুষের যে বহুত্ব স্বীকৃত হইয়াছে এবং এইরূপ অন্যান্ত বেদবিরুদ্ধ কথা মানিয়া লওয়া হইয়াছে, ব্যাসদেব উক্ত হতে কেবল মাত্র সেই সকল কথারই অসারতা প্রতিপাদন করিয়াছেন; তিনি যোগদর্শনোপ্রিষ্ট ষমনিরমাদি সমাধিপর্য্যন্ত যোগাঙ্গসমূহের উপধোগিতা অম্বীকার করেন নাই। আর আচার্যাপাদ শঙ্কর স্বকীয় ''অপরোক্ষান্মভৃতি'' গ্রন্থে যে পাতঞ্জলদর্শনোক্ত যোগাঙ্গ সমূহের প্রকারান্তরে নিস্প্রােজনীয়তা দেখাইয়াছেন, তাহা কেবল রাজ্যােগে উত্তম-দৃষ্টি অধিকারীর জন্ম। এইরূপ অধিকারী অতি বিরল। মধ্যম দৃষ্টি ও হীনদৃষ্টি অধিকারীর পক্ষে পাতঞ্জল দর্শনোক্ত যোগাঙ্গসমূহের অভ্যাস যে একান্ত প্রয়োজনীয়, তিষ্বিয়ে বিভারণ্য প্রভৃতি আচার্য্যগণই প্রমাণ; কেন না তাঁহারা "জীবন্মুক্তিবিবেক" প্রভৃতি গ্রন্থে (মধ্যমদৃষ্টি ও হীনদৃষ্টি দাধকের পক্ষে) সেই যোগাঙ্গসমূহকে, মনোনাশসাধনের পরিপাটীরূপে গৌণ স্থান দেন নাই,মুখ্যস্থানই প্রদান করিয়াছেন।

কেহ কেহ বলেন যে দর্শনাস্তর বা যোগাস্তর হইতে পাতঞ্জলদর্শনের বা পাতঞ্জন যোগের বিশেষত্ব এই যে, যে সকল সিদ্ধি অত্যোক্ত সংযমের (ধারণা-ধ্যান-সমাধির) ফলরূপে ইহাতে প্রতিশ্রুত হইয়াছে, তাহারা যোগীর বর্ত্তমান শরীরেই অন্তুত হইতে পারে; পক্ষান্তরে অন্ত দর্শনের বা অন্ত যোগের প্রতিশ্রুত ফল দেহান্তেই হয়। কথাট কিন্তু ঠিক নহে। কেননা মীমাংসাদর্শনে প্রতিশ্রুত কারীরী যাগাদির ফল বর্ষণাদির জন্ম জন্মান্তরের অপেক্ষা করিতে হয় না এবং মন্ত্রযোগের ফলবিশেষের জন্মও দেহাস্তের অপেক্ষায় থাকিতে হয় না। তবে আজকাল কলিবুগে কি পাতঞ্জনযোগে, কি কর্মকাণ্ডে প্রতিশ্রত ফললাভ বড়ই বিরল। মন্ত্রযোগে প্রতিশ্রুত ফল অবশ্র তাদৃশ বিরল নহে। বর্ত্তমান কালে যে সকল অলৌকিক সিদ্ধি যোগবিভূতি বলিয়া প্রদর্শিত হয়, তাহারা অধিকাংশস্থলেই ঐক্রজালিক কৌশল মাত্র, আদৌ যোগবিভৃতি নহে। বলা বাহুল্য ঐক্রজালিক কৌশললাভের জন্ম অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহর বা যমের এবং শৌচ, সন্তোষ, তপঃ স্বাধ্যার ও ঈশ্বরপ্রণিধানরূপ নিয়মের বা অক্ত যোগাঁচ্বের অনুষ্ঠানের প্রয়োজন নাই। বস্তুতঃ অলৌকিক শক্তিলাভের বা সিদ্ধিলাভের স্থবিধাদৌকর্ঘ্য দেথাইয়া, দর্শনবিশেষের বা যোগবিশেষের উৎকর্মপ্রতিপাদন করা, কেবল কুতৃহলিগণের অলৌকিকশক্তিদর্শনস্পৃহারূপ চিতত্র্ব্বলতার স্থযোগ লইয়া সম্প্রদায়পুষ্টির বা উদ্দেশ্যান্তরসিদ্ধির চেটামাত্র। তাহা শান্তিলাভের বা মুক্তিলাভের পথপ্রদর্শন নহে। বিচারই হউক বা প্রাণায়ামাদিই হউক, যাহার সাহায্যে অচিরে ও স্বল্লাগ্নাসে কামক্রোধলোভাদির বেগকে প্রশমিত যাইতে পারে এবং চিত্তকে বৈরাগ্যপ্রবণ করিয়া তত্ত্বানুথ করা যাইতে পারে, তাহাই দর্শনবিশেষের বা যোগবিশেষের উৎকর্ষের পরিমাপক। পতঞ্জলি নিজেই (৩০০৭ স্থত্তে) সিদ্ধিসমূহের মূল্য নির্দ্ধারণ করিয়া সাধকগণকে তল্লাভের চেষ্টা হইতে বিরত হইবার উপদেশ দিয়াছেন। তথাপিও যে তিনি অতিলোভনীয় বিভৃতি সকলের উল্লেখ করিয়াছেন এবং সেই সেই বিভৃতিলাভের উপায় নির্দেশ করিয়া দিয়াছেন, তাহার কারণ ছইটি। প্রথমতঃ বহবায়াসসাধ্য সংযমের অভ্যাসে চরম ফল অর্থাৎ অসম্প্রজ্ঞাত সমাধিলাভে বিলম্ব দেখিলে, যাহাতে ধৈর্যাচ্যুতি না ঘটে, তজ্জন্য উপায়শ্রনা ও আত্মপ্রত্যয়ের প্রভূত আব্খাকতা আছে। সেই হেতু কোনও প্রকার বিভূতিলাভ হইলে, অবলম্বিত পথে ও আপনাতে বিশ্বাস অবিচলিত থাকে। দ্বিতীয়তঃ বিভৃতিগুলির সহিত কিছু পরিচয় না থাকিলে. তাহারা যথন সংযমাভ্যাসক্রমে আপনাহইতেই উপস্থিত হইতে থাকে, তথন যোগী

দেই সকল বিভৃতিলাভে মুগ্ধ হইয়া, যাহাতে আপনাকে ক্তক্কতা মনে না করেন, তজ্জ্য, তাহাদের পরিচয় প্রদান করিয়। পূর্বে হইতে সতর্ক করিয়া দেওয়া আবশ্যক।

যাহার৷ প্রাচ্য ও প্রতীচ্য দর্শনকারগণের স্ব স্ব মতপ্রতিপাদন প্রণালীগুলি পরস্পর তুলনা করিয়া দেখেন,তাঁহারা প্রায়ই দেখিতে পান,যে প্রতীচ্য দর্শনকারগণ অতি সহজ্ঞবোধ্য অবিসম্বাদী তথ্যগুলি অগ্রে প্রতিপাদন করিয়া শিদ্য অথবা শিশিক্ষুগণকে উত্তরোত্তর কঠিন তথ্যসকলের ভিতর দিয়া লইয়া গিয়া, পরিশেষে আপন আপন সিদ্ধান্তে উপনীত করাইয়া দেন; কিন্তু প্রাচ্য দর্শনকারগণ প্রায়ই আপন আপন সিদ্ধান্তগুলি উপস্থাপিত করিয়া পরে তত্তবিষয়ে শিষ্যশিশিক্ষুগণের সন্দেহ দুর করিয়া, সেইগুলি বোধগম্য করিবার জন্ম, অথবা তাহাদের অভ্যাসের সৌকর্ষ্যার্থে, উত্তরোত্তর সহজবোধ্য যুক্তি অথবা স্থকর উপায় প্রতিপাদন করিয়া, পরিশেয়ে ফলশ্রুতি বর্ণনা করেন, অর্থাৎ প্রতীচ্যগণ যে যে স্থলে সঙ্কণন প্রণালীর বা synthetic method এর পক্ষপাতী, প্রাচ্যগণ দেই গেই স্থলে প্রায় বিভলন প্রণালীর বা analytic method এর পক্ষপাতী প্রতীচ্যগণের জন্মান্তরবাদে আস্থা না থাকাতে, তাঁহারা দকল শিষ্যশিশক্ষুকেই প্রথম ভূমিক অর্থাৎ পূর্ব্বদংস্কার-বিবর্জ্জিত অধিকারী বলিয়া গ্রহণ করেন কিন্তু প্রাচ্যগণের জন্মান্তরবাদে সমধিক আন্থা থাকাতে অর্থাৎ "পৌর্বনেহিক বুদ্ধিসংযোগে" বিশ্বাস থাকাতে, তাঁহারা অধিকারিণিচার করিয়া উত্তমাধিকারীর বৃথায়ুঃক্ষয় তথবা শ্রমাপচয়পরিহারের জন্ম একেবারেই উৎকৃষ্ট সিদ্ধান্ত বা চরম লক্ষ্য সর্বাগ্রেই প্রতিপাদন করেন: মধ্যমাধ্ম অধিকারীর জন্ম অনুকল্পের বা উপক্রমোপকারক উপায়ের ব্যবস্থা করেন এবং পরিশেষে রোচক ফলশ্রুতি বা লক্ষ্যের স্বরূপ বর্ণনা করিয়া গ্রান্থের উপসংহার করেন।

এই শেষোক্ত প্রণালী অনুসরণ করিয়াই ভগবান্ পতঞ্জলি উত্তমাধিকারী শিষ্যশিশিক্ষ্দমীপে প্রথম পাদে সম্প্রজাত ও অসম্প্রজাত যোগ উপস্থাপিত করিয়াছেন।
এ স্থলে, যাঁহার চিত্ত ক্ষীণকষায় হইয়া একাগ্র হ্ইয়াছে এবং অভ্যাস ও বৈরাগ্য,
ক্রিয়াযোগাদিনিরপেক্ষ হইয়া সমাধিসাধনের উপযুক্ত হইয়াছে, তিনিই পতঞ্জলির
অভিপ্রেত উত্তমাধিকারী। বিক্ষিপ্রচিত্ত মধ্যমাধিকারীর জন্ত, দিতীয় পাদে তিনি
যমাদি অষ্টাঙ্গযোগের ব্যবস্থা করিয়াছেন এবং ক্ষিপ্রচিত্ত মন্দাধিকারীর জন্ত তপঃস্থাধায়াদি ক্রিয়াযোগেরে ব্যবস্থা করিয়াছেন। তৃতীয় পাদে তিনি সম্প্রজাত
সমাধির অন্তরক্ষ সাধন 'সংযম' নামক ধারণাদিক্রেয় নিরূপণ করিয়া, সেই সংযম-

क्रियाहिन। हर्जुर्थशाल केरना জনিত যোগসিদ্ধিস্ক করে-করিবার জন্ম পাঁচ প্রকার সিদ্ধির বর্ণনা দ্যুনর অতিরিক্ত বস্তু, তাহা প্রতিপাদন করিয়া, করিয়া কৈব*লে* বিভক্ত পাতঞ্জল হত্ত সমূহের তাৎপর্য্যাবধারণের জন্ম যে বিরচিত হইয়াছে, তন্মধ্যে "সাংখ্য প্রবচন" নামক ব্যাস-<u>প্রাচীন। এই ব্যাস মহাভারতকার</u> ভিদ্বিয়ে অনেকে সন্দেহ করেন। এই ভোষ্মের অনেক শব্দ, ত্ত্বৰ্থে প্ৰযুক্ত হইয়াছে দেখিয়া এবং সেই **সকল শব্দ সংস্কৃত** ্চ্য সেই সেই অর্থে প্রযুক্ত হইয়াছে দেখিয়া এবং ক্ষণিকবিজ্ঞানবাদ প্রভৃতির খণ্ডন, এই ভাষ্যে দেখিতে পাওয়া যায় বলিয়া অনেকে ান করেন, যে এই ব্যাস বুদ্ধের হুই তিন শত বৎসর পরে আবির্ভূত হন। যাহা হউক পূর্ব্বোক্ত বাদ সমূহের থগুন এবং একভবিকবাদ, স্ফোটবাদ প্রভৃতির সমর্থন থাকাতে, এই গ্রন্থের স্থলে স্থলে নিগূঢ় তাৎপর্য গ্রহণ করা ত্র্বট হইয়াছে।

ইহা দেখিয়া সর্বাদর্শনিটীকাকার বাচম্পতি মিশ্র এই ব্যাস ভাষ্যের ''তত্ত্বৈশারদা'' নামে এক টীকা রচনা করেন। এই টীকা ব্যাসভাষ্যকে সবিশেষ বোধগম্য করিয়া দিয়াছে, তাহাতে সন্দেহ নাই। ইহার বচনায় বাচম্পতির অসাধারণ ধীশক্তির পরিচয় পাওয়। ধায়। তথাপি কোনও আধুনিক যোগাচার্যের মতে তিনি তত্ত্বামুভবশৃষ্ঠ অযোগীছিলেন, অধিকন্ত গৃহস্থ (কৃতদার) ছিলেন বলিয়া যোগতত্ত্বামুভবের অযোগ্য ছিলেন। সত্য বটে, তিনি ছয় দর্শনের টীকা রচনা করেন এবং এক দর্শনের ব্যাখ্যানাবসরে অপরাপর দর্শনের মতখণ্ডন বা বিক্লম সমালোচনা করেন। এইহেতু তিনি কোন্ দর্শনে সমধিক আস্থাবান্ ছিলেন, তাহা নির্ণয় করা স্থকঠিন। তথাপি যিনি শাস্ত্র সাগরে সমাধিময় থাকিয়া স্থকীয় পত্ত্বী ভামতীর সন্তানাভের বাসনা পরিত্তা করিছে বিশ্বত হইয়া গিয়াছিলেন এবং পরিশেষে আপনাকে বার্দ্ধক্যে উপনীত দেখিয়া, সেই চিরসেবিকা পত্ত্বীকে, মানসকন্তা ভামতীটীকার নামকরণে চিরস্মরণীয় করিয়া গিয়াছেন, তিনি যে উর্দ্ধেত্বাতন্ধলভ্য সকল প্রকার মার্গ হইতে পরিভ্রম্ভ হইয়া পাতঞ্জল যোগ তত্ত্ব সমূহেরও অমুভবের অযোগ্য হইয়া ছিলেন, একথা বেদান্তান্থরাগী এবং ভামতী টীকায় প্রকটিত বাচম্পতিপ্রতিভার সহিত পরিচত, কাহারও হ্লনয় সহসা গ্রহণ করিতে

পারিবে না। * অবশু শাঙ্করবেদান্তে আস্থাশূন্য কাহারও পক্ষে 'ভামতী' টীকার্যী প্রকটিত অন্নভবের অনুধাবনই সম্ভবপর নহে। সত্যবটে, প্রতিপক্ষমতপরিচিন্তনে বহিম্ থতার আবশ্যকতা আছে, এবং তদ্বারা চিন্ত অল্লবিন্তর বিক্ষিপ্ত হয়; কিন্তু প্রবল প্রতিপক্ষগণের আক্রমণ দ্বারা স্বমতের তুর্ভেগুতাবধারণে বাচম্পতি যে পরিমাণ ক্ষুচিন্তা প্রস্থুত একাগ্রহার পরিচন্ন দিয়াছেন, তাহার অনুধাবন করিতে পাঠকগণেরও সম্প্রজ্ঞাতসমাধিকল বা তৎস্বরূপ একাগ্রতা আদিয়া যান্ন, ইহা অনেকেই অনুভব করিয়াছেন। ঈশ্বর প্রণিধান যদি সপ্তাঙ্গ্রেগারের সমকক্ষ হয়,তাহা হইলে সত্যনির্বিন্তর জন্য শান্তপ্রণিধান বা তত্তপ্রণিধান, ঈশ্বরক্রপাবিবর্জ্জিত হইয়া যোগফলে বঞ্চিত হইতে পারে না। বস্তুতঃ গৌড়পাদাচার্য্য অন্নৈতামুভবরূপ যে ''অম্পর্শযোগ' † প্রতিপাদন করিয়াছেন, যাহার সহিত তুলনাম বহুবায়াসসাধ্য পাতঞ্জলযোগ রুথা পরিশ্রম বলিয়া অনুভূত হয়, বাচম্পতি যে সেই যোগের সকল তত্ত্ব অনুভব করিয়াছিলেন, তাহা তাঁহার উক্ত 'ভামতী'গ্রন্থ হইতে সহজেই প্রতীত হয়।

বাচম্পতি মিশ্রের [•িয়নি নব্<u>ম শ্</u>তানীর প্রারম্ভে বিজ্ঞমান ছিলেন)
"তত্ত্বৈশারদী"-রচনার অনেক পরে (অর্থাৎ সপ্তদেশ শতান্ধীতে) বিজ্ঞানভিক্ষ্ ব্যাসভায্যের "বোগবার্ত্তিক" নামে অপর এক টীকা রচনা করেন। তাহাতে 'তত্ত্ববৈশারদী'র প্রায় সকল কথাই দেখিতে পাওয়া যায়; কিন্তু তাহা 'তত্ত্ব-বৈশারদী'র স্থায় সংক্ষিপ্ত, স্পষ্ট ও বহুবর্থমূলক অর্থাৎ সর্ব্বগুণান্বিত

^{*} বলিতে কি, সম্প্রদায়বিশেবে এইরূপ প্রবাদ চলিয়া আসিতেছে বে মণ্ডনমিশ্র (সয়াসী হইয়া যিনি স্বরেয়রাচার্যা নাম পাইয়াছিলেন) মুক্ত হইয়াও লোকহিতার্থে বাচম্পতিমিশ্র হইয়া পুনর্ব্বার অবতীর্ণ হইয়াছিলেন এবং পত্নী উভয়ভারতী জন্মান্তরীণ পতিদর্শনলালসাবলে 'ভামতী' হইয়া আসিয়াছিলেন।

[†] এই ''অস্পর্শবোগ'' একটি স্বতন্ত্র যোগ বা যোগপ্রণানী নহে। ইহা শৈববোগের অন্তর্গত রাজযোগেরই চরম ফল বা অবস্থা। ইহার সহিত কষ্ট্রসাধ্য সম্প্রজ্ঞাত নামক পাতঞ্জল যোগের সম্বন্ধ স্থাপন করিতে থাইলেই, ইহার 'রাজ'রপতার বা অনায়াদসাধ্যতার অপলাপ করা হয়। এই ''অস্পর্শ'' যোগের অর্থ আচার্যাপাদ মাণ্ড,ক্যকারিকার ভান্তে এইরূপে বুঝাইয়াছেন:— ''অস্পর্শযোগো নামায়াং সর্বসম্বন্ধাখ্যস্পর্শবর্জ্জিতত্বাৎ অস্পর্শযোগো নাম বৈ স্মর্থ্যতে প্রসিদ্ধমূপ নিবংহ"। (৩৩৯)। ইহার ব্যাখ্যায় আনন্দ গিরি লিখিয়াছেন— "তত্র বর্ণাশ্রমাণিধর্ম্মেণ পাপদিনেন চ স্পর্শো ন ভবতি অস্মাৎ ইতি অছৈতামুভবোহস্পর্শাং।" আবার (৪।২) কারিকার টীকার ভান্তকার লিখিয়াছেন— ''স্পর্শনং স্পর্শাং ন বিভাতে যস্ত যোগস্ত কেনচিৎ কদাচিদ্বি সোহ-স্পূর্শযোগো ব্রহ্মস্থভাব এব।"

জনিত যোগদিদ্ধিস্চক বিভৃতিসকল প্রদর্শন করিয়াছেন। চতুর্থপাদে কৈবল্য লাভের অধিকারী চিত্তের স্বরূপ নিষ্কারণ করিবার জন্ম গাঁচ প্রকার দিদ্ধির বর্ণনা করিয়া এবং আত্মা বে ক্ষণিকবিজ্ঞানের অতিরিক্ত বস্তু, তাহা প্রতিপাদন করিয়া, কৈবল্যের স্বরূপ প্রদর্শন করিয়াছেন।

পূর্ব্বোক্ত পাদচতুষ্টয়ে বিভক্ত পাতঞ্জল হত্ত সমূহের তাৎপর্য্যাবধারণের জন্ত যে সকল ভান্য, টীকাটিয়নী বিরচিত হইয়াছে, তল্মধ্য "সাংখ্য প্রবচন" নামক ব্যাসভান্যই সর্ব্বাপেক্ষা প্রাচীন। এই ব্যাস মহাভারতকার কফ্টেরপায়ন ব্যাস কি না, তিরিবয়ে অনেকে সন্দেহ করেন। এই ভান্যের অনেক শব্দ, অধুনা অপ্রচলিত অর্থে প্রযুক্ত হইয়াছে দেখিয়া এবং সেই সকল শব্দ সংস্কৃত বৌদ্ধ সাহিত্যে সেই সেই অর্থে প্রযুক্ত হইয়াছে দেখিয়া এবং ক্ষণিকবিজ্ঞানবাদ পরমাণুবাদ প্রভৃতির থগুন, এই ভান্যে দেখিতে পাওয়া যায় বলিয়া অনেকে অমুমান করেন, যে এই ব্যাস বুদ্ধের ছই তিন শত বৎসর পরে আবির্ভৃত্ হন। যাহা হউক প্র্বোক্ত বাদ সমূহের থগুন এবং একভবিকবাদ, ক্ষোটবাদ প্রভৃতির সমর্থন থাকাতে, এই গ্রন্থের স্থলে হিল্ তাৎপর্য্য গ্রহণ করা ছর্ঘট হইয়াছে।

ইহা দেখিয়া সর্বাদর্শনিটাকাকার বাচম্পতি মিশ্র এই ব্যাস ভাষ্যের 'তত্ত্বিশারদা'' নামে এক টীকা রচনা করেন। এই টীকা ব্যাসভাষ্যকে সবিশেষ বোধগম্য করিয়া দিয়াছে, তাহাতে সন্দেহ নাই। ইহার বচনায় বাচম্পতির অসাধারণ ধীশক্তির পরিচয় পাওয়া ষায়। তথাপি কোনও আধুনিক যোগাচার্যের মতে তিনি তত্ত্বামুভবশৃষ্ঠ অযোগীছিলেন, অধিকস্ত গৃহস্থ (কৃতদার) ছিলেন বলিয়া যোগতত্ত্বামুভবের অযোগ্য ছিলেন। সত্য বটে, তিনি ছয় দর্শনের টীকা রচনা করেন এবং এক দর্শনের ব্যাখ্যানাবসরে অপরাপর দর্শনের মতথণ্ডন বা বিরুদ্ধ সমালোচনা করেন। এইহেতু তিনি কোন্ দর্শনে সমধিক আস্থাবান্ ছিলেন, তাহা নির্ণয় করা স্থকঠিন। তথাপি যিনি শাস্ত সাগরে সমাধিমগ্র থাকিয়া স্থকীয় পত্নী ভামতীর সন্তানাভের বাসনা পরিতৃপ্ত করিতে বিস্মৃত হইয়া গিয়াছিলেন এবং পরিশ্রেষ আপনাকে বার্দ্ধক্যে উপনীত দেখিয়া, সেই চিরসেবিকা পত্নীকে, মানসক্ষা ভামতীটীকার নামকরণে চিরস্মরণীয় করিয়া গিয়াছেন, তিনি যে উর্দ্ধেস্ফাক্তা সকল প্রকার মার্গ হইতে পরিত্রপ্ত হইয়া পাতঞ্জল যোগ তত্ত্ব সমূহেরও অম্বভবের অযোগ্য হইয়া ছিলেন, একথা বেদাস্ভাত্বরাগী এবং ভামতী টীকায় প্রকৃত্বিত বাচম্পতিপ্রতিভার সহিত পরিচত, কাহারও হৃদয় সহসা গ্রহণ করিতে

পারিবে না। # অবশু শাঙ্করবেদান্তে আস্থাশূন্য কাহারও পক্ষে 'ভামতী' টীকার্য প্রকটিত অন্নভবের অনুধাবনই সন্ভবপর নহে। সত্যবটে, প্রতিপক্ষমতপরিচিন্তনে বহিম্ থতার আবশ্যকতা আছে, এবং তন্থারা চিত্ত অল্লবিস্তর বিক্ষিপ্ত হয়; কিন্তু প্রবল প্রতিপক্ষগণের আক্রমণ দারা স্বমতের হুর্ভেগ্যতাবধারণে বাচম্পতি যে পরিমাণ ক্ষুচিন্তাপ্রস্থত একাগ্রতার পরিচয় দিয়াছেন, তাহার অনুধাবন করিতে পাঠকগণেরও সম্প্রজাতসমাধিকল বা তৎস্বরূপ একাগ্রতা আদিয়া যায়, ইহা অনেকেই অনুভব করিয়াছেন। ঈশ্বরপ্রণিধান যদি সপ্তাঙ্গযোগের সমকক্ষ হয়,তাহা হইলে সত্যনির্ণয়ের জন্য শান্তপ্রণিধান বা তত্তপ্রণিধান, ঈশ্বরক্ষপাবিবর্জ্জিত হইয়া যোগফলে বঞ্চিত হইতে পারে না। বস্ততঃ গৌড়পাদাচার্য্য অইন্থতান্তবরূপ যে "অম্পর্শবোগ" † প্রতিপাদন করিয়াছেন, যাহার সহিত তুলনায় বহুবায়াসসাধ্য পাতঞ্জলযোগ রুথা পরিশ্রম বলিয়া অনুভ্ত হয়, বাচম্পতি যে সেই যোগের সকল তত্ত্ব অনুভব করিয়াছিলেন, তাহা তাঁহার উক্ত 'ভামতী'গ্রন্থ হইতে সহজেই প্রতীত হয়।

বাচস্পতি মিশ্রের [•িয়নি নব্<u>ম</u> শ্তাকীর প্রারম্ভে বিজ্ঞমান ছিলেন)
"তত্ত্বৈশারদী"-রচনার অনেক পরে (অর্থাৎ সপ্তদেশ শতাকীতে) বিজ্ঞানভিক্ষ্
ব্যাসভাগ্যের ''যোগবার্ত্তিক' নামে অপর এক টীকা রচনা করেন। তাহাতে
'তত্ত্ববৈশারদী'র প্রায় সকল কথাই দেখিতে পাওয়া যায়; কিন্তু তাহা 'তত্ত্ববৈশারদী'র স্থায় সংক্ষিপ্ত, স্পষ্ট ও বহুবর্থমূলক অর্থাৎ সর্ব্বগুণান্ত্বিত

^{*} বলিতে কি, সম্প্রদায়বিশেষে এইরূপ প্রবাদ চলিয়া আদিতেছে যে মণ্ডনমিশ্র (সন্ত্রাদী হইয়া যিনি স্বরেখরাচার্যা নাম পাইয়াছিলেন) মুক্ত হইয়াও লোকহিতার্থে বাচম্পতিমিশ্র হইয়া পুনর্কার অবতীর্ণ হইয়াছিলেন এবং পত্নী উভয়ভারতী জন্মান্তরীণ পতিদর্শনলালসাবশে 'ভামতী' হইয়া আদিয়াছিলেন।

[†] এই "অস্পর্শবোগ" একটি স্বতম্ত বোগ বা বোগপ্রণালী নহে। ইহা শৈববোগের অন্তর্গত রাজবোগেরই চরম ফল বা অবস্থা। ইহার সহিত কষ্ট্রনাধ্য সম্প্রজাত নামক পাতঞ্জল বোগের সম্বন্ধ স্থাপন করিতে থাইলেই, ইহার 'রাজ'রূপতার বা অনায়াস্নাধ্যতার অপলাপ করা হয়। এই "অস্পর্শ" থোগের অর্থ আচার্য্যপাদ মাণ্ড,ক্যকারিকার ভাষ্ণে এইরূপে বুঝাইয়াছেন:— "অস্পর্শবোগো নামায়াং সর্ব্বস্বজাধ্যস্পর্শবর্জ্জিতত্বাৎ অস্পর্শবোগো নাম বৈ স্মর্ধ্যতে প্রসিদ্ধমূপ নিবৎস্থ"। (৩।৩৯)। ইহার ব্যাখ্যায় আনন্দ গিরি লিখিয়াছেন—"তত্র বর্ণাশ্রমাদিধর্ম্মেণ পাপ্রদিশলেন চ স্পর্শো ন ভবতি অস্মাৎ ইতি অছৈতামুভবোইস্পর্শাল্য আবার (৪।২) কারিকার টীকার ভাষ্ণকার লিখিয়াছেন—"স্পর্শনং স্পর্শন্ধ ন বিভাতে যস্ত বোগস্ত কেনটিৎ ক্যাটিদিপি সোই-স্পর্শবোগো ব্রহ্মস্থভাব এব।"

টীকা নহে এবং তাহাতে অনেক অপ্রাসন্ধিক কথারও উল্লেখ করা হইয়াছে। স্থলে স্থলে অবশু তিনি বাচস্পতির অনেক কথার প্রতিবাদ করিয়া নৃতন ব্যাখ্যা দিয়াছেন; কিন্তু সেই সকল ব্যাখ্যার খণ্ডন, আধুনিককালে, উদাসীন স্থামী বালরামের টিপ্পনীতে দেখিতে পাণ্ডয়া যায়। সম্প্রতি আবার অর্থাৎ মাত্র হই বৎসর হইল, প্রীমন্ধরিহরানন্দু আরণ্য মহাশ্য় এই ব্যাসভাষ্যের "ভাষতী" নামে আর একথানি টীকা রচনা করিয়াছেন। এই টীকায় ব্যাসভাষ্যের জনেকস্থল, যাহা বাচস্পতির বা বিজ্ঞান ভিক্ষুর টীকার দ্বারা আধুনিক অল্পংস্কৃতক্ত পাঠকের নিকট সহজে পরিক্ষৃট হয় না, তাহা স্থগম হইয়াছে। বস্তুতঃ সংক্ষিপ্ত ও বহুর্য বাচস্পতিটীকা হই এক শতাব্দী মধ্যে প্রাচীনতায় ব্যাস ভাষ্যেরই সমকক্ষ হইয়া উঠিবে। বিজ্ঞান ভিক্ষুর টীকার তজ্ঞপ হইতে কিছু বিলম্ব হইবে। এই হেতু সরল সংস্কৃতে বিরচিত 'ভাষতী' টীকাথানি সম্যোপ্রযোগী হইয়াছে।

উক্ত তিন টীকাই ব্যাসভাষ্যের ব্যাখ্যা করিবার জন্মই বিরচিত হইয়াছে।
কিন্তু একাদশ শতান্দীর শেষভাগে মালবরাজ প্রীমান্ ধারেশ্বর ভোজদেবু, সাক্ষাৎ
পাতঞ্জলস্ত্রের ব্যাখ্যা করিয়া "রাজ মার্ত্তও্ত" নামে এক টীকা রচনা করেন এবং
এই টীকাকে অবলম্বন করিয়াই উনবিংশ শতান্দীতে অনস্তদেব ''চল্লিকা'' নামে
এক টীকা রচনা করেন। তাহাতে পাতঞ্জল স্ত্রের অক্ষরার্থমাত্র ব্যাখ্যাত
হইয়াছে।

পরে বিজ্ঞানভিন্দুর শিষ্য ভাবাগণেশ খ্রীষ্টায় সপ্তদশ শতাব্দীর শেষভাগে অথবা অষ্টাদশ শতাব্দীর প্রারম্ভে পাতঞ্জলস্থতের ব্যাখ্যা করিয়া "প্রদীপ" নামে অপর এক টীকা রচনা করেন এবং এই টীকাকে অবলম্বন করিয়াই নাগোজীভট্ট অষ্টাদশ শতাব্দীর শেষভাগে অথবা উনবিংশ শতাব্দীর প্রারম্ভে "যোগস্তত্ত্বন্তি" নামে এক টীকা রচনা করেন। এই টীকায় নাগোজীভট্ট, ভাবাগণেশকৃত "প্রদীপের"ই শব্দ ও অর্থের অনুসরণ করিয়াছেন এবং স্থলে স্থলে প্রদীপের খণ্ডনও করিয়াছেন। যাহা হউক, সেই সকল খণ্ডনের বিশেষ সার্থকতা নাই, এবং যোগব্যাখ্যাতা বিলয়া খ্যাতিলাভের নিমিত্তই টীকাকার উক্ত যোগস্ত্রবৃত্তি রচনা করিয়াছিলেন বিলয়া মনে হয়।

ব্যাসভায় ব্যতীত অপর যে সকল ব্যাখ্যার উল্লেখ করা হইল, তন্মধ্যে তত্ত্ব-বৈশারদী, যোগবার্ত্তিক ও ভাস্বতী কেবল ব্যাসভায়ের ব্যাখ্যায় ব্যাপৃত। অপর টীকাগুলি পাতঞ্জলস্ত্তের অর্থব্যাখ্যানে ও তাৎপর্য্য-পরিস্ফ্টীকরণে প্রযুক্ত হইয়াছে। কিন্তু অষ্টাদশ শতান্দীতে গোবিন্দানন্দশিয় রামানন্দ্ যতি, ব্যাসভাষ্যের তাৎপর্য,মাত্র গ্রহণ করিয়া এবং ভাষ্যের অবান্তর কথা পরিত্যাগ করিয়া এবং তৎসঙ্গে যোগস্ত্রের অক্ষরার্থেরও ব্যাখ্যা করিয়া, "যোগমণিপ্রভা" নামে যে এক সরল টীকা রচনা করেন, তাহাতে ব্যাসভাষ্যের ও যোগদর্শনের তাৎপর্যাগ্রহণ স্বলায়াসসাধ্য হইয়াছে। অন্যান্ত টীকার সহিত তুলনা করিলে এই টীকায় নিম্নলিথিত গুণগুলি, পাঠমাথেই পাঠকের দৃষ্টি আকর্ষণ করে:—

- (১) স্ত্রসমূহের অর্থাবিদ্দরণ সহ ব্যাসভাষ্যের তাৎপর্য্যাবধারণ ইহার প্রধান লক্ষ্য। ইহাতে ব্যাসভাষ্যের জনেক অবাস্তর কথা পরিহৃত হইয়াছে বটে, কিন্তু তাহাতে দর্শনপ্রতিপান্ত বিষয়টি সমগ্রভাবে ব্ঝিবার পক্ষে কোনও অস্ত্রবিধা হয় নাই ।
- (২) এই টীকার ভাষা বাচস্পতি ও বিজ্ঞানভিক্ষুর ভাষা অপেক্ষা অনেক দরল এবং ব্যাখ্যা সহজবৌধ্য।
 - ইহাতে পূর্বাপর দক্ষতি অতি সতর্কতার সহিত রক্ষিত হইয়াছে।
- (8) স্ব্রপ্রতিপান্থ বিষয়ের প্রতিপাদনে, প্রসঙ্গ, অমুপ্রসঙ্গ (বা স্থায়ামুগত সঙ্গতি) এবং অপেক্ষিত বস্তু, প্রায় সকল স্থলেই পরিফুট করা হইয়াছে।
- (৫) ইহা সর্বত্রই মূলাত্মসরণ করিয়া চলিয়াছে; প্রস্তুতবিষয়ের অনুসন্ধান কোথাও পরিত্যক্ত হয় নাই।
- (৬) সে স্থলে প্রসঙ্গ বা প্রকরণ অতিক্রম করিয়া কোনও স্থ্র সংযোজিত হইয়াছে, সেই স্থলে সেই ক্রমভঙ্গের কারণও উদ্দেশ্য, স্থ্তির সহিত ব্যাখ্যাত হইয়াছে।
- (৭) অতি সরল ভাষায় যোগশাল্পের অনেক নিগৃঢ় ভত্ত্বের উদ্ভেদন করা ইইয়াছে।
 - (৮) এই টীকায় সিদ্ধান্ত মাত্রই প্রকটিত হইয়াছে।
- (>) এই টীকায় উপনিষদের ও গীতার অনেক বচন প্রমাণস্বরূপে গৃহীত হইয়াছে।

এই সকল কারণে বাচম্পতিমিশ্র ও বিজ্ঞান ভিক্ষুর সাহায্যে ব্যাসভায় ব্রিবার পক্ষে, ''যোগমণিপ্রভাই'' সর্বাপেক্ষা উৎক্কন্ট উপক্রম গ্রন্থ। 'যোগমণিপ্রভা' এরপ স্থগম হইলেও, বর্ত্তমান শতাব্দীতে স্দাশিবেক্স সরস্থতী নামে দাক্ষিণাত্যের এক প্রসিদ্ধ সন্মাসী 'অমুভবসিদ্ধ যোগপ্রক্রিয়া' প্রদর্শনের ব্যবদেশে ''যোগস্থধাকর'' নামে এক যোগস্থত্তব্তি রচনা করেন।

অনস্তদেব, নাগোঞ্জীভট্ট ও সদাশিবেল যতি বিরচিত এই তিন আশ্রিত বুন্তির

একটি সাধারণ লক্ষণ দেখিতে পাওয়া যায় যে, এই তিন বৃত্তিতে উপজীব্য বৃত্তির উক্তিগুলিই প্রায়শঃ সজ্জেপে লিখিত হইয়াছে।

'যোগমণিপ্রভা'র উক্তরূপ বৈশিষ্ট্য দেখিয়াই উহা বঙ্গামুবাদের জন্ম নির্বাচিত হইয়াছে। ইতঃপূর্বে পূর্ণচক্ত বেদান্তচুঞু ও কালীবর বেদান্তবাগীশ মহাশয় যোগস্তকের বন্ধান্থবাদ ও ব্যাখ্যা করিয়া গিয়াছিলেন এবং তৎপরে বিষদ্ধ্য শ্রীমন্ধরিহরানন্দ আরণ্য মহাশয় ব্যাসভাষ্যের সহিত যোগদর্শনের অমুবাদ করিয়া, তৎসহ অনেক টীকাটিপ্পনী যোজনা করিয়া এবং যোগস্থতের বার্ত্তিকসহ লঘু অমুবাদ রচনা করিয়া যোগদর্শনকে বাঙ্গালী পাঠকের পক্ষে স্থগম করিবার জন্ম বিস্তর প্রয়াস করিয়াছেন। ব্যাসভায়্যের এইরূপ আক্ষরিক অনুবাদে উক্ত ভায়্যের তাৎপর্য্য গ্রহণ প্রথমাভ্যাসীর পক্ষে হুর্ঘট বলিয়া অনুবাদের উপর বিস্তর টীকাটিপ্রনীর অবতারণা করিতে হইয়াছে। এইরূপ প্রণালী অবলম্বন করিয়াও সংস্কৃতানভিজ্ঞ পাঠকের পক্ষে ব্যাসভাষ্য বুঝিবার পক্ষে স্বিশেষ স্থবিধা হইয়াছে বলিয়া মনে হয় না। ব্যাসভায়ের আক্ষরিক অনুবাদের পরিবর্ত্তে যদি উক্ত ভাষ্যের দকল কথা, তুর্বোধ্য বিষয়ের ব্যাখ্যার সহিত সরল বাঙ্গালা ভাষায় বিরুত হইত, তাহা হইলে বাঙ্গালী পাঠক অধিকতর উপরুত সংস্কৃতানভিজ্<u>ঞ</u> হইতেন। পাশ্চাত্য জড়বিজ্ঞান, মনোবিজ্ঞান, শারীরবিজ্ঞান ইত্যাদির দাহায্যে পাতঞ্জলদর্শনোক্ত অনেক তত্ত্বের পরিক্টীকরণ পাতঞ্জল সাহিত্যে নূতন। ইহার দারা পাশ্চাত্য বিচ্চাভিজ্ঞ পাঠকের, বস্তুর সহিত পরিচয়াভাবজনিত মান্সিক আড্টভাব অনেকটা কাটিয়া যাইবে এবং পাঠকের কৌতূহলও উদ্দীপিত হইবে, সন্দেহ নাই। কিন্তু পাশ্চাত্য বিজ্ঞানাদির সহিত এইরূপ সাদৃগুজ্ঞানের মধ্যে কোন্টি অমুভবলর, কোন্টি বা অনুমান লব্ধ, তাহা স্পষ্টতঃ উক্ত না হওয়ায়, আধ্যাত্মিককল্যাণকামী যোগাভ্যাসীর অন্তঃকরণে বিচিকিৎসা বা দ্বৈধীভাব কাটিবে বলিয়া মনে হয় না। বিশেষতঃ পাশ্চাত্য-গণ মনোবিজ্ঞানকে জড়বিজ্ঞান হইতে পৃথক্ করিয়া নির্দেশ করায় এবং তাঁহাদের স্ক্রশরীর বিষয়ক শারীরবিজ্ঞান না থাকায়, বা তদ্বিয়ে গবেষণা অতি অপরিস্ফুট ভাবে সম্প্রতি আরম্ভ হওয়ায়, পাশ্চাত্যমনোবিজ্ঞান ও জড়বিজ্ঞানের সাহায়্যে বিপরীত সংস্কারাপন্ন প্রাচ্য ঋষিগণের বার্ণত বিষয়ের সহিত সঙ্গতিকরণ বা সামঞ্জভ্য-বিধানের প্রশাস স্বভাবতঃই বিচিকিৎসিত হইতে পারে। তথাপি এইরূপ প্রশাস ইদানীস্কনকালে অতীব প্রয়োজনীয়। সেইহেতু অনুমানলক সঙ্গতি বা সামঞ্জস্ত হইতে অনুভবলৰ দঙ্গতি বা সামঞ্জস্ত পৃথগ জ্বপে নিৰ্দিষ্ট হইলে এবং তাহা অধিকতর স্থনিদি ষ্টি ও সক্ষভাবে উপক্তন্ত ইইলে, এইপথে ভবিষ্যাদগবেষণার দিদার্শনস্বরূপ ইইত। কেননা অনুমানলন্ধ সিন্ধান্ত, তর্কশাস্ত্রবিহিত পরীক্ষাদ্বারা পরীক্ষিত ইইলে সর্বজনগ্রাহ্য ইইতে বাধা পায় না,কিন্তু অনুভবলন্ধ সিন্ধান্ত ব্যক্তিগত সংস্কারাদি দ্বারা রিঞ্জত ইইয়া, বাদান্ত্রবাদের বিষয় ইইয়া থাকে, এবং পরিশেষে বিশুদ্ধিখ্যাপনের নিমিত্ত তাহাকে তর্কশাস্ত্রের পরীক্ষায় উপনীত ইইতে হয়। দৃষ্টাস্তম্বরূপ বলা যায় (২।৪৭ স্ত্রের) "অনস্তসমাপত্তি" পাশ্চাত্য বিজ্ঞানের সংস্কারাপন্ন ব্যাখ্যাতার নিকট আকাশাদির আনস্ত্যের ধ্যানভিন্ন অন্ত কিছুই নহে। তাঁহারা প্রাচ্যসংস্কারাপন্ন অনেক টীকাকারের, "বিশ্ববাহক অনন্তনাগরূপে" আত্মধ্যানের কথা শুনিয়া পরিহাস করিবেন, সন্দেহ নাই; কিন্তু স্ক্রপ্রসিন্ধ বিভারণ্য স্থামী শেষোক্ত মতেরই সমর্থক। তিনি বলেন, ইহা এক প্রকার অনৃষ্টকলক (অহং-গ্রহ) উপাসনা। উপাসনার বস্তু মিথ্যা ইইলেও, তাহার ফল সত্য ইইতে পারে, এই তথাটি স্মরণপথে রাখিলে বিশ্ববিধারক অনন্তনাগকে আর পরিহাসের বস্তু করা চলে না।

যাহা হউক এই সকল বিবাদাম্পদ বিষয়ের মীমাংসা হওয়া আবশুক।
শ্রীমন্ধরিহরানন আরণ্যসামিমহাশয় এবিষয়ে পথপ্রদর্শক হওয়াতে, আমরা
তাঁহার নিকট ক্রতক্ত। সম্প্রতি "কল্যাণ" পত্রের 'যোগাঙ্কে' যোগবিষয়ক অনেক
অসম্বন্ধ আলোচনা হইয়াছে, দেখা যায়। এই যোগাঙ্কের অনুষ্ঠাতৃগণ যদি এই
সকল বিবাদাম্পদ বিষয়ে বিশেষজ্ঞগণের মতামত সংগ্রহ করিতেন এবং যোগদিব
বিষয়ক প্রাচীন গ্রন্থাদির সারসংগ্রহ করাইয়া লোকসমাজে প্রাচান যোগদর্শনসাহিত্যের পরিচয়প্রদান করিতেন, তাহা হইলে "কল্যাণ" পত্র 'কল্যাণতম রূপ'
ধারণ করিত, সন্দেহ নাই।

পরিশেষে সহাদয় পাঠকগণের নিকট নিবেদন—যোগমণিপ্রভার অন্ধ্বাদে সবিশেষ সতর্কতা অবলম্বন করিলেও, ইহা যে একেবারে ভ্রমপ্রমাদপরিশৃত্য হইয়াছে, তাহা সাহস করিয়া বলিতে পার না। শিরঃপীড়া নিবন্ধন ইহার প্রফার্ সংশোধনে অনেক স্থালন ঘটিয়াছে। আশাকরি পাঠকগণ মার্জ্জনা করিবেন, ইতি ধাত্রীনব্দী, ১৯শে কার্ত্তিক, সন ১৩৪২ সাল।

নিবেদক—শ্রীভুর্গাচরণ দেবশর্মা— (চটোপাধ্যায়োপাধিক!)

কলো যোগসাধনম্।

(ঐতিগাচরণশর্মণোপলবং শ্লোকনিবদ্ধঞ্ছ।)

স্বয়স্তুরিত্থং ব্যমৃশৎ কদাচিৎ ঃ—

"পরাঞ্চি খানি ব্যতৃণং স্বয়ম্ভু" * রিখং শ্রুতিম াং তন্তুজা । ব্যনিন্দৎ। দ্যাবতী যোগিনি মোঘবীর্ঘ্য স্বরূপসন্ধানপরে চ নিত্যম্॥ ১ যুগং কৃতং নাম হিতং যমায় ক ধ্যানানুকূলং বিগতং হি যন্মাৎ। মনাংসি বাহ্যার্থরতানি পুংসাং যুগে যুগে যোগপথাচ্চ্যবেরন্॥ ২

কলিকালে যোগসাধনা।

কোনও সময়ে (সত্যযুগাবসানে) পরমাত্মা চিন্তা করিলেন ঃ—

যোগী নিরস্তর আত্মস্বরূপে আপনাকে স্থাপন করিতে তৎপর থাকিয়াও বিফ্লপ্রয়াস হইতে থাকিলে, আমার আত্মজা * শ্রুতি, তাহার প্রতি দয়াবতী হইয়া অধ্মাকে এইরূপে নিন্দা করিলেন—'পরমাত্মা ইচ্চিয়গণকে বহিমু্থ করিয়া নির্মাণ করিয়া তাহাদের প্রতি হিংসা (অহিতাচরণ) করিয়াছেন। †

সত্যযুগ যমনামক যোগাঙ্গের (অহিংসা, সত্য, অন্তেয়, ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহ এইগুলির পক্ষে) উপকারক; (কেন না সত্যযুগে এইগুলি মহুষ্যের স্বভাব-সিদ্ধ)। এইহেভু এই সত্যযুগ ধ্যানাভ্যাসের অনুক্ল।‡ সেই সত্যযুগ অতীত হইয়াছে বলিয়া, লোকের মন বাহ্যবিষয়ে আসক্ত হইয়া যুগে যুগে যোগপথ হইতে ঋণিত হইতে থাকিবে।২।

^{† &#}x27;'তস্ত মহতো ভূতস্ত নিঃখাসিত মেতজদৃধেদো যজুর্ব্বেদঃ" ইত্যাদি, (বৃহদা, উ ২।৪।১০)

[‡] ধ্যারন্ কৃতে যজন্ যজৈ স্ত্রেতারাং দাপরে ১চেরিন। যদাপোতি তদাপোতি কলো সঙ্গীর্ত্ত্য কেশবম্॥ ভাগবতটীকায়— শ্রীধরের উদ্ধৃত বচন।

অতোহি যোগেন নিবধা ভক্তিং যোগস্য শক্তিং বিদধামি যাসো। ধবে কলো ক্ষীণদশাং প্রযাতে বহিমু খং জীবমবেদপায়াৎ ॥৩ তথাহি জীবা ময়ি দেহবন্ধে প্রেমার্জ চিত্তেন সদা রমস্তাম। ইতি প্রদেষ্ট্রং স্থদূঢ়ং ত্রিকুত্বঃ ভবামি ভূম্যামিহ রামনাম্বা ॥৪ দধামি ভক্তিং জনকে বিধিৎস্থ র্জীবেষু মূলানুস্তিপ্রবৃত্তিম। তনুঞ্চ গৃহামি বিশুদ্ধসন্ত্রাম্ সত্ত্বং প্রায়েতি দিশন মহয়ান ॥৫ সত্ত্বং গুণং তীব্ররজোহভিভূতং পুন পুনস্ত্রাতুমরে যতংবম্। ইতি প্রদেষ্ট্রং বিকটাং নিষেবে তরুঞ্চ বৈশ্রীং পরশূগ্রসারাম্ ॥৬



এইহেতু যোগের সহিত ভক্তিকে বাঁধিয়া দিয়া আমি যোগের শক্তি বিধান করিব, যাহাতে সেই ভক্তি,কলিবুগে যোগরূপ পতি ক্ষীণদশা প্রাপ্ত হুইলে, বহিমু্থ জীবকে (সংসার সমুদ্রে নিমজ্জনরূপ) বিনাশ হুইতে রক্ষা করিতে পারিবে। ৩।

এই উদ্দেশ্য এই প্রকারে সিদ্ধ করিব—আমি দেহ ধরিয়া অবতীর্ণ হইলে, (বহির্মুখ) জীবগণ প্রেমার্জ চিত্তে আমাতেই নিরস্তর ক্রীড়া করুক—বহির্মুখতা চরিতার্থ করুক—ইহাই দৃঢ়ভাবে শিথাইবার জন্ত, আমি এই ধরাধামে রাম নাম লইয়া তিনবার অবতীর্ণ হইব। ৪

জীবের যাহাতে স্বম্লাম্সন্ধানে (আত্মাম্সন্ধানে) প্রার্ত্তি হয়, সেইরূপ প্রবৃত্তি উৎপাদন করিবার জক্ত আমি তিন রামাবতারেই পিতায় ভক্তি স্থাপন করিব। '(হে জীব, কৈবল্যলাভের জন্তু) সন্ধ্রগুণের আশ্রয় গ্রহণ কর' ইহাই শিথাইবার জন্তু আমি শুদ্ধসন্ত্ব (দাশর্থি-)রাম শরীর গ্রহণ করিব। ৫

সত্ত্বগুণ তীত্র রজোগুণের দারা অভিভূত হইতে থাকিলে, সত্ত্বগুণের উদ্ধার সাধন জক্য—'ওরে জীব, বার বার যত্ন কর' ইহাই শিথাইবার জক্ত আমি পরশু-সাহায্যে বর্দ্ধিতশক্তি বিকট ব্রাহ্মণ শরীর ধারণ করিব। যুগে তৃতীয়ে তমসাভিভূতে
সত্ত্বে তমো ব্যেতু রক্ষঃপ্রভাবাং।
ইতি প্রদেষ্ট্রং মদিরাবিলাসাং
তক্ষং বিভর্মীহ হলপ্রচণ্ডাম্॥ ৭
তক্ষং তজ্যন্ তাং মুখতো হি শেষং
বহিঃ ক্ষিপন্ যোগনিরূপকেশম্।
গতার্থতাং তস্থা নিবেছ ভক্ত্যা
স্বরূপসিদ্ধৌ বিনয়ামি লোকম্।৮
তদৈব যোগেশ্বরকৃষ্ণমূর্ত্তিং
বিধৃত্যু গোবাহ্মলধর্মগোপ্ত্রীম্।
জ্ঞানঞ্চ যোগঞ্চ তথৈব কর্ম্ম
সহৈব ভক্ত্যা প্রদিশামি লোকে।৯
কলৌ প্রধানেষু ক্ষয়ং গতেষু
শ্রীকৃষ্ণনামাশ্রয়জীবিতা সা।

তদস্তর দাপর যুগে, তমোগুণ সত্তগুণকে অভিভূত করিতে থাকিলে, 'রজো-গুণের প্রভাবে তমোগুণ বিনষ্ট হউক'—ইহাই শিগাইবার জন্ম আমি মত্যপানাসক্ত এবং হলাস্ত্র ধারণহেতু ভয়ক্কর (বলরাম-)শরীর ধারণ করিব। ৭

সেই শরীর পরিত্যাগকালে, মুথদিয়া যোগাচার্য্যশ্রেষ্ঠ শেষনাগকে বাহিরে নিক্ষেপ করিয়া, জগতে 'যোগাভ্যাদের আর প্রয়োজন নাই'—এই কথা প্রচার করিব এবং ভক্তি দ্বারাই স্বরূপসিদ্ধি বা কৈবলা লাভ করিবার জন্ম, লোকসমূহকে, শিক্ষিত করিব। ৮

সেই সময়েই আমি (কর্ম্মের আশ্রয়ম্বরূপ) গোজাতি, মস্ত্রের ও জ্ঞান-কাণ্ডের আশ্রয়ম্বরূপ ব্রাহ্মণ এবং (যোগ দ্বারা আত্মদর্শন রূপ) ধর্ম্মের * রক্ষক — যোগেশ্বর কৃষ্ণেশনীর ধারণ করিয়া, সংসারে ভক্তির সহিত জ্ঞান ও যোগার্ম্পানের উপদেশ করিব! †

^{🍅 🛪 &}quot;অয়মেব পরোধর্ম্মো যভোগেনাক্মদর্শনম্"। যাজ্ঞবন্ধ্যঃ।

[🕇] যথা গীতায়।

বিনৈব যত্নেন দদাতি নৃভ্যঃ জ্ঞানঞ্চ যোগঞ্চ তত স্চ মোক্ষম্ ॥১০ প্রতিধানি: কুষ্ণতনোশ্চ তস্তাঃ শ্রীকক্ষদৈতন্ত ইতি প্রদিষ্টঃ। অবাপা যোগং হি বিকল্পহীনং লভেত কাষ্ঠামিহ কাস্তভক্তেঃ ॥১১ প্রতিধ্বনিদে হযুগস্তা ুতস্ত 'রামা'দি'কৃষ্ণ'স্ত বিশুদ্ধভক্তিঃ। জ্ঞানং তথাদৈতপরঞ্চ লক্ষ্য লভেত কাষ্ঠামিহ দাস্মভক্তেঃ ॥১২ বামশ্চ রামশ্চ তথৈব রামঃ কুষ্ণশ্চ কুষ্ণশ্চ তথিব কুষ্ণঃ। স্মৃতাশ্চ গীতাশ্চ কলো স্ততাশেচৎ দাস্যস্তি ভক্তিপ্রমুখং হি যোগম্ ॥১৩ অস্ত্যো তু রামো সমুপাসনীয়ো সংক্রৈর্বরং লোক্তিতার্থনিষ্ঠিঃ।

কলিযুগে জ্ঞান, কর্ম্ম (যজ্ঞ) ও যোগরূপ প্রধানগণ (অঙ্গিগণ) অবশ হইয়া পড়িলে, সেই ভক্তি, প্রীক্ষের নামমাত্রকে আশ্রম্ম করিয়া জীবিত থাকিয়া, লোককে আনায়াসেই জ্ঞান, যোগ এবং তহুভয়ের সাহায়্যে, মোক্ষ প্রদান করিবে। ১০।

সেই কৃষ্ণশরীরের প্রতিধ্বনি, যিনি "শ্রীকৃষ্ণ চৈতন্ত" এই নামে স্থচিত হইবেন, তিনি নির্ব্বিকল্প সমাধি লাভ করিয়া কান্তভাক্তর পরাকাষ্টা লাভ করিবেন। ১১।

সেই শরীরন্বয়ের প্রতিধ্বনিম্বরূপ, নিক্ষামভক্তিভাবাপন্ন, রামরুষ্ণ অবৈত ব্রহ্ম-জ্ঞানও লাভ করিয়া দাস্মভক্তির চরমসীমা প্রাপ্ত ইইবেন। ১২।

এইরূপে কলিনুগে (দাশরথি-)রাম, (পরশু-)রাম এবং (বল-)রাম, আর (বাস্থদেব)কৃষ্ণ, শ্রীকৃষ্ণ চৈতন্ত ও শ্রীরামকৃষ্ণ এই ছয় মূর্ত্তির বদি শ্বরণ, নামকীর্ত্তন গুতিপাঠ ইত্যাদি দ্বারা নিরস্তর আরাধনা করা যায়, তাহা হইলে তাঁহারা ভক্তির সাহায়ে যোগ অর্থাৎ সমাধি ও কর্থযোগসিদ্ধি-প্রদান করিবেন। ১৩।

कली तृतुष्की প্रनय़क्रभाया মেবং সদা তৌ হ্যভিযাচনীয়ো ॥১৪ "হে রাম হে বিপ্র কুঠারপাণে রাজগুহীনামবনীং কুরুষ। বৈরাগ্যশস্ত্রেণ লুনীহি লোভং পৃথী যথা স্থাৎ সমরৈ ন দীনা" ॥১৫ "হে রাম হে গৌর গৃহাণ সীরং দেশস্থ ভাণ্ডাংস্ত তমেব হুগ্ধি। যথান্তদেশ্যৈ নহি বঞ্চিতাঃ স্থ্য তুঃস্থা হি বাণিজ্যমিষেণ দেশ্যাঃ"॥১৬ কলিস্ত ভক্ত্যেকরসং বিদধ্যাৎ গর্বেবণ ভক্তেন্স দয়ং বিশুষ্কং। যথৈব রত্নাকরগর্ভদেশং মরুস্থলংকৌণিতলস্থবহিঃ ॥১৭ কলিস্থহিংসাদিবিধান্থপায়ান উপেয়রূপেণ পুমর্থবিৎস্থ।

কিন্তু যে ছই রাম শেশু অবতীর্ণ হইবেন,লোকহিতার্থনিরত জনগণ সজ্ববদ্ধ হইয়া তাঁহাদের উপাসনা করিলেই ভাল হয়। কলিকালে মান্নুষের বৃদ্ধি যথন প্রলয় ঘটাইতে সমর্থ হইবে, তথন সেই ছই রামকে এইরূপে প্রার্থনা করিতে হইবে:—

"হে রাম, হে বিপ্রা, হে কুঠারধারিন্, তুমি যুদ্ধবৃত্তিক লোকগণকে পৃথিবী হইতে বিস্থা কর। তুমি বৈরাগ্যরূপ কুঠার ঘারা লোকের লোভকে ছেনন কর, বাহাতে পৃথিবী যুদ্ধের বশে আর হুরবস্থা প্রাপ্ত না হয়"। ১৫।

"হে রাম, হে গৌর, তুমি লাঙ্গল গ্রহণ কর এবং কোনও দেশের পণাদ্রবাসস্ভার সেই দেশ হইতেই দোহন (উৎপাদন) কর, যাহাতে অক্স দেশের লোকে বাণিজ্যের ছলে কোনও দেশের তুর্বল প্রজাগণকে প্রতারণা না করে"। ১৬।

কিন্ত কলি, বিশুদ্ধ ভক্তিযোগে একান্তসরস হৃদয়েও ভক্তির গর্ব উৎপাদন করিয়া তাহাকে বিশুদ্ধ করিয়া দিবে; ষেমন ভূগর্ভস্থ বহি রত্মপ্রসবভূমি প্রভৃত-সরস সমুদ্রভলদেশকেও মকভূমিরূপে পরিণত করে, সেইরূপ। ১৭।

বিবোধ্য ঘোরং কলহং বিরোপ্য
স্বনামবৈরর্থ্যবিঘাতকঃ স্থাৎ ॥১৮
তদা চতুর্বর্গবিধৌ হি সাধনম্
প্রকল্প ভক্তিং পুরুষার্থপঞ্চমম্।
ভিদাঞ্চ মন্তঃ পরিকল্প যোগিনঃ
ক্রিয়েত কৈবল্যপদং নিরীশ্বরম্॥১৯
প্রেয়ে স্পৃহাস্ত রসিকস্ত নিরাশকস্ত
বন্ধায় তন্তুরিতি বেত্তি ন কোহপি জন্তঃ।
ইত্থং হি গোপবনিতাদিজনা বিদ্প্তাঃ
ক্ষীবার্জ্নেনা * বিনয়তাং ছরিতং হি তেষাম্ ॥২০
সর্ববাংশ্চ মাং সমধিগন্তমুপায়ভূতান্
ধর্মান্ বিহায় শরণং সমধিব্রজন্ মাম্।

কলি আবার অহিংসাদির স্থায় উপায় সকলকেও পুরুষার্থনির্ণন্ধকারী পণ্ডিতগণের নিকট উপায়রূপে (লক্ষ্যরূপে) প্রতিপাদন করিয়া ঘোর কলহ উৎপাদন করিবে এবং এইরূপে আপনার 'কলি' (অর্থাৎ 'কলহ') নামকে নির্থক হইতে দিবে না। ১৮।

তথন ধর্ম-অর্থ-কাম-মোক্ষ-সিদ্ধির উপায়ভূত ভক্তিকে (এক শ্রেণীর বৈশ্ববের নিকট) পঞ্চম পুরুষার্থ বলিয়া প্রতিপাদন করিয়া এবং (এক শ্রেণীর যোগীর নিকট) সিদ্ধ যোগীর অবস্থা আমা হইতে (ঈশ্বর হইতে) পৃথক্ বলিয়া প্রতিপাদন করিয়া, কৈবল্যপদকে ঈশ্বরশৃত্ম (এবং সেইহেডু নিরানন্দ) করিয়া তুলিবে । ১৯ ।

এই সর্বভোগবিহীন রসিক পুরুষের মন্থয়ছাদয়ের প্রেম উপভোগ করিবার ধে ইচ্ছা, তাহাই ই হাকে বাঁধিবার ডোর, ইহা (আমি ভিন্ন) কোন প্রাণীই জানেনা—এইরূপে আভীররমণীগণ (আমাকে বাঁধিয়াছে মনে করিয়া) ধে গর্ব্ব অন্তব করে, আমাদারা সংঘটিত 'ক্ষীবাৰ্জ্নসংবাদে'র ক্ষীব ও অর্জ্ন * তাহাদের সেই পাপ প্রকালন করক।

^{*} অগ্রে বর্ণিতবৃত্তান্তৌ।

মোহাদ্ধি সাধনবিধৌ ধৃতসাধ্যবুদ্ধি যোগী লভেত স্বস্থুখং মম যৎস্বরূপম্ ॥২১

খে সকল ধর্ম আমাকে পাইবার উপায় স্বরূপ, সেই সকলগুলিকেই পরিত্যাগ করিয়া, কেবলমাত্র আমার আশ্রয় লইতে পারিলেই, যে যোগী মোহবশতঃ সাধনে সাধ্যবৃদ্ধি ধরিয়া বসিয়া আছেন, অর্থাৎ অহিংসা, সমাধিসাধন প্রভৃতিকেই চরম লক্ষ্য বৃঝিয়া তাহাদিগকে ছাড়িতে চাহেন না, সেই যোগী (মোহনিমু্কি হইয়া) পরমানক্ষয় আমারই স্বরূপ লাভ করেন। ("সর্বধর্মান্ পরিত্যজ্ঞা মামেকং শরণং ব্রজ্ঞ"।)

অথ ক্ষীবাৰ্জুনীয়ম্ ।

কদাচিদৰ্জ্বনোহচিম্বয়ং:-

অথাভিযুক্তা: প্রবদন্তি কৃষ্ণম্ :-
"জ্যোতীংষি শুক্রানি চ যানি লোকে

"ত্রয়ো লোকা লোকপালাস্ত্রয়ী চ

"ত্রয়োগ্নয়শ্চাহুতর্মশ্চ পঞ্চ

"সর্বেব দেবা দেবকীপুত্র এব ॥"

যে তংকুপাবিরহিতা স্ত ইমাং হি বাণী

মুংপ্রেক্ষয়োপচরিতাং বিমৃশস্তি দীনা: ।

শোচন্তি তে পরমসৌখ্যমবাপ্য সাক্ষা

শীনা ইবোপহসিতাং সলিলে তৃষার্ত্তাঃ ॥১

প্রত্যক্ষতোহদর্শয়তৈব কৃষ্ণঃ

বিশ্বাত্মমূর্তিঃ সমরাঙ্গনে মাম্ ।

প্রত্যেতু লোকো জগতাঞ্চ নো বা

নিজামুত্তিং কিমপক্র্বীয় ? ॥২

ক্ষীবাৰ্জ্জুনীয়।

অর্জ্জুন কোনও সময়ে চিন্তা করিতে লাগিলেন :—

জ্ঞানবৃদ্ধগণ কৃষ্ণবিষয়ে বলিয়া থাকেন:—'ব্রহ্মাণ্ডোদরে যে সকল উজ্জ্বল জ্যোতিক্ষমণ্ডল দৃষ্ট হয় তাহারা, আর তিন লোক—স্বর্গ, মর্ত্তা, পাতাল, ইন্দ্রাদি লোকপালগণ, ঋগাদি বেদত্রয়, গার্হপত্যাদি অগ্নিত্রয়, পঞ্চাহতি ও সমস্ত দেবতা— এই সব গুলিই এক ঐ দেবকীপুত্র কৃষ্ণ।'

যাহারা ভাগ্যহীন, কৃষ্ণকুপায় বঞ্চিত, তাহারা এই কথাটিকে উৎপ্রেক্ষারঞ্জিত চাটুবচন বলিয়া মনে করে; তাহারা নিরতিশয়ানন্দমূর্ত্তি শ্রীকৃষ্ণকে সমক্ষেপাইয়াও শোকগ্রস্ত থাকিয়া যায়; সেইহেতু তাহারা সলিলনিময়, তৃষ্ণার্ত্ত মীনের ক্রায় হাস্তাম্পদ হয়।

কুরুক্ষেত্র সমরাঙ্গনে কৃষ্ণ, বিশ্বই ষে তাঁহার নিজ মূর্ত্তি, তাহা আমাকে প্রত্যক্ষ-ভাবেই দেথাইলেন। জগতের লোকে, বিশ্বাদ করুক বা নাই করুক, আমি নিজের অনুভৃতির অপলাপ করি কি প্রকারে? সোহয়ং মমাছ প্রণয়েন বদ্ধঃ
স্বস্থঃ প্রিয়ায়াঃ ময়ি সম্প্রদাতা।
রথস্থ যস্তা সমরাজিরে মে
ধনঞ্জয়েজন তথাত্মমানী ॥৩
অহন্ত কিঞ্চিন্ন করোমি তল্মৈ
হুঃখানি তস্থাপনয়ামি সৌথ্যঃ।
স আপ্রকামোহপি রতিং পিপাস্থঃ
কোহতো মদস্যো ভূবি ভাববেতা ? ॥৪
কিয়চিরং বৈ হাদয়স্থ সাক্ষিণঃ
চিতিস্বরূপাচ্চ কুপথ্যহারিণঃ।
মদঃ স্বভক্তেরপি নিহু তিং গতঃ
প্রিয়ে হি তিষ্ঠেন্নিজমূলঘাতনঃ ? ॥৫

সেই ক্লম্ভ আৰু আমার প্রণয়ে আবদ্ধ; তাঁহার প্রিয়া ভগ্নী (স্তুভ্রাকে) আমার হাতে সমর্পণ করিয়াছেন। সমরাঙ্গনে তিনি আমার রথের সার্থি হইলেন। আবার তিনি পাণ্ডবর্গণের মধ্যে আমি ধনঞ্জয়' এই বলিয়া গর্ব্ব অন্তুভব করেন। এ

সৈই ক্লঞ্চের প্রীতি উৎপাদনের জন্ম আমি কিন্তু কিছুই করি না। আমি নিজে সুথে থাকিলেই, তাঁহার সকল হঃখ অপনীত হয়। তিনি পূর্ণকাম হইলেও ভক্তির লোভ রাথেন। এই হেতু পৃথিবীতে আমার ন্যায় ভক্তিরসের অনুভবী কে আছে ? 181

অথগু ব্যাপক চেতনাই বাঁহার স্বরূপ, তিনি সকল চেতন জীবেরই হাদয়ের সাক্ষী। (হাদয়ে যে কোন চিন্তা উদিত হউক না কেন, তাঁহার অগোচর থাকিতে পারেনা।) আর শিশু কুপথ্যাসক্ত হইলে মাতা যেমন তাহা কাড়িয়া লন, সেইরূপ ভগবানের প্রিয়লন, কুভাব লইয়া চিত্ত কলুষিত করিলে, তিনি তৎক্ষণাৎ তাহার বিলোপ করিয়া দেন। সকল প্রকার গর্বই চিত্তকে কলুষিত করে; ভগবদ্ধকি লইয়াও সেই গর্বে জন্মিলে, তাহাকেও ভগবান্ বিনম্ভ করিয়া দেন; কেন না সেই গর্বে তাহার জননী ভক্তিকেই বিনম্ভ করে। অর্জুনের ভক্তিগর্ব্ব চিত্তে উঠিবামাত্র শীক্তকের অগোচর রহিল না।

"চিতিম্বরূপাৎ হৃদয় শু সাক্ষিণঃ"—অথগু ব্যাপক চৈতগুই যাঁহার নিজমূর্ত্তি, সর্ব্বজীবচৈতন্তের সাক্ষিম্বরূপ, সেই ভগবানের দৃষ্টিপথ হইতে; "কুপথাহারিণঃ"— 'কথং হি শল্যং হৃদয়াৎ সুখাবহং
সমুদ্ধরেয়ং রুধিরস্রুতিং বিনা'।
হরিঃ সথিপ্রীতিবশাদচিস্তয়ং
য়দীশর্তৈঃ সথিতা সুহৃল ভা ॥৬
অথৈকদা দেহভূদস্তরাত্মা
হরিবি রিঞ্চেরপি গর্বহারী
নিনায় পার্থং বনভূমিমার্গং
যদৃচ্ছয়া চঙ্কুমনাপদেশাং ॥৭
দদর্শ দ্রেহর্জ্ক্ন আদদানং
সব্যেন হস্তেন কৃপাণবল্লীম্।
নগ্নং নরংকঞ্চিদদস্তমগ্রে
স্থিতানি শুক্ষাণি তৃণানি ভূমৌ॥৮

যিনি (মাতার ন্তার) কুপথ্য কাড়িয়া লন তাঁহার নিকট হইতে; "স্বভক্তেঃ অপি মদঃ"—ভগবানের নিজের প্রতি ভক্তিরও অহকার—''কিয়িচিরং নিহ্নুতিং গতঃ"—কতক্ষণ লুকায়িত থাকিয়া; "মিত্রে তিষ্ঠেৎ" ভগবানের প্রিয়ন্তনের হৃদরে থাকিতে পারে? যেহেতু সেই গর্কাঃ "নিজমূলঘাতনঃ"—আপনার জননী ভিক্তিকেই বিনষ্ট করিয়া ফেলে। ৫।

ভগবান হরি সথার প্রতি প্রীতিপরবশ হইয়া চিন্তা করিলেন, সথার হৃদয় হইতে শোণিতস্রোত না বহাইয়া—হৃদয়ে প্রবল আঘাত না দিয়া, কি প্রকারে সেই স্থপ্রদ শল্যের উদ্ধার করি (গর্ব্ব বিনষ্ট করি)? ভগবানের চিন্তিত হইবার কারণ এই যে, যাঁহাদিগকে ঈশ্বরের কার্য্য সম্পাদন করিতে হয় (অপক্ষপাতী হইয়৷ কর্মফল প্রদান করিতে হয়), তাঁহাদের পক্ষে, (জীবের মধ্যে) সথা পাওয়া স্কেটিন।৬৷

অনস্তর একদা দর্বজীবের অস্তরাত্মা হরি, যিনি (গোহরণপর্বে) ব্রহ্মারও গর্বে হরণ করিয়াছিলেন তিনি, যদৃচ্ছাক্রমে ভ্রমণের ছলে, অর্জুনকে বনস্থলীর পথে লইয়া গেলেন। १।

অর্জুন দেথিলেন, সম্মুথে কিছুদ্রে এক উলঙ্গ মহুষ্য বাম হত্তে অসিলতা ধারণ করিয়া, ভূমিতে পতিত শুদ্ধ তৃণ ভক্ষণ করিতেছে। ৮।

দৃষ্ট্রেব সঞ্জাতকুতৃহলঃ সঃ পপ্রচ্ছ নাট্যং ন বিশঙ্কমানঃ। ''কমেব যোনিং সমলঙ্করোতি। স্তে সংখ তে পুরুষোদ্য এষং" १॥৯ ''অসংশয়ং ক্ষীব ইবৈষ দৃশ্যতে''। উবাচ কুঞ্চোহভিনয়ংশ্চ বিস্ময়ম্ "তথাপি বৈচিত্র্যমিবাস্থ ভোজনে ক্ষমং হি গছা সবিশেষমূহিতুম'' 🖂 • বিহায় কৃষ্ণ দৃষ্দাসনস্থং সসার পার্থঃ প্রতি নগ্নমৃত্তিম্। উবাচ "মাং ভদ্র সহস্ব পান্থং কুতৃহলেনৈব তবাত্র নীতম্। ১১। পৃচ্ছামি পুণ্যব্রত তে বুভুক্ষা বিহায় ভোজ্যানি কথং বিশুষ্কে। তুণোৎকরে যাতি ন মানবাহে ? জহাতি কিং বা নবশপ্পকানি ?"॥ ১২।

তাহা দেখিয়াই তাঁহার কৌতুহল জন্মিল। তিনি রুষ্ণের এই নাট্যলীলা কোন ক্রমেই বুঝিতে না পারিয়া জিজ্ঞাসা করিলেন 'সথে, এই পুরুষরত্বটি তোমার স্থান্তর কোন্ জাবজাতিকে শোভাবিত করিয়াছে ?'। ১।

কৃষ্ণ বিশ্বরের অভিনয় করিয়া বলিলেন, 'নিঃসন্দেহ, এই মনুযাটিকে মাতালের মতো দেখাইতেছে; ইহার ভোজনও বেন বিচিত্র। তথাপি ইহার নিকটে যাইয়া ইহার ভোজনের বৈচিত্রা সবিশেষ লক্ষ্য করিতেই পার'। ১০।

কৃষ্ণ পথপার্শ্বস্থ উপলাসনে উপবিষ্ট হইলেন। অর্জুন তাঁহার সঙ্গ ছাড়িয়া সেই নগ্নমূর্ত্তির দিকে অগ্রসর হইলেন। গিয়া, তাহাকে বলিলেন হৈ ভদ্র এই পথিককে ক্ষমা করুন; কৌতূহলই এই পথিককে আপনার এই স্থানে আনিয়া ফেলিয়াছে'। ১১।

'হে পুণ্যব্রত, আমি জিজ্ঞানা করিতেছি, আপনার ভোজনেচ্ছা, (মন্মুয়েয়র) আহারযোগ্য বস্তুর প্রতি গমন না করিয়া মানবভোজনের অযোগ্য তৃণরাশির দিকে কেন গেল? আর তাহা হইলেও, কেনই বা কোমল নব নব তৃণগুলি পরিত্যাগ করিয়া শুষ্ক তৃণ গ্রহণ করিতেছেন ?'। ১২। "ন মেহস্তি তুচ্ছাশনবন্ত্রলকো কলো বৃথা মন্তমথাজিতুং কিম্? নিবর্ত্তরেহহং কুতুকং কদা তে ? শিবোহস্ত পদ্বাস্ত" উবাচ নগ্ন: ॥ ১৩ । "ইমং হি ধর্মং প্রবদন্তি তজ্জাং" প্রোবাচ পার্থস্তমুবাচ নগ্ন: । "ধর্মেণ কিং যস্য সথা নিরুদ্ধঃ ? জড়স্তা কিং বা বহুনা ক্রুতেন ?" ॥ ১৪ । "অহার্য্যনির্ববন্ধতয়া তবাত্র বক্তব্যমেতচ্ছৃণু সংগ্রহেণ । ব্যাপাভতে কিং জঠরস্ত তৃথ্যৈ দক্ষ্য জীবন্নবশ্পজালম্ ?" ॥ ১৫ । ক্রুত্তর্ভু নো হাস্তকরঃ কপোলে উবাচ "যোগেশ নমোহস্ত তুভাম ।

সেই নগ্নমূর্ত্তি বলিলেন—''তুচ্ছ গ্রাসাচ্ছাদনলাভের জন্ম ব্থাচিন্তা করিবারও আমার অবসর নাই, তাহা অর্জন করিবার কথা আর কি বলিব ? আমি কথন তোমার কৌতুহলনিবৃত্তি করি ? (সময় কোণায় ?)। তোমার প্রেস্থান-)পথ নিরাপদ হউক''। ১৩।

পার্থ বলিলেন, "ধর্মবিকাণ ইহাকে (পথিকের কৌতুহলনির্ত্তি করাকে) ধর্ম বলিয়া থাকেন। নয় মহান্টা তাঁহাকে বলিলেন ''সথাকে যে (প্রীতি নারা চিন্তে) আবদ্ধ রাখিতে পারিয়াছে, তাহার ধর্মের প্রয়োজন কি? আর যে ব্যক্তি জড়, ভাহারই বা অধিক শুনিবার প্রয়োজন কি?" (সে সকল ব্যাপার ব্রিতে অক্ষম)। ১৪।

"দেখিতেছি, এবিষয়ে তোমার (জানিবার) নির্বন্ধকে পরিহার করিবার উপায় নাই। সেই হেডু সজ্জেপে বলিতেছি শুনিয়া লও। (তোমাকেই জিজ্ঞানা করি) পোড়। উদরের তৃত্তির জন্ম কি কোমল জীবিত শিশুত্ণরাজির প্রাণবধ করিতে হুইবে''? । ১৫।

বংসার্বভৌমান্তমহাব্রতায় *
সর্বেষ্ ভূতেষভয়প্রদায়"॥ ১৬।
"পরস্ত বৃত্তং গহনীকৃতং তে
জড়োহস্মি যোগিন, বিদিতং হি পূর্বিম্।
অহিংসকস্থা ব্রতিনং করে কিং
নিস্ত্রিংশ এষোহপি পিধানমুক্তঃ ?"॥ ১৭।
স এবমুক্ত স্তমুবাচ পার্থং
"নিরস্কুশং তে কুতুকং হাবৈমি।
অসঙ্গতং তৎ সহসা ক্ষমস্ব
সথা বিয়োগং মনসি ক্ষমে নো॥ ১৮।
ঝতেহস্থা রূপাং কুতুকং ন মেহভূৎ
রূপেহমুভূতে কুতুকং নিরস্তম্।
অথাশ্রুতং মে তব সাহচর্য্যং
বৈরিক্ষয়ে মাং তদবেহি দাসম্॥ ১৯।

অর্জুন শুনিয়া গালে হাত দিলেন; বলিলেন "হে যোগীশ্বর, আপনাকে প্রণাম; আপনার সার্প্রভৌম (অহিংসারপ) আত মহাত্রতকে প্রণাম, কেননা, এই মহাত্রত সমস্ত জীবকেই অভয় প্রদান করিতেছে"। ১৬।

"পরন্ধ, হে যোগিন্ আপনি আপনার চরিত্রকে, এই অধ্যের বুদ্ধির পক্ষেত্রবর্গাহ করিয়া দিলেন। আপনি ত' পূর্বেই জানিতে পারিয়াছেন যে আমি জড়বুদ্ধি। আপনি অহিংসারত ধারণ করিয়াছেন, তথাপি আপনার হল্তে এই
তরবারিথানি কেন? আবার তাহাও দেখিতেছি নিজোধিত''। ১৭।

অর্জুন এইরূপ বলিলে তিনি উত্তর প্রদান করিলেন—"দেখিতেছি তোমার" কৌতৃহল নিরঙ্কুণ (তুর্বার); এই অসকত কৌতৃহল মনোবলপ্রয়োগে সহন ক্রিয়া বাও, (বেহেতু তোমার কৌতৃহল নির্ত্তি করিতে গেলে) চিত্তে স্থার সহিত ধে বিচ্ছেদ ঘটিবে, তাহা আমি সহন করিতে পারিব না।" ১৮।

সেই স্থার রূপ ছাড়িয়া অন্ত কিছুতেই কথন আমার কৌতূহল জন্মে নাই এবং তাঁহার রূপ দর্শন করিয়া আমার সকল কৌতূহল নিবৃত্ত হইয়া গিয়াছে। তবে যদি তুমি এইরূপ প্রতিশ্রুত হও, যে আমার শক্রবধে তুমি সহায়তা করিবে, তবে জানিও, আমি তোমার দাস। ১১।

 [&]quot;জাতিদেশকালসময়ানবচ্ছিলাঃ বার্বভৌমা <u>মহারত্নি"</u> তা<u>লাদাং</u> মহারতং ত্তিতম্ ।
 "লা ম্জিহেত্রবিভিতামহারতা চে"তাত্র বৃহবুল্লচ্গাতিনিকেতবাদাদিরপং প্রমাদি--স্থমত্মিকাস্তং ত্রেভ্মিকমস্তাং মহারতং ত্তিতম্ ।

আ। কিং তেহপি বৈরা ? জগতঃ সান্ন মসংশয়ং মে স বধাহ এব।

ক্ষী। নাসাবনত্যোহস্তি তথাপরে দ্বৌ ত্রিভিঃ স্থা মে স কদর্থিতোহভূৎ ॥২০।

অ। কে তে নিবেগ্ন। নিবসন্তিকুত্র

েকো বাপরাধশ্চ সথা ক এব। দদামি বাচং তব বৈরিমর্দ্দে

্গেহেপ্রগল্ভঃ খলু নৈষ জীবঃ ॥২১।

ক্ষী। স্থাে জগংপালনখেনভারাং
সথা পদা যাে হাদি তাড়িতঃ সন্।
কেনাপি বিপ্রাপসদেন তীব্র
মুবাচ কচিচ্বাথসে ন বিপ্র ॥২২।

অর্জুন। আপনারও কি শক্র আছে? সে, তাহা হইলে, জগতের শক্ত। (তাহা হইলে) নিঃদলেহ (জানিবেন) আমি তাহাকে বধ করিতে প্রস্তত।

ি কীব। সে-ই একমাত শক্ত নহে, আরও হইটি আছে। সেই তিনটায় মিলিয়া আমার স্থাকে অবমানিত করিয়াছে। ২০।

অ। তাঁহারা কে বলুন, তাহাদের নিবাসস্থান কোথায় ? আর তাঁহারা কি
অপরাধ করিয়াছে ? আর আপনার স্থাই বা কে ? আমি আপনার শক্রবিনাশ
করিব, প্রতিশ্রুত হইতেছি। (জানিবেন) এই জীব কথনই বুথান্মান্নী
নহে।২১।

কী। জগৎপালনের গুরু পরিশ্রম বশতঃ নিজিত ইইয়া পড়িলে, যাঁহার হালরে এক বিপ্রাধন, যথন তীব্র পদাঘাত করিল, তথন যিনি কেবলমাত্র বিলয়ছিলেন "হে বিপ্র তোমার চরণ ব্যথিত হয় নাই ত'?"—তিনিই আমার স্থা। নিষ্ট স্থা তাঁহার চরণথানিতে হাত বুলাইবার জক্ত নিজের অঙ্কে ধারণ করিবেল, সেই ব্যাহ্রণ মুথ ফিরাইয়া রহিল; তাঁহার হাদয়ে নিজ পদ্চিহ্নের দিকে একবারও দৃষ্টিপাত করিল না। যথনই আমি ধানে আমার মিত্রকে হাদয়ে দশন করি, তথন সেই পদ্চিহ্ন আমার হাদয়ে শ্লের হায় বেদনা দেয়। যথন আমি সেই

স্থ্যা ধ্তেহকে চরণে মৃজার্থং দদর্শ নাসৌ বিমুখঃ পদাক্ষম্। ধ্যানেন পশ্যামি যদৈব মিত্রং শ্লায়তে মে হাদি তৎপদাক্ষঃ ॥২৩ প্রমাজি তুং নাহমলং তদক্ষং প্রমার্জ মি বিপ্রাং তু ভুবঃ কলক্ষম্॥

অ। কিং ব্রহ্মহত্যা তব বন্ধুকৃত্যম্ ? নাশোহপি তত্তজ্জুলস্ত হেতোঃ ?॥২৪

ক্ষী। বন্ধাে: কৃতে তস্তা কিমস্ত্যকার্য্যম্ ?

অ। কো নাম বধাঃ খলু তে দ্বিতীয়ঃ?

ক্ষী। কানাম সেতীতি কথংন পৃচ্ছা?

অ। নার্য্যা বিনাশো নিরয়স্ত পন্থাঃ ॥২৫

পদচিহ্ন বিলুপ্ত করিতে পারিলাম না, তথন আমি সেই ধরিত্রীকলক ব্রাহ্মণেরই বিলোপ-সাধন করিব। (২২,২৩,২৪২)।

জ। ব্রহ্মহত্যা করিয়াই কি আপনি বন্ধুর প্রতি কর্ত্তব্য পালন করিবেন ? আবার সেই ব্রহ্মহত্যা অন্থ কাহারও নহে, যিনি স্বয়ং জ্ঞানিকুলের আদিপুরুষ, তাঁহার। ২৪।

ক্ষী। সেই বন্ধুর জন্ম কোনু অকাধ্য করিতে না পারি ?

অ। আপনি অন্ত কোন্ পুরুষকে বিনাশ করিতে চান ?

ক্ষী। পুরুষকে বলিতেছ কেন? কোন্ নারীকে বলিয়া জিজ্ঞাসা করিতেছ নাকেন?

জ্ব। নারীবধ নরকেরই পথ,। ২৫। তাহা কথনই আপনার স্থাকে স্থী করিবে না, ইছা কেন বুঝিতেছেন না ?

ক্ষী। নরকে কি তাঁহার চিন্তা যায় না ? অথবা নরক হইতে আমার চিন্তা তাঁহার প্রতি যাইবে না ?

অ। ভাল প্তনাকে তিনি ত পূর্বেই পান করিয়াছেন। । ২৬। সেইরূপ ডাটকাকেও ভোজন করিয়াছেন।

স্থ্য ন সেখ্যায় কথং ন বুদ্ধম ? ফী কিং তস্ত চিন্তা নির্যে ন যাতি তিম্মন্ন বা মে নিরয়ে চ চিন্তা? সা পূতনা তেন পুরৈব পীতা ॥২৬ সা তাটকা তেন তথৈব জগ্ধা। শ্রুতা তথ্য কিং ন হি পঞ্চপত্নী কী: তুৰ্বাসস: শাপজিহাসয়া যা ভুক্তাবশিষ্টং হাদদাচ্চ সখ্যে ॥২৭ যজ্ঞেশবায়ামৃতভুগবায় ? সা চেৎ কদাচিন্মম মার্গমায়াৎ নুনং ভবেৎ সা মম খড়ালেহা। জানামি তাং পাণ্ডবধর্মপত্নীং ॥২৮ यः प्रमभू स्था भर्यप्रमन एड মহানদ্বারম্ধিষ্ঠিতঃ সন্ কুষ্ণেতি মিত্রীয়তি যাচমানঃ। को। নিয়চ্ছ বাচং তব নষ্টবুদ্ধে ৷২৯ কিমাপ্তকামস্থা রসামুরুতিঃ? তৃপ্তায় ভুক্তে: স্বদতে হি ভক্তিঃ ভারং হি তস্তা বস্থধা ন বোঢ়া॥

ক্ষী। তুমি কি শুন নাই, যাহার পাঁচটি পতি, সেই নারী ত্র্বাসামুনির শাপ এড়াইবার জন্ম আপনাদের ভোজনাবশিষ্ট (শাক) আমার স্থাকে দিয়াছিল— । ২৭। যিনি স্বরং যজ্ঞেশ্বর এবং অমৃতভোজিগণেরও অধীশ্বর। সেই নারী যদি কথনও আমার পথে পড়ে, তথন আমার থড়া তাহাকে লেহন করিবে।

অ। পাগুবগণের ধর্মপত্মী সেই নারীকে আমি জানি। ২৮। বাহার স্বহন্তপ্রস্তত ব্যঞ্জনাদির লোভে মুগ্ধ হইয়া, আপনার মধুহদন তাহার রন্ধনশালার দ্বারে আসন গাড়িয়া বসেন এবং "কৃষ্ণা" "কৃষ্ণা" বলিয়া তাহার সহিত মিতালি করিয়া ব্যঞ্জনাদি চাহিয়া থাকেন। ২৯।

- অ। বিপ্রস্থা নার্য্যশ্চ বধায় যোগিন্ ॥৩০ স্তম্যং মমাস্বা কিমপায়য়ন্মাম্ ? ক্ষারেণ কিং সা ন হরেন্মমায়ুঃ ক্ষাত্রোচিতং বৈ দিশতু ব্রতং মে ॥৩১
- ক্ষী। ক্ষাত্রে হি বীর্য্যে যদি তেহভিমানঃ
 ক্ষাত্রং কুলং তৎ কুরু নিচ্চলঙ্কম্।
 ক্ষত্রাধমং তং জহি যোদ্ধ্পাশং
 যঃ সারথিং মে কুতবান্ স্থায়ম্॥৩২
 শঙ্কাম্পদং ভীম্মবলেন নীতে
 স্বজীবিতে যঃ প্রণয়াৎ স্থায়ম্।
 অত্যাজয়ৎ স্বাং সমতাপ্রতিজ্ঞাং
 ক্লীবঃ স যোধো মরণায় জাতঃ॥৩৩
 যৎপক্ষপাতং সমরে প্রমাষ্ট্রং
 দেবব্রতপ্রেয়্যনিভঃ স্থা মে।

ক্ষী। ওরে হর্ব্বাদ্ধি, চুপ. কর। যিনি আপ্তকান, তিনি আবার স্থস্বাহদ্রব্যের পিছনে দৌড়ান্ একি সম্ভব ? যিনি ভোগে পরিতৃপ্ত, তাঁহার ভক্তিতেই কচি হয়। সেই নারীর ভার পৃথিবী কথনই বহন করিবে না। ৩০।

অ। হে যোগিন, ব্রহ্মহত্যার জন্মও নারীহত্যার জন্মই কি আমার মাতা আমাকে শুন্ম পান করাইয়াছিলেন ? তাহা হইলে তিনি কি শৈশবেই লবণ গিলাইয়া আমার প্রাণবধ করিতেন না ? ক্ষত্রিয়ের উপযুক্ত যদি কোন কায থাকে তবে বলুন। ৩১।

ক্ষী। আপনাকে ক্ষত্রিয় বীর বলিয়া যদি তোমার অভিমান থাকে,তাহা হইলে তুমি ক্ষত্রিয়কুলকে নিম্কলক কর। তুমি সেই ক্ষত্রিয়াধম নিরুষ্ট যোদ্ধাকে বিনাশ কর, যে আমার স্থাকে আপনার সার্থি করিয়াছিল। ৩২।

(ভীম বাহার জীবনকে) সংশয়াপন্ন করিলে, যে আমার স্থাকে বন্ধুত্বের দোহাই দিয়া, স্থাকে, 'এই যুদ্ধে আমি অন্তথারণ করিব না' এইরূপ প্রতিজ্ঞা, পরিত্যাগ করাইরাছিল, সেই ক্লীব যোদ্ধার জন্ম, কেবল মরিবার জন্ম। ৩৩।

তমৃত্যুশয্যামভিতঃ স্থিতঃ সন্ শুশ্ৰাৰ সূক্তং বত সাবহাসম্ * 🗝 ৪ উপাত্তবীর্যোহপি স বীর্মানী সমক্ষমায়াৎ ভূমিবাভা বন্ধো। নূনং স গণ্যো জগদাততায়ী কদর্থয়েতো জগতাং হি নাথম্ ॥৩৫ অ। কদাপি নায়াৎ পুরতো মমাসৌ যতো হি মতো স মনাঙ্ন হীনঃ। নাহঞ্ যায়াং পুরতোহস্ত জাতু যতঃ স মতো:ন মনাশ্বরীয়ঃ ॥৩৬ অথাভিকাজ্ঞস্থপুনৈব নশ্যেৎ পাপঃ স তূর্ণং তব দেহি খড়গম্। ইমং বনোদেশমভি ভ্রমন্ সঃ দুষ্টো বয়স্ভেন সহাগতেন ॥৩৭ প্রদর্শ য়িষ্যামি তদীয়মুগু মহায় যোগিন্ বচনং গৃহাণ।

যুদ্ধে যাহার প্রতি পক্ষপাত করিয়া অপরাধ করিলে, সেই অপরাধের ক্ষালন জন্ত, আমার সথাকে ভীত্মের শরশ্যার সন্মূথে তাঁহার ভত্যের ন্থায় দাঁড়াইয়া থাকিতে হইয়াছিল, এবং "আমার প্রাণাস্তকারী অর্জুনের যিনি স্থা, তাঁহার প্রতি যেন আমার অহৈতুকী ভক্তি অচলা হইয়া থাকে', হায়, ভীত্মের এইরূপ অবহাসগর্ভ স্থোনিতে হইয়াছিল, (তাহার জন্ম কেবল মরিবার জন্ম।

হে মিত্র, অপরের নিকট শক্তি ধার করিয়া যে আপনাকে বীর মনে করে, সেই কৃত্রিম বীর যদি কোনও দিন, তোমার সম্মুথে পড়ে, আজ যেমন আমার সমুথে তুমি আসিরাছ, তাহা হইলে তাহাকে জগতের আততায়ী বলিয়া জানিবে, কেননা যিনি জগতের নাথ, তাঁহার সে অবমাননা করিয়াছে। ("আততায়িনমায়ান্তং হক্তাদেবাবিচারয়ন্"—'আততায়ীকে আসিতে দেখিলেই বিনা বিচারে তাহাকে মারিয়া ফেলিবে', এই নীতিকে লক্ষ্য করিয়াই উক্তরূপ উপদেশ)।

^{* &}quot;বিজয়দঝে রতিরস্ত মেহনবতা।" ভাগবত ১।৯।৩৩।

ক্ষী। গৃহাণ নিজ্ঞিংশনথাশিষো মে

"মর্মাণি তে বর্মণা চ্ছাদয়ামি

"সোমস্তা রাজামৃতেনান্থবস্তাম্।

'উরোর্বরীয়ো বরুণস্তে কুণোতু

"জয়স্তস্তান্ত দেবা মদন্ত ॥৩৮

খড়গং গৃহীত্বা তমুবাচ পার্থঃ

'শস্তোঃ প্রসাদাৎ পুনরুক্তিরেষা।

আপৃচ্ছনেনেদমবেহি যোগিন্
গচ্ছামি সম্যক্ সময়াদ্বিমুক্তঃ ॥৩৯

অ। সে আমার সমুথে কথনই আসিয়া দাঁড়াইবে না, কেননা সে আম অপেক্ষা কিছুতেই ন্ন নহে। আমিও কথনই তাহার সমুথে গিয়া দাঁড়াইব না কেননা সে আমাঅপেক্ষা কিছুতেই বড় নহে। তবে যদি আপনি চাহেন ষে সেই পাপিষ্ঠ এখনই বিলুপ্ত হউক, তাহা হইলে, শীঘ্র আপনি আপনার থড়াথানি আমাকে দিন। আমার স্থা, থিনি আমার সঙ্গে আসিয়াছেন, তিনি তাহাকে এই বনের দিকে ভ্রমণ ক্রিতে আসিতে দেখিয়াছেন। হে যোগিন্ আমি প্রতিশ্রুত হইতেছি, এইক্ষণেই আমি আপনাকে তাহার মুণ্ড দেখাইব।

> প্রিণত্রাণেহনৃতং বাচ্যমাত্মনো বা পরস্থ চ। গুর্ববর্থে স্ত্রীয় চৈব স্থাদিবাহকরণেযু চ॥

নিজের বা অপরের প্রাণ রক্ষার জন্ম, গুরুর অভীষ্টসিদ্ধির জন্ম, পত্নীর নিকট এবং বিবাহসজ্যটনের জন্ম মিথ্যা বলা চলে। বি ৩৬,৩৭।

ক্ষী। তবে এই তরবারির সহিত আমার এই আশীর্বাদও লও। বিজুর্বেদোক্ত (১৭।৪৯) এই আশীর্বচনের অর্থ—] "তোমার মর্মস্থানসমূহ আমি বর্ম্মারা আচ্ছাদন করিতেছি। তদনস্তর রাজা সোম তোমাকে অমৃত দ্বারা আচ্ছাদন করুন; বরুণদেবও তোমার সেই বর্মকে উৎরুষ্ট হইতে উৎরুষ্ট করুন; তুমি যুদ্ধে জন্মী হইয়া প্রত্যাগমন করিতে থাকিলে দেবতাগণ হর্ষোৎফুল্ল হুউন্থ। ৩৮।

খড়গথানি লইয়া অর্জ্জুন তাঁহাকে বলিলেন—"শভুর রূপায় আপনার এই আশীর্কাদ পুনক্তি মাত্র। আমি আপনার নিকট বিদায় চাহিতেছি; আর এই সঙ্গেট বিদিত হউন, আমি আপনার নিকট প্রদত্ত প্রতিশ্রুতি হইতে একেবারেই বিমুক্ত হইয়া চলিলাম"।

স্থাড়গমায়াস্তমথাচ্যুতন্তং
প্রাত্যুদ্ধ জন্নাহ "সথে নিরস্ত্রম্।
বাং প্রেয় মন্তং প্রতি নগ্নথজা
মাসং বহং বংপথমীক্ষমাণঃ" ॥৪
ব্য । পৃথ্বীংমদর্থং চরতোহাতিচণ্ডং
ক্ষীবস্ত হস্তে ক্ষরিং মদীয়ম্।
পিপাস্থখজাঃ পুরতোহপ্যবাপ্য
বিতো নির্ত্তোহ্বভবং যদৈব ॥৪১
তদৈব বৃদ্ধং হাবিতোহন্মি কাভ্যাং
যাভ্যামসি বং পিহিতঃ পরাত্মা।
সম্ভাবনাহভাববপুম তি হা
তথাপরা যা বিপরীতর্মপা ॥ ৪২
বৃদ্ধঞ্চ কো মাং পুনরানয়ব্বাং
যো বৃদ্ধিযোগো ভজতে হি নিত্যম্।

অর্জুনকে খুঁজা লইয়া ফিরিয়া আসিতে দেখিয়া, শ্রীকৃষ্ণ আগুবাড়াইয়া গেলেন; কহিলেন, 'লোকটা ত' একে মাতাল, তাহার উপর হাতে খোলা তরবারী; নিরস্ত্র করিয়া তোমাকে উহার নিকট পাঠাইয়া, আমি তোমার পথ চাহিয়া অপেক্ষা করিতেছিলাম'। ১০।

অ। মাতালটা প্রচণ্ড মূর্ত্তি ধরিয়া আমাকেই পৃথিবীমর খুঁজিয়া বেড়াইতেছে। তাহার হাতে যে তরবারি, তাহা আমারই রক্তের জন্ত পিপাস্থ হইয়া রহিয়াছে। আমার সেই রক্ত সন্মুথে পাইয়াও, যথন তাহার তরবারি তাহা পান করিতে নিবৃত্ত রহিল, তথনই বুঝিতে পারিলাম, তোমার কোন্ ছই শক্তি আমাকে রক্ষা করিল— যে ছই শক্তিবারা তুমি পরমাত্মা হইয়াও আপনাকে আচ্ছাদিত করিয়া রাখিয়াছ। তোমার সেই ছই শক্তি জীবে অসম্ভাবনা ও বিপরীতভাবনারূপে বিভ্যমান্। এই ব্যক্তির অর্জুন হওয়া অসম্ভব,—অসম্ভাবনা। এই ব্যক্তি একজন পথিক মাত্র, অর্জুন নহে, ইহাই বিপরীতভাবনা। বি১, ৪২।

প্রতিশ্রুতক্তে স্থলভো ন যোগৈ
বিয়োগবং সংশয়মোহমত্যোঃ 180
ভূগোঃ পদাঘাতমবাধমচ্যুত
কথং হি মৃষ্যন্নকরোদিজাগ্রণীম্।
ত্বদীয় ভক্তেক্ষণশূলত্বঃসহম্
যথা স হয়েত শুগালকোকবং ॥ 88

ক। ঐশে সত্ত্বে বিশুদ্ধে ভবতি হি নিক্ষোইংংকুতেঃ সন্নির্তি হোঁবং মহা স লত্তাপ্রহরণমকবোমে হুদি স্বাপকালে॥ অক্ষোভ্যানন্দরপত্তমপি চ ভবতি প্রেষ্ঠশুদ্ধৌ প্রমাণম্ খ্যাতৃক্তৈভন্নিরার্ত্তিং চরণমকরবং তস্য সম্বাহনাত্তৈঃ॥ ৪৫ বিন্দৌ সিন্ধুং নিরীক্ষ্য ব্রজতি ময়ি লয়ং জ্ঞানমিশ্রা হি ভক্তিঃ সিন্ধাং বিশ্দৌ নিরুদ্ধ্যাকলয়তি বত মাং জ্ঞানহীনা যদা সা।

আরও ব্ঝিনাম, কে আমাকে তোমার নিকট আবার ফিরাইয়া আনিল; যে তোমাকে নিত্য ভাবনা করে, তাহাকে যে বুদ্ধিযোগ দিতে তুমি প্রতিশ্রুত আছ, তাহাও সেই বুদ্ধিযোগ; তাহা উক্ত অসম্ভাবনা ও বিপরীত ভাবনার অপনয়নের ক্রায়, ভক্তিযোগভিন্ন অক্যোগসাধ্য নহে। ৪৩।

হে অচ্যুত, তোমাকে জিজাসা করি তুমি ভৃগুর প্রাঘাত অবাধে সহ্ করিয়া সেহ দ্বিজ্বরকে তোমার ভক্তগণের নিকট চক্ষু:শ্লের হায়ে হঃসহ করিয়া রাথিলে, তাহাতে তিনি শৃগাল বুকের হায়ে (তাহাদের হাতে) নিহত হইতে পারেন । ৪৪ ।

ক। ভৃগু ভাবিয়াছিলেন, যে বে বিশুদ্ধ সন্ত্ত্তণ ঈশবের স্বরূপ, অহকারের একান্ত নিবৃত্তিই তাহার নিক্ষ (বিশুদ্ধিপরীক্ষার উপায়)—সন্ত্ত্তণের সহিত অহকারের লেশও না থাকিলে তাহাই ঈশবের নিজমূর্ত্তি। এই ভাবিয়া তিনি (ব্রহ্মা ও মহেশবকে পরীক্ষা করিবার পর) যথন আমি নিদ্রিত ছিলাম, তথন আমার বৃক্তের উপর লাতিপ্রহার করেন। (তিনি বুঝেন নাই যে) আরাধ্য দেবতার স্বরূপভূত আনন্দ, (সর্ববিস্থায়) অবিচলিত থাকিলে, তাহাই তাঁহার সন্ত্তণের বিশুদ্ধিও প্রমাণ; এই তত্ত্বটি তাঁহার বৃদ্ধিতে পৌছাইয়া দিবার জন্ম, তাঁহার চরণ টিপিয়া, হাত বুলাইয়া, আমি তাঁহার চরণের ব্যথা দূর করি। ৪৫।

আবিষ্ক্ন তদাহং শিশুমুখবিলগা লোকসংস্থা দিসপ্ত ইস্বী কুর্বেরভীক্ষ্ণং শিশুকরনহনং জ্ঞানমীহে প্রদাতুম্॥ ৪৬

গন্ধা প্রদর্শয় শিরস্তব সংশ্রুতং যং
ক্ষীবায় বেদয় সথে তব কিং ন যোগিন্
জ্ঞাতং সথা তব রিপো র্ছাদয়ে নিলীনো
হ্যাস্তে তবাদরবিদারমপেক্ষমানঃ॥ ৪৭

ত্য। ক্ষীবং সশস্ত্রং হাগমং ন ভীতঃ
তত্মাদশস্ত্রাত্ত্র, বিভেতি চিত্তম্।
ন বেপ্তি হেতুং তৃষিতং তু বেতুং
কুঞা কিমৰ্থং মরণায় কুপ্তা॥ ৪৮

ক। পাঞ্চালী মাং বিপদিশরণং পাণ্ডবানাঞ্চ মন্বা পাঞ্চালীং মামিব কৃতবতী সূদত্প্তং করস্থাম্। নাভূমন্বং স্থখরিবহিতং কেবলং মৃত্যুরূপং খ্যাতুক্তৈতন্নিথিলজঠরে বহ্নিমূর্ত্তি হর্যকাশে॥ ৪৯

জ্ঞানমিশ্রা ভক্তিই বিন্দুতে সিন্ধু দেখিতে পাইয়া, আমাতে লয় পায়। সেই ভক্তি জ্ঞানহীনা হইলে, সিন্ধুকে বিন্দুতে আবদ্ধ করিয়া, যথন আমাকে ধরিতে যায়, তথনই আমাকে শিশুনুথগছবরে চতুর্দশ ভুবন দেপাইয়া, শিশুকরবন্ধনের রজ্জুকে বার বার ছোট করিয়া, আমাকে জ্ঞানপ্রদান করিতে হয়, (জ্ঞানহীনা ভক্তিকে জ্ঞানমিশ্রা করিতে হয়)। ৪৬।

সথে, এখন যাও, তুমি যে মুগু সেই মাতালকে দেখাইতে প্রতিশ্রুত হইরা আসিয়াছ, তাহা দেখাইয়া তাহাকে বলিও 'হে যোগিন্, তোমার সথা তোমার শক্রর হৃদয়ে লুকাইয়া আছেন, এবং তাঁহার প্রতি তোমার অত্যন্ত আদরজনিত খড়গবিদারণ অপেক্ষা করিয়া বসিয়া আছেন। ৪৭।

অ। মাতালটা যথন সশস্ত্র ছিল, তথন তাহার নিকট যাইতে আমার আদৌ ভয় হয় নাই। এখন সে নিরস্ত্র; এখন কিন্তু তাহার নিকট যাইতে মন ভয় পাইতেছে। মন ইহার কারণ বুঝে না, জানিতে কিন্তু অত্যন্ত উৎস্কুক। আর দ্রৌপদীকে মারিবার জন্ম কেনই বা তাহার সঙ্কর?

ক। পাঞ্চালী আমাকে নিজের ও পাণ্ডবদিগের,বিপদে আশ্রয় বলিয়া জানিয়া, উত্তম উত্তম ব্যঞ্জনাদি থাওয়াইয়া আমাকে হাতের পাঞ্চালী বা পুতুলিকা করিয়া নিশম্য চৈত্বিমৃশংশ্চ ভাবম্
সদার নগ্নাভিমুখং স পার্থঃ ।
দিক্চক্রবালে ন বিবেদ কঞ্চিং
স্বপ্নাদ্বিমুক্তা প্রহিতেব দৃষ্টিঃ ॥ ৫০
মুখং পরাবর্ত্ত্য স্থায়মীক্ষিত্যুং
দদর্শ ক্ষীবং প্রবিশস্তমর্চিষা
হরেরুরঃ কৌস্তভবাস্তলেখ্য়া
ভুজপ্রসারেঃ কৃতশোভনাগতম ॥ ৫১

অ। অহো সথে কিং নরঘাতকস্য সিংহাসনং তে হৃদি নির্শ্বিতং স্থাৎ ?।

কু। ন্যন্তোহি মৌলৌ স্থ্থয়েন্ন নেত্রে মজ্জীব সর্কেম্বভয়স্য দাতা॥ ৫২

অ। তথাপি নারীদ্বিজ্জাবহস্তা।

ক। বৈমৰং, স লোচক মম মুখ্যভক্তঃ।

রাথিয়াছে। যাহা ক্ষ্দ্র বা সসীম তাহা যে কেবল স্থখহীন,তাহা নহে; তাহা মৃত্যুক্তপ (গাঢ় অজ্ঞানম্বৰূপ)। এই তত্ত্ব তাহাকে বুঝাইবার জন্তই আমি সকলজীবের (বিশেষতঃ সশিষ্য তুর্ববাসার) জঠরে বৈশ্বানর-অগ্নিক্তপে জৌপদীর নিকট প্রাকটিত হইয়াছিলাম।

এই কথা শুনিয়া এবং তাহার তাৎপর্য্য হাদয়ক্রম করিয়া, অর্জুন সেই ন্যাংটার অভিমুখে যাইতে লাগিলেন, কিন্তু দিয়াগুলে কাহাকেও দেখিতে পাইলেন না। স্বপ্ন দেখিবার পর চকু থুলিলে যেমন স্বপ্রদৃষ্ট বস্তুর কিছুই দেখা যায় না, সেইরূপ।

তথন স্থা-শ্রীকৃষ্ণকৈ দেখিবার জন্ম অর্জুন যেমান মুথ ফিরাইলেন, স্মনি দেখিলেন সেই মাতালটা, শ্রীকৃষ্ণের হৃদয়েই প্রবিষ্ট হইতেছে এবং শ্রীকৃষ্ণের হৃদয়ে স্মবস্থিত কৌস্থাভ্রমণি হইতে যে সকল স্ব্যোতিকে থা বিনির্গত হইতেছে, তাহারা যেন বাহু বাড়াইয়া তাহাকে স্বাগতাভ্যর্থনা করিতেছে।

অর্জুন বিশ্বিত হইয়া বলিলেন, 'সথে নরহস্তার সিংহাসন তোমার হাদরেই নির্মিত হইবে না কি ?

রুষ্ণ। তাহাকে মন্তকের চূড়ায় রাখিলে, সে যে (সর্বক্ষণই) আমার নয়নে আনন্দ দিতে পারিবে না। সে যে আমার সমস্ত জীবকেই অভয় দিয়াছে।

च। তাহা হইলেও সে य नातीरुखा, বিপ্রহস্তা ও জীবহন্তা।

ক। এমন কথা বলিও না, ত্রিভুবনে সে-ই আমার প্রধান ভক্ত।

- অ। বুদ্ধের্গতিন্তে গহনা সদৈব
 প্রীতে মিষেণ ছয়ি ভক্তিদন্তী। ৫০
 হত্বাপি লোকান্ দিবি দায়ভাক্ স্যাৎ
 বৈষম্যুশ্যৈবদীশনিন্দা।
- ক। জ্ঞাতং কিমর্থং তৃণমত্তি শুক্ষং ন ধারয়েদ যন্মনুজস্য জীবং ?।
- অ। জ্ঞাতং হৃহিংসাব্রতমেব হেতুঃ॥ ৫৪
- ক। যঃ প্রাণানাং শরীরং সপদি বিজহতাং পাতি কৃত্যামহিংসাং
 মত্বা মাং ধর্ষিতং যঃ পরিহরতি চ তাং তৎক্ষণাদম্মদর্থে।
 নৃনং তেনৈব বৃদ্ধং কথমিহ বিস্তজন্ সর্ব্বধর্মান্ মনুষ্যো
 মামেব প্রাপ্য মুখ্যং শরণদমচিরং মুচ্যতে সর্ব্বপাপেঃ ॥ ৫৫

ইতি ঐত্রগাচরণবিরচিতং ক্ষীবার্জুনীয়ং সমাপ্তম্॥ স্বধীভিঃ রূপয়া শুদ্ধিং কাগ্যা।

পৃষ্ঠায়াং	পংক্তৌ	অশুদ্ধং	ॐकम्
٥ اوا ه	8	শুক্রানি	শুক্রাণি।
۰ /۱۱۷	۵	চঙ ্ক্ৰ মনা	চঙ্ক্রমণা।
ه /واار	۶ ۹	শঙ্গকানি	শব্পকাণি।
२/•	>>	মনাগরীয়ঃ	মনাথরীয়ান্।
	•		

অ। তোমার বুদ্ধির গতি চিরদিনই হুর্কোধ্য। তোমার প্রতি ভক্তির ছলনা করিয়া যে আপনাকে ভক্ত বলিয়া দম্ভ করে, সে লোকের প্রাণবধ করিয়াও স্বর্গ-বাংসর অধিকারী হইল! ইহাতে পক্ষপাতী ও নির্দ্ধি ঈশ্বরের নিন্দাই রটিবে।

- র । তুমি কি জান, কিজন্ত সে শুক্ত তুণ থাইতেছে ?
- অ। জানি, অহিংসাত্রতই তাহার কারণ।
- ক্ব। প্রাণ শরীরকে ত্যাগ করিতে উন্তত হইলেও, সেই প্রাণকে অনাদর করিয়া যে অহিংসাকে কর্ত্তব্য বলিয়া পালন করে, সে, যথনই মনে হইল, আমি অবমানিত

হইরাছি, তথনই সে আমার জন্ম অহিংসাত্রত পরিত্যাগ করিল, (ব্রহ্মহত্যাদি করিতে প্রস্তুত হইল!) বস্তুতঃ কেবল সেই ব্যক্তিই বুঝিয়াছে, লোকে সকল ধর্ম পরিত্যাগ করিয়া কেবল আমাকেই শরণদাতা বলিয়া আশ্রয় করিয়া কি প্রকারে অচিরে সর্বপাপবিনিমুক্তি হইতে পারে।

ইতি—শ্রীহর্গাচরণবিরচিত "ক্ষীবার্জ্নীয়" সমাপ্ত।

পাতঞ্জলদর্শনের বিষয়সূচী।

় সমাধিপাদ।

বিধয়	স্থ্য সংখ্যা	পৃষ্ঠা
যোগশান্ত্রের উপক্রম	۵	>
যোগের সাধারণ লক্ষণ	2	•
বৃত্তিনিরোধে পুরুষের স্বরূপাবস্থান	9	¢ ,
বা্খানে, বৃত্তিতাদাত্ম্য	8	¢
পাঁচ প্রকার বৃত্তির নিরূপণ	¢	৬
পাঁচ বৃত্তির নাম, প্রমাণের লক্ষণ ও	বিভাগ ৬।৭	٩
বিপর্যায়ের লক্ষণ	ъ	ь
বিকল্পের লক্ষণ	ಎ	ઢ
নিদ্রার লক্ষণ	> 0	۾
শ্বতির লক্ষণ	>>	٥٠
নিরোধোপায়	> 2	>>
অভ্যাদের লক্ষণ	১৩	>>
অভ্যাদের দৃঢ়স্থিতিকত্বসাধন	8 <	১২
বৈরাগ্যের লক্ষণ	> c	১২
পরবৈরাগ্যের লক্ষণ	১৬	১৩
সম্প্রজ্ঞাত সমাধির লক্ষণ ও বিভাগ	> 9	28
অসম্প্রজ্ঞাত সমাধির লক্ষণ	১৮	১৬
ভবপ্রত্যয় সমাধির অধিকারী	29	>%
উপায়প্রত্যয় সমাধির অধিকারী	₹•	> 9
উপায়তারতম্যে ফলতারতম্য	२३ ३२	74
ঈশ্বরারাধনা নিরোধসমাধির উপায়	২৩	29
ঈশ্বরের লক্ষণ	₹8	53
ঈশ্বরের সর্ব্বজ্ঞতানিরূপণ	२৫	२১
ঈশ্বরের সর্ব্বশ্রেষ্ঠতা	२७	२ २

বিষয়	স্ত্রসংখ্যা	পৃষ্ঠা		
ঈশ্বরের বাচক	२ १			
ঈশ্বরপ্রণিধানের স্বরূপ	৩৮	₹8		
ঈশ্বরপ্রণিধানের ফল	૨ ৯	₹8		
যোগান্তরায়বর্ণন	٥.	२ ৫		
তাহারা হুঃথেরও আকর	٥٥	২ ৬		
তদপদারণোপায়	৩২	२७		
চিত্ত প্রসাদনোপায়	৩৩	२ १		
চিত্ত স্থৈগোপায়	€8	२৮		
উপায়ান্তর	હલ	२৮		
তাহার অবান্তর ফল	৩৬	२ रु		
বীতরাগচিত্তের সমাপত্তি	৩৭	र ह		
স্বপ্ন িজাকা লম্বন	৩৮	२क		
যথাভীষ্ট ধ্যান	೨৯	೨೦		
চিত্তস্থিতির নিদর্শন	8 •			
স্থিরচিত্তের সমাপত্তির স্বরূপ বর্ণন	8,7	৩১		
সবিতর্ক সমাপত্তির লক্ষণ	8 >	৩২		
নিব্বিতর্ক সমাপত্তির লক্ষণ	89	೨೨		
সবিচার নির্ব্বিচার সমাপত্তি নির্ণয়	8 9	৩ ৪		
স্থন্ধ বিষয়ত্বের অবধিনিরূপণ	8 @	•8		
উক্ত সমাপত্তি সকল সবৰ্দ্ধ	88	૭૯		
নির্ব্বিচার সমাপত্তির উৎকর্ষ	8 9	৩৬		
ঋতন্তরাপ্রজ্ঞার লক্ষণ	84	૭૯		
ঋতন্তরাপ্রক্তা বিশেষ বিষয়ক	8৯	৩৭		
নির্ব্বিচারসমাপত্তিসংস্কার অপর-				
-সংস্কারবিরোধী	(•	৩৮		
নির্ব্বীজ সমাধির লক্ষণ	۵۵ ر	ల వ		
সাধন পাদ।				
ক্রিয়াযোগস্বরূপ বর্ণন	>	د 8 .		
ক্রিয়াযোগ ফল	ર	83		

	স্তাসংখ্যা	5
পঞ্চক্রেশনিরূপণ	3	
ষবিচ্চা হইতেই ক্লেশোৎপত্তি	8	
অবিভালকণ	¢	
অস্মিতালক্ষণ :	৬ '	
রাগ, দ্বেষ ও অভিনিবেশের লক্ষণ	१।४।३	
হল্গকেশহানোপায়	> o ·	
স্থলক্লেশহানোপায়	>>	
কর্মাশয়ই ক্লেশহেতু	> ₹ '	
কর্মবিপাকের স্বরূপ	<u>5</u> °	
কর্ম্মবিপাকের ফল	28	
স্থ্ৰথহঃখাত্মক বলিয়া হেয়	• >&	
অনাগত হঃখই হেয়ূ	5.8	
হিয়হেতুর স্বরূপ	· > 9 ·	
দৃশ্বরূপ	ን ሥ	
দৃখের অবাস্তর বিভাগ	52	
দ্রষ্ট ৃষ্ণরপ নিরূপণ	₹•	
দৃশ্য দ্রষ্টার ভোগাপবর্গসাধকমাত্র	٤٥	
অমুক্তের পক্ষে দৃশ্য অনাদি	₹ ₹	
সংযোগস্বরূপ নিরূপণ	२७	
অবিস্থাই সংযোগের হেতু	28	
হানের স্বরূপবর্ণন	₹'₡	
হানোপায়বৰ্ণন	२७	
জীবন্মুক্তের জ্ঞানবৈত্তব সাত প্রকার	২৭	
প্রজ্ঞার সাধননিরূপণ	4 ৮ ·	
অষ্টবোগাঙ্গ কথন	২৯	
যমের স্বরূপ বর্ণন	1 9 0	
সা ৰ্কভৌম ম হা ব্ৰতবৰ্ণন	., , 	,
নিয়মবর্ণন	· · · · · • • • · · · · · · · · · · · ·	
	And the state of t	

বিষয়	স্ ত্ৰসং থ ্যা	পৃষ্ঠা
বিতকের স্বরূপাদিবণ´ন	७ 8	৬৪
অহিংসার ফল	৩৫	40
সত্যের ফল	৩৬	৬৫
অন্তেম্ফগ	৩৭	৬৬
বন্ধচৰ্য্যফল	৩৮	৬৬
অপরিগ্রহফল	৩৯	৬৬
শৌচফল	8 • 18 >	७१।५৮
সম্ভোষফল	8२	৬৮
তপঃ ফল	8.9	৬৮
স্বাধ্যায়ফল	88	৬৯
ঈশ্বরপ্রণিধানফল	8 ¢	৬৯
আসনের স্বরূপ	8&	90
আসনের সাধন	89	9 •
আসনের ফগ	8৮	93
প্রাণায়ামের সাধারণস্বরূপ ও বিশেষস্বরূপ	89160169	9 ১-9 ១
প্রাণা্য়ামের অবাস্তর ফল	०२।०७	95-98
প্রত্যাহারস্বরূপ	£8	9 8
প্রত্যাহারেরফল	@ @	٠. ۵
বিভূতিপাদ ।		
ধারণার লক্ষণ	>	94
ধ্যানের লক্ষণ	2	90
সমাধির লক্ষণ ও সমাধির স্বরূপবর্ণন	ు	93
সং य मসং জ্ঞ।	8	9 2
সংযদের্ফল	Œ	92
সংযমের ভূমিনির্দেশ	৬	b •
ধারণাদির অন্তরঙ্গত্ব	9	b °
সংযমও অসম্প্রজ্ঞাত সমাধির বহিরক	b -	۲۵
নিরোধপরিণাম লক্ষণ	۵	۶۶
প্রশাস্ত চিত্তের নিরোধস্থিরতা	> •	४२

বিষয়	স্ত্র সং থ্য	পৃষ্ঠা
দমাধিপরিণাম স্থ রূপ	>>	64
একাগ্রতাপরিণা মলক্ষণ	><	৮৩
ধর্মাদিত্রয়পরিণাম বর্ণন	> 0	४७
ৰ্শ্মিলকণ -	>8	۶8
<u>জ</u> মভিন্নতাহেতু পরিণামভিন্নতা	> @	be
শরি শামত্র য়ে সংয ে শর ফল	20	৮৬
শব্দার্থ প্রত্যম্ববিবেকে সংযমের ফল	>9	5 9
াংস্কারসাক্ষাৎকারে পূর্ব্বজন্ম জ্ঞান	3 F	٩٩
প্রত্যয়সাক্ষাৎকারে প্রচিত্তজ্ঞা ন	>>	27
প্রত্যরসাক্ষাৎকারে তদ্বিষয়ের সাক্ষাৎকার	२०	27
কায়ের রূপে সংযমের ফল	43	৯২
কর্মে সংঘ্যের ফল	२२	20
মত্যাদিতে সংযমের ফল	२७	28
त्त मः यस्य कन	₹8	>8
হন্ম, ব্যবহিত ও বিপ্রকৃষ্ট বস্তুর জ্ঞান	२ ৫	36
তুর্দশভূবনজ্ঞান	૨ ৬	36
<u>তারাব্যহজ্ঞান ও তারাগতি জ্ঞান</u>	२ १ १ २ ७	৯৬
কায়ব্যুহ জ্ঞান	23	94
কুৎপিপাসা নিবৃত্তির উপায়	٥.	96
চিত্তস্থ্যৈলাভের উপায	٥)	৯৬
সিদ্ধগণের দর্শন লাভ	৩২	৯৭
দ ৰ্ব্বজ্ঞতা সিদ্ধি	೨೨	৯৭
বৃদ্ধিদাক্ষাৎকার লাভ	ు 8	39
্ পুরুষজ্ঞানসিদ্ধি	৩৫	३ ४
প্রাতিভজ্ঞান ও দিব্যেক্রিয় সিদ্ধি	లిత	۵۵
সিদ্ধির সকল সমাধির বিঘ	৩৭	ನಾ
পরকায়প্রবেশ সিদ্ধি	৩৮	500
অনিমজ্জন ও উৎক্রমণ সিদ্ধি	ଓର	200
দিব্যশ্রবণসিদ্ধি	80185	> > >

বিষয়	<u> ক্</u> ত্ৰদংখ্যা	পৃষ্ঠা
আকাশগমন সিদ্ধি	::8\$	५०२
মহাবিদেহধারণা ও বুদ্ধির আবরণ ক্ষয়	8.9	> • ₹
ভূতজয়সিদ্ধি	88	. ১০২
অণিমাদিসাধনোপায়	£ @	٥٠ د
কায়সম্পদের বর্ণন	88	5 • 8
ইন্দ্রিয়জয়সিদ্ধি	:89	۶۰8
ইন্দ্রিয়জয়ের ফল	8F	> 0 @
<i>স</i> র্বজ্ঞতাসিদি _র ্	* 85	300
কৈবল্যলাভের উপায়	(t a	১৽৬
কৈবল্যবিদ্ননিবৃত্তির উপায়	FQ 5.	3.00
্ব্দণে ও ক্ষণক্রমে সংযমের ফল	- ∵	۶ ۰ ه
িবিবেকজ্জানের ফলে স্ক্রবিষ:মাপলব্ধি	. (3	् ३ ० म
্তারকজ্ঞানের লক্ষণ	c 8	وه ۲.
ে সত্তপুরুষান্তথাখ্যাতির ফল কৈবল্য	c c	220
কৈবল্যপাদ ।		
সিন্ধির বিশেষ বিশেষ কারণ	۶.	
জাত্যান্তর পরিণানের প্রয়োজন	2	>>>
্ধর্মাদি, প্রকৃতির প্রযোজক হইতে পারে না	೨	250
নিৰ্মাণ চিত্ত বৰ্ণন	8	>>0
ভোগানুক্ল চিত্ত নিৰ্মাণ	¢	> > 8
িনিশ্বিত চিত্তের মোক্ষযোগ্যতা	. &	>>8
কর্ম্মের বিশেষ বিশেষ প্রকার	٩	>>8
কর্ম্মের অন্মগুণ বাসনারই অভিব্যক্তি হয়	ь	>> @
্বাসনা সকল ব্যবহিত হইলেও, তাহাদের মধ্যে		
অব্যবধান স্ভাবনা	·- a	. >>@
্বাসনাসকল অনাদি	3 0	773
তথাপি বাসনার সমুচ্ছেদ সম্ভবপর	. 22	>>4
ধর্মসমূহের অধ্বভেদ পরিণতি	১২	>>>
ধর্ম্মসকল গুণরূপ	20	५२ •

ৰিষয়	হূত্ৰ সংখ্যা	পৃষ্ঠা
বস্তুগত একত্ব ব্যবহারের নিমিত্ত	>8	157
অর্থ ও জ্ঞানের ভেদাবভাস	٥৫	३३२
অর্থের জ্ঞানসহভাবিত্বগণ্ডন	১৬	১২৩
চিত্তের পরিণামিত্বে অভিব্যক্তির প্রকার	۶۹	>>8
পুরুষের অপরিণামিত্ববর্ণন	24	>२¢
চিত্ত স্বাভাগ নহে	১৯	১२७
চিত্তকে স্বয়ংপ্রকাশ ব্লিলে দোষ হয়	२०	३२१
চিত্তকে চিতান্তরভাস্ট বীললে দোষ হয়	٤>	754
চিতিশক্তি পরিণত না হইয়াও আপনার বৃদ্ধিকে		
জানিতে পারে	२२	: 22
চিত্তের সর্ব্বার্থতা ঔপাধিক	२७	>00
চিত্তাতিরিক্ত চেতনার অন্তহেতু	₹8	202
আত্মজ্ঞানের অধিকারী কে ?	₹ @	205
আত্মজানাধিকারীর চিত্তের স্বরূপ	२ ७	200
জ্ঞানীর বৃথিতচিত্ততার ক ারণ	૨ ૧	>20
বৃাখিতচিত্ততা নিবারণের উপায়	२৮	>08
পরবৈরাগ্যে প্রসংখ্যাননিরোধ	२ क	>>8
ধর্মমেঘ হইতে সমূলে ক্লেশনির্ত্তি	೨۰	306
তৎকালে জ্ঞান অনন্ত, জ্ঞেয় অল্প	৩১	200
চরিতার্থ গুণত্রয়ের পরিণাম ক্রমসমাপ্তি	৩২	১৩৭
ক্রমের লক্ষণ	೨೨	১৩৭
কৈবল্যস্থরূপ নিরূপণ	৩৪	১৩৯

উপক্রমণিকা।

জগংপ্রপঞ্চে প্রকৃতির জ্ঞান,বল ও ক্রিয়া এই তিনটি শক্তিই পরিলক্ষিত হয়।*
সাম সন্ত্রণের কার্যা, ক্রিয়া রজোগুণের কার্যা, এবং বল (সঞ্চিত শক্তি)
হমোগুণের কার্যা। (গীতার ১৭শ অধ্যায়ে এই গুণত্ত্রের স্বিশেষ বিবরণ
শাওয়াযায়)। এই হেতু জগংপ্রপঞ্চ উক্ত গুণত্রে নির্মিত বলিয়া বুঝাযায়।

অন্তঃকরণ জগৎপ্রপঞ্চের অন্তর্গত একটা প্রণঞ্চ। সেই হেতু অন্তঃকরণও ইক্ত গুণত্রমনির্মিত। তবে অন্তঃকরণোপাদানের মধ্যে সম্বগুণেরই আধিক্য-বশতঃ অন্তঃকরণকে সাত্তিক বলা হয়। অন্তঃকরণের সম্বগুণ, জ্ঞানোৎপত্তির প্রধান কারণ; রজ্যোগুণ, বাগাদি চেষ্টার উৎপত্তির প্রধান কারণ এবং তমোগুণ, স্থিতির বা সংস্কারধারণের প্রধান কারণ।

অন্তঃকরণের জ্ঞানরূপ, রাগাদিচেষ্টারূপ, ও সংস্থাররূপ এই ভিন ধর্মকে চিত্ত ৰুলা হয়।

চিত্তকে অন্নভবের বিষয় করিতে গেলে, দেখা যায় যে চিত্তের কতকগুলি ভাব পরিক্ষুট ও কতকগুলি গুপ্ত। পরিক্ষুট ভাবগুলির নাম প্রত্যয় এবং গুপ্ত ভাবগুলির নাম সংস্কার। জ্ঞান ও রাগাদি চেষ্টাব্ধপ চিত্তধর্ম পরিক্ষুট; এইছেতু প্রভায়ের অন্তর্গত। চিত্তের অপর ধর্ম সংস্কারের অন্তর্গত। পরিক্ষুট শব্দের অর্থ বিয়োদয়শীল।

প্রত্যয়ের লয়োদয়শীল জ্ঞানরূপ অবস্থাই যোগশাস্ত্রে চিত্তবৃত্তি নামে অভি– হিত ৷ খণ্ড খণ্ড জ্ঞানাবস্থাই চিত্তবৃত্তি নামে নির্দিষ্ট হইয়া ধাকে:

সকল প্রাণীর চিত্ত স্বভাবতঃ মৃঢ়, ক্ষিপ্ত, বিক্ষিপ্ত, একাগ্র ও নিরুদ্ধ এই পাঁচ অবস্থার কোন না কোনটিতে থাকে। মহায়কে ছই ভাগে বিভক্ত করা বায় অযোগী ও যোগী। সাধারণ মহায়ের চিত্ত মৃঢ় ও ক্ষিপ্তাবস্থায় থাকে বলিয়া মহায় সাধারণতঃ অযোগী। মৃট্যে চিত্ত তমোগুণ প্রধান, ক্ষিপ্তার চিত্ত

^{*} মোটামুটি বৃঝিতে গোলে জগৎপ্রপঞ্চে Potential, Kinetic ও Sentient এই তিন প্রকার energy দেখিতে পাওয়া যায়। প্রথম ছই প্রকার energy, Physics শাল্রের আলোচ্য বিষয়; Sentient energy, psychology শাল্রের আলোচ্য বিষয়; উক্তে ছই শাল্র ভারতীয় জড়বিজ্ঞানেরই অন্তর্গত।

রজোগুণ প্রধান, এইমাত্র প্রভেদ। এই অযোগিগণের চিত্তকে অশ্রেয়ঃ, অধর্ম, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈখগ্য আশ্রয় করিয়া থাকে।

বিক্ষিপ্ত চিত্তে যোগের প্রারম্ভ ; বিক্ষিপ্ত ও একাগ্রচিত্তে যোগের সাধনা এবং নিরুদ্ধচিত্তে যোগের পরিসমাপ্তি বা উদ্যাপন।

বি ক্ষিপ্ত ও একাগ্র ভূমিকার যোগী তিন প্রকার হইয়া থাকেন যথা (১) প্রথমকল্লিক, (২) মধুভূমিক, (৩) প্রজ্ঞান্ডোভিঃ।

প্রথমকল্পিক ষোগীর চিত্তে দল্পগণের প্রাধান্ত এবং অপ্রধান রজঃ ও তমেগুণতুল্যবল। মধুভূমিক ও প্রজাজ্যোতিঃ যোগীর চিত্ত সন্তপ্রধানরজাগুণযুক্ত কিন্তু বিতমন্ত । ধর্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐশ্ব্য এই হুই প্রকার যোগীর
চিত্তকে আশ্রয় করিয়া থাকে। এই হুই প্রকার যোগীর মধ্যে প্রভেদ এই,
ঝতন্তরাপ্রজ্ঞানামক মলোকিক জ্ঞানলাভ হইলে, যোগীর নাম মধুভূমিক এবং
ভূতেন্দ্রিজ্ঞায় ইইলে তাঁহার নাম প্রজ্ঞাভিঃ।

নিরুদ্ধ ভূমিকায় পৌছিলে, যোগীর নাম অতিক্রান্তভাবনীয়। নিরুদ্ধভূমিকা-রাচ যোগীর চিত্ত, "গুদ্ধদন্ত" অর্থাৎ তাঁহার চিত্তের সম্বন্তণ বিধৃতরজ্ঞমোমল। এই ভূমিকায় বিবেকথ্যাতি (বৃদ্ধিও পুরুদ্ধের পৃথক্ত্ববিষয়ক প্রজ্ঞা) প্রসম্থান (বিবেকার্জ্জন) ও ধর্মমেঘ (পুরুষমাত ধ্যান) যোগীয়-ক্রিকে আশ্রম করে; তাহার পরিণাম অসম্প্রজ্ঞাত সমাধি এবং ভদ্ধারা কৈবক্যলাভ। ইহাই সংক্ষেপতঃ পাতঞ্জল যোগশাল্কের তৎপের্যা।

Daami Jasudevahanda

শ্রীগণেশায় নম:।

শ্রীরামানন্দ্রতিবির্চিত "যোগমণিপ্রভা" চীকার অনুবাদ সহিত

गाउछन पर्भन।

শ্রীগণেশায় নম:।

বন্দে ক্লেশাগুসংস্ফং পুরাণপুরুষং হরিং। প্রকৃত্যা সীত্যা জুফং যোগেশং • যোগদায়িনম্॥১॥

আর্ম। (অহং) ক্লেশাদিভিঃ অসংস্টং পুরাণপুরুষং প্রকৃত্যা সীঙ্মা জুষ্টং যোগেশং যোগদায়িনং হরিং বন্দে ॥১॥

অমুবাদ। প্রকৃতিরূপিণা সীতা যাঁহাকে সাদরে সেবা করিয়া থাকেন এবং যিনি যোগেশ করিয়া যোগিগণকে যোগসিদ্ধি প্রদান করিয়া থাকেন, আমি সেই ক্লেশ, কর্ম্ম, বিপাক, আশয় প্রভৃতির দ্বারা অকলন্ধিত ∗ স্নাতন পুরুষ হরিকে বন্দনা করি।

পতঞ্জলিং সূত্রকৃতং প্রণম্য ব্যাসং মুনিং ভাষ্যকৃতং চ ভক্ত্যা। ভাষ্যামুগাং যোগমণিপ্রভাষ্যাং বৃত্তিং বিধাম্যামি যথামতীড্যাম্॥।॥

আরম। স্তাকতং পতঞ্জলিং, ভাষ্যকৃতং ব্যাসং মুনিং চ ভক্ত্যা প্রণম্য ভাষ্যা-মুগাং বোগমণিপ্রভাষ্যাং ইড্যাং বৃত্তিং যথামতি বিধাস্থামি ॥২॥

অমুবাদ। স্ত্রকার পভঞ্জলিকে এবং ভাষ্যকার মূনি ব্যাসকে ভক্তি পূর্বক প্রণাম করিয়া, ভাষ্যাম্পারিণী যোগমণিপ্রভানামী টীকা আমি স্বকীয় বৃদ্ধি অমুসারে রচনা করিব, যাহাতে ইহা সজ্জনসমাদৃত হইতে পারে।

ভগৰান্ পতঞ্জলি, বিচারশীল ব্যক্তিদিগের, এই শান্তের বিচারে যাংগতে প্রবৃত্তি হয়, এই নিমিত্ত সেই প্রবৃত্তির প্রযোজক শাস্ত্রপ্রতিপান্ত বিষয়টা স্ত্রের দ্বারা স্থানা করিতেছেন :—

^{*} नमाधि পাদে २८ मःश्राक स्वा अहेवा ।

অথ হোগানুশাসনম্ ॥১॥

অথ যোগানুশাসনম্ (কথাতে)।

এমলে "হাথ" শব্দের অর্থ "আরম্ভ"; যোগশাল্লের আংস্ত করা হইতেছে, ইহাই ইহার অর্থ। যদিও হিরণাগর্ভ (ব্রহ্মা) এই যোগশাস্ত রচনা করিয়া-ছিলেন, তথাপি সেই শাস্ত্র অত্যন্ত বিস্তৃত, এই মনে করিয়া সেই শাস্ত্রের অমুষায়ী এই শাস্ত্র আরম্ভ করা হইতেছে, এই কথাই স্ত্রকার "অমুশাসনম্" শব্দের দ্বারা সূচনা করিতেছেন। (অমু-পশ্চাৎ, শাসন-উপদেশ, ত্রনার যোগোপদেশের পশ্চাৎ, ভাহারই অমুদরণে, পভঞ্জলি এই যোগোপদেশ করিয়াছিলেন বলিয়া এই উপদেশকে 'মুমুশাসন' বলিয়াছেন।) এই স্থে যোগই এই শান্তের প্রতিপান্ত বিষয়ে (১) ট্রাই উক্ত হইয়াছে। স্তরাং ইহা ইহতে জানা যাইতেছে যে যাঁগার যোগসম্বন্ধে জানিবার ইচ্ছা আছে, ভিনিই এই শাল্পের অধিকারী (২)। যোগের ফল বা প্রয়োজন (৩) কৈবলা বা স্বরূপে অবস্থান। আর বিষয়, অধিকারী ও ফল এই ভিনের পরম্পারের মধ্যে যে সম্বন্ধ আছে তাহাই গ্রন্থের স্পক্ষক্র (৪) নামক অমুবন্ধ, (অর্থাৎ যোগরূপ বিষয় এবং কৈবল্যরূপ ফল, এই হুয়ের মধ্যে উপায়-উপেয় সম্বন্ধ, অধিকারী ও ফল এই ছয়ের মধ্যে প্রাপক-প্রাপা সম্বন্ধ) এই রূপে এই শাস্ত্রের অন্থবন্ধচতুইয় সিদ্ধ হয়, বুঝিতে হইবে। তন্মধ্যে যোগ ছুই প্রকারের, সম্প্রজাত ও অসম্প্রজাত। সেই যোগ চিত্তেরই ধর্ম, কেননা চিত্তের বৃত্তিসকল চিত্তেরই ধর্ম বলিয়া দেই বৃত্তি সকলের নিরোধরূপ যোগও চিত্তের ধর্ম ।। সেই চিত্তের গাঁচটি ভূমি বা অবস্থা যথা,—ক্রিপ্ত, মূঢ়, বিক্রিপ্ত একাগ্র ও নিরুদ্ধ। তন্মধ্যে ক্ষিপ্তনাম ন যে ভূমি রজোগুণের প্রভাবে অভ্যন্ত চঞ্চল, তাহা দৈত্যদিগের ভূমি। মৃঢ় নামক যে ভূমি তমোগুণের প্রভাবে নিজাদিবিশিষ্ট, তাহা রাক্ষসদিগের ভূমি। বিক্ষিপ্তনামক যে ভূমি, তাহা ক্ষিপ্তনামক ভূমি হইতে ভিন্ন; তাহা দেবতা ও তজ্জাতীয় জীবের ভূমি। কিপ্ত ও বিক্ষিপ্ত এই ছুই ভূমির মধ্যে প্রভেদ এই যে বিক্ষিপ্ত ভূমিতে অভ্যন্ত চঞ্চল চিত্তও কখন কথন স্থিরতালাভ করে। তন্মধ্যে ক্ষিপ্ত ও মূঢ় এই হুই ভূমিতে ষোগের গন্ধও নাই অর্থাৎ দেই তুই ভূমিতে যোগদিদ্ধি একেবারে অসন্তব। কিন্তু বিক্লিপ্ত চিত্তে যোগ কথন কথন উপস্থিত হয় বলিয়া তাহা প্রচুর

শোগ চিত্তের পক্ষে আগন্তক হইলে যোগাভ্যাদ কৃত্রিম বা অস্বাভাবিক হইত, এবং বক্ষামাণ উপদেশও নির্থক হইত।

বিকেপরণ বহ্নি দারা দগ্ধ হট্যা যাওয়াতে (নবোলাত অন্তরের স্থায়) প্রতিষ্ঠা লাভ করিতে না পারিয়া নিক্ষল হয়: স্কুতরাং প্রকৃত পক্ষে যাহাকে যোগ বলে, ভন্মধ্যে তাহাকে গণ্য করা যায় না। / কিন্তু বে চিন্ত একাগ্র, সম্বন্তণপ্রধান এবং একমাত্র লক্ষ্যে অবস্থিত, সেই চিতে রাজসিক ও তামসিক বৃত্তির নিরোধ সহ এক প্রকার দান্তিকরন্তিরূপ সম্প্রভাত মোগ উৎপন্ন হয়।, তদারা, শব্দপ্রমাণ এবং অমুমানপ্রমাণ দারা জ্ঞাত হইদাযে বস্তু পরোক্ষভাবে, অর্থাৎ অনমুভূত হইয়া বহিয়াছে, তাহার সাক্ষাৎকার কাভ হয় এবং সাক্ষাৎকার লাভ হইলে অবিষ্ঠা প্রভৃতি ক্লেশসকল ক্ষমপ্রাপ্ত হয়। তদনস্তর পুণ্য ও পাপ কর্ম সকল দগ্ধ হইয়া যায়। তদনন্তর **অসম্প্রভরাত সোগ** উৎপন্ন হয়। ভাহাতে সাত্ত্বিক বৃত্তিরও নিরোধ ঘটে। সেই যোগ কেবল সংস্কাররূপে অবশিষ্ট নিক্দচিত্তে উৎপন্ন হয়। ভগবান্ ভাষ্যকার ব্যাস এই কথাই (এইরপে) ৰলিতেছেন—"কিন্তু যে যোগ একাপ্ৰচিত্তে সংস্থাৱপ বস্তুকে প্ৰকাশিত করে, ক্লেশসমূহের বিনাশ সাধন করে, কর্ম্বব্দনসমূহকে শিথিল করিয়া দেয়, এবং চিত্তের নিরোধকে নিকটবর্তী করে, সেই বোগ সম্প্রাক্ত যোগ নামে অভিহিত হুইয়া পাকে"। ১ একণে উক্ত হুই প্রকার যোগের সাধারণ লক্ষণ ৰলিভেছেন:--

৺ৰোগশ্চিত্তন্ততিনিরোশঃ ॥২॥

চিত্তপ্ত ব্রন্তয়: চিত্তবৃত্তয়:, তাসাং নিরোধ: যোগ: (উচ্যতে)।

চিত্তের রাজ্যিক ও ভাম্যানিক বুত্তির নিরোধকে যোগ বলে। ইহাই স্ত্রের অর্থ ৷ এইহেতু সম্প্রজ্ঞাত যোগে সাত্মিক বৃত্তি থাকিলেও অর্থাৎ তাহার নিরোধ না হইলেও তাহাকে যোগ বলে এবং যোগের উক্ত লক্ষণের অব্যাপ্তি বা একাংশবৃত্তিভারপ দোষ ঘটে না। (প্রশ্ন) আচ্ছা চিত্ত নামক বস্ত একটি হইলেও তাহার অনেকগুলি অর্থাৎ ক্ষিপ্ত প্রভৃতি পাঁচটী ভূমি কিরূপে সম্ভবপর এইরপ যদি আশকা করা হয়, (তত্ত্তেরে আমরা বলি) ইহাতে দোষ হয় না, কেমনা চিত্ত ত্রিগুণাত্মক অর্থাৎ সত্ত, রক্ষঃ ও তমঃ, এই তিন্টী গুণ্ধারা নির্মিত। চিত্ত, জ্ঞানস্থাদিসভাব বলিয়া, প্রবৃত্তিগুণাদিবিশিষ্ট বলিয়া এবং আলম্ভাদৈয়ুক্ত হওয়াতে, তাহা সত্ত্ব, রক্তঃ ও তমোগুণ দারা নির্ম্মিত বলিয়া বুঝা ঘাইতেছে ! তক্মধ্যে, যখন রক্ষঃ ও তমোগুণ ছইটি, সত্বগুণ অপেকা কিঞিৎ ন্যুন থাকিয়া পরম্পর সমান হয়, তখন

সম্বঞ্জনবশতঃ ধ্যানাভিমুখ হয়, এবং তথন তাহা তমোগুণের হারা আবৃত হইলে এবং রজোগুণ্বশতঃ ঐশব্য কামনা করিয়া বিষয়প্রিয় হইয়া পড়িলে, ভাহাকে বিকিপ্ত চিত্ত বলে। কিন্তু যথন চিত্ত ভগঃপ্রধান হইরা মূঢ় হইরা পড়ে, তথন অশ্রের, অধর্মা, অজ্ঞান, অবৈরাগ্য ও অনৈর্যয়া ভোগ করে। এ স্থলে অজ্ঞান অর্থে ভ্রম ও নিদ্রা বুঝিতে হটবে। কিন্তু যথন চিত্ত রক্ষঃপ্রধান হয়, তথন তাহাকে ক্রিপ্ত বলে। এই ক্রিপ্ত ও মৃঢ় নামক ভূমিবয় সর্বাসাধারণের অর্থাৎ যোগিভিন্ন লোকের হয়। কিন্তু বিক্ষিপ্তনামক ভূমি প্রথম যোগীরই (যোগা-ভ্যাদে প্রবৃত্ত নৃতন সাধকেরই) হইয়া থাকে। যোগী চারিপ্রকার, যথা—(১) প্রথমকল্পিক, (২) মধুভূমিক, (৩) প্রজ্ঞান্তেঃ, ও (৪) অতিক্রাস্ত ভাবনীয় । **ভাহাদের नक्क् পরে বলা হইবে। আবার যদি চিত্ত সত্তপ্রপ্রধান হই**য়া একেবারে ত্যোগুণশূল কিন্তু রজোগুণযুক্ত হয়, তথন সম্প্রজাত যোগে * সিদ্ধ ছুইপ্রকার মধামযোগীর চিত্ত একাগ্র হুইয়া ধর্ম, জ্ঞান, বৈরাগ্য ও ঐখর্য্য লাভ করে। কিন্তু যথন চিত্ত শুদ্ধসন্ত্ব হইয়া একেবারে রজ্পতমোমলশূল হয়, তথন যোগী বিবেকথ্যাতি করিয়া ধর্ম্মমঘনামক কেবলমাত্র পুরুষধ্যান করে। ভাহার পর 'প্রসংখ্যান'হয়; ধ্যানিগণ এইরূপ বলিয়া থাকেন। তথন চিত্ত এইরূপ নিশ্চয় করে যে "চিতিশক্তি অপরিণামিণী অর্থাৎ তাহার স্থগতুঃথাদি আকারে পরিণাম হয় না; তাহা অপ্রতিসংক্রমা অর্থাৎ বিষয়সক্ষ্মতা অর্থাৎ নিলেপা, ভাহা দশিতবিষয়া অর্থাৎ বুদ্ধি বিষয়াকারে পরিণত হইয়া, চিতিশক্তিকে বিষয় প্রদর্শন করিয়। থাকে, তাহা গুদ্ধা এবং অনন্তা"। এইরূপ নিশ্চর করিয়া বিবেক-খ্যাতি নামক যে সত্তণের বিশার, তাহাতেও আদ্ভিশ্ম হইয়া, তাহাকে নিক্তম করিয়া সংস্কারমাত্রাবশিষ্ট হইয়া থাকে। সেইরূপ চিত্তের অবস্থা চতুর্থ প্রকার যোগীরই হইয়া থাকে। তাহাই পূর্ব্বোক্ত অসম্প্রজ্ঞাত সমাধি; এই ব্দবস্থার কিছুই প্রকৃষ্টরূপে জ্ঞানের বিষয়ীভূত হয় না। এই পর্য্যস্ত বলিলে আপাততঃ পর্যাপ্ত হইবে। ''চিভিশক্তি'' হইতে 'অনন্তা' পর্যান্ত শক্তুলি ব্যাসভাষ্য হইতে উদ্ধৃত অংশ বিশেষের অমুবাদ। এছলে 'অপ্রতিদঙ্কুম' এই শব্দের অর্থ এই যে দর্শ যেরপ গর্বে প্রবিষ্ট হইয়া স্থির হইয়া থাকে অর্থাৎ সঞ্চরণ করে না সেইরূপ চিভিশক্তি বুদ্ধ্যাদিতে প্রবিষ্ট হইয়া সঞ্চরণ করে না। বৃদ্ধি কভুকি বিষয় দুর্শিত হয়, যাহার প্রতি, তাহাকে 'দুর্শিত্বিষয়া' বলে। 'শুদ্ধ' শধ্যের অর্থ স্থধ-চুঃখ-মোহশুরা॥ ২॥

^{*} ১৭শ হত্ত স্তইব্য।

Ò

আচ্ছা, পুরুষ ত' স্বরূপত: বু্দ্ধির্ত্তি বৈ আর কিছুই নহে; তাহা হইলে বুদ্ধি বৃত্তির নিরোধ ঘটিলে পুরুষের অন্তিত্ব কি প্রকারে থাকে ? এই আশক্ষার সমাধানের নিমিত্ত হত্ত করিতেছেন:--

তদা দ্ৰষ্ট্ৰঃ স্বরূপেহবন্থান্ম ॥<॥

তদা দ্রষ্ঠাঃ স্বরূপে অবস্থানম্ (ভবতি)।

তথন দ্রপ্তার অর্থাৎ পুরুষের নিজরপে অবস্থান হয়। যথন চিত্তের শাস্ত অর্থাৎ দাস্থিক, খার অর্থাৎ রাজদিক, মৃঢ় অর্থাৎ তামদিক, দকল রুত্তিরই নিরোধ ঘটে, তথন দ্রপ্তার অর্থাৎ চিদাআর স্বাভাবিকরণে স্থিতি ঘটে। ফটিকের স্কিহিত জ্বাকুস্মকে দ্রাইয়া লইলে ফটিকের যেরপ অবস্থা হয় সেইরপ। চৈতক্তমাত্রই প্রুষ্মের স্বরূপ, বৃত্তিগুলি প্রুষ্মের স্বরূপ নহে। ইহাই স্ত্তের ভাবার্থ॥৩॥

ভাল, তাহা হইলে ত' বৃংখান হইলে অর্থাৎ র্ত্তিনিরোধের পর রুতির প্রচার হইলে, পুরুষের আপন স্বরূপ হইতে প্রচ্যুতি ঘটে। এই আশ্সার উত্তরে বলিতেছেন:—

হুতিসারূপ্যমিতরত্র॥৪॥

ইতরত্র বৃত্তিস্বারূপ্যম্ (ভবতি)।

অক্ত সময়ে (পুরুষের), চিত্তবৃত্তির সহিত সমানরপতা ঘটে।

অক্সময়ে অর্থাং নিরোধ ছাড়িয়া বাুখান অবস্থা ঘটিলে, শান্ত, ঘোর প্রভৃতি চিত্তের যে সকল বৃত্তি আছে, ভাহার সহিত স্মানরপত। ঘটে অর্থাং বৃত্তি-বিশিষ্ট বৃদ্ধিকে পৃথক করিয়া না জানা হেতু পুরুষের 'আমি শান্ত, আমি হঃখী ও আমি মৃঢ়' এই রূপে বৃত্তির সহিত একরপতাভ্রম ঘটে। ইহাই স্ত্তের ভর্থ। এই েতু পুরুষের অরপাবস্থা হইতে প্রচুতি অর্থাং খানন ঘটে না। নিকটে জবাফুল থাকা হেতু, যথন ক্ষটিককে লোহিত বলিয়া ভ্রম হয়, তথন ভাহার প্রকৃত শুভ্রঅরপার বৃত্তির ঘটে না। ইহাই ভাবার্থ। চিত্তের নিরোধে মৃক্তি এবং বৃথান অবস্থায় বন্ধ, ইহাই স্ত্তের ভাৎপর্যা ॥৪॥

্থে সকল বৃত্তির নির্নোধসাধন করিতে হইবে, দেই সকল বৃত্তি সংখ্যায় কতগুলি, তাহাই এই সুত্রে বলিতেছেন:---

স্থতহাঃ পঞ্চতহাঃ, ক্লিন্টা অক্লিন্টাঃ ॥।।।।

বৃত্তয়ঃ (প্রমাণ-বিশর্যায়-বিক্স-নিদ্রা: মৃত্যাঃ ইতি) পঞ্চব্যাঃ ।

(পরমার্থদাধনাপেক্ষয়া দিত্যয়ঃ) ক্লিষ্টাঃ, অক্লিষ্টাঃ)

বুত্তি সকল পাঁচ প্রকারের, (কিন্তু পরমার্থদাধনের জন্ম তাহারা চুই শ্রেণীতে বি ভক্ত হইয়া থাকে, যথা ক্লিষ্ট ও অক্লিষ্ট। ভোজরাজক্বত "বার্ত্তিকে" এই বিশেষ কথা উক্ত হইয়াছে, যে দিতীয় সুত্রে যে "চিন্তব্নতিনিরোধঃ" এই পদের উল্লেখ হইয়াছে, তন্মধ্যে ''নিরোধ" অর্থাৎ নিরোধের উপায় ব্যাখ্যা করিতে ইচ্ছুক' হ্ইয়া, স্ত্রকার ভূতীয় ও চতুর্থ হত্তে "চিত্তের" ব্যাখ্যা করিলেন এই রুণে—যাহার নিরোধে মুক্তি ও ব্যুত্থানে বন্ধন, তাহাকেই চিত্ত বলে। এক্ষণে এই পঞ্চম স্ত্তের ষার! ''বুত্তির" ব্যাথ্যা করিয়া, ("অভাাসবৈরাগ্যাভাাম্" ইত্যাদি) দাদশ স্ত্ত হইতে প্রথম পাদের অবশিষ্ঠ অংশের বারা "নিরোধ" ব্যাখ্যা করিয়াছেন। পঞ্তযাঃ—পঞ্নৃ+অবয়বার্থে ভয়ণ্, স্তালিকে ঈণ্=পঞ্তয়ী শক ১মার বছবচন। বৃত্তিশব্দে সাধারণতঃ দকণ প্রকার বৃত্তিকে বৃথিতে হইবে। ৈত্র নামক, মৈত্রনামক ইত্যাদি নানাব্যক্তির চিত্তভেদে, বৃত্তির প্রকারও বহু বিশ্বয়া এই সত্তে "বৃত্তয়ঃ" এই পদটি বহু বচনে প্রবৃক্ত হইয়াছে। অগ্রিম স্ত্তে অর্থাৎ ষষ্ঠ হত্তে "প্রমাণ" প্রভৃতি পাঁচটি ভেদ উল্লিখিত হইয়াছে, তাহাই বাত নামক জাতির পাঁচটি অবয়ব। পাঁচ হইয়াছে অবয়ব যাহাদিগের, তাহারা পঞ্তয়ী। 🔏 সেই পাঁচ প্রকারের বৃত্তির কোন্গুলি হেয় ও কোন্গুলি উপাদেয়, ইহাই বুঝাইবার নিমিত্ত ক্লিষ্ট ও অক্লিষ্ট এই হুই শ্রেণীতে আরে এক প্রকার বিভাগের উল্লেখ করিলেন। রাগ, ছেষ প্রভৃতি বৃত্তি ক্লেশের হেতু বলিয়া তাহাদিগকে ''ক্লিষ্ট"নামক শ্রেণীভূক্ত কর হইয়াছে। বন্ধনই এই দকল বৃত্তির ফল। "প্রমাণ" প্রভৃতি বৃত্তির দারা যে সকল বস্ত অবগত হওয়াযায়, সকল জীবই সেই সকল বস্তুর প্রতি আসক্তি প্রভৃতি বশতঃ কর্ম করিয়া ত্রথ প্রভৃতির দারা আবন্ধ হয়। যে সকল বুত্তি ক্লেশের বিনাশ করিয়া থাকে, তাহাদিগকে, দেই হেতু, "অক্লি?" বলা হইয়া থাকে। তাহারাই মুক্তিফল প্রদান করিয়া থাকে। যে সকল অক্লিষ্ট ব্বত্তি, সম্ব (বৃদ্ধি) ও পুরুষের ভিন্নতা অর্থাৎ উভয়ের পার্থকা উপলব্ধি করে, তাহারা অভ্যাস ও বৈরাগ্যের দারা, ক্লিষ্ট রুত্তির স্রোতের মধ্যে উৎপন্ন হয়, এবং তাহারা নিজে বে দকল অক্লিষ্ট সংস্কার উৎপাদন করে পুন: পুন: অভাাস বশত: সেই সকল সংস্কার বুদ্ধি পাইলে, ক্লিষ্ট সংস্কারের নিরোধ

দারা ক্লিষ্টবৃত্তিস্রোভকে নিরোধ করিয়া, পরবৈরাগাবশতঃ তাহারা নিজেও নিক্লদ্ধ হইয়া যায়। তাহার পর চিত্ত, সংস্কারমাত্ররূপে পর্যাবসিত হইয়া বিলীন হইলে, মুক্তি হয়। ইহাই পঞ্চম হতের ভাবার্থ ॥৫॥

এই স্থানে সেই পাঁচটি বৃত্তির উল্লেখ করিতেছেন:—

প্রমান-বিপর্যায়-বিকল্প-নিদ্রা-স্মত্য়ঃ॥৬॥

প্রমাণ-বিপর্যায়-বিকল্প-নিজা-স্মৃত্যঃ (ইতি পঞ্চ্যাঃ বৃত্তয়ঃ)।

প্রমাণ, বিপর্যায়, বিকল্প, নিদ্রা ও স্মৃতি এই প*াচটি বৃত্তি ; এভদ্তিন্ন স্বাস্থ্যবৃত্তি নাই। ইহাই এই সত্ত্রে স্পষ্ট করিয়া উল্লেখের ফলরূপে, জানা গেল ॥॥

তন্মধ্যে প্রমাণ নামক বৃত্তির বিভাগ করিতেছেন।

প্রত্যক্ষানুমানাগমাঃ প্রমাণানি ॥৭॥

·প্রত্যক্ষামুমানাগ্রমাঃ প্রমাণানি (ভবস্থি)

প্রত্যক্ষ, অমুমান ও আগম (শব্দ)—এই তিনটিই প্রমাণ। প্রমাণ তিনটি বৈ নহে, ইচাই স্ত্রের ভাবার্থ। এন্থলে প্রমার করণকে প্রমাণ বলে, ইহাই প্রমাণরূপ জাতির সাধারণ লক্ষণ। অজ্ঞাতপদার্থবিষয়ক লৌকিক বোধ ষাহা চিত্তের বৃত্তিতে প্রতিবিশ্বিত হয়, তাহার নাম প্রমা। বৃত্তি তাহার করণ, ভন্মধ্যে ইন্দ্রিরদল্প বারা ঘটাদি বস্তুর সহিত চিত্তের সম্বন্ধ ঘটিলে, যে বৃত্তি. জ্বাতি ও ব্যক্তিরূপ পদার্থের মধ্যে প্রধানত: ব্যক্তির বিশিষ্ট্রূপ নিদ্ধরেণ করে ভাহাকে প্রত্যক্ষপ্রমাণ বলে। তল্মধ্যে পদার্থাকারা বৃত্তিতে চিদাত্মার যে প্রতিবিম্ব পড়ে, তাহাও বুতিদ্বারা বিষয়রূপে আকারিত হইয়া, প্রত্যক্ষ প্রমাণের ফলরপ হয়। এইরূপে কোনও অতীন্তির পদার্থ সামাল্ররূপে অর্থাৎ সাধারণ ভাবে জ্ঞাত থাকিলে, সমাধি অর্থাং চিত্তসংযমের দ্বারা তাহাতে যদি কোনও বিশেষ বৃত্তি উৎপন্ন হয়, ভাহাকে প্রভাক্ষ প্রমাণ বলিয়া বৃঝিতে হইবে। অকুষান প্রমাণে ব্যাপ্তি জ্ঞানের * এবং আগম প্রমাণে, সঙ্গতি জ্ঞানের † অপেকা আছে বলিয়া বহিত্ব প্রভৃতি জাতিতে সেই সেই জ্ঞান হয়। সেই হেতৃ

^{* &#}x27;পর্বতে বহ্নি আছে, যেহেতু দেখানে ধুম রহিয়াছে' এইরূপ অনুমানে যে, যেথানে বেথানে ধুম থাকে, সেখানে সেখানে বহি থাকে-এইরূপ জ্ঞানের আবভাক, সেই জ্ঞানের নাম ব্যাপ্তি-জ্ঞান। এছলে পৰ্বত পক্ষ, ধুম লিঙ্গ এবং বহ্নি সাধ্য। উক্ত অনুমানে যে বহ্নিজ্ঞান হয় তাহা বহ্নিজাতিরই জ্ঞান, বহ্নিব্যক্তির নহে।

[া] সঙ্গতি শব্দে যোগ্যতা অর্থাৎ অর্থের অবাধা বুঝিতে হইবে। যেমন 'অগ্নির দ্বারা সেচন করিতেছে' এই বাক্যে অর্থের বাধা হইতেছে।

উক্ত তুই প্রমাণ জাতিবিষয়ক বটে। তন্মধ্যে ব্যাপ্তিজ্ঞ:ন হইলে "পক্ষে" অবস্থিত "লিফের" জ্ঞান হইতে, যে বৃত্তির হারা সাধ্যভাবচ্ছেদক জাতির ⇒ নির্দ্ধারণ হয় তাহাকে অনুমান (প্রমাণ) বলে।

কোনও আপ্ত ব্যক্তি নিজে কোন বিষয় দেখিয়া অথবা অনুমান করিয়া যে শব্দের দ্বারা উপদেশ করেন, সেই শব্দ হুইতে শ্রোতার মনে সেই বস্তবিষয়ক যে বৃত্তি হুল, তাহাকে আগমপ্রমাণ বলে। পরম আপ্ত ঈশ্বর বেদপ্রশন্মন করিয়াছেন, তাহা পরে বলা ঘাইবে॥৭॥

বিপর্যায়ের লক্ষণ করা হইতেছে,—

বিপর্যায়ো মিখ্যাজ্ঞানমতক্রপপ্রতিষ্ঠম্ ॥৮॥

অতজপপ্রতিষ্টম্ মিথ্যাজ্ঞানম্ বিপর্য্য: (ভবতি)।

যে পদার্থের যাহা স্থরূপ, সেই পদার্থের জ্ঞান যদি সেই স্থরূপান্থ্যায়ী না হয়, তবে সেই জ্ঞানকে বিপর্যায় বা মিথ্যাজ্ঞান বলে, অর্থাৎ এক দ্রব্যকে স্বাগ্রন্থর প্রক্রিক দর্শ বলিয়া জানা। তদ্ধণে বস্তুর প্রকৃত-স্থরিপ যাহার প্রতিষ্ঠা বা স্থিতি নাই, তাহাকে স্বান্তক্রপপ্রতিষ্ঠ বলে।

যে যে বস্তুর যাহা যাহা প্রকৃত রূপ, জ্ঞান যদি সেই সেই রূপবিষয়ে প্রতিষ্ঠাশৃত্য হয় অর্থাৎ কোন ও বাধা থাকাহেতু সেই সেই প্রকৃত স্বরূপের বিরোধী হয়,
তাহা হইলে সেই জ্ঞানকে "অতজ্ঞপপ্রতিষ্ঠ" জ্ঞান বলে। এইরূপ বিচারে
(নবমস্ত্রোক্ত) বিকল্প 'অতজ্ঞপপ্রতিষ্ঠ' হইয়া পড়ে, স্কৃতরাং লক্ষণে যাহাতে
অতিব্যাপ্তি দোষ না ঘটে, এই হেতু "মিথ্যাজ্ঞান" এই শক্ষীর প্রয়োগ হইয়াছে।
সেই 'মিথ্যাজ্ঞান' শব্দের দ্বারা ইহাই বুঝান যাইতেছে যে সেই মিথ্যাজ্ঞান
ভিদ্বিয়ক বস্তুর ব্যবহারবিলোপকারিনী যে বাধা নিজে জ্ল্মাইয়াছে,তাহা সর্ব্ববাদিসম্মত, কিন্তু বিকল্পে সেইরূপ বাধা নাই। সেইহেতু কোন কোন পশুতের সেই
বিষয়ে বাধার্দ্ধি থাকিলেও পূর্ব্বিৎ ব্যবহারের লোপ হয় না। সংশয়, (দিকোটিক জ্ঞান হইলেও অতজ্ঞপপ্রতিষ্ঠ বলিয়া) লক্ষ্যের মধ্যেই পরিগণিত হওয়াতে
ভাহাতে অতিব্যাপ্তি দোষ ঘটিল না। ইহাই স্ব্রেরে ভাৎপর্যা। পাঁচ প্রকার
ক্লেশ (দ্বিতীয়পাদের তৃতীয় স্ব্রে কথিত) এই বিপর্যায়েরই ভেদ, ইহা পরে
কথিত হইবে।

একণে বিকল্পের লক্ষণ বলিতেছেন:--

অর্থাৎ বহ্নিজাতির; কোনও বিশিষ্ট কাঠাদির ছারা নির্মিত বিশিষ্ট উত্তাপালোক বিশিষ্ট বহ্নির নহে।

শব্দজ্ঞানানুপাতী বল্তুশূন্যো বিকল্পঃ॥৯॥

শক্জানামুপাতী বস্তুশৃন্তঃ (কিন্তু ব্যবহার্যাবৃত্তিরূপঃ) বিকল্প: (ভবতি)। 🖊 যে বৃত্তি কেবলমাত্র শব্দজ্ঞানকে আশ্রয় করিয়া তদনুসারে উৎপন্ন হয়, কিন্তু যাহার অবলপনস্বরূপ কোন বস্তু নাই, তাহাকে বিকল্পরতি বলে। মনুষ্যশৃদ, আকাশকুত্বম প্রভৃতি শস্ক শুনিবার পর 'অবশু আছে' এই প্রকার যে বস্তুশৃশুরুত্তি জন্মে, ভাহাকে বিকল্পবৃত্তি বলে। এই বিকল্পবৃত্তি বস্তুশুশু বলিয়: ইহা প্রমাণ নহে অর্থাৎ কোন ষ্থার্থ জ্ঞানের কারণ নহে। এই বিক্লরুন্তি, অত্য প্রমাণ দারা বাধিত হইলেও, ইহা অবশ্য থাকিয়া যায় এবং ব্যবহারের হেতু-স্বরূপ হয় বলিয়া, ইহাকে বিপর্যায় বলা যায় না। যেমন চৈত্ত্রুই পুরুষ এই উভয়ের কোনও ভেদ নাই, এরূপ নিশ্চয় জ্ঞান থাকিলেও লোকে যেমন 'পুরু-ষের চৈত্র এইরূপ বলিয়া উভয়ের মধ্যে একটা মিথ্যা ভেদ করনা করে: তাহাই বিকল্পের দৃষ্টাস্ত। (অধবা সংসারে ভাবপদার্থের অতিরিক্ত অভাব বলিয়া কোন পদার্থ নাই, এইরূপ নিশ্চয় জ্ঞান থাকিলেও লোকে যেরূপ বলিয়া থাকে "পুরুষঃ সর্বধর্মাভাববান্" অর্থাৎ সর্বধর্মের অভাবকে একটী বস্তুস্বরূপ ধরিয়া তাহার সহিত পুরুষের বিশেষণবিশেয়ভাব কল্পনা করিয়া থাকে; তাহাও বিকল্পের দৃষ্টান্ত। এইরূপ 'রাহুর মৃত্ত' প্রভৃতি আরও (দিক্, কাল ইত্যাদি) বিকল্পের দৃষ্টান্ত আছে॥৯॥

নিদ্রার লক্ষণ করিতেছেন—

অভাবপ্রত্যয়ালম্বনা রক্তি সি ॥১০॥ অভাবপ্রত্যয়ালম্বনা রুজ্যি কিব্রতি)।

যে তমোগুণ, আবরণরণে উদিত হইন। বস্তুসমূহের অভাব প্রতীত হয়, সেই তমোগুণকে অভাবপ্রতায় বলে। যে রন্তি, সেই তমোগুণকে আলানার বিষয়ীভূত করে তাহাকে নিজা বলে। (জাগ্রং ও স্থপ্রের) অভাবের প্রতায় অর্থাৎ হেতু (যে তমোগুণ) তাহাই যে বৃত্তির অবলম্বন, সেই বৃত্তির নাম নিজা। [প্রতায় + প্রতি + অয় + অচ.; কার্যোর প্রতি'অয়তে'অর্থাৎ'গচ্ছতি'গমন করে বলিয়া প্রতায় শক্ষে 'হেতু' বুঝায়। তমোগুণই জাগ্রদৃত্তি ও স্থপুত্তি সমূহের অভাবের কারণ। সেই তমোগুণই আলম্বন অর্থাৎ বিষয় যে বৃত্তির, সেই বৃত্তিকে নিজা বলে। পূর্ব্ব প্রত হইতে 'বৃত্তি' এই পদের অমুবৃত্তি চলিতেছে বলিয়া, এই প্রত্তে তাহার উচ্চারণ না করিলেও চলিত, কিন্তু উচ্চারণ করিবার কারণ এই যে, কেহ কেহ

বলেন যে নিদ্রা একটা বৃত্তি নহে, উহা জ্ঞানের অভাব মাত্র। সেই মত খণ্ডন করিবার নিমিত্তই এই স্থত্তে 'বৃত্তি' শব্দের পুনকচ্চারণ দেখা যায়। নিদ্রা হইতে উথিত হইলে লোকে কখন কথন ত্মরণ করে, 'আমি স্থথে ঘুমাইয়াছিলাম'। এই প্রকার ত্মরণ হইতে অমুমিত হয় যে,যে অমুভব উক্ত ত্মরণের কারণ সেই অমুভব বৃদ্ধিসত্ত্মত্মিলিত তুমোগুণকে অবলম্বন করিয়া জন্মিয়াছিল। লোকে আবার যখন ত্মরণ করে 'আমি তুঃখে ঘুমাইয়াছিলাম,' তখন সেই ত্মরণ হইতে অমুমিত হয় যে, যে অমুভব উক্ত ত্মরণের কারণ, সেই অমুভব রজোগুণ্যুক্ত তুমোগুণকে আত্রয় করিয়া উৎপন্ন হইয়াছিল। আবার যখন লোকে ত্মরণ করে, 'মৃচ হইয়া গাঢ়ভাবে ঘুমাইয়াছিলাম' তখন সেই ত্মরণ হইতে অমুমিত হয় যে, যে অমুভব উক্ত ত্মরণের কারণ,তাহা কেবল তুমোগুণকে আত্রয় করিয়াই উৎপন্ন হইয়াছিল। সেই অমুভব বৃদ্ধির ধর্মা, তাহাকে নিদ্রা বলে। সেই বৃত্তি, একাগ্রবৃত্তির প্রায় অমুরণ হইলেও তুমোগুণজনিত বলিয়া যোগার্থিগণ অবগ্য তাহার নিরোধ করিবেন। ইহাই স্থত্তের ভাবার্থ ॥ ১০॥

শ্বতির লক্ষণ করিতেছেন—

অনুভূতবিষয়াসংপ্রমোষঃ স্মৃতিঃ॥ ১১॥ অনুভূতবিষয়াসংপ্রমোষঃ স্মৃতিঃ (ভবতি)।

যে বিষয় অনুভব করা গিয়াছে তাহার যে অসং প্রমোষ অত্যাগ বা অনুভব-জনিত অনুসন্ধান, তাহাকেই স্থৃতি বলে i

(ষষ্ঠ স্ত্রে প্রমাণ, বিপর্যয় প্রভৃতি যে সকল বৃত্তি উল্লিখিত হইয়াছে, সেই সকল বৃত্তি বারা,) যথার্থ জ্ঞান,(মিথ্যাজ্ঞান,) প্রভৃতি যে সকল অমুভব হয়, সেই সকল অমুভবহইতেই স্থৃতি জ্লেম বলিয়া,তাহারাই স্থৃতির জনক বা পিতা। সংসারে পিতার ধন যেরূপ পুজের নিজস্ব হয়, সেইরূপ অমুভবের বিষয়ও স্থৃতির নিজস্ব হয়। স্থৃতি যদি পিতা-অমুভবের বিষয়ের অধিক বিষয় গ্রহণ করে, তবে তাহা পরস্থাপহরণ অর্থাৎ সম্প্রমোষ বা চুরি হয়। সেইরূপ অমুভবের বিষয় সম্বন্ধে যে অসম্ভ্রমোষ অর্থাৎ তদ্ধিক বিষয়ের অগ্রহণ, বা অমুভূত বিষয় মাত্রেরই গ্রহণ, তাহাকে স্থৃতি বলে। লোকের জ্ঞান মধন তাহার চিত্তবৃত্তিতে অবস্থিত হয়, তথন তাহাকে অমুভব বলে। সেই অমুভব স্বপ্রকাশ অর্থাৎ তাহাকে জানিবার জন্ম লোকের অন্ত কিছুরই প্রয়োজন হয় না। সেই অমুভব সকল সংস্কার উৎপাদন করে; সেই সকল সংস্কারের হারাই স্থৃতি, অমুভবের বিষয় সকলকে

আপনার বা নিজস্ব করিয়া লয়। (শক্ষা)।—আচ্ছা, কোন লোকে নিজ শরীরে (জাগ্রদাবস্থায়) গজের সহিত সংযোগ অনুভব না করিলেও, স্বপ্রে কেন তাহা স্মরণ করে (করিতে পারে, বা লোকের সেইরূপ করা সম্ভব হয় ?) (উত্তর)। এরূপ আশক্ষা হইতে পারে না, কেননা সেই স্বপ্রের গজ বিপর্যায়ের বিষয় স্বর্থাৎ মিথ্যাপ্তান।

এক্ষণে উক্ত প্রমাণ, বিপর্যয়, বিকল্প, নিস্তা ও স্মৃতিরূপ চিন্তবৃত্তিসমূহের যাহাতে নিরোধ হইতে পারে, তাহারই উপায় বলিতেছেন:—

অভ্যাসবৈরাগ্যাভাগে তলিরো**ধঃ** ॥ ১২ ॥ অভ্যাদবৈরাগ্যাভাগে তলিরোধঃ (ভবতি)।

অভাগ ও বৈরাগ্যের দারা চিত্তবৃত্তির নিরোধ হয়। (যেমন তীব্রবেগশালী নদীপ্রবাহকে অগ্রে বাঁধনির্মাণ দারা নিবারণ করিয়া, পরে তাহা হইতে চোট ছোট প্রণালী প্রস্তুত করিয়া ক্ষেত্রাভিমুথে অন্তান্ত ক্ষুদ্র প্রবাহরণে পরিণত করা হয়, সেইরূপ বৈরাগ্যের দারা চিত্তনদীর বিষয়াভিমুথ প্রবাহকে নিবারণ করিয়া সমাধির অভ্যাস দারা প্রস্তুত প্রবাহরূপে পরিণত করা যায়।)

সকল প্রাণীরই চিত্তবৃত্তিরূপ নদী স্বভাবতঃই রূপর্যাদি বিষয় ভূমির উপর দিয়া প্রবাহিত হইয়া, সংসাররূপ সাগরের (অসংখ্য জন্ম মৃত্যুর) অভিমুখে ধাবিত হয়। যোগী (রূপর্সাদি) বিষয়ে চিত্তবৃত্তির প্রবাহকে বৈরাগ্যের বারা ভাঙ্গিয়া দেন এবং বৃদ্ধি ও পুরুষের পার্থক)বিচার অভ্যাস করিয়া, দেই নদীর প্রবাহকে অন্তমুখি করিয়া দেন! সাধাবণতঃ, লয় প্রাপ্ত হওয়া বা নিদ্রিত হওয়া এবং বিক্ষিপ্ত হওয়া, এই হইটা চিত্তের স্বভাব। তন্মধ্যে বিক্ষিপ্ত হওয়া স্বভাবটি বৈরাগ্যবারা বিনষ্ঠ হইলে, যদি সেইসঙ্গে অভ্যাস না থাকে, তাহা হইলে নিদ্রাই আসিয়া থাকে। সেই হেতু লয় বা নিদ্রার নিবৃত্তির জন্ত বিবেকাভ্যাস, ও বিক্ষেপ নিবৃত্তির জন্ত বৈরাগ্যাভ্যাস এই হই প্রকার নিরোধই একসঙ্গে করিতে হইবে, ইহাই বৃঝান হইতেছে ॥১২॥

অভ্যাদের স্বরূপ বলিতেছেন :---

তত্ৰ ছিতো ষত্ৰোহভ্যাসঃ ॥১৩॥

ভত্র (তয়ো: অভ্যাদবৈরাগ্যয়ো: মধ্যে) স্থিতৌ যত্ন: অভ্যাদ: (ভণ্ডি)।

(খিতি শব্দের অর্থ নিশ্চনতা বা নিরোধ। 'যত্ন' শব্দের অর্থ মানসিক উৎসাহ। 'চিত্ত স্বভাবতঃই বহিমুধে প্রবাহিত হইয়া যায়, আমি তাহাকে স্ক্পিকারে নিরোধ করিব'—এই প্রকার উৎসাহের আরুত্তি করিলেই তাহাকে অভ্যাস বলে। এথানে টীকাকার কিন্তু অভ্যাসের অর্থ আগাততঃ অন্তর্জপ, ফলতঃ একইরূপ, করিতেছেন যথাঃ—)

সেই পূর্বব্যাক্ত 'অভ্যাস' ও 'বৈরাগ্যের' মধ্যে, 'অভ্যাস' শব্দের অর্থ করিতেছেন। রাজসিক ও তামসিক বৃত্তিশৃত্য চিত্তের একাগ্রভাকে স্থিতি বলে। নেই স্থিতি অভ্যাস করিতে যম, নিয়মাদি যে যে সাধন অবলম্বন করিতে হয়, সেই সেই সাধন সম্বন্ধে প্রয়ত্ব বা অনুষ্ঠানকে অভ্যাস বলে॥১৩॥

(শঙ্কা) আছো, অনাদিকালের প্রবল রাজসিক ও তামসিক বিরোধী সংস্কার, অভ্যাসকে বাধা দিয়া কুন্তিত করিয়া রাখিরে। সেই অভ্যাস কি প্রকারে স্থিতি সম্পাদন করিতে সমর্থ হইবে ? এই আশক্ষার সমাধানহেতু হত্ত্ব করিতেছেন :—

স তু দীর্ঘকালনৈরস্তর্যসৎকার্দেবিভো ৃত্য দৃঢ়ভূমিঃ ॥১৪॥

নঃ (অভ্যানঃ) তু দীর্ঘকাল-নৈরস্তর্যা-সংকারসেবিতঃ দৃঢ্ভূমিঃ (ভবতি)।
সেই অভ্যাস কিন্তু দীর্ঘকাল ধরিয়া নিরস্তর ও আদরপূর্ব্বক অম্বৃত্তিত হইলে,
দৃঢ়ভূমি অর্থাৎ স্থির হয়।

হবে "তু" (কিন্তু) শব্দ পূর্ব্বোক্ত আশক্ষা স্থাধানের নিমিন্ত দেওয়া হইয়াছে। সেই অভ্যাস দীর্ঘকাল ধরিয়া তপস্থা, ব্রহ্মচর্য্য, উপাসনা ও প্রদ্ধারূপ আদরের সহিত অবিচ্ছেদে অন্তৃত্তিত হইলে, দৃঢ়সংস্কারবিশিষ্ট হয়। তথন সেই অভ্যাস বৃংখানকালের সংস্কারসমূহের দ্বারা পরাভূত হয় না, কিন্তু টিকিয়া থাকিতে পারে। প্রভিত্তে (প্রশ্ন, উপনিষৎ ১১০) আছে "আহ্যাভ্যাক্রিকার তিন্তা ব্রাক্তিরাল বিত্য প্রাক্তিরাল মহিল্যা।" 'আর অনাবৃত্তিয়াধক উত্তরপথে (অর্চিরাদি মার্গে) তপস্থা, ব্রন্ধচর্য্য, প্রদ্ধা ও বিদ্ধা দ্বারা আত্মাকে অব্যেষণ করিয়া'। এইরূপে শ্রুতি, 'সংকার' শব্দের অর্থ বৃশ্বাইলেন ॥১৪॥

বৈরাগ্যের স্বরূপ বলিভেছেন:---

দৃষ্টানুশ্রবিকবিষয়বিতৃষ্ণস্য বশীকারসংজ্ঞা বৈরাগ্যম্ ॥১৫॥

দৃষ্টানুশ্রবিকবিষয়বিতৃষ্ণস্থ বশীকারসংজ্ঞা বৈরাগ্যম্ (ভবতি)। দৃষ্টবিষয়ে অর্থাৎ ইহলোকের অদিব্যভোগ্যবস্তুসমূহে এবং আফুশ্রবিক বিষয়ে

অর্থাৎ বেদোক্ত নন্দনকাননাদি দিব্যভোগ্যবস্তসমূহে, একাস্ত স্পৃহাশূল্য হইয়া যোগীর যে স্থিতি হয়, তাহাকে 'বশীকার'নামক বৈরাগ্য বলে ৷ বৈরাগ্য প্রধানতঃ ছই প্রকারের ফ্লা-অপরবৈরাগ্য ও পরবৈরাগ্য। তন্মধ্যে অপর বৈরাগ্য আবার চারি প্রকারের যথা:—যতমানসংজ্ঞক, ব্যতিরেকসংজ্ঞক, একে ক্রিয়সংজ্ঞক, ও বশীকারসংজ্ঞক। ত্রাধ্যে চিত্তস্থিত রাগদ্বোদি ক্যায়, যাহা ইন্দ্রিয়সকলকে বিষয়াভিমুখে প্রবৃত্ত করে, সেই ক্যায়সকলের পরিপাক বা দুরীকরণের নিমিত্ত যে প্রয়ত্ব, তাহাই যতমানসংজ্ঞক বৈরাগ্য ৷ তদনস্তর ক্ষেক্টি ক্ষায় পরিপক্ হইলে, ভাহার্দিগকে, ত্রপর যে সকল ক্ষায়ের পরিপাক-লাভ করিতে বাকী আছে, তাংগদিগের হইতে পৃথক করিয়া অবধারণ করার নাম ব্যতিরেকসংজ্ঞক বৈরাগ্য। তাহার পর ইন্দ্রিয়দিগকে বিষয়ভোগে প্রবৃত্ত করিতে পাবে, এইরূপ স্কলপ্রকার ক্ষায়ই পরিপাক লাভ করিয়া কেবল মনেই ঔৎস্কারূপে অবস্থান করিলে, সেই বৈরাগ্যের নাম 'একেন্দ্রিয় বৈরাগ্য' হয়। স্ত্রী, অল্ল, পান ইত্যাদি ইহলোকের ভোগসকলকে দৃষ্ট বা অদিব্য ভোগ বলে। আর বেদে যে ইক্রাদির নন্দনকানন, অমৃত পান ইত্যাদি দিব্যভোগের কথা মাছে তাংাদিগকে আমুশ্রবিক ভোগ বলে। অফু-পশ্চাৎ অর্থাৎ গুরুর উচ্চারণের পর, যাহার শ্রব অর্থাৎ শ্রব হয় ভা<u>হাকে অনুশ্র</u>ব সেই বেদে ঐ ভোগসকল উক্ত হইয়াছে বলিয়া উহাদিগকে অর্থাৎ বেদ বলে। আফুশ্রবিক ভোগ বলে। এই দিব্য ও অদিব্য এই উভয় গ্রকার ভোগাবস্তুতেই অভ্যাদের দারা 'ইহারা বিনষ্ট হইয়া পরিতাপের কারণ হয়,' 'অক্স পাত্রে এই সকল ভোগের আধিক্য দেখিলে চিত্ত ঈর্ষাদি দোষে কলুষিত হয়' ইত্যাদি প্রকার দোষ দর্শন করিতে শিখিলে, সেই সকল ভোগের প্রতি বিভৃষ্ণা বা উপেক্ষা বৃদ্ধি জল্মে। সেই বৈরাগ্যই বশীকারসংজ্ঞক বৈরাগ্য। এইরূপে অপরবৈরাগ্য বর্ণনা (করিয়া, 'পরবৈরাগ্য' বর্ণন) করিতেছেন :--॥১৫॥

তৎপরং পুরুষখ্যাতে গুলিবৈতৃষ্ণ্যম্ ॥১৬॥

পুরুষখ্যাতে: (যৎ) গুর্ণবৈতৃষ্ণ্যম্ তৎ পরম্ (বৈরাগ্যম্ ভবতি)।

পুরুষখ্যাতি হইতে ত্রিগুণের অর্থাৎ সমস্ত জগতের মূল কারণের প্রতি যে বিত্ফা জন্মে, তাহাই পরবৈরাগ্য। সম্প্রজ্ঞাত সমাধির অভ্যানে পটুতা লাভ করিলে, তদ্বারা ত্রিগুণাত্মিকা প্রকৃতি হইতে পৃথক্, পুরুষের খ্যাতি বা সাক্ষাৎকার উৎপন্ন হয়। সেই সাক্ষাৎকারের ফলে সর্ক্রপ্রকার ত্রিগুণমন্ন বাবহারের প্রতি যে বিতৃষ্ণা জন্মে, তাহাই প্রবৈরাগ্য।

অপরবৈরাগ্য পরবৈরাগ্যের হেতু। যে সঞ্ল যোগান্ধ পরে বর্ণিত হইবে, সেই সকল যোগাঞ্জের অনুষ্ঠান দারা চিত্ত সম্পূর্ণরূপে শুদ্ধ না হইলেও, বিষয় সমূহে দোষ দর্শন দ্বারা বশীকারসংজ্ঞক বৈরাগ্য উৎপন্ন হয়। তদনস্তর গুর-পদেশ ও শাস্তোপদেশ হইতে পুরুষ সম্বন্ধে যে জ্ঞান জন্মে, সেই জ্ঞানের অভ্যাস দ্বারা অর্থাৎ ধর্মমেঘ নামক ধ্যানের পুনঃ পুনঃ অফুষ্ঠান দ্বারা, চিত্তের তুমো রজোমল বিনষ্টপ্রায় হইলে, চিত্তে দত্ত্তণ মাত্র অবশিষ্ঠ থাকে। সেই চিত্ত সাতিশ্য নির্মাল হয়। সেই প্রসরতা সাতিশয় শুদ্ধচিত্তের ধর্ম। ধর্মমেঘ নামক ধ্যান আরম্ভ হইবার পর হইতে, উহার মারম্ভ হয় এবং উহা সেই ধর্ম-মেঘ নামক ধ্যানেরই ফল্স্বরূপ। গুণত্রের প্রতি অর্থাৎ সমস্ত জগতের মূল কারণের প্রতি যে বিভৃষ্ণা, তাহাকে পরবৈরাগ্য বলে এবং মোক্ষবিৎ পণ্ডিত-গণ তাহাকে মুক্তির হেতুভূত দাক্ষাৎকার বলিয়া থাকেন। এই পরবৈরাগ্য উৎপন্ন হইলে, যোগীর অবিগ্যা, অন্মিতা প্রভৃতি সকল প্রকার ক্লেশ একেবারে বিনষ্ট হইয়া যায় এবং সকল প্রকার কর্ম্মের সংস্কার একেবারে বিলুপ্ত হয়। তিনি পূর্ব্বে বিবেকখ্যাতি (অর্থাৎ দত্ত্ব ও পুরুষের ভিন্নতা জ্ঞানের অভ্যাস) করিলেও, এখন ভাষ্টাতেও উপেক্ষা করিয়া থাকেন। তিনি মনে করেন আমার যাহা কর্ত্তব্য ছিল, তাহা সব করিয়াছি; ষাহা লাভ করিবার ছিল, তাহা লাভ क तियाहि, कि इहे वाकी नाहे। य देवताना छेरलन हहेवात भरतहे हिस्ख কেবলমাত্র অসম্প্রক্তাত সংস্কার অবশিষ্ট থাকে, তাগাকে পরবৈরাগ্য বলে। আর যাহাকে অপরবৈরাগ্য বলে, তাহা তমোগুণরহিত অত্যল্ল রজোগুণবিশিষ্ট চিত্তের ধর্ম। এই বৈরাগ্যের ফলেই যোগিগণ প্রকৃতিতে লীন হইয়া বিবিধ প্রকার ঐশ্বর্য অমুভব করিয়া থাকেন। এই কথাই প্রকারান্তরে অক্তর বলা হইয়াছে, যথা—"বৈরাগ্য হইতে 'প্রকৃতি লয়' ঘটে"॥ ১৬॥

এই প্রকারে অভ্যাস ও বৈরাগ্য নিরূপণ করিয়া তহুভয়ের দ্বারা যে সম্প্রজ্ঞাত সমাধির সাধন করা যায়, তাহারই চারি প্রকার ভেদ প্রথমে দেখাইতেছেন।

বিতর্কবিচারানন্দাস্মিতারূপানুগমাৎ সম্প্রজাতঃ॥ ১৭॥

বিতর্কবিচারানন্দান্মিতারূপামুগমাৎ সম্প্রজ্ঞাতঃ (যোগঃ ভবতি)।

(বিতর্ক, বিচার, আনন্দ ও অন্মিতা এই কয়েক প্রকার পদার্থের স্বরূপান্ত-সারে সম্প্রজ্ঞাত যোগ চারি প্রকার।)

সংসারে দেখিতে পাওয়া যায় যে, যে ব্যক্তি ধমুর্বিদ্যা শিখিতে আরম্ভ করে, সে প্রথমে সূল লক্ষ্য বিঁধিতে চেষ্টা করে। সেইরূপ প্রথমাভ্যাসী যোগী, ধানের দ্বারা সুলবস্ত্র শালগ্রাম প্রভৃতিরই সাক্ষাৎ করিতে চেষ্টা করেন। সেই সুল সাক্ষাৎকারকে 'বিতর্ক' বলে। সেই স্থল পদার্থের কারণ যে সৃত্র পঞ্চন্মাত্রাদি, সুল ইক্রিয়সকল ধ্যানের দ্বারা ভাহাদিগের সাক্ষাৎকারকে "বিচার" বলে। পদার্থসমূহকে প্রকাশ করে বলিয়া, তাহার। সাত্তিক। ধ্যানের দ্বারা সেই हेल्लियमगुट्टत माक्कां एकारत्रत्र नाम 'आनन्त'। धारनत वाता, स्मेह हेल्लिय-সমূহের কারণ যে বৃদ্ধি, তাহা যথন বিজ্ঞাতা পুরুষের সহিত একীভূত হয়, তথন তাহাকে 'অস্মিতা' বলে। * ধানের ঘারা তাহার সাক্ষাৎকার লাভ করিলে, তাহাকেও 'ম্মিতা' বলে। ত্রাধ্যে সুলবস্তগুলি গ্রাহ্, ইন্দ্রি স্কল গ্রহণের কারণ (যন্ত্র) এবং যাহাকে অন্মিতা বলে,তাহাই গ্রহীতা। যথন উক্ত তিনটি বস্তুতে ষ্ণাক্রমে গ্রাহ্, গ্রহণ, ও গ্রহীত্রপে ধ্যান পরিপাক লাভ করে, তখন ভাহাকে সম্প্রজাত যোগ বলে। বিতর্ক, বিচাব, আমন্দ ও অন্মিতা এই চারিটির স্বভাব অমুসরণ করে বলিয়া, সম্প্রজ্ঞাত যোগও চারি প্রকার, যথা, সবিতর্ক, সবিচার, সানন্দ, ও সান্মিত। ইহার মধ্যে, যেমন ঘটের জ্ঞানে, ঘটের উপাদান মৃত্তিকার জ্ঞানও অন্তর্গত থাকে, কেননা ঘট মৃত্তিকাত্মক, সেইরূপ, সুলঘোগেও সূল, স্ক্র, ইন্দ্রিয় ও অম্মিতা বিষয়ক যোগও অন্তর্গত থাকে এবং স্ক্র যোগেও স্ক্র, ইন্দ্রিয় ও অস্মিতা বিষয়ক যোগও অন্তর্গত থাকে। অপর হুইটি যোগের বিষয় (ষ্থাক্রমে) তুইটি ও একটি। ভালুকার (ব্যাস) এই বিশেষ কথা বলিয়া দিয়াছেন। ইহার দারা বুঝিতে হইবে যে মৃতিকার জ্ঞানের মধ্যে যেমন ঘটের জ্ঞান অন্তর্গত নাই, সেইরূপ স্থ্মাদিবিষয়ক তিনটি যোগের মধ্যে, পূর্ব্ব পূর্ব যোগটি বা বোগগুলি অন্তর্গত নাই। ভোজবুদ্ভিতে কথিত হইয়াছে যে ইন্দ্রিয়গুলি সবিতর্ক যোগের বিষয়, তন্মাত্রগুলি সবিচার ধোনোর বিষয়, অহঙ্কার সানন্দ যোগের বিষয় এবং মহত্তত্ব সান্দ্রিত যোগের বিষয়। তল্মধ্যে অন্তঃকরণ 'অহং'কে বিষয়ক্লপে গ্রহণ করিলে, তাহাকে অহন্ধার বলে। অন্তঃকর্ণ যথন অন্তর্থ হয় এবং সভামাত্রে—মহতত্ত্বে-লীন হইয়া, সতামাত্রের অবভাসক হয়, তথন তাহাকে অস্মিতা কলে। উভয়ের মধ্যে এইমাত্র ভেদ। গ্ৰহীতা॥ ১৭॥

এক্ষণে অসম্প্রজাত যোগ ও তাহার উপায় বলিতেছেন—

তাহা 'বৃদ্ধিই আমি' এইরপে অমুভূত হয়।

বিব্লামপ্রত্যহাভ্যাসপুর্ব্বঃ সংক্ষারশেষোহস্যঃ ॥১৮॥
অন্তঃ (অসম্প্রজাতঃ যোগঃ) বিরামপ্রত্যয়াভ্যাসপূর্বঃ সংস্কারশেষঃ (ভবতি)।

বিরাম বা ব্রতিশৃহ্যতার কারণ যে পর্গুবৈরাগ্য, তাহার অভ্যাস হইতে যে সংস্কারমাত্রাবশিষ্ট সমাধি হয়, তাহার নাম অসম্প্রজাত।

বিরাম শব্দের অর্থ সকল বৃত্তির অভাব। তাহার প্রত্যয় বা কারণ যে পরবৈরাগ্য, তাহার অভাাস হইয়াছে "পূর্ব্ব" বা উপায় যাহার, (বছব্রীছ্)। ইহার ঘারা অসম্প্রজ্ঞাত সমাধির উপায় কথিত হইল। "অন্ত" অর্থাৎ অসম্প্রজ্ঞাত "সংস্কারশেষ"। পরবৈরাগ্য সম্প্রজ্ঞাত সমাধির সংস্কার সকলকে অভিভূত করিয়া, নিজের সংস্কারকেই অবশিষ্ট রাখে। সেই অসম্প্রজ্ঞাত সমাধিকেই নির্বীজ্
সমাধিবলে, কেননা, তাহাতে অবলম্বন ও কর্মবীজ্ঞ থাকে না।

এই অসম্প্রজ্ঞাত সমাধি ছুই প্রকারের, যথা, ভবপ্রত্যয় ও উপায়প্রত্যয়। তন্মধ্যে ভবপ্রত্যয় নামক অসম্প্রজ্ঞাত সমাধি মোক্ষকামিগণের নিকট হেয়। এই কথাই পরবর্ত্তীস্থত্তে বলিতেছেন ॥১৮॥

ভবপ্রত্যয়ো বিদেহপ্রকৃতিলয়ানাম্.॥১৯॥ বিদেহপ্রকৃতিলয়ানাম্ ভবপ্রতায়ঃ (নির্বীজ-অসম্প্রজ্ঞাত সমাধিঃ)(ভবতি)।

বিদেহ ও প্রকৃতিলীনদিগের ভবপ্রতায় নামক নির্বীঙ্গ অসম্প্রজাত সমাধি হয়।

বিহার। ভূত কিম্বা ইন্দ্রিরসমূহের মধ্যে কোন একটা বিকাররূপ অনাত্ম বস্ততে আত্মত ভাবনা করেন, তাঁহারা দেহনাশের পর সেই ভূতে অথবা ইন্দ্রিয়ে লীন থাকিয়া ষাট্কোশিক দেহ শৃশু হইয়া থাকেন বলিয়া, তাঁহাদিগকে 'বিদেহ' বলে।' অব্যক্ত, মহৎ, অংশ্পার ও পঞ্চত্মাত্র এই কয়েকটি অনাত্মস্বরূপ 'প্রকৃতি' পদার্থের মধ্যে, যে কোনটিতে আত্মত্ব ভাবনা করিলে, যোগী তাহাতেই লীন হন। তথন তাহাকে প্রকৃতিলীন বলে। এই প্রকার যোগীদিগের চিত্তে কেবল সংস্কার ভিন্ন অক্ত কিছুই অবশিষ্ট থাকে না। এই নিমিত্ত তাঁহাদের সেই সমাধি অসম্প্রজাত সমাধি, কিন্ত তাহা ভবপ্রতায় নামক শ্রেণীর অন্তর্গত। 'ভব' শব্দে অবিদ্যাকে ব্রায়। 'ভবস্তি জায়ত্তে জন্তবং অত্যাম্' এইরূপ ব্যুৎপত্তি করিয়া 'ভব' শব্দ হিদ্ধ ইইয়াছে। ইহার অর্থ অনাত্মবন্ততে আত্মবৃদ্ধি, তাহাই

যাহার প্রত্যয় বা কাবণ, তাহাকেই ভবপ্রতায় সমাধি বলে। অবিদ্যাই এই সমাধির মূল, এবং এই যোগের দ্বারা যে ফল লাভ হয়, তাহা সাবদান বা অনিত্য। বায়পুরাণে এইরূপ আছে—

শ্শ শভ্যন্তরাণীহ তিঠন্তীক্রিয়চিন্তকাঃ।
"ভৌতিকান্ত শতং পূর্ণং সহস্রং ত্বাভিমানিকাঃ॥
"বৌদ্ধা দশ সহস্রাণি তিঠন্তি বিগতজ্বাঃ।
"পূর্ণং শতসহস্রং তু তিঠন্তাব্যক্তচিন্তকাঃ॥
'পুরুষং নিশুর্ণং প্রাণ্য কালসংখ্যা ন বিদ্যুতে॥"

"যাহার। ইক্রিয়ে আত্মভাবনা করে, তাহারা শুতু মইস্তর ধরিয়া এখানে অবস্থান করে। যাহারা ভূতে আত্মভাবনা করে, তাহারা পূর্ণ সহস্র মইস্তর; যাহারা অহস্থারে আত্মভাবনা করে, তাহারা সহস্র মইস্তর; যাহারা মহততে বা বুদ্ধিতে আত্মভাবনা করে, তাহারা দশসহস্র মইস্তর সর্বহিঃখৃত্য হইয়া এই অবস্থার বাস করে। যাহারা অব্যক্ত বা প্রকৃতিতে আত্মভাবনা করে, তাহারা পূর্ণ শতসহস্র মইস্তর এইভাবে থাকে। কিন্তু যিনি নিগুণ পুরুষকে লাভ করিতে পারেন, তাহার পক্ষে আর কালের সংখ্যা নাই।"

এইরপে যাহাদের বিবেকখ্যাতি হয় নাই, তাহাদের চিত্ত লীন হইয়া গেলেও, উথিত হইয়া, মুপ্তা ব্যক্তির চিত্তের স্থায় আবার সংসারে পতিত হয় ॥১৯॥

মুমুক্ষু যোগীগণ যে উপায়-প্রত্যর-নামক দ্বিতীয় প্রকার অসম্প্রজ্ঞাত সমাধির স্মাদ্র করিয়া থাকেন, এক্ষণে তাহার কথাই বলিতেছেন।

📈 শ্রন্ধা-বীর্য্য-স্মৃতি-সমাধি-প্রজ্ঞা পূর্ব্বক ইতরেশাস ॥২০৮

ইতরেষাম্ শ্রদ্ধা-বার্য্য-স্থতি-সমাধি-প্রজ্ঞাপূর্বকঃ (নির্বীজঃ অসম্প্রজ্ঞাতঃ সমাধিঃ কৈবল্যসিদ্ধিঃ চ ভবতি)

শ্রদা, বীর্য্য, স্মৃতি সমাধি ও প্রজ্ঞা এই সকল উপায়াবলম্বনপূর্বক অপর যোগীদিগের অর্থাৎ মুমুকুদিগের কৈবলাদিদ্ধি হয়।

'শ্রদ্ধা'—পুরুষবিষয়ক সান্ধিক বৃত্তি বিশেষ; তাহার সাহায্যে 'বীর্ঘ্য'বা প্রয়ত্ত্ব জন্মে। তন্থারা যমনিয়মাদির অভ্যাস পরম্পরা ক্রমে, স্মৃতি বাধ্যান জন্মে। তাহা হইতে সমাধি হয়। সেই সমাধি হইতে প্রজ্ঞা অর্থাৎ পুরুষবিষয়ক খ্যাতির বা জ্ঞানের অভ্যাস অর্থাৎ সম্প্রজ্ঞাত যোগ হয়। তাহা হইতে, পরবৈরাগ্যের দ্বারা, অসম্প্রজ্ঞাত সমাধি, অপর প্রকার যোগীর অর্থাৎ মুমুকুদিগের জ্ঞানা॥২০॥

শ্রন্ধা, বার্য্য, স্মৃতি, সমাধি ও প্রজ্ঞা এই কয়টি উপায়। সেই সকল উপায়
অবলম্বন করিয়াই এই উপায়-প্রতায় সমাধি জয়ে। প্রাণীদিগের পূর্ব্বসংস্কারের
প্রবল্তাবশতঃ সেই সকল উপায় মৃত্র, মধ্য ও অধিমাত্র এই তিন প্রকারের
হয়। তদকুসারে যোগীরও এই তিন প্রকারভেদ হইয়া থাকে য়থা মৃত্রপায়
যোগী, মধ্যোপায় যোগী ও অধিমাত্রোপায় যোগী। তল্মধ্যে মৃত্রুপায় যোগী
আবার তিন প্রকারের হ'ন, য়থা মৃত্রসম্বেগ যোগী, মধ্যসম্বেগ যোগী ও তীত্রসম্বেগ যোগা। মধ্যোপায় যোগী এবং অধিমাত্রোপায় যোগীরও এইরূপ তিন তিন
প্রকারভেদ আছে। এইরূপে সর্বাভন্ধ নয় প্রকারের যোগী আছেন। উপায়ের
তারতম্যামুসারে তাহাদের সিদ্ধিও দীর্ঘকালে, দীর্ঘতর কালে, শীল্প এবং শীল্পর কালে হইয়া থাকে। তল্মধ্যে, শীল্পতরকালে কোন্ প্রকার যোগীর সিদ্ধিলাভ
হইয়া থাকে
। এইরূপ আশক্ষা হইলে, তত্ত্বের বলিতেছেন :—

তীব্ৰ সম্বেগানামাসঙ্গঃ ৷৷২১৷৷

তীব্রদম্বোনাম্ আসল: (সমাধিলাভ:) ভবতি।

যাহাদের বৈরাগ্য ভীব্র, তাঁহাদের সমাধিলাভ অতি শীঘ্রই হইয়া থাকে।
"সংঘগ" শব্দের অর্থ বৈরাগ্য। সেই বৈরাগ্য, যাঁহাদের তীব্র এবং উপায়ও
অধিমাত্র শ্রেণীর, সেই যোগিগণের অসম্প্রজাত সমাধি অতি নিকটবর্জী। তাহা
হইতে তাঁহাদের মোক্ষণাভ হইয়া থাকে॥২১॥

মূদুমধ্যাধিমাত্রস্থাৎ ততোহপি বিশেষঃ ॥২২॥

মৃত্যধ্যাধিমাত্রত্বাৎ ততঃ অপি বিশেষঃ (ভবতি)।

তাহাতেও (অর্থাৎ তাত্র সম্বেগ থাকিলেও) আবার সম্বেগের মৃত্তা, মধ্যতা ও অধিমাত্রতাহেতু বিশেষ, অর্থাৎ সমাধি লাভের কালভেদ হয়।

তীব্র সম্বেগেরও আবার মৃত্, মধ্য ও অধিমাত্র এই তিন প্রকার ভেদ আছে। যে সকল যোগীর তীব্রসম্বেগ মৃত্ প্রকারের, তাহাদের সমাধিলাভ নিকটবর্ত্তী হইলেও, যাহাদের তীব্রসম্বেগ মধ্যম প্রকারের তাহাদের সমাধিলাভ আরও নিকটবন্তী, এবং যাঁহাদের ভীত্র সম্বেগ অধিমাত্র শ্রেণীয়, ভাহাদের সমাধি লাভ সর্কাপেকা নিকটবন্তী, এইরূপ ভারতম্য হইয়া থাকে ॥২২॥

৺ ঈশ্বরপ্রবিধানাদ্বা 🗠 ৩৮

ঈশ্বরপ্রণিধানাৎ বা (আসরঃ সমাধিলাভঃ ভব্তি)।

(অভ্যাস ও বৈরাগ্যের দ্বারা যেরপ হয়) ঈশ্বরে কায়িক, বাচিক ও মানসিক প্রণিধান দ্বাৎ এক বিশেষ প্রকারের ভক্তি জান্মলে, সমাধি লাভ সর্বাপেকা নিকটবতী হয়। স্ত্রে বে "বা" শব্দের প্রয়োগ দ্বাছে তাহার দ্বারা ইহা ব্যান হইভেছে যে ভক্তিরূপ উপায়ট পূর্ব্বোক্ত উপায়ের বিকল্প। ভক্তি ক্ষা্য কোনও উপায়েরই অপেকা রাথে না ব্লিয়া, ঈশ্বর, ভক্তের প্রতি সম্ভত্ত হইয়া, 'ইহার এই ইপ্ত ফিল্ব হউক'—এইরপ ক্ষম্প্রাহ করেন ॥২৩॥

(এক্ষণে) ঈশ্বরের স্বরূপ নিরূপণ করিতেছেন :---

ক্লেশকর্ম বিপাকাশহৈরপরামূষ্ট্য পুরুষবিশেষ ঈশ্বর ॥২৪॥

ক্লেশকর্দ্মবিপাকাশবৈ: অপরামৃষ্টঃ পুরুষবিশেষঃ ঈশ্বরঃ (ভবভি)।

ক্লেশ, কর্মা, বিপাক এবং আশয়ের সহিত কোনরূপে সম্বন্ধ নহেন, এইরূপ এক বিশিষ্ট পুরুষ**ই ঈ**মার।

'রেশ'—অবিভা, অন্তি, রাগ দ্বে ও অভিনিবেশ এই পাঁচটীকে রেশ বলে। 'কর্ম'—ধর্মাধর্ম। 'বিপাক'—উক্ত ধর্মাধর্মের ফল (দেহ, আয়ুও স্থতঃথভোগ)। 'আশর'—উক্ত ফল বাহাদের অমুক্ল (উৎপাদক) এইরূপ (বাসনা নামক) সংস্কারকে আশয় বলে, (আ+মী+অচ্); মনে ইহারা 'শয়ন' করিয়া থাকে, এই হেতু ইহাদিগকে আশয় বলে। বেমন, ময়ুয়্ম যদি হস্তিজ্য় লাভ করে, ভাহা হইলে সেই ময়ুয়্মের কাঠভোজনের সংস্কার হয়; কেননা, তাহা না হইলে, তাহার বাঁচিয়া থাকিবার সন্তাবনা নাই। সেই ক্রেশাদি যে জীবের চিত্তে অবস্থান করিয়া, সেই জীবের সহিত সম্বন্ধ হয়, সেই জীবকে 'সাংসারিক' জীব বলে; কেননা সেই জীব, আপনাকে চিত্ত হইতে পৃথক্ বলিয়া না জানিয়া, 'ভোক্তা' হইয়াপড়ে। উক্ত ক্রেশ, কর্ম, বিপাক ও আশয়ের সহিত ভূত, ভবিয়ৎ ও বর্জমান এই ভিনকালে, যে প্রুষের সম্বন্ধ ঘটে না, ভিনিই ঈশ্বর। স্ত্তে 'বিশেষ' এই শক্ষটি থাকাতে, ভিনকালে

ক্লেশাদির সহিত সক্ষম নাথাকা স্চত হইতেছে। যে জীবগণ মুক্ত হইরাছেন, তাঁহাদের সহিত অতীতকালে, উক্ত ক্লেশাদির সক্ষম ছিল। সেইজন্ত মুক্ত জীবগণ ঈশ্বর নহেন। (বন্ধন তিন প্রকার, ষথা— প্রাক্কত বন্ধ, বৈকারিক বন্ধ এবং দক্ষিণাবন্ধ)। যাঁহারা এখন মুক্ত হইরাছেন, পুর্বের তাঁহাদের উক্ত তিনটি বন্ধন ছিল বলিয়া, তাঁহারা ঈশ্বরপদবাচ্য নহেন। যাঁহারা প্রকৃতিতে লীন হইয়াছেন তাঁহাদের বন্ধনকে প্রাক্কতবন্ধ বলে। যাঁহারা পঞ্চত্ত, ইন্দ্রিয় প্রভৃতি বিকার-পদার্থে লীন হইয়া বিদেহ হইয়াছেন, তাঁহাদের বন্ধনকে বৈকারিক বন্ধ বলে। দেব, নর প্রভৃতি অপর সকল জীবের বন্ধনের নাম দক্ষিণাবন্ধ, (১) কেননা তাঁহাদিগকে চিক্ত নামক অপরের ছন্দানুবন্তাহিইয়া কর্মফল ভোগ করিবার জন্ত আবন্ধ হইতে হয়।

(শঙ্কা) আছো, ঈশ্বর নামক পুক্র বলি পরিণামরহিত হইলেন, ভাহা হইলে, জ্ঞানশক্তিসম্পর্তা, ক্রিয়াশন্তিসম্পর্তা প্রভৃতি পর্ম ঐখ্ব্য তাঁহাতে কি প্রকারে সম্ভব্পর হুইতে পারে ?

সেমাধান) বলিতেছি। ঈশবের যে শুদ্ধ সন্ত-শুণস্বরূপ নিরতিশয় জ্ঞানক্রিয়াশক্তিবিশিষ্ট চিত্ত আছে তাহা অনাদিসিদ্ধ এবং প্রকৃতি হইতে উৎপন্ন।
ভগবান সংসারসমূদ্রে নিমগ্ন প্রাণীদিগকে উদ্ধার করিবার ইচ্ছায়,সেই চিত্ত গ্রহণ
করেন, কেননা সেইরূপ চিত্ত না থাকিলে জ্ঞানোপদেশ, ধর্মোপদেশ ও ভত্তের
প্রতি অনুগ্রহ করা সম্ভবপর হয় না। যদি এইরূপ আশক্ষা কর, যে চিত্তগ্রহণের
পূর্ব্বে ভগবানের কি প্রকারে ইচ্ছাদি রাখিতে পারে ? ভত্তুরে বলি এইরূপ
আশক্ষা করিতে পার না, কেননা, স্ষ্টেপ্রলবের প্রবাহ বীক্ষাস্কুরের ভাগ অনাদি।
যথন সমস্ত স্টের প্রলয় হইয়া যায়, তথন ভগবান এইরূপ সংক্রা করেন যে
ভবিষাৎকল্পে গোকদিগকে অনুগ্রহ করিবার নিমিন্ত এই চিত্ত গ্রহণ করিছে
হইবে। তথন সেই চিত্ত, সেই সংকল্পের সংস্কার লইয়া প্রকৃতিতে লীন হইয়া
খাকে। পরে প্নক্ষার স্কৃত্তির প্রারম্ভে, সেই চিত্ত জ্ঞান। ভদ্যারা ঈশ্বর অনুগ্রহ
করিয়া থাকেন; স্ক্তরাং এইরূপ ব্যাখ্যান নির্দ্ধায়।

শেষা) আচ্ছা (ঈশ্বরের) যে সেইরূপ চিত্ত আছে, ত্রিষয়ে প্রমাণ কি?
(সমাধান) বেদবাক্য তাহার প্রমাণ, যথা—শ্বেতাশ্বতর উপনিষদে
প্রয়েশক্তি বিবিধৈব শ্রয়তে, স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ।? (৬৮)।

সেই প্রমেশ্বের প্রাশ্তিক অনেক্রপ বলিয়া বেদে শুনা যায়। জ্ঞানক্রিয়া

⁽১) "দক্ষিণঃ সরলোদারপরচ্ছন্দাসুবর্ত্তিমু" ইতি পরেচ্ছামুপালনপরঃ দক্ষিণঃ।

নিম্নপণ।]
অথাৎ সর্কবিষয়জ্ঞান-প্রার্তি, এবং বলজিয়া অর্থাৎ নিজের সমিধিমাতেই
সকলকে স্ববশে আনিয়া নিয়মিত করা, তাঁহার স্বাভাবিক ধর্মা। (মাণ্ডুক্যোপনিষদেও "এষ সর্কেশর: এষ সর্কজ্ঞ:" (৬) ইত্যাদি। "ইনি সকলের ঈশ্বর,
ইনি সর্কজ্ঞ।" অগ্যত্র এইরূপ আরও অনেক বাক্য আছে। নিরতিশর জ্ঞানশক্তিবিশিষ্ট ঈশ্বরই বেদ প্রণয়ন ক্রিয়াছেন। এইহেতু বেদের প্রামাণ্য বা বেদ
স্বতঃপ্রমাণ। ইহাই বক্তব্যের সংক্ষেপ; (ইহাতেই সকল কথা রহিল)॥ ২৪॥

এইরপে সর্বজ্ঞ ঈশ্বর আছেন, ইহা বেদের প্রমাণ হইতে অর্থাৎ শব্দ— প্রমাণের দ্বারা সিদ্ধ হয়। আবার অমুমানের দ্বারাও সেই সর্বজ্ঞ ঈশ্বরের অব্যক্তিত্ব সপ্রমাণ হয়। ইহাই এই ফুত্রে বলিতেছেন:—

তত্র নির্নতিশাহৎ সাক্ষজ্ঞবীজমা॥ ২৫॥ তত্র সর্বজ্ঞবীজম নির্ভিশয়ম (ভবতি)।

দেই ঈশ্বে সর্বাঞ্জনার বীক নিরতিশয়তা অর্থাৎ পরাকাষ্ঠা প্রাপ্ত ইইয়াছে।

এ বিষয়ে স্থায়শাস্ত্রসঙ্গত অহুমান এইরপ:—আমাদিগের স্থায় জীবের
জ্ঞান, নিরতিশয় জ্ঞানবিনা থাকিতে পারে না; তাহার হেতু এই যে, আমাদিগের স্থায় জীবের জ্ঞান সাতিশয়, অর্থাৎ তাহাতে তারতম্য আছে। যে
বস্তুতে তারতম্য আছে, তাহা তারতম্যের অতীত তৎস্মানজাতীয় বস্তু ভিন্ন
থাকিতে পারে না। যেমন কুন্তের পরিচ্ছিন্নপরিণাম, বিভূ (অর্থাৎ সর্বপরিচেছ্লের অতীত) পরিমাণ ভিন্ন, থাকিতে পারে না। এইরূপে অহুমান দারা সিদ্ধ,
নিরতিশয় (অর্থাৎ তারতম্যের অতীত) জ্ঞান, সর্বাজ্ঞর বীজ অর্থাৎ জ্ঞাপক বা
প্রেমাণ। ষেস্থানে জ্ঞান নিরতিশয় ইইয়াছে অর্থাৎ পরাকাষ্ঠা প্রাপ্ত ইইয়াছে,সেই
স্থানেই সর্বাজ্ঞর অতিত্ব প্রমাণিত হয়, তাঁহারই শিব, বিষ্ণু, নারায়ণ, মহেশ্বর
প্রভৃতি বেদপুরাণাদিপ্রমাণসিদ্ধ নামসমূহ শুনা গিয়া থাকে। বথা বায়ুপুরাণে
আছে—

"সর্বজ্ঞতা তৃপ্তিরনাদি বোধঃ স্বতস্ত্রতা নিত্যমল্প্রশক্তিঃ। ''অনন্তশক্তিশ্চ বিভোবিধিজ্ঞাঃ ষডাহঃজানি মহেখরতা॥

^{* &}quot;সত্ত্বণ জ্ঞানশক্তির উপাদান। প্রকৃতির সত্ত্বণ অপরিমের বলিরা, জ্ঞানশক্তিও অপরিমের। সেই অপরিমের জ্ঞানশক্তিকে, অতিকুত্র হইতে ক্রমবিবর্দ্ধনান অসংখ্য অংশে বিভক্ত করিলে, চরম অংশও পরিশেবে অপরিমের বা 'নিরতিশর' থাকিরা হাইবে। সেই নিরতিশর জ্ঞানশক্তিমান্ই ঈশ্রপদ্বাচ্য"।

''জ্ঞানবৈরাগ্যমৈশ্বর্যাং তপঃ সত্যং ক্ষমা ধ্বতিঃ। ''স্রষ্টুত্বমাত্মসম্বোধো হুদিষ্ঠাতৃত্বমেবচ॥

"অব্যয়ানি দলৈতানি নিত্যং তিইন্তি শক্ষরে।" ইতি—

তথা মহাভারতে — (বিফুসহস্রনাম)—

"অনাদিনিধনং বিষ্ণুং স্কলোকমহেশ্বন।

"লোকাধ্যক্ষং স্থবরিত্যং সর্বহঃখাতিগোঁ ভবেং ॥ ২৫॥ ইত্যাদি"

শান্তবিশ্বাণ বলেন যে বিভূ মহেশ্বরের ছয়টি অঙ্গ, ষ্থা সর্বজ্ঞতা, তৃপ্তি, জনাদিবোধ, স্বতন্ত্রতা, নিত্য অনুপ্ত শক্তি (যে শক্তির কোনও কালে প্রাস হয় না, সেই শক্তি) ও অনন্তশক্তি (যে শক্তির কোনও কালে লোপ নাই, সেই শক্তি।) (অপরে বলেন) যে, শক্ষরে এই দশটি গুণ অব্যয় ও নিত্যরূপে বিরাজ্মনান আছে, ষ্থা—জ্ঞান, বৈরাগ্য, ঐশ্ব্য, তপ:, সত্য, ক্ষমা, ধৃতি, স্কনশক্তি, আত্মবিষয়ক সম্যাগ্জ্ঞান, এবং (স্প্তির) অধিষ্ঠাতৃত্ব। আর মহাভারত্তেও আছে:— অনাদিনিধন সর্বলোকের মহেশ্বর, লোকাধাক্ষ বিষ্ণুর গুণকীর্ত্তন করিয়া লোকে চিরদিনই সর্ব্যহুথ অতিক্রম করিতে সমর্থ হইবে। ইত্যাদি। ২৫

ব্রহ্মাদি হইতে সেই ঈশ্বরের শ্রেষ্ঠতা বর্ণন করিতেছেন :—

পূৰ্ব্বেষামপি গুৰুঃ কালেনানবচ্ছেদাৎ ॥২७॥

মঃ পূর্বেষাম্ অপি গুরুঃ, কালেন অনবচ্ছেদাং।

ভিনি পূর্ব পূর্ব প্রুষদিগেরও গুরু, কেননা, কালের দারা তাঁহার অবচ্ছেদ করা যায় না।

পূর্ব্বোং—ক্ষ্টির প্রারম্ভে বাঁহার। উৎপন্ন হইয়াছেন এবং বাঁহাদের স্থিতি-কাল নির্দিষ্ট, তাঁহাদিগের। গুরু:—ঈশ্বর বা নিয়স্তা; ভাহার হেতু কি ? উত্তর-"কালেন অনবচ্ছেদাং"কেননা ভিনি অনাদি ও অনন্ত। বেদেও আছে—"যো ব্রহ্মাণ্য বিদ্ধান্তি পূর্বাম, যো বেদাংশ্চ প্রহিণোতি ভব্মে" (খেতা, উ ৬০১৮)। যিনি ক্ষ্টির আাদিতে হিরপার্গর্ভ ব্রহ্মাকে ক্ষন করিয়াছিলেন এবং তাঁহার হৃদয়ে বেদসমূহ দ্ঞারিত করিয়াছিলেন ইত্যাদি॥ ২৬॥

এইরণে উধরের স্বরণ নিরপণ করিয়া, উধরপ্রণিধান বর্ণনা করিবার জন্ত জ্বীধরের গোপনীয় বা অবাজনহিমাত্মক নাম উল্লেখ করিতেছেন :--

> ৺ তস্য বাচকঃ প্রধবঃ॥২৭॥ প্রধবঃ ভন্ত বাচকঃ (ভবতি)

প্রণব বা ওঁ স্কার সেই ঈশ্বরের বাচক।

সূত্রটি সহজবোধ্য বলিয়া ব্যাখ্যা নিম্পন্নোজন। এন্থলে এক আশস্কা উঠিতেছে,

তাহা এই। (পূর্ব্বপূক্ষ) শব্দের বাচকতা বলিতে শব্দের অর্থের সহিত যে সম্বন্ধ তাহাই ত বুঝায় ? তাহার নামান্তর "অভিধাশক্তি"। আচ্ছা, সেই সম্বর্ম, সঙ্কেতভারা নৃতন স্ষ্ট হইয়া থাকে অথবা সেই সহন্ধ পূর্ব্ব হইতে থাকে এবং সংক্ষেত দারা অভিব্যক্ত হয় মাত্র ? যদি বলা হয় সংস্কৃতের দারা সেই সম্বন্ধের নৃতন স্পষ্ট হয়, ভোহা হইলে বলি এইরূপ ও' বলা চলে না; কেননা, প্রতিকল্পে স্ষ্টির প্রাহত্তে ঈশ্বর যদি অপর সকল পদার্থ স্জনের স্থায়, উক্ত সম্বন্ধের ও স্জন করেন, তাহা হইলে, সেই ঈশ্বর স্বতন্ত্র (স্বাধীন) বলিয়া, প্রতিকরে তাঁহার পকে ভিন্ন ভিন্ন সংস্কৃত নিরূপণ করা অসম্ভব নহে। তাহা হইলে কোন একটি নির্দিষ্ট শব্দের নির্দিষ্ট অর্থ পরবর্তী কল্পে না থাকাই সম্ভব। (স্কুতরাং শব্দের সহিত অর্থের যে নিত্য সম্বন্ধ আছে, তাহা অস্বীকৃত হইলে বেদও প্রতিকল্পে নৃতন এবং সেইহেতু অনিত্য, বলিয়া প্রতি-পাদিত হয়। আর যদি বলা যায়, উক্ত সম্বন্ধ পূর্ব্ব হইতে থাকিয়া সংহতের দ্বারা অভিব্যক্ত হয় মাত্র, ভবে বলি তাহাও বলিতে পারা যায় না, কেননা মনে কর কেহ 'সূর্য্য' এই শক্তের দারা পুত্রের নাম করণ করিল। এক্ষণে যদি "সূর্য্য" এই শব্দের দ্বারা উহার অর্থ দিনকর এই মাত্র অভিযাক্ত হয়, তাহা হইলে 'পুত্র' বুঝাইবার জন্ম পিতার ঐ সঙ্কেতটি বিফল হইয়া পড়ে, অর্থাৎ 'সূর্যা' এই শব্দের দারা ভাহার পুত্রকে কোনরূপে বুঝান যায় না। কেননা 'পুত্র' বুঝাইবার জন্ত 'স্ধ্য' এই শব্দে, উক্ত সঙ্কেত, বাহাকে অভিব্যক্ত করিবে, এইরূপ শক্তি (বা অর্থের সহিত সম্বন্ধ) নাই। আর যদি অভিব্যক্ত করিবার উপযোগী কোন সম্বন্ধ না থাকিল, ভাহা হইলে ঐ অভিব্যঞ্জক শক্টি ব্যর্থ ইইয়া পড়ে। সেইহেতু এই সঙ্কেত হুত্র ব্যর্থ।

(উত্তর পক্ষ বা সমাধান) এইরূপ আশহা উঠিতে পারে না। কেন, তাহা বলিতেছি। শব্দের শক্তি, যাহা পূর্ব্ব হইতেই আছে, তাহা সঙ্কেত দারা অভিব্যক্ত হয় মাত্র। বেরূপ পিতা-পুত্রের সম্বন্ধ পূর্ব্ব হইতে থাকিয়াই এইটি আমার পূত্র এই বাক্যের দারা অভিব্যক্ত হয় মাত্র,সেইরূপ গো'প্রভৃতি শব্দ প্রলয়কালে প্রকৃতিতে লীন হইয়া ভংস্করপাবস্থাপ্রাপ্ত হইয়া থাকে। স্কৃত্তির প্রারম্ভে শক্তি লইয়া সেই সকল শব্দ ওংপয় হইলে উক্ত শব্দসমূহে বিশেষ বিশেষ অর্থ-ব্যঞ্জিকা বিশেষ বিশেষ শক্তি,ঈশ্বর,সঙ্কেতের দারা জীবকে জানাইয়া দেন, কেননা জীবের সংস্কার প্রলয় কালে বিল্প্ত হইয়া থাকে। (আর 'স্ব্যা' এই শব্দের দারা যে পুত্রের নাম করণের কথা বলিলে, তহত্তরে বলি। ইদানিস্তন কালেও পিতা প্রভৃতির সঙ্কেত,

শব্দের শক্তি বা অর্থের সহিত সম্বন্ধ উৎপাদন করিতে পারে। কেহ কেই বলেন সকল শব্দেরই সকল অর্থ বুঝাইবার শক্তি আছে; সেই হেতু পিতা গুভৃতির সক্ষেত, শক্তির উৎপাদক না হইয়া, শক্তির অভিব্যঞ্জক মাত্র। কিন্তু বেদের অর্থ স্থির রাখিবার নিমিত্ত, ঈশ্বর, 'গো' প্রভৃতি শব্দের শক্তি, সঙ্কেত দারা বিশেষ বিশেষ অর্থে নিয়মিত করিয়া রাখিয়াছেন। ইহাই তাঁহাদের মত। ফলতঃ সকল মত হইতেই ইহা নির্ণীত হয়, যে বৈদিক শব্দ সমূহের বেদ প্রসিদ্ধ অর্থের সহিত সম্বন্ধ, নির্দিষ্ঠ (ঈশ্বরের সঙ্কেতিত) ব্যবহার দারা সিদ্ধ হইয়া রহিয়াছে॥২৭॥

এইরপে ঈশবের বাচক বর্ণনা করিয়া স্কশবপ্রশিধান বর্ণনা করিছেছেন :---

∜ ভজ্জপন্তদর্ভাবনম্॥২৮॥

তজ্জণঃ তদর্থভাবনম্ (ঈশ্বর প্রণিধানম্ ৷)

প্রণবের রূপ (আ + উ + ম্ + *) ও প্রণবের অর্থ বৃদ্ধিতে পুনঃ পুনঃ সন্নিবিষ্ট করিয়া, ঈশ্বর প্রণিধান করিতে হয়।

এই স্থলে এই স্ত্তের ভগবান্ ব্যাসকৃত ভাষ্য উদ্ধৃত হইতেছে:—
"প্রণবের জপ এবং প্রণবের অভিধেয় ঈশ্বরের ভাবনা। যোগী
প্রণব জপ ও প্রণবের অর্থ ভাবনা করিলে, তাঁহার চিত্ত কেবলমাত্র ভগবানে
একাগ্র হইয়া শাস্ত হয়"। (বিষ্ণু-পুরাণে) এই কথা এইরূপে উক্তে হইয়াছে:—

"স্বাধ্যায়াছোগমাসীত যোগাৎ স্বাধ্যায়মামনেও।

"স্বাধ্যায়যোগসম্পত্যা পরমাত্মা প্রকাশতে ॥"

স্বাধ্যায়ের অর্থাৎ প্রণ্ জপের পরেই যোগাভ্যাস করিবে। এবং বোগাভ্যাসের পরেই প্নর্কার প্রণবার্ত্তি অর্থাৎ প্রণবন্ধপ করিবে। প্রণবন্ধপ ও সমাধির অভ্যাস—এই তুই উপায়ের দ্বারা প্রমাদ্মার সাক্ষাৎকার লাভ হয়॥২৮॥

সমাধি লাভ সেই ঈশ্বর প্রণিধানের আসন্নতম বা অত্যস্ত নিকটবর্ত্তী ফল, একথা পূর্বেব বলা হইয়াছে। এক্ষণে ভদমুরূপ অন্ত ফলের কথা বলিভেছেন :—

ততঃ প্রত্যক্ চেতনাধিগমোংপ্যস্ত রায়াভাবশ্চ॥ ২৯॥

ততঃ প্রত্যক্ চেতনাধিগমঃ অপি চ অন্তরায়াভাবঃ (ভবতি)। সেই ঈশ্বপ্রপ্রিধান হইতে (যোগী নিজের বুদ্ধাভিযানী) প্রত্যক্ চেতনের সাক্ষাৎকার লাভ করেন এবং তাঁহার (নিমুলিখিত) যোগবিল্পকল দ্রীভূত হয়।

প্রত্যকচেতন—প্রত্যক্ শব্দে যে 'প্রতীপং' অর্থাৎ বিপরীত ভাবে 'অঞ্জি' জানে বা অমূভব করে, তাহাকে বুঝায় অর্থাৎ প্রত্যাগায়া (অবিভাবিশিষ্ট পুরুষ)। ইহার দারা ঈশ্বর * হইতে প্রভেদ স্টিত হইল। অথবা, প্রত্যক্ শব্দে বুদ্ধিরও অভ্যন্তর-বর্তী, এই অর্থ বুঝায়। যে চেতন দেইরূপ, তাহার 'অধিগম' বা সাক্ষাৎকার, তাহা হইতে অর্থাৎ ঈশ্বর প্রণিধান হইতে, হয়। তাহা হইতে আরু ও কি হয় ? না, 'অন্তরায়াভাবঃ' অর্থাৎ সকল বিয়ের বিনাশ।

(শক্ষা) আছো, ঈশ্বর ও যোগীর আত্মা হইতে ভিন্ন; সেই ঈশ্বরের প্রণিধান হইতে যোগীর আত্মাশাৎকার হয়, কি প্রকারে ? দেখা যায় ষড্জ (স্বর বিশেষ) প্রভৃতির অভ্যাস কালে যদ্বিষক অভ্যাস, তদ্বিষয়ক-ই জ্ঞান জন্মিয়া থাকে, অর্থাৎ জ্ঞানটি ভিন্নবস্তবিষয়ক হয়না। (স্কুতরাং) ঈশ্ববিষয়ক প্রেশিধান, ঈশ্বঃজ্ঞানই জন্মাইতে পারে, আত্মজ্ঞান নহে।

(সমাধান) এইরূপ শঙ্কা কেন উঠিতে পারে না, বলিতেছি। ঈথর বেরূপ অসঙ্গ, চিজ্রপ, কৃটস্থ ও ক্লেশাদিশ্ন্য, জীবও ঠিক সেইরূপ। এই সাদৃশ্ব্যশতঃই ঈথরের ধ্যান, ঈথরের অনুগ্রহ বশতঃ জীবের স্বরূপসাক্ষাৎ কারের হেতু হয়। স্বাত্রাং কোনরূপ দোষারোপ চলিতে পারে না॥২৯॥

যোগবিল্প সকল বর্ণনা করিতেছেন :---

ব্যাধিস্ত্যানসংশয়প্রমাদালস্যাবিরতিভান্তিদর্শনা-লব্ধভূমিকত্বানবন্থিতত্বানি চিত্তবিক্ষেপান্তেইস্ত-রায়া: ॥ ৩০ ॥

ব্যাধি-স্ত্যান–সংশয়- প্রমাদ-আলম্ভ – অবিরতি-ভ্রান্তিদর্শন-- অলকভূমিকত্ব--অনব স্থিততানি চিত্তবিক্ষেপাঃ (ভবস্তি)। তে অস্তরায়াঃ (ভবস্তি)।

ব্যাধি, স্থান, সংশয়, প্রমাদ, আলস্থা, অবিরতি, ভ্রাস্তিদর্শন, অলজভূমিকস্ক, অনবস্থিতস্ব, ইহারা চিত্তবিক্ষেপের কারণ হইয়া যোগের অস্তরায় হয়।

যাহারা চিত্তকে যোগ হইতে বিক্ষিপ্ত বা প্রচ্যুত করে, তাহাদিগকে চিত্ত-বিক্ষেপ বলে। যোগের অন্তরায় বা বিল্ল নয়টি। তন্মধ্যে ব্যাধি—বায়ূপিত্তক-ফের, অন্নরসের এবং ইন্দ্রিয়সমূহের বিষমতা। স্ত্যান—চিত্ত কর্মা করিতে লুক্ক হইলেও. কর্মা করিবার অযোগাতা। সংশয়—(ইহার অর্থ সকলেই

যিনি শার্খতিক সত্তোৎকর্ষাসম্পন্নবিভাবান্।

জানেন)। প্রমাণ—যোগাঙ্গের অন্তর্গান না করা। আলশু—চিত্তের গুরুত্ব-হেতৃ অপ্রবৃত্তি। অবিরতি—বিষঃতৃষ্ণা। ভ্রান্তিদর্শন—বিপরীত জ্ঞান, যাহা সংশ্রের ভায় উভয়কোটিক না হইয়া, এককোটিক হয়। অলব্ভুমিকত্ব— সমাধিভূমি লাভ করিতে না পারা; মধুমতী প্রভৃতি সমাধিভূমি পরে বর্ণিত হইবে। অনবস্থিতত্ব—ভূমিলাভ হইলেও চিতের অস্থিরতা; চিত পূর্বভূমিতে অবস্থিত থাকিয়াই উত্তর ভূমি জয় করিতে পারে, সেই হেতুপুর্বভূমিতে অস্থিরতা একটি দোষ॥ ৩০॥

এই গুলি যে কেবলই বিক্ষেপ বা যোগ নাশক, তাহা নহে, ইহারা হঃখাদিও উৎপাদন করিয়া থাকে।

দুঃখদৌর্সনস্যাঙ্গমেজয়ত্রশ্বাসপ্রশ্বাসা বিক্ষেপসহভুব: ॥ ৩১ ॥

হু:থ-দেশ্রিনস্থ-অঙ্গমেজয়ত্ব-খাদ-প্রখাদাঃ বিক্ষেপদহভূব: (ভবতি)

ছঃখ, দৌর্মানস্ত, অঙ্গমেজয়ড়, খাদ, ও প্রখাদ ইহারা বিক্ষেপের দহ ভাবী হয়।

তুঃথ তিন প্রকার: — মাধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক। তন্মধ্যে আধ্যাত্মিক হঃথ আবার হুইপ্রকার, যথা—শারীর ও মানস; প্রথমটি ব্যাধি প্রভৃতি হইতে জন্মে, দিতীয়টি, কামাদি হইতে। আধিভৌতিক হঃধ ব্যাঘ্র প্রভৃতি জীব হইতে জয়ে। আধিদৈবিক তঃথ গ্রহণীড়াদি হইতে জয়ে। দৌর্মনস্থ—ইচ্ছাব্যাহত হইলে, মনে যে ক্ষোভ জন্মে তাহা। অঙ্গমেজয়ত্ব— অঙ্গমেজয়ের ভাব অর্থাৎ অঙ্গসমূহের কম্পন বা চাঞ্চন্য। খাস-প্রাণীর ইচ্ছা না থাকিলেও, প্রাণ যে বায়ুকে শরীরভিতরে প্রবেশ করায় তাহা। ইহা সমাধির অঙ্গ রেচকের বিরোধী। প্রশ্বাস—প্রাণীর ইচ্ছা না থাকিলেও কোষ্ঠস্থিত বায়ুর বহির্গমন। ইহা পূরক নামক সমাধির অঙ্গের বিরোধী। ইহারা বিক্ষেপের সঙ্গে সঙ্গেই জন্মে অর্থাৎ বিক্ষিপ্তচিত্ত প্রাণীরই হইয়া থাকে॥ ৩২॥

ঈশ্বরপ্রনিধান দ্বারাই এই সকল বিক্ষেপ ভিরোহিত হইয়া থাকে, এই কথা-টির উপসংহার করিতেছেন :--

তৎপ্ৰতিষেধাৰ্থমেকতন্ত্ৰাভ্যাসঃ॥ ৩২॥ তৎ প্রতিষেধার্থম্ একতত্বাভ্যাসঃ (কর্ত্তব্যঃ)।

সেই বিক্ষেপের প্রতিষেধের জন্ম একভত্তের অভ্যাস করা উচিত। বিক্ষেপসুমূহকে বিনাশ করিতে হইলে একতত্ত্বের অর্থাৎ ঈশ্বরের, অভ্যাস অর্থাৎ ধ্যান করিতে হইবে। এই স্ত্রের ভাষ্য লিথিবার কালে ভগবান্ ব্যাদ কণিকবিজ্ঞানবাদীদিগের মত খণ্ডন করিয়াছেন। [তাঁহারা বলেন, চিত্ত অপর সকল বস্তুর স্থায় কণস্থায়ী ও প্রতি বস্তুপলব্ধির জন্ম ভিন্ন ভিন্ন (তর্থাৎ উৎপন্ন ও পরিসমাপ্ত হয়) বলিয়া সর্কাদাই একাগ্র; কারণ প্রত্যেক চিত্ত যদি বিভিন্ন ও কণস্থায়ী হয়, তবে প্রত্যেক চিত্ত একবিষয়ক বলিয়া একাগ্র। স্থতরাং, তাহার আবার একাগ্রতাসম্পাদনের উপদেশ ব্যর্থ। আফ্রকার ব্যাদ বলেন যে চিত্ত ক্ষণিক নহে, স্থায়ী (এবং তাহা একাধিক বস্তু গ্রহণ করিয়া থাকে; সেইহেতু) চিন্তের একাগ্রতা সম্পাদনের প্রয়োজন আছে। ব্যাদের সিদ্ধান্ত এই যে শ্রামিই সেই" এই প্রত্যভিজ্ঞান প্রভৃতি দ্বারা বুঝা যায় চিত্ত প্রতি বস্তুপলব্ধি পক্ষে স্বতন্ত্র নহে, তাহা এক ইইয়া একাধিক বস্তু গ্রহণ করিয়া থাকে এবং তাহা স্থায়ী, (ক্ষণিক নহে। এই হেতু একাগ্রতাভ্যাদের উপদেশ ব্যর্থ নহে)॥ ৩২॥

সেই চিত্ত অস্থাদি-মলযুক্ত বলিয়। তাহা যোগাভ্যাসের অমুপযুক্ত; সেই কারণে চিত্তের মল দুরীকরণের উপায় সকল নির্দেশ করিতেছেন: —

৺মৈত্ৰী-ক্রণা-মুদিতোপেক্ষাণাং সুখদুঃখপুণ্যাপুণ্য — বিষয়ানাং ভাবনাতশ্চিত্তপ্রসাদনম্॥ ৩৩॥

স্থ-তঃথ-পুণ্য-অপুণ্য-বিষয়ানাং নৈত্রী-করুণা-মুদিতা-উণেক্ষাণাম্ ভাবনাতঃ চিত্তপ্রসাদনম্ (ভবতি)।

স্থী, হুঃধী, পুণাবান্ ও অপুণাবান্ প্রাণীর প্রতি যথাক্রমে মৈত্রী, করুণা, মুদিতা ও উপেক্ষা ভাবনা করিলে চিত্ত নির্মাল হয়।

স্থা প্রাণীতে মৈত্রী বা মিত্রতা, ছংখা প্রাণীতে করণা বা দয়া, প্রারৃত্তি প্রাণীতে মুদিতা বা হর্ষ, অপুনারৃত্তি অর্থাৎ পাপে রত, প্রাণিসমূহে উপেক্ষা অর্থাৎ মধ্যহত্ত্বতি, ভাবনা করিবে। সেইরূপ ভাবনা দারা সাধিক ধর্ম উৎপন্ন হয়। তাহাদের প্রতি ঈর্ষা, অপকারেচ্ছা, অস্থা ও দ্বেষ প্রভৃতি চিত্তমলসমূহ বিনষ্ট হইয়া যায় বলিয়া এবং তাহা দারা গুরুধর্ম (কেবল স্থান ধর্ম) (কৈবল্যপাদে বা চতুর্থ পাদে ৭ম স্ত্র জন্তব্য।) উৎপন্ন হয় বলিয়া চিত্ত প্রসন্ন হয়। চিত্ত প্রসন্ন হইলে পর বর্ণিত উপায়সমূহের সাহায্যে একাগ্র হইয়া স্থিতি পদ লাভ করে। ইহাই স্ত্রের তাৎপর্য্য॥ ৩৩॥

মৈত্রাদিভাবনাদ্বারা চিত্ত প্রসন্ন হইলে, চিত্তের স্থিতির নিমিত্ত যে স্কল উপায় অবলম্বন করিতে হইবে, এক্ষণে তাহাই বলিতেছেন :—

📈 প্রচ্ছের্দ্দেনবিধারণাভ্যাৎ বা প্রাণস্য॥ ৩৪॥

প্রাণস্থ প্রচ্ছদিনবিধারণাভ্যাং বা (বক্ষ্যমাণেঃ উপার্টয়ঃ সহ বিকল্পেন)

(এক অ স্থিতিপদং লভতে)।

প্রাণের প্রছের্দন অর্থাৎ প্রয়ত্মবিশেষ পূর্ব্বক ত্যাগ, এবং তৎপরে বিধারণ অর্থাৎ খাদ গ্রহণ না করিয়া তাহা বাহিরে ধারণ করা, এই ছই প্রকার প্রাণায়াম সহযোগে ধ্যান করিলেও চিত্ত স্থিতিপদ লাভ করে।

'প্রছের্দন'—রেচন। রেচিত প্রাণকে বাহিরেই ধরিয়া রাধার নাম 'বিধারণ'। বথাশক্তি এই হুইটি উপায় অবলখন করিলে চিত্ত একই লক্ষ্যে স্থিতি লাভ করে। প্রাণকে জয় করিতে পারিলেই চিত্তকে জয় করা হয়, কেননা তাহারা উভয়ে পয়ম্পার বিভক্ত নহে। প্রাণায়ামের দারা সর্ব্বপাপনিবৃত্তি হয় এবং পাপের নিবৃত্তি হয়লেই চিত্তিহির হয়। স্থেত্রর 'বা' শক্ষটি পশ্চাহক্ত অক্স উপায়ের সহিত বিকল্প স্চনা করিতেছে। পূর্ব্বোক্ত মৈত্র্যাদি ভাবনার সহিত নহে; কেননা উক্ত মৈত্র্যাদি ভাবনা, দকল উপায়েরই দহকারী বলিয়া, সেই সেই উপায়ের সহিত এই সকল ভাবনারও সহার্ম্ভান করিতে হইবে, এইরূপ বৃত্বিতে হইবে॥ ৩৪॥

অভ উপায়ের কথা বলিতেছেন:—

প্ৰিষয়বত়ী বা প্ৰস্তুতিক্ৰৎপদ্মা মনসং স্থিতিনিবন্ধনী॥ ২৫॥

বিষয়বতী প্রবৃত্তি: উৎপন্না (সতী) মনসঃ স্থিতিনিবন্ধনী (ভবতি) ৷

(কোন কোন অধিকারীর) চিত্তে বিষয়বতী প্রবৃত্তির উৎপত্তিও চিত্তের স্থিতিলাভের কারণ হয়॥

নাসাত্রে চিত্তদংযম করিলে দিব্যগদ্ধের সাক্ষাৎকার লাভ হয়; জিহ্বাত্রে সংখম করিলে দিব্যরদের জ্ঞান হয়; তালুতে সেইরূপ সংখমের ধারা দিব্যরদের জ্ঞান হয়; জিহ্বা মধ্যে সেইরূপ সংখমের ধারা দিব্যস্পর্যার এই জিহ্বা মধ্যে সেইরূপ সংখমের ধারা দিব্যস্পর্যার এইসকল জ্ঞান হয় এবং জিহ্বা মুলে দিব্যশক্ষের জ্ঞান হয়। গদ্ধাদিবিষয়সম্বন্ধীয় এইসকল জ্ঞানরূপ প্রবৃত্তি জনতিদীর্ঘ সাধনের কলে উৎপন্ন হইয়া যোগার হৃদয়ে বিশ্বাস উৎপাদন করে, এবং সেই বিশ্বাসের বশে যোগী অতিস্ক্র ঈশ্বরাদির সাক্ষাৎকারে প্রবৃত্ত হইলে জাহার মন হিতি লাভ করে। শাল্রে বিশেষলক্ষণ ধারা নির্দিষ্ট, কোন বিষয়ের অর্ভুতি হইলে পর, যোগী শ্রদ্ধাবশভঃ অতি ক্র্ বিষয়েও চিত্ত সংখম করিবার নিমিত্ত প্রত্ত হয়েন, ইহাই স্ক্রের ছাবার্থা। ৩৫॥

্ৰিশেকা বা জ্যোতিমতী ৷ ৩৬ ৷

বিশোকা বা জ্যোতিমতী (প্রবৃত্তিঃ উৎপন্না মনসঃ স্থিতিনিবন্ধনী ভবতি)।
বিশোকা বা জ্যোতিমতী প্রবৃত্তি উৎপন্ন হইয়া মনের স্থিতিলাভের কারণ
হয়। অন্তদল হৃৎপদ্মকে রেচকের দারা উর্দ্ধ্য করিয়া অর্থাৎ উর্দ্ধ্য হইয়াছে,
এইরূপ ধ্যান করিয়া, তাহার মধ্যস্থিত বীজকোষের অভ্যন্তরে উর্দ্ধ্য যে
ম্যুমানামী নাড়ী আছে, তাহাতে সংযম অভ্যাস করিলে মনের সাক্ষাৎকার লাভ
হয়। স্থের্যুর, চল্রের, গ্রহদিগের ও বিবিধ প্রকার মণির যতপ্রকার জ্যোতিঃ
আছে সেই সেই জ্যোতির্ম্যমূর্ত্তি অনুসারে মনও অনেক প্রকারের ইইয়া থাকে,
স্রেই সান্ধিক জ্যোতিঃই মন। তাহা সান্ধিক অহঙ্কার হইতে উৎপন্ন এবং
তরঙ্গহীন মহাসমুদ্রের ভায় বিশাল। সেই জ্যোতিঃম্বরণেও সংযম অভ্যাস
করিলে (অর্থাৎ দেই জ্যোতিঃম্বরূপ আমি সমুদ্রের ভায় বা আকাশের ভায়
অনস্ত, এইরূপ ভাবনা করিলে) যে সন্ধিৎ বা জ্ঞান জন্মে, তাহা তুই প্রকারের—
ম্বা জ্যোতিম্বতী (অর্থাৎ মন ও অহঙ্কার নামক জ্যোতিঃ যাহার বিধের), ও
বিশোকা বা ত্ঃখশূলা। এই আকারের প্রবৃত্তি উৎপন্ন হইয়া চিত্তের স্থিতিলাভের কারণ হয়, ইহাই স্ত্রের অর্থ॥ ৩৬॥

√ বীতরাগবিষয়ৎ বা চিত্তম্॥ ৩৭॥

বীতরাগবিষয়ং বা চিত্তং (স্থিতিপদং লঙ্ভে)।

চিত্ত, বীতরাগপুরুষবিষয়ক হইলে অর্থাৎ পরবৈরাগ্যবিশিষ্ট পুরুষের চিত্তকে ধ্যান করিলেও স্থিতিলাভ করিতে পারে। ব্যাস, শুকদেব প্রভৃতির যে বীত-রাগ বা পরবৈরাগ্যবিশিষ্ট চিত্ত, ভাহাতে চিত্তের ধারণা করিলে, যোগীর চিত্ত স্থির হয়॥ ৩৭॥

্ / ত্ৰপ্ৰনিদ্ৰাজ্ঞানালম্বনং বা॥ ৩৮॥

স্বপ্রনিজাক্তানাবলম্বনং বা (চিত্তং, স্থিতিপদং লভতে)।

স্থাও নিদ্রার জ্ঞানকে অবলম্বন (ধ্যেয় বস্তু) করিয়া ধ্যান অভ্যাস করিলে চিত স্থিতিপদ লাভ করে॥

এস্থলে 'জ্ঞান'শকে জ্ঞেয় বা জ্ঞানের বস্তুকে বুঝিতে হইবে। স্বপ্নে জগবানের জ্ঞান্ত মনোহর মূর্ত্তিকে আয়াধনা করিতে থাকিলে, জাগরিত হইয়া সেই মূর্ত্তিতেই চিত্তের ধারণা অভ্যাস করিবে। নিদ্রায় অর্থাৎ স্বস্থাতে যে স্থথের অঞ্ভব হয়, তাহাতে চিত্তের ধারণা অভ্যাস করিবে। এইরপে স্থপ্নেও নিদ্রায়

িচ্ডুছিভির নিদর্শন। যে জ্ঞান লাভ হয়, তাহাকে আংলম্বন করিয়া (ধ্যান করিলে) চিত্ত স্থিতিলাভ করে॥৩৮॥

🖊 যথাভিমতথ্যানাদ্বা ॥ ৩৯ ॥

যথাভিমতধ্যানাৎ বা (চিত্তং স্থিতিপদং লভতে)।

যেরপ অভিকৃচি সেইরপ ধ্যান করিলেও চিত্ত স্থিতিপদ লাভ করে॥

অধিক আর কি বলিব, শিব, রাম, কৃষ্ণ প্রভৃতি যে মূর্ন্তিতে তোমার অভিকৃতি হয়, তাহাই ধ্যান করিবে। তাহাতে স্থিতি লাভ করিতে পারিলে, তোমার চিত্ত অন্তত্ত্বও স্থিতিলাভ করিতে পারিবে। "যথাভিমতধ্যান"—অভিমতকে অভিক্রম না করিয়া যথাভিমত, তাহার ধ্যান, তাহা হইতে। (অভিমত-মনতিক্রম্য যথাভিমতং তম্ম ধ্যানং তত্মাং—(অব্যথীভাব ও 'ষ্ঠীতংপুক্ষ্য') এইরূপ স্মাস করিয়া, বিগ্রহবাক্য বলিতে হইবে)॥৩৯॥

ভাল, চিত্তস্থিতি জন্মিতেছে কি না এ বিষয়ের নিদর্শন কি ? এই সংশ্রের উত্তরে বলিতেছেন :—

পরমাণু পরম মহন্ত্রান্তোইস্য বনীকারঃ॥ ৪০॥ অস্ত চিত্তস্ত বশীকারঃ পরমাণুপরমমহন্তাতঃ (ভবতি)।

যথন স্থিতি প্রাপ্ত চিত্ত পরমাণু হইতে পরম্মহত্ত পর্যান্ত সকল প্রকার, বিষ্যােরই ধ্যানে অভ্যন্ত হয়, তথন চিত্তের বণীকার হয় অর্থাৎ তথন ইহার স্ক্রিষয়ে নির্কিছে স্মাহিত হইবার সামর্থ্য হইয়াছে, বুঝিতে হইবে।

যথন স্থিতিপ্রাপ্ত চিত্ত স্ক্ষ বিষয়ের ধ্যান করিতে সমর্থ হইয়া প্রমাণু প্র্যান্ত ভাবে সাক্ষাৎকার করিতে পারে এবং সেই প্রকার স্থানিব্যার ধ্যানে প্রবৃত্ত হইয়া আকাশ প্র্যান্ত পরমমহত্ত সাক্ষাৎকার করিতে ব্যাত্থাত প্রাপ্ত হয় না, তথন চিত্তর বশীকার হইয়াছে, বুঝিতে হইবে। সেই প্রমবশীকার দেখিয়া চিত্ত সম্পূর্ণ স্থিতিলাভ করিয়াছে, জানিয়া যোগী চিত্ত স্থৈর্য্যের উপায় অভ্যাস করিতে ক্ষান্ত হয়েন, ইহাই স্ত্রের অর্থ॥৪০॥

এই পর্যান্ত চিত্তকে স্থির করিবার উপায় সকল এবং চিত্ত সম্পূর্ণ স্থির হইয়াছে কি না, তাহা ব্ঝিবার জ্ঞাপক বা নিদর্শন (চিহ্ন) বশীকার বর্ণনায় পূর্ব্বোক্ত হতে বর্ণিত হইল। এক্ষণে স্থিতিলাভ করিবার পর চিত্তের কোন্ প্রকার বিষয়াবলম্বনে কিরূপ সম্প্রজ্ঞাত সমাধি হয়, এই জিজ্ঞাসার উত্তরে নিম্লিথিত হত পাঠ করিভেছেন:—

ক্ষীণরত্তেরভিজাতস্যেব মণেগ্রহীতৃগ্রহণগ্রাহেষু ভংছতদঞ্জনতা, সমাপত্তিঃ ॥ ৪১ ॥

অভিজাতভ মণে: ইব ক্ষীণর্ত্তে: (চিত্তভ) গ্রহীত্গ্রহণগ্রাছের তৎস্থলজনতা, সমাপত্তি: (উচ্চতে); কিছা ক্ষীণর্ত্তে: তৎস্ভ গ্রাহ-গ্রহণ-গ্রহীত্র তদঞ্জনতা সমাপত্তি: (ভবতি)।

যেমন অতি নির্মাল মণি নিকটস্থ পদার্থের দ্বারা উপরঞ্জিত হয়, সেইরূপ গ্রহীতা, গ্রহণ ও গ্রহণীয় বিষয়, এই তিনটী আলম্বনে, চিত্ত যথন স্থিতি লাভ করিয়া তন্ত্বারা উপরঞ্জিত হয়, তথন সেই অবস্থাকে সমাপত্তি বলে।

বেরপ অভিজাত (কুলীন) অর্থাৎ অতিশ্বছে, ক্টিকমণি জবাকুস্থম প্রভৃতির দারা উপরক্ত হইলে, তাহার নিজের রূপ অভিভূত হয় এবং তাহা রক্ত প্রভৃতি বর্ণ ধারণ করে, সেইরূপ অভ্যাস ও বৈরাগ্যের দারা রজোর্ত্তি ও তমোর্ত্তি পরিক্ষীণ হইলে, স্থল প্রভৃতিরূপ গ্রহণীয় বস্তর দারা, ইন্দ্রিয়সমূহের দারা, এবং পূর্ব্বোক্ত অত্মিতানামক পুরুষের দারা উপরক্ত হইলে, চিত্তের নিজরূপ অভিভূত হইয়া, চিত্ত যে গ্রহণীয় বস্তর আকার প্রাপ্ত হয়, তাহাকেই সম্প্রজ্ঞাত যোগ কহে। সেই সম্প্রজ্ঞাতযোগ পূর্ব্বোক্ত বিতর্ক, বিচার, আনন্দ ও অত্মিতার অম্বর্ত্তী হইয়াই চারি প্রকারের হয়, বুঝিতে হইবে।

এই হতের ব্যাখ্যা করিবার কালে অর্থের ক্রম রক্ষা করিবার জন্ত পাঠের ক্রম ভঙ্গ করিয়া "গ্রহীতৃ গ্রহণ গ্রাহ্য্যু" ইহার স্থলে 'গ্রাহ্-গ্রহণ-গ্রহীতৃতু" এইরূপ পাঠ করিয়া, যথাক্রমে গ্রহণীয়বস্তু, ইদ্রিয় ও অন্মিতা নামক প্রুষের দ্বারা উপরঞ্জিত হইয়া চিত্ত নিজের রূপ পরিত্যাগ করিয়া সেই সেই বস্তুর রূপ (তদ্ধ্রনতা) প্রাপ্ত হইলে, তাহাকে সমাপত্তি বলে—এইরূপ অর্থ করিতে হইবে। তাহার কারণ এই যে চিত্ত সর্ব্বাগ্রে স্থলের দ্বারা (গ্রহনীয় বস্তুর দ্বারা), পরে স্ক্র ইন্দ্রিমের দ্বারা উপরঞ্জিত হয়।

স্তের "তৎষ্" এই পদটি ভিন্নপদ বলিয়া ব্ঝিতে হইবে। ইহাতে বিভক্তিনা থাকিলেও ইহার অস্তে "শু" যোগ করিয়া "ক্ষীণবৃত্তেঃ তৎষ্শু" এইরূপে পদ যোজনা করিতে হইবে। কিম্বা "তৎস্ক তদঞ্জনক" এইরূপে সমাস করিতে হইবে। কমাস করিলে হইবে, "তৎস্থ-তদঞ্জনম" তাহার ভাব 'তৎস্থতদঞ্জনতা'। ক্ষীণবৃত্তি চিত্তের তাহার দারা সমাপতি হয়, ইহাই স্তেরে অর্থ ॥৪১॥

সেই সম্প্রজ্ঞাত নামক সমাপত্তি আবার অবান্তর ভেদাতুদারে চারি

প্রকারের ছইয়া থাকে যথা—সবিভর্কা, নির্বিভর্কা, সবিচারা ও নির্বিচারা। ভন্মধ্যে স্বিভর্কা সমাপত্তির স্বরূপ বর্ণনা করিতেছেন :—

তত্ৰ শব্দাৰ্থজ্ঞানবিকল্পৈ সংকীণা সবিতৰ্কা॥ ৪২॥

তত্র শব্দার্থজ্ঞানবিকল্পৈঃ সংকীর্ণা সমাপত্তিঃ সবিতর্ক। সমাপত্তিঃ (ভবতি)।

শব্দ, অর্থ এবং জ্ঞান (যেমন গোশব্দ, তাহার অর্থ গো-প্রাণী, এবং তাহার জ্ঞান 'এইটি গো'—এই তিনটি বিভিন্ন পদার্থকে বিকল্পের*দারা সঙ্কীর্ণ বা মিশ্রিত অর্থাৎ এক জ্ঞান করিয়া, যে সাধারণতঃ চিন্তা করা যায়, সেই শব্দময় স্থূল-বিষয়ক চিন্তার্কণ সমাধি-প্রজ্ঞার দারা চিত্ত তন্ময় হইলে, চিত্তের সেই অবস্থার নাম সবিতর্কা সমাপ্তি।

সেই সকল সমাপত্তির মধ্যে সবিতর্কা সমাপত্তি বলিয়া ইহাকে বুঝিছে হইবে। (কাহাকে ? ভাহাই বুঝাইতেছেন):--'গো' এই শক্টি উচ্চান্নিভ ইইলে গো-শক্ষ, তরামক প্রাণীবিশেষ, এবং তাহার জ্ঞান এই তিনটি, সন্ধীর্ণ অর্থাৎ অভিনভাবে প্রকাশিত হয়। তন্মধ্যে গো এই শক্টি একটি বিকল্প; এই শক্বের দ্বারা গো বলিলে যে বস্তু ও ভাহার সঙ্গে যে জ্ঞানের প্রতীতি হয়, উক্ত বিকল্প, সেই হুইটিকে শন্দের সহিত অভিন্ন করিয়া (অর্থাৎ একতা করিয়া) প্রকাশ করে। সেইরূপ গোনামক বস্তুটি একটি বিক্ল। 'গো' ইহার দ্বারা যে শব্দের ও জ্ঞানের প্রতীতি হয়, উক্ত বিকল্প সেই তুইটিকে 'গো' বস্তুর স'হিত অভিন্ন ভাবে প্রকাশ করে। সেইরূপ গো বলিলে যে জ্ঞান হয় তাহা একটি বিকল্প। গো বলিলে যে শব্দের ও অর্থের প্রতীতি হয়, উক্ত বিকল্প সেই হুইটিকে জ্ঞানের সহিত অভিন্ন ভাবে প্রকাশ করে। এই তিনটির প্রত্যেকটিকে বিকল্প বলা হটল; কেননা যে অভেদ বান্তবিক নাই (কেননা দেই ভেদই সত্য), সেই অভেদের বিষয়স্বরূপ হইয়া ইহারা প্রকাশিত হয়। সেইরূপ ঘট পট ইত্যাদিকেও বিকল্প বলিয়া বুঝিতে হইবে। তন্মধ্যে শব্দ ও জ্ঞানের সহিত অভিন্নভাবে বিক-ল্লিভ স্থূল গো প্রভৃতি বস্তুতে যোগীর চিত্ত যথন সমাহিভ হয়, তথন সেই সমাধি-জনিত সাক্ষাৎকার, (শব্দ ও অর্থের সহিত) কল্পিত বস্তুকে গ্রহণ করে বলিয়া, সেই সমাধিপ্রজ্ঞা, শব্দ, অর্থ ও জ্ঞান এই তিনটীর বিকল্পের সহিত সঙ্কীর্ণ বা মিশ্রিত হইয়া সেই সেই বিকল্পের তুল্য হয়। কেননা এই প্রজ্ঞাতেও পূর্ব্বোক্ত তিন্টীর বিকল্পতার স্থায় বিকল্পতা থাকে। তাহাকে (সেই মিশ্রিত সমাধি প্রজ্ঞাকে) স্বিতর্কা সমাপত্তি বলে॥ ৪২॥

^{*} সমাধিপাদের নবম স্থত্ত ভ্রষ্টব্য I

নির্বিতর্কা সমাপত্তির কথা বলিতেছেন :---

স্মৃতিপরিশুজৌ অরূপশূল্যেবার্থমাত্রনিভাসা নির্ব্বিতর্কা॥ ৪৩॥

স্থৃতিপরিশুদ্ধৌ (সত্যাম্) স্বরূপশ্রা ইব অর্থমাত্রনির্ভাসা সমাপত্তিঃ নির্বিহর্ক। (সমাপত্তিঃ ভবতি)।

শক্ষসক্ষেত দ্বারা যে যে শ্বৃতির উৎপত্তি হয়, তাহা পরিতাক্ত হইলে, ধ্যেয় বিষয়মাত্রের প্রকাশকস্বরূপ শৃষ্টের ভায় (অর্থাৎ আপনাকে বিশ্বত হইয়া— 'আমি জানিতেছি', এইরূপ ভাব সমাগ্বিশ্বত হইয়া) যে সমাধিপ্রজ্ঞা হয়, ভাহাতে সমাপন্ন হইলে, ভাহাকে নির্ক্তিকা সমাপত্তি বলে।

লোকে, গোপ্রভৃতি শব্দ শুনিলে, তাহাদের অর্থবোধিনী শক্তির সঙ্কেত দ্বারা, যে যে অর্থ বুঝিয়া থাকে, তাহা বিকল্পিত অর্থাৎ মিশ্রিত অর্থ। সেই সঙ্কেতের স্থৃতি হইতে (গো প্রভৃতির প্রকৃত অর্থ ব্যতীত) শাক্ষজ্ঞান (অর্থাৎ এই শক্ষের এই অর্থ) এবং পরার্থামুমিতি (অর্থাৎ অপর লোকেও এই শব্দের দ্বারা এই অর্থ ৰুঝিবে) এইরূপ তুই বিকল্প জনিয়া থাকে। সেইরূপ কোনও অর্থ শ্রুত বা অমুমিত হইলে শ্রুতিরূপ বা অমুমিতিরূপ বিকরমূলক যে সমাপত্তি হয়, তাহা স্বিতর্ক স্মাপত্তি। স্থৃতিপরিশুদ্ধি হইলে অর্থাৎ চিত্ত কেবল মাত্র অর্থরূপ ভাৎপর্য্য গ্রহণ করিয়া, সেই অর্থ মাত্রকে ধরিয়া থাকিয়া, সঙ্কেত স্মৃতিকে পরি- ১ ভ্যাগ করিলে, দেই সঙ্কেত স্মৃতি হইতে যে যে বিকর জন্মে, তাহা নিবুত্ত হইয়া বার। সেই হেতু তথন সমাধিপ্রজ্ঞা স্বরূপশূলা হইয়া, কেবলমাত্র অর্থেরই প্রকাশক হয়, অর্থাৎ তথন যে অবিকল্পিত অর্থমাত্র গ্রহণ করিয়া থাকে, সেই অর্থস্থরণেই প্রকাশিত হইলে, তাহাকে নির্বিতর্কা সমাপত্তি বলে; ইহাই স্ত্রের অর্থ। তন্মধ্যে যে সবিতর্ক সাক্ষাৎকার, তাহাকে অপর (অর্থাৎ নিকুট্ট) প্রতাক্ষ বলিয়া বৃঝিতে হইবে, কেননা ভাহাতে বিকল্প থাকে । আর যে নির্বিকল্প সাক্ষাৎকার, ভাহাকে পর (অর্থাৎ উৎক্ষ্ট) প্রভাক্ষ বলিয়া বুঝিতে হইবে, কেননা তাহা বিকল্ম, অর্থাৎ সভ্য অর্থের প্রকাশক। সেই সভ্য অর্থ গো, ঘট প্রভৃতি পদার্থকে অবয়বী বলিয়া বুঝিতে হটবে। এন্থলে বৌদ্ধেরা বলেন প্রমাণু-পুঞ্জের অভিরিক্ত কোন অবয়বী পদার্থ নাই। এইরূপ আপত্তির আশক্ষা করিয়া সিদ্ধান্তী বলেন, ষধন এক বৃহৎ (অর্থাৎ পরমাণুর বিপরীত) ঘটের অফুভব অবাধিত ভাবে হইতেছে, তথন অবয়বী পদাৰ্থ অবশ্ৰই আছে, সেই

অবয়বী পদার্থ আমাদের (অর্থাৎ সিদ্ধান্তীর মতে) ভূতস্ক্ষরণ পরমাণু সমূহের পরিণাম মাত্র। সেই অবয়বী পদার্থের, নিজ উপাদানের সহিত ভেণাভেদরণ তাদাস্যাস্থ্যর; ভায়্যে এইরুপ প্রতিপাদিত হইয়াছে॥ ৪০॥

এতয়ৈব সবিচারা নির্বিচারা চ সূক্ষবিষয়া ব্যাখ্যাতা ॥৪৪॥

এতয়া এব (ব্যাখ্যয়া) স্ক্রবিষয়া স্বিচারা নির্বিচারা চ সমাপত্তি: ব্যাখ্যাতা (ভব্তি)।

পূর্ব্বোক্ত স্থাত্র যে সবিভর্কা ও নির্ব্বিভর্কা সমাপতির ব্যাখ্যা করা হইল, তদ্মরাই সবিচারা ও নির্বিচারা সমাপত্তি বুঝা ঘাইবে । কেননা পূর্ব্বোক্ত ছইটি সুলপদার্থবিষয়ক, এবং শেষোক্ত ছইটি স্ক্রপদার্থবিষয়ক, এইমাত্র প্রভেদ।

ঘট প্রভৃতি সুল পরিণামের উপাদানস্থরণে যে পরমাণুসকল ঘট প্রভৃতি বস্তুতে অনুগত হইয়া রহিয়াছে, তাহারা পঞ্চলাত্রের বিকার; ভাহারাই ভূতরণে অবস্থিত হইয়া সবিচারা ও নির্বিচারা সমাপত্তির স্ক্র বিষয় হয়। সেই স্ক্র বিষয় সকল নিজ নিজ কার্য্য, কারণ, দেশ, কাল প্রভৃতি নানা বিশেষণবিশিষ্ট ইইয়া নিজ নিজ বাচক শক ও জ্ঞানের সহিত অভিরভাবে বিকল্লিত হইয়া থাকিলে, তত্তৎ বিষয়ে যে সমাপত্তি হয়, তাহাকে সবিচারা সমাপত্তি বলে। সেই সেই স্ক্র বিষয় সকল সর্ববিশেষণশূভ ইইলে য়খন সেই সেই বিষয়ে স্বর্রপভূত পরমাণুমাত্রে সমাপত্তি হয়, তখন তাহাকে নির্বিচারা সমাপত্তি বলে। সেই সত্যার্থমাত্রকে অবলম্বন করিয়া যে সমাধিপ্রভাজক্রে তাহা স্বর্রপশৃত্তের স্তায় প্রকাশ পায়। স্থলবিষয়কে অবলম্বন করিয়া যে সবিতর্বা বায়, কেননা, এইমাত্র প্রভেদ যে শেষোক্ত ছইটীর অবলম্বন, সুল বিষয় না হইয়া, স্ক্রবিষয়ই হইয়া ধাকে ॥৪৪॥

এই বে স্ক্রবিষয়িনী সমাপত্তির কথা বলা হইল, পরমাণুই কি ইহার গ্রহণীয় বস্তুদিগের মধ্যে চরম স্ক্রবস্তু ১

উত্তর—না।

স্ক্রবিষয়ত্ব চালিজ্পর্যাবসামম্। ৪৫॥ স্ক্রবিষয়ত্বম্চ জলিজ্পর্যাবমান্ (ভবতি)।

বিচারামুগত সমাপত্তির স্ক্র বিষয় অলিঙ্গ অর্থাৎ প্রধান (প্রকৃতি) পূর্চন্ত

হইতে পারে। এই কুল্লবিষ্টিনী স্মাপত্তির চরম কুল্ল গ্রহণীয় বস্তু অলিজ বা প্রধান। কেননা, রূপ, রুস, শব্দ, ম্পর্শ এই চারিপ্রকার তন্মাত্র গ্রহতন্মাত্রের অঙ্গ স্বরপহইলে তাহা হইতে পার্থিব পরমাণু জন্মে। রূপ, শব্দ, স্পর্শ এই তিন ' ভন্মাত রস্ভন্মাত্রের অঙ্গস্থরূপ হইলে অর্থাৎ গ্রুভন্মাত্রকে বাদ দিয়া রস্ভন্মাত্র 🖠 অপর তিনটী তন্মাত্রকে অক্ষরণ করিয়া লইলে, তাংগ হইতে জলীয় তন্মাত্র, উৎপন্ন হয়। শব্দ ও ম্পর্শ তিমাত্র, রূপতনাত্রের অবস্থরণ হইলে অর্থাৎ রূপ^১ তুমাত্র গস্ত্র ও রস্ত্রমাত্রকে পরিত্যাগ করিয়া অপর হুইটা তুমাত্রকে অঙ্গস্তর্প করিয়া লইলে, তাহা হইতে তৈজ্ঞ (আথেয়) প্রমাণু উৎপর হয়। শক্তনাত্র ম্পূৰ্ম ভুনাতের অঙ্গস্ত্রণ হইলে অর্থাৎ গন্ধ, রস, ও রূপ ভুনাত্তে পরিভাগি ক্রিয়া স্পর্শতনাত্র কেবল শব্দুভনাত্রকে অঙ্গব্ধপ ক্রিয়া লইলে, তাহা হইতে বায়ব্য প্রমাণুর উৎপত্তি হয়। কিন্তু কেবলমাত্র শব্দ তন্মাত্র হইতে। আকাশের প্রমাণু উৎপন্ন হয়। এইরূপ প্রক্রিয়া বুঝিজে হইবে। অভএব এই বিকারস্বরূপ প্রমাণুগমূহ অপেক্ষা তাহাদের উপাদান পঞ্চন্মাত্র সকল স্ক্রতর। আবার অহস্কার সেই পঞ্চনাত হইতেও স্ক্র। আবার মহৎতত্ত সেই অহস্কার হইতেও স্ক্ল। প্রধান আবার সেই মহৎতত্ত্ব হইতেও স্ক্ল। সেই প্রধান লয় প্রাপ্ত হয় না বলিয়া, তাহাকে অলিক অর্থাৎ লয়হীন বলে। তাহা অপেকা আর স্কু উপাদান নাই। কেননা (অবশিষ্ট) পুরুষের সম্বাবিষয়ে কোনও উপাদানের প্রয়োজন নাই। পুরুষ যথন ভোগও অপবর্গের (মোক্লের) অভিলাষী হয়েন,তথন তিনি স্বকীয় পুরুষার্থের সাধক স্টির নিমিত্তমাত্র হয়েন; দেইতেতু স্ক্রবিষয়িনী সমাপত্তির গ্রহণীয় বস্তুসমূহের মধ্যে, 'প্রধান'ই চরম স্ক্র গ্ৰহণীয় বস্তু, ইহা সিদ্ধ হইল ॥৪৫॥

এই প্রকারে, গ্রহণীয় বস্তুর স্থ্লতা ও স্ক্রতামুদারে চারিপ্রকার সমাপত্তির কথা বলা হইল। একলে সেই চারিপ্রকার সমাপত্তি যে সম্প্রজ্ঞাত এই কথা বলিয়া, সেই প্রসঙ্গের উপসংহার করিতেছেন :—

তা এব সবীজঃ সমাধিঃ ॥৪৬॥

তাঃ সমাপত্তয়ঃ এব স্বীজঃ স্মাধিঃ (ভবভি)

এই চারিপ্রকার সমাপত্তি স্বীজ বা সাল্যন সমাধি। প্রকৃতি অথবা ভাহার কোন না কোনও বিকারকে আল্যন করিয়া ঐ সকল স্মাধি উৎপন্ন হইয়া থাকে। এইরণে গ্রহণ বিষয়িনী (ইক্সিরবিষয়িনী) সমাপত্তি বিকল্পবিশিষ্ট হইলে, তাহাকে সামন্দা সমাপত্তি বলে; আর বিকল্পন্থ হইলে তাহাকে আনন্দমাত্রা সমাপত্তি বলে। আর গ্রহীতৃবিষয়িনী (বৃদ্ধিবিষয়িনী) সমাপত্তি বিকল্পবিশিষ্ট হইলে তাহাকে সান্দ্রিতা সমাপত্তি বলে এবং বিকল্পন্থ হইলে, তাহাকে অন্মিতা সমাপত্তি বলে। পূর্ব্বোক্ত যুক্তি তুল্যভাবে প্রয়োগ করিলে, আরপ্ত এই চারিপ্রকার সমাপত্তি পাওয়া যায়। এইরপে সর্ববিশ্বন আটপ্রকার সমাপত্তি হালের সকলগুলকেই স্বীজ্ব বা সম্প্রপ্তাত সমাধি বলে। কেননা বিবেকখ্যাতি না হওয়ায়, তাহাদের প্রত্যেকটিতেই বন্ধের বীজ্বাবিষয়া যায়॥৪৬॥

ফল দেখিয়া বিচার করিতে গেলে, পূর্ব্বোক্ত চারিপ্রকার সমাপত্তির মধ্যে নির্বিচার সমাপত্তি সর্বাপেকা শ্রেষ্ঠ।

নিব্দিচারবৈশার**তে**২থ্যাক্সপ্রসাদঃ ॥৪৭॥

নির্কিচার বৈশারছে (সতি) অধ্যাত্মপ্রসাদ: (ভবতি)।

নির্বিচার সমাপত্তির বৈশার্ভ জন্মিলে আত্মাতে, (বথার্থবস্তবিষয়িনী) নির্মাল প্রস্তা জন্মে।

বুদ্ধি সম্ব হইতে রক্ষন্তমোমল দুরীভূত হইলে বৃদ্ধিনত্তের যে স্বচ্ছভাবে অবস্থিতিরূপ বৃত্তির প্রবাহ চলিতে থাকে, ওদ্ধারা তাহা প্রধান পর্যান্ত সবল করিতে পারে। সেইরূপ বৃত্তিপ্রবাহকে নির্বিচার সমাধির বৈশার্থ বলে। সেই বৈশার্থ জ্মিলে আত্মরূপ আধারে প্রমাণু হইতে প্রধান প্রান্ত মর্বাপ্রকার আব্দ্ধনের যুগপৎ প্রিক্ষুট প্রত্যক্ষপ্রক্তা উৎপন্ন হয় ॥৪৭॥

যোগীদিগের মধ্যে এই গুজার যে নাম প্রচলিত আছে, তাহা বলিভেছেন :--

শাতভারা তত্ন প্রভাগ ॥৪৮॥

তত্র (বৈশারছেদতি) প্রজ্ঞা ঋতম্ভরা (ইতি উচ্যতে)।

সেই বৈশারত হইলে, নির্বিচার সমাধি হইতে যে প্রজ্ঞা জ্যো, তাহাকে ঋতস্করা প্রজ্ঞা বলে। ঋত অর্থাৎ <u>অবিকল্পিত</u> সভ্যকে, ভরণ অর্থাৎ ধারণ করে বিশ্বা তাহার এইরূপ নাম হয় ॥৪৮॥

শক্ত অনুমান এই ছুইটীকে ক্ঞপ্ত প্রমাণ বলে। ইংারা মিশ্রিত প্রমাণ অম্থাৎ প্রত্যক্ষের সাংখ্যা বিনা প্রমা বা ষ্থার্থ জ্ঞান উৎপাদন করিতে পারে না। ঋতস্তরা প্রজ্ঞার বিষয় এই চুইটি প্রামাণের বিষয় হুইতে ভিন্ন; এই কণাই বলিতেছেন:—

শ্রুতানুমানপ্রজাভ্যামন্যবিষয়া বিশেষার্থজ্ঞাৎ ॥৪৯॥

(সা প্রজ্ঞা) শ্রুতানুমানাভ্যাম্ অন্তবিষয়া (ভবতি), বিশেষার্থতাৎ ।

আগম ও অনুমান হইতে যে প্রক্রা জন্মে, সেই প্রক্রার বিষয় হইতে ঋতস্তরা প্রক্রার বিষয় ভিন্ন; কেননা, ঋতস্তরা প্রক্রার দ্বারা বিশেষদিষয়ক জ্ঞান জন্ম। (শক্ষ ও অনুমান প্রমাণের দ্বারা কেবল সামান্তবিষয়ক অর্থাৎ জাতি বিষয়ক জ্ঞান জন্ম)।

গো প্রভৃতি শব্দে গোষ প্রভৃতি সামান্ত (জাতিবাচক) পদার্থ ব্যাইবার শক্তি আছে, কিন্তু গো প্রভৃতিতে ব্যক্তিবিশেষকে (তোমাদের কালাক্ষী, মঙ্গলা প্রভৃতিকে) ব্যাইবার শক্তি নাই, কেননা ব্যক্তি অনন্ত বলিয়া, গো প্রভৃতি শব্দসমূহ ভাহাদের সকলকেই ব্যাইতে পারে না। এইরপে (অহ্মান প্রমাণে লিঙ্গের) ব্যাপ্তি (যেমন যেখানে যেখানে ধ্যুম, সেখানে সেখানেই বহিন্ন), কেবল বহিছে প্রভৃতি সামান্ত পদার্থকেই (জাতিকেই) ব্যাইতে পারে। এইহেতু আগম ও অহ্মান প্রমাণের দারা যে যে প্রজ্ঞা জন্মে, ভাহা কেবল সামান্ত বিষয়ক। দেখ সংসারের লোকে শব্দজান বা লিঙ্গজ্ঞান লাভ করিবার পর, কেবলমাত্র, গো, বহি এইরপ সামান্ত বস্তু মাত্র ব্যে, কালাক্ষী বা মঙ্গলা নামী গোবিশেষকে কিন্তা তৈত্রের বা মৈত্রের অগ্নিকে ব্রিনা, কেননা সেই সেই গো-ব্যক্তি বা বহিন্ব্যক্তিক ব্রিতে হইলে, ভাহাদিগকে স্বয়ং প্রভাক্ষ করা চাই। ইন্দ্রিয়কত প্রভিত্ত ও দ্রুবর্তী বস্তুবিষয়ক জ্ঞানজন্মে বটে, কিন্তু ভদ্মারা হন্দ্র, ব্রাইতিও ও দ্রুবর্তী বস্তুবিশেষের প্রভাক্ষজ্ঞান লাভ করা যায় না। ভাহারা সমাধিপ্রজ্ঞার অসাধারণ বিষয়, অর্থাৎ সমাধিপ্রজ্ঞার দ্বারাই ভাহাদেরও প্রভাক্ষজ্ঞান লাভ করা যায়।

(শক্ষা) আছো, আগম ও অফুমান প্রমাণ ঐ স্ক্র প্রভৃতি বিষয়কে পূর্বে প্রকাশ করিয়া দিলে, তাহার পর ষধন সমাধিপ্রজ্ঞা তাহাদিগকে আপনার বিষয় করে, তথন সমাধিপ্রজ্ঞার মূলীভূত উক্ত আগম ও অফুমান প্রমাণ যে বিশেষ বস্তুকে জানিতে পারে নাই, *তাহাকে উক্ত সমাধিপ্রজ্ঞা কি প্রকারে জানিতে পারিবে ?

^{্ 🖈} একতজ্ঞান ও আকুমানিকজ্ঞান উভয়েই শক্ষের সাহায়ে। উৎপন্ন হয়। শক্ষকল বিশেষতঃ

(সমাধান) এরপে আপত্তি করিতে পার না, কেননা, বুদ্ধি স্বভাবতঃ সকল বস্তুই বুঝিতে সক্ষম। বুদ্ধিপত্তের স্বভাব, প্রকাশ করা। তাহা সর্বপ্রকার বস্তু বুঝিতে সক্ষম। বুদ্ধিপরের স্বারা আচ্ছাদিত হওয়ায়, আগম-অমুমানাদি প্রমাণের সাহায়্যপ্রার্থী হইয়া পড়ে, অর্থাৎ অতি অল্পরস্তকেই জানিতে সক্ষম হয়। কিন্তু যথন সমাধির অভ্যাসবশতঃ বৃদ্ধিপত্তের চক্ষ্ হইতে তমোগুণের ছানি কাটিয়া য়ায়, তথন তাহার দৃষ্টিশক্তি চারিদিকে প্রদারিত হইয়া পড়ে, এবং সকল প্রমাণের সীমা অতিক্রম করিতে সমর্থ হয়; তথন বৃদ্ধির প্রকাশ করিবার শক্তি অনস্ত হইয়া পড়িলে, কোন্ বস্তু তাহার অগোচর থাকিতে পারে
রূ সেই হেতু সমাধি প্রজ্ঞার দ্বারা বিশেষ বস্তু জানিতে পারা য়ায় বলিয়া, অন্ত প্রমাণের বিষয় হইতে সমাধিপ্রজ্ঞার বিষয় ভিয়। ইহাই স্ত্রার্থ। তাহাই এইরপে বর্ণিত হইয়াছে:—

"প্ৰজ্ঞাপ্ৰাগাদমাকৃত্ব ত্ৰোচ্যঃ শোচতো জনান্। ভূমিষ্ঠানিব শৈলস্থ: সৰ্কান্ প্ৰাজ্ঞোত্ৰোচ্তি॥"

পর্বতশিখনে আন্থোহণ করিয়া যেমন কেহ, ভূতলে দণ্ডায়মান ব্যক্তিদিগকে দেখেন, সেইরূপ প্রাজ্ঞযোগী প্রজ্ঞারপ প্রাসাদে আরোহণ করিয়া (আনন্দময় পদ প্রাপ্ত হইয়া) স্বয়ং আশোচ্যাবস্থা প্রাপ্ত হইয়া, শোকাকুল জনসাধারণকে দেখিয়া তাহাদের প্রতি দয়াপরবশ হয়েন; কেননা জনসাধারণ সমাধির আস্থাদ না পাইয়া প্রমাণেরই দাস হইয়া থাকে॥ ৪৯॥

আচ্ছা, অনাদিকালের শ্রুকাদিবিষয়ভোগন্ধনিত সংস্কার তাতিশন্ন বলবান, তাহা সমাধি প্রজ্ঞাকে ত বাধা দেয়; স্কুতরাং সমাধি প্রজ্ঞা কি প্রকারে স্থিতি লাভ করে? এইরূপ শক্ষার সমাধানের জন্ম বলিতেছেন:—

তজ্জঃ সংক্ষারোহস্যসংক্ষারপ্রতিবন্ধী॥ ৫০॥

ভজ্জ: সন্ধার: অস্থানংস্কার প্রতিবন্ধী (ভব্তি)।

সেই (নির্বিচার) সমাধি হইতে যে সমাধিপ্রজ্ঞা জন্মে, তাহার সংস্কার বু.আন সংস্কারের বিরোধী অর্থাৎ ক্ষয়কারী।

গুণবাচক শব্দনকল জাতির বা সামাস্তের বোধক। সেই হেতু শ্রুতজ্ঞান সামাস্ত জ্ঞান মাত্র,
নি বিশেষজ্ঞান নহে। আর আনুমানিকজ্ঞানে, যতটুকুর হেতু পাওরা যায় তওটুকুরই মাত্র জ্ঞান হয়।
ধুম দেখিয়া অগ্নি সামাস্তেরই জ্ঞান হয়; সেই অগ্নি কত বড়, তাহার ইন্ধন কি, ইত্যাদি জানিতে
হইলে অসংখ্য বৈত্ব আবশ্রুক, তাহা পাওরা ক্ষনত্তব। স্কুতরাং আনুমানিকজ্ঞান সামাস্তজ্ঞানমাত্র

নির্বিচার সমাধির (সমাধিপাদ, ৪৪ হত্ত দ্রষ্ঠব্য) প্রজ্ঞা হইতে যে সংস্কার জন্মে, তাহা ব্যুত্থানসংস্কারের প্রতিবন্ধী বা বাধক। ব্যুত্থানসংস্কার অনাদিকালের হইলেও, তত্ত্বকে স্পর্শ করিতে পারে না বলিয়া, যে প্রজ্ঞাসংস্কার তত্ত্বকে স্পর্শ করিতে পারে, তাহা উক্ত ব্যুত্থান সংস্কারের বাধক হয় অর্থাৎ তাহা হইতে ব্যুত্থান প্রত্যুত্রসমূহ বাধা পাইতে পাইতে, পরিশেষে আর উঠে না। কিন্তু সমাধিপ্রজ্ঞা সিভিলাভ করিতে থাকে। তদনন্তর সমাধিপ্রজ্ঞার সংস্কার পুন: পুন: প্রজ্ঞা স্থিতিলাভ করিতে থাকে। তদনন্তর সমাধিপ্রজ্ঞার সংস্কার পুন: পুন: পজ্তিতে থাকে বদিয়া, তাহা প্রবলতা লাভ বরে এবং তাহা হইলে সম্পূর্ণরূপে (অবিজ্ঞাদি পঞ্চ) ক্লেশের বিনাশ হয়। তথন চিত্ত, ভোগে আশক্তিশৃত্য হইয়া পুরুষাভিমুধ হয় এবং বিবেকথাতি সম্পাদন করিয়া ক্তক্ত্য হইয়া লীন হইয়া যায়। এই বিবেকথাতি করিতে পারিলেই চিত্তের সকল চেষ্টার অবসান হয়, কারণ এই স্থলেই তাহার অধিকার পরিসমাপ্ত হয়॥ ৫০॥

আছো, চিত্তে যথন সম্প্রজাত সমাধির প্রজ্ঞাজনিত সংস্থার বছল পরিমাণে সঞ্চিত হইতে লাগিল, তথন উপর্যুগরি সেইরূপ প্রজ্ঞালাভ করিতে থাকিলে, চিত্ত কি প্রকারে নিশ্রীকুসমাধি করিতে পারিবে? এই হেতু বলিতেছেনঃ—

তস্যাপি নিরোধে সর্ব্বনিরোধান্নির্বীজসমাধি: ॥১॥

ভক্ত অপি নিরোধে (সভি), সর্কনিরোধাৎ নিশ্বীক্রমাধিঃ (ভবভি)।

সেই সম্প্রজাতসমাধি প্রজ্ঞার সংস্কারেরও নিরোধ হইলে সর্কানিরোধ হয়। তাহা হইলেই সমাধি নির্কীজ হয়।

পুরুষখ্যাতির পর প্রবৈরাগ্যের সংস্কার রুদ্ধি পাইতে থাকে বলিয়া, সেই সম্প্রজাত-সমাধি-প্রজ্ঞা-সংস্কারের এবং তাহার সহিত সেই প্রজ্ঞারও নিরোধ হইলে, সকলেরই নিরোধ হয়, অর্থাৎ প্রজ্ঞা ও ভজ্জনিত সংস্কার প্রবাহের নিরোধ হয়। তথন চিত্তের অধিকারকাল পরিসমাপ্ত হয়—চিত্তের কোনও কার্য্য অব-শিষ্ট থাকে না বলিয়া "নিমিত্ত দূর হইলে, নৈমিত্তিকও অপগত হয়" এই নির্মান্ত্রসারে নির্মাক্ত সমাধি উপস্থিত হয়। এই কথাই এই শ্লোকে উক্ত হয়।

"আগমেনমুমানেন ধ্যানাভ্যাস রসেন চ। ত্রিধা প্রকলমন্প্রজ্ঞাং লভতে যোগমুত্তমম্॥"

শ্রবণ মনন ও ধর্মমেঘ নামক পুরুষমাত্র ধ্যানের অভ্যাস, হইতে যে রস অর্থাৎ প্রজার নির্ম্মণতারূপ যে প্রবৈরাগ্য উৎপন্ন হয়, এই তিন উপায়ে পুরুষের সাক্ষাৎ কার হইলে নির্ম্বীক্রেয়েগ সিদ্ধ হয়। ইহাই শ্লোকের অর্থ। কালক্রমে নির্বীক্র নিরোধের সংস্কার বৃদ্ধি পাইলে, চিন্তের আর থাকিবার কারণ না থাকাতে ভাহা অকীয় প্রকৃতিতে (উপাদান কারণে) লীন হইয়া যায়। আপনার কর্ত্তন্য কর্ম্ম যত দিন না প্রিস্মাপ্ত হয় তত্তদিন পর্যান্ত চিন্তের থাকিবার প্রয়োজন আছে। ভোগ ও বিবেকখ্যাতি পরিস্মাপ্ত হইলে, চিন্তের কর্ত্ব্য নিংশেষ হইয়া যায়। সেই হেতু চিন্ত বিলীন হইয়া যাইলে, পুরুষ অরপমাত্রে প্রতিষ্ঠা লাভ করিয়া "কেবল" অর্থাৎ মুক্ত হয়, ইহাই দিন্ধ হইল॥ ৫১॥

ইভি সমাধিপাদ॥

জিরাঘোগ ধরপবর্ণন।] সাধন পাদেও।

পূর্ব্ব পাদে যোগ বৃথাই বার অভিপ্রায়ে যোগের লক্ষণ নির্দেশ করিয়া বৃত্তিসমূহের প্রকারভেদ নিরূপণ করিলেন এবং দেই বৃত্তিসকলকে নিরুদ্ধ করিবার
উপায়স্থরপ অভ্যাদ ও বৈরাগ্য প্রতিপাদন করিলেন। তদনস্তর চিত্তকে স্থির
করিবার কয়েকটি উপায় বিদয়া সম্প্রভাত ও অসম্প্রভাত তুই প্রকার যোগ এবং
তাহাদের অবাস্তরভেদ প্রতিপাদন করিলেন। তন্মধ্যে অভ্যাদ এবং বৈরাগ্য,
কেবলমাত্র চিত্তক্তির দারাই দিদ্ধ হয়, এই মনে করিয়া চিত্তক্তির উপায়
ক্রিয়াযোগ বলিতেছেন:—

তপঃস্থায়েশ্বরপ্রবিধানানি কিরাযোগঃ ॥১॥

তপঃ স্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি ক্রিয়াযোগঃ (ভবতি)।

তপঃ, স্বাধ্যায় ও ঈশ্বরপ্রণিধানের নাম ক্রিয়া যোগ।

পূর্বপাদে যে যোগের কথা বলা হইরাছে, এই পাদে ভাহারই সাধন বলা হইতেছে। এইরূপে প্রথম পাদের পর সাধনপাদ বর্ণনা করা অসক্ষত নহে। 'ত্রপাং'-শব্দে ব্রহ্মচর্য্যা, গুরুদেবা, সভাবচন, কাষ্ঠমৌন (ইক্লিভের ছারাও নিজের অভিপ্রায় প্রকাশ না করা) আকারমৌন (কেবলমাত্র কথা বন্ধ করা),নিজ নিজ আশ্রমধর্ম-পালন, শীত, গ্রীষ্ম, ক্ষ্ধা, পিপাসা, মানাপমান ইত্যাদি ছন্দ্রসহন ও মিতাহার প্রভৃতিকে ব্রধায়। তপং-শব্দে শরীর শোষণ ব্রধায় না, কেননা, (বায়ু, পিত্ত, কফ) ত্রিধাতুর বৈষম্য ঘটিলে যোগের ব্যাঘাত হয়। স্বাধ্যায়—প্রণব, শ্রীস্কুল, রুদ্রাধ্যায়,পুরুষস্কুল, প্রভৃতি পবিত্র মন্ত্রের জপ বা আর্ত্তি এবং মোক্ষণাস্তের অধ্যয়ন। ক্রম্ব প্রতিধান—কলাভিসন্ধি পরিত্যাগ করিয়া যে সকল কার্য্যের অম্প্রান করা যায়, পরম গুরু ক্রম্বরে ভাহার সমর্পন*। এই সকল ক্রিয়াকেই ক্রিয়াযোগ বলে, কেন না, সহ ক্রিয়াগুলি, যোগের সাধন স্বরূপ ॥১॥

এই সমর্পণের মন্ত্র---

^{, *&#}x27;কামতোহকামতো বাপি যৎ করোমি ওভাওভন্। তৎ দর্কাং স্বায় সম্ভাতং স্বংপ্রযুক্তঃ করোমাহম্॥"

ক্রিয়াযোগের ফল বলিতেছেনং---

সমাধিভাবনার্থ্য ক্লেশতনু করণার্থদ্য ॥২॥

ক্রিয়াযোগ: সমাধিভাবনার্থ: ক্লেশতন্করণার্থ: চ (ভবতি)।

ক্রিয়াঘোগের ব্যবস্থা সমাধির উৎপাদনের নিমিত্ত এবং ক্লেশসমূহকে ক্ষীণ করিবার নিমিত্ত।

অগ্রবর্ত্তী স্বলে যে সকল "ক্লেশ" উল্লিখিত ইইয়াছে দেই "ক্লেশ" যদি
নিবিড় ইইয়া থাকে, তাহা ইইলে সমাধি সিদ্ধি হয় না। দেই হেড় ক্রিয়ায়োগ
ক্লেশসমূহকে তয়ু অর্থাৎ ক্ষীণ করিয়া সমাধি উৎপাদন করিয়া থাকে।
তন্করণ শব্দের অর্থ এই যে, যে সকল ক্লেশ সর্কাদা উভূত ইইভেছিল,
তাহীরা যদি কখন কখন অর্থাৎ বিলম্থে বিলম্থে উভূত হয়, তাহা ইইলে, তাহাদিগকে তয়ু কয়া ইইয়াছে, বলিতে ইইবে। "সমাধিভাবন" শব্দের অর্থ সমাধির
উৎপাদন, তাহাই ইইয়াছে অর্থ বা ফল বা প্রয়োজন যাহার, তাহা সমাধিভাবনার্থ। নিরবচ্ছিয় ক্লেশশ্রেণীর মধ্যে ক্রিয়ায়োগছারা বিচ্ছেদ বা বারধান
ঘটাইলে, সমাধি দেই অবদর লাভ করিয়া বিবেকখ্যাতি (বৃদ্ধি ও প্রক্ষের পরম্পের
ভিন্নভাবৃদ্ধি), উৎপাদন করে এবং ওদ্বারা ক্লেশসমূহকে এবং তাহাদের সংস্কার
সমূহকে দয়্য করিয়া ফেলে॥২॥

ভাল, ক্লেশ কি প্রকার এবং ভাহার সংখ্যাই বা কত ?—এই আশস্কার উত্তরে বলিভেছেনে :—

অবিদ্যাপ্সিতারাগদেষাভিনিবেশাঃ পঞ্চল্লেশাঃ ॥৩॥

অবিল্যা-অন্মিতা-রাগ-ছেষ-অভিনিবেশাঃ পঞ্চক্লেশাঃ (ভবন্তি)।

অবিছা, অস্মিতা, রাগ, দেষ ও অভিনিবেশ এই পাঁচটী ক্লেশ বা হঃখহেতু-চিত্তর্ত্তি ।

উক্ত পাঁচটি, কর্ম্মের এবং কর্মাফলের প্রবর্ত্তক হইয়া পুরুষকে, ক্রিশুস্তি—ছঃখ-গ্রন্থ করে, এই নিমিত্ত ভাহাদিগকে "ক্রেশ" বলে। ভাহারা সংখ্যায় পাঁচটী ॥৩॥

তন্মধ্যে শেষোক্ত চারিটা, অবিভারই কার্যা বিলয়া ভাহারাও অবিভাস্বরূপ, এই কথাই বলিতেছেন:—

অবিদ্যক্ষেত্রমুত্তরেষাং প্রস্থুতনুবিচ্ছিলোদারাণাম,

||8||

প্রস্থ তত্ত্বিচ্ছিরোদারাণাম্ উত্তরেষাম্ (অন্মিতারাগদেষাভিনিবেশানাম্)

অবিভাক্ষেত্রম্ (ভবভি) ।

অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ ইহাদের প্রত্যেকটা প্রস্থপ, তমু, বিচ্ছিন্ন

এবং উদার এই চারি অবস্থায় থাকে। অবিভা ইহাদের সকলেরই ক্ষেত্র বা জন্মভূমি।

পুরুবর্ত্তী অস্মিতাদি চারিটির অবিভাই ক্ষেত্র অর্থাৎ জন্মভূমি। সেই চারিটির অবাস্তরভেদ যথা:—প্রস্লুপ্ত, তমু, বিচ্ছিন্ন এবং উদার। যেসকল যোগী প্রকৃতিতে দেহশৃত হইয়া অবস্থান করিতেছেন, তাঁহাদের ক্লেশ প্রস্থাবস্থায় রহিয়াছে। তাঁহাদের, (সম্ব ও পুরুষের মধ্যে) বিবেকখ্যাতি উৎপন্ন না হওয়ায়, তাহাদের উক্ত ক্লেশ সকল দগ্ধ হইয়া যায় নাই। তাহারা শক্তিরূপে (potentially) অবস্থান করে বলিয়া পরিশেষে আবার উৎপন্ন হয়। ক্রিয়াযোগীদিগের ক্লেশ, তমু অবস্থার থাকে। বি্যয়াসক্তদিগের ক্লেশ বিচ্ছিন্ন এবং উদার এই উভয় অবস্থাতেই থাকে। যেমন চৈত্র নামক কোন ব্যক্তির যে নারীর প্রতি আস্ক্রিরহিয়াছে, তাহার প্রতি ক্রোধ উৎপন্ন হইলে সেই ক্রোধ বিচ্ছিন্ন-ভাবাপন্ন, কিন্তু আসক্তি উদারভাবাপন্ন। এইরূপে, যেন্থলে ক্রোধ উদারভাবাপন্ন, সেই স্থলে আস্তিক বিচ্ছিনভাবাপন। তাহা কালক্রমে উদার ভাব প্রাপ্ত হইয়া পুরুষণশুকে হ থগ্রস্ত করে। এই ক্লেশের সকলগুলিই অবিগামলক। পুরুষের অপরোক্ষ থ্যাতি (প্রত্যক্ষ জ্ঞান) ইইলে সেই অবিছা নিরুত্ত হইয়া যায় এবং তৎস জে অপর চারিট কেশও বিলুপ্ত হয়। যেমন জীবলুক্তের কেশ- 📗 সমূহ (বিলুপ্ত হ ইয়া যায় ৷) এই ক্লেশসমূহের ক্ষীণাবস্থা, নামে এক টী পঞ্চম অবস্থা, 🚶 স্ত্রে উক্ত না হইলেও আছে, বুঝিতে হইবে॥ ৪॥

ভনাধ্যে অবিভার অরপ বর্ণনা করিতেছেন:--

অনিত্যাহ**ণ্ডচিদ্ঃখানাত্মত্ম নি**হাণ্ডচিত্মখা**ত্ম** খ্যাতিরবিলা॥৫॥

অনিত্যাশুচিহ:ধানাত্মস্থ নিত্যশুচিস্থাত্মাত্মধ্যাতিঃ অবিদ্যা (ভবতি)।

জনিতা বস্তুতে নিতাবৃদ্ধি, অভচিতে ভচিবৃদ্ধি, তুংখে স্থবৃদ্ধি, এবং জনাজু বস্তুতে আ্যুবৃদ্ধি, এইরপ বিপ্রায়জানের নাম অবিভা।

যে বস্তু যাহা নহে সেই বস্তুতে সেইরূপ বৃদ্ধির নাম অবিস্থা, (ইহাই অবিস্থার সাধারণ লক্ষণ)। দেবতাগণ অমর, এইরূপে অনিত্য দেবগণে নিত্যভার ক্রমবশতঃ লোকে দেবত্লাভের জন্ম করিয়া বৃদ্ধ হয়। এইরূপে অভিচি- নারীশরীরে শুচিভার ভ্রমবশতঃ লোকে বন্ধপ্রাপ্ত হয়; ভগবান বেদব্যাস দেই কথা এইরূপে বলিয়াছেন: —

> স্থানাদীজাতুপষ্টস্থারিয়ান্দারিধনাদিপি। কায়মানেয়শোচত্বাৎ পণ্ডিতা হণ্ড6ং বিছঃ॥

শরীরের উৎপত্তির স্থান, তাহার বীজ, শরীরদাধারক ধাতু প্রভৃতি, শরীর বিনির্গত প্রাবসমূহ এবং শুরীরের নিধন বিচার করিয়া এবং শরীরের শুচিতা (পুন: পুন:) সম্পাদন করিতে হয়, বিবেচনা করিয়া পণ্ডিভগণ শরীরকে অন্তচি বলিয়াই সিদ্ধান্ত করিয়াছেন। বিষ্ঠামূত্রসমাকীর্ণ মাতার উদর ইহার উৎপত্তির স্থান, শুক্রন্যোণিত ইহার বীজ, অন্নের পরিণাম শ্লেমাদি শরীরের সংধারক वन्त, भन्नीरतन नवहान रहेरा नर्वाहे यह निर्माण स्वीरतन सन्नीरतन सन्नी, এই সকল বিষয় চিন্তা করিলে বেদপারগ ব্রাহ্মণের শরীরও অভান্ত অগুচি বলিয়া সিদ্ধ হয়। স্বভাবতঃ অশুচি শহীরের, (মৃজ্জুলাদির দ্বারা) স্নান, অমুলেশন, এভৃতি সম্পাদন করিয়া তাহাকে গুচি ক'রিয়া লইতে হয়। আর যে ভোগ, পরিণামে ছঃথকর, তাহাকে যে সুথ বলিয়া ভ্রম হইয়া থাকে এবং বুদ্ধ্যাদি অনাম্ম বস্তুতে যে 'আমি' বলিয়া ভ্রম হই গাকে, তাহাও অবিখা। অবিখা তত্তানের বিরোধিনী, ইহাই ভাবার্থ। যগুপি শুক্তিকায় রজতভ্রম প্রভৃতিকেও অবিখার অন্তর্গত বলা হয়, তথাপি উল্লিখিত চারি প্রকারের অবিস্থাই বন্ধের কারণ॥ ৫॥

দূর্দশনশক্তোৱেকাক্সতৈবান্সিতা॥৬॥

দৃগ্দৰ্শনশক্যোঃ একান্মতা ইব অন্মিতা (ভবতি)।

দৃক্শক্তি বা পুরুষ, এং দর্শন্শ ক্ত বা বুদি, এই ছুইটিকে ভ্রমবশভঃ এক বলিয়া মনে কংগর নাম অস্মিতা।

দৃক্শক্তি শক্তে পুরুষকে বুঝায়। যাহা দৃষ্ট হয় (অর্থাৎ ভুক্ত হয়) ভাহার নাম দর্শন; তাহার শক্তি (যোগ্যতা)বুদ্ধি। শক্তি শক্তের অর্থ যোগ্যতা। ভোক্তা হইবার যোগ্যতা আছে যাহার অর্থাৎ পুরুষের এবং ভোগ্য হইবার যোগ্যতা আছে যাহার অর্থাৎ বুদ্ধির, তাহারা পরস্পের অত্যন্ত পুথক। তাহা-দিগের একাত্মতা অর্থাৎ এক বলিয়া জ্ঞান, অবিছা বশতঃ হইয়া থাকে। 'ইব' (বেন) শব্দের দারা 'আমিই বুদ্ধি' এইরূপে যে পুরুষ ও বুদ্ধির একাত্মতা জ্ঞান হয়, তাহা ভ্রান্তিজনিত ইহাই বুঝাইতেছেন। তাহারই নাম অম্মিতা। একাবাদিগণ ইহাকেই হৃদয়গ্রন্থি বলিয়া থাকেন॥৬॥

অন্মিতার কার্য্য রাগ বা আসক্তি, তাহাই নিরূপণ করিতেছেন :—

সুখানুশয়ী রাগঃ॥৭॥

হুথা মুশ্মী (বুদ্ধিবৃত্তিরূপঃ) রাগঃ (ভবতি)।

বৃদ্ধির যে বৃত্তি স্থাকে অনুশয়ন করে অর্থাৎ স্থাপ্মরণ করিয়া, তাহা পাইবার লোভ করে, তাহার নাম রাগ।

স্থের অন্ভব হইলে পর তাহার স্থিবশতঃ তজ্জাতীয় অক্স স্থে, অথবা তাহার লাভের উপায়ে, যে লোভ তাহার নাম রাগ। স্থকে অনুশয়ন করে অর্থাৎ আপনার বিষয় করিয়া লয়, এই নিমিত ইহাকে (বুদ্ধির রাগরূপ বৃত্তি বিশেষকে) স্থানুশ্যী বলে ॥ ৭॥

দুঃখানুশয়ী দ্বেষঃ॥৮॥

তুঃখামুশগ্নী (বৃদ্ধিবৃত্তিরূপ:) (দ্বয় (ভবতি)।

বৃদ্ধির যে বৃত্তি হুঃখকে অফুশয়ন করে, অর্থাৎ হুঃখ শারণ করিয়া হুঃখজনক বস্তুর প্রতি, বৃদ্ধির যে প্রতিকৃলভাব হয়, তাহার নাম দ্বেষ।

হঃথের অমুম্ভব হইলে, তাহার স্মৃতিবশতঃ সেই হঃথের প্রতি অথবা তাহার উৎপাদক বস্তুর প্রতি যে <u>ক্রোধ</u> উপস্থিত হয়, তাহাকে দ্বেষ বলে ॥৮॥

স্বরসবাহী বিদুষোঠপি তথারুঢ়োঠভিনিবেশঃ॥৯॥

বিত্যঃ অপি তথারতঃ স্বরস্বাহী (বুদ্ধিরৃত্তিরপঃ) অভিনিবেশঃ ভবতি। (সাধারণ) জ্ঞানিব্যক্তিদিগেরও (মুর্থদিগের ভায়) পূর্বপূর্ব সংস্কারামুযায়ী যে

(সাধারণ) জ্ঞানব্যাক্তাদগেরও (মুখাদগের ভার) পূর্বপূর্ব সংস্কারামুখারী মরণভয়, তাহা এক প্রকার বিপর্যায় জ্ঞান; তাহার নাম অভিনিবেশ।

বিদ্বান হউক, মূর্থ হউক, প্রাণি মাত্রেরই যে মরণভয়, তাহাই অভিনিবেশ। মূর্থের যেমন 'লামি যেন চিরদিন পাকি' (অর্থাৎ কোনদিন যেন আমার না অভাব হয়) এইরূপ ভয় প্রসিদ্ধ আছে; সেইরূপ (সাধারণ) বিদ্বানেরও সেই সর্বজনসাধারণ ভয় দেখা যার; (যেহেতু ভয় স্বরস্বাহী অর্থাৎ পূর্বে পূর্বে জন্মে অনেকবার মরণভ্যুথ অনুভব করিয়াছে বলিয়া, সেই স্বরস অনুসারে (অর্থাৎ সেই মরণান্তভবের সংস্কার ধারায়) বহিতে অর্থাৎ চলিতে থাকে। এই হেতু ইহার নাম স্বরস্বাহী। ব্যাসদেব এই স্ব্রের ভাষ্যে প্রস্কক্রমে দেখাইয়াছেন যে এই মরণভয় হইতে স্পষ্টরূপে বুঝা যায় যে আত্মা দেহ হইতে ভিন্ন। সভোজাত শিশুরও যে মরণ হইতে ত্রাদ দেখা যায়, তাহা পূর্বে পূর্ব্ব মরণের সংস্কার হইতে উৎপন্ন, এইরূপ না স্বীকার করিলে, তাহার অন্ত

কোন কারণ নির্দ্ধেশ করা যায় না । এই অবিছা, অন্মিন্তা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ যথাক্রমে তমঃ, মোহ, মহামোহ, তামিত্র ও অন্ধতামিত্র নামে অভিহিত হয়। তন্মধ্যে অব্যক্ত, মহৎ, অহঙ্কার এবং পাঁচটী তন্মাত্র সর্বশুদ্ধ এই আটটি অনাত্মবস্তুতে যে অাত্মবৃদ্ধিরূপ অবিছা, তাহার নাম তমঃ। অণিমা, লঘিমা, বাাধি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা এই আটটী ঐশ্বর্য্যের সহিত যে তালাত্ম্য বৃদ্ধি, অর্থাৎ আমি অণু, আমি মহান্ইত্যাদিরূপ বৃদ্ধিই মোহ। আর শব্দ, স্পর্শ, রূপ, রূপ, গন্ধ এই পাঁচটি বিষয়ের সেই দিব্য ও অদিব্যভেদে সর্ব্যগুদ্ধাত প্রকার; তাহাতে আসক্তির নাম মহামোহ। পূর্ব্যোক্ত আটপ্রকার অণিমাদি ঐশ্বর্যালাভে বিল্ল ঘটিলে এবং সেই কারণে উক্ত দশপ্রকার বিষয়ের ভোগ হইতে বঞ্চিত হইলে, সর্ব্যক্তির এই আঠার প্রকার ইইলাভের বিল্লের প্রতিযে দ্বেষ, তাহার নাম তামিত্র। আর এই আঠার প্রকার অতীইের, পাছে বিনাশ হয়, এই প্রকার ভয়ের নাম অন্ধতামিত্র। এই কথাই সাংখ্য কারিকায় এই ভাবে কথিত হইয়াছে:—(৪৮ সংখ্যক)

'ভেদস্তমদোহষ্টবিধো মোহস্ত চ দশবিধো মহামোহ: । তামিপ্রোহষ্টাদশধা তথা ভবতান্ধতামিশ্র:।

তমঃ (অবিভা) আট প্রকার, মোহ (অস্মিভা) আট প্রকার, মহামোছ (রাগ) দশ প্রকার, তামিস্র (দেষ) অষ্টাদশ প্রকার এবং অন্ধ্রতামিস্র (মরণ্ডয় বা ভয়মাত্রই) অষ্টাদশপ্রকার ॥১॥

/ সেই পূর্ব্ব বর্ণিত পাঁচটি ক্লেশ গুই অবস্থায় থাকে (১) পুরুষখ্যাতি বা পুরুষের বিবেকোণলন্ধি দ্বারা দ্বাবাজাবস্থাপ্রাপ্ত, সংস্কারমাত্রে পর্যাবসন্ধ, ক্ষ্মাবস্থা এবং (২) ক্রিয়া যোগের অমুষ্ঠানের দ্বারা এবং ফ্রৈটি ভাবনারূপ চিত্তের পরিকর্ম অর্থাৎ সংস্কার দ্বারা, গুর্কলাক্ষত বীজভাবাপন্ন (অঙ্কুরোৎপাদনে সমর্থ) স্থূলাবস্থা। তন্মধ্যে কোন্ উপায় দ্বারা ক্ষ্মাবস্থাপ্তা ক্লেশসমূহকে দূর করিতে হইবে, তাহাই বলিতেছেন:—

তে প্রতিপ্রসবহেরাঃ স্ক্রাঃ ॥১০॥ তে স্কাঃ (ক্লেশাঃ) প্রতিপ্রসবহেরাঃ (ভবন্ধি)।

সেই ক্লেশসকলকে চিত্তের প্রতিপ্রস্ব দ্বারা (বিপরীতপ্রস্ব দ্বারা) অর্থাৎ চিত্তের কারণে চিত্তকে বিলান করিয়া, পরিত্যাগ করিতে হয়।

চিত্তের কার্য্যের পরিসমাপ্তি হইলে, চিত্ত যে অন্মিতা হইতে উৎপন্ন হইয়াছে, তাহাতে তাহাকে প্রলীন করিয়া দিলে, পূর্ব্বোক্ত স্ক্রাবস্থাপন্ন ক্রেশ সকল বিনষ্ট হয়। ধর্ম্মীর নাশ কণিতে পারিলেই তাহার ধর্ম্মের অর্থাৎ (ক্লেশ-) সংস্কারের বিনাশ হয়॥১০॥

এক্ষণে কি প্রকারে বীজভাবাপন্ন স্থল ক্লেশসমূহ পরিত্যাগ করিতে হইবে, তাহাই বলিতেছেনঃ—

৺ ধ্যানহেয়াস্তদ্রভয়ঃ ॥১১॥

তদৃত্য়ঃ ধ্যানহেয়াঃ (ভবস্তি)।

্র ক্লেশের স্থূলবৃত্তিসমূহকে ধ্যানের দারা পরিত্যাগ করিতে হয়, (অর্থাৎ দক্ষবীজাবস্থা পাওয়াইতে হয়)।

ক্রিয়াযোগ দারা, যে সকল স্থল ক্রেশর্ত্তি বিরলীক্বত হইয়াছে, সেই স্থথক্থমোহরূপ ক্রেশর্ত্তিসমূহকে পুরুষধ্যানের দারা পরিত্যাগ করিতে হয়, (অর্থাৎ
ক্রেশাবস্থা পাওয়াইতে হয়)। যেমন বয়ে, (পক্ষাদি) স্থল মল লাগিলে লোকে
প্রথমে প্রকালনের দারাই তাহা দ্র করে, পরে বয়ের ক্রেমল ক্যারসংযোগাদির
দারা পরিকার করে, কিন্তু বয়ের যে মলসংস্কার (দূরপণেয় দাগ থাকিয়া যায়, তাহা)
বয় বিনষ্ট হইলেই বিনষ্ট হয়; সেইরূপ অতি নিবিড় ক্রেশ সকল ক্রিয়াযোগামুষ্ঠানের
দারা বিরল হয়; সেই বিরল ক্রেশসমূহ আবার ধ্যানের দারা ক্রেশীকৃত হয়।
ক্রেশ হইবার পর চিত্ত বিনষ্ট হইলে তাহারা বিমষ্ট হয়, ইহাই ভাবার্থ ॥১১॥

ক্লেশবর্ণনা সমাপ্ত হইল; এক্ষণে আশক্ষা উঠিতেছে:—আচ্ছা, তাহাদিগকে কেন ক্লেশ বলে ? এই আশক্ষার সমাধানের নিমিত্ত বলিতেছেন,—তাহারা কর্ম্মের এবং কর্ম্মফলের কারণ হইয়া বন্ধনের হেতু হয়; সেইহেতু তাহাদিগকে ক্লেশ বলে।

ক্লেশমূলঃ কর্মাশেতয়া দৃষ্টাদৃষ্টজন্মতেবদনীয়ঃ ॥১২॥

ক্লেশমূলঃ কর্ম্মাশয়ঃ দৃষ্টাদৃষ্টজন্মবেদনীয়ঃ (ভবতি)।

কর্মের সংস্থার, (কামক্রোধাদি-) ক্লেশ হইতে জন্মে; তাহা দৃষ্ট ও অদৃষ্ট জন্মে অর্থাৎ ইহজন্মে বা পরজন্মে, বেদনীয় অর্থাৎ ভুক্ত হইয়া থাকে।

স্ত্রস্থ তিনটী পদের দ্বারা যথাক্রমে কর্মের হেতু, কর্মের স্বরূপ এবং কর্ম্মফল বর্ণিত হইতেছে। কর্মাশয়—সাংসারিক পুরুষগণ যাহাতে আশয়ন করে বা অনায়ন্তভাবে অবস্থান করে, তাহার নাম আশয়; কর্মের আশয় বলিলে ধর্মাধর্মরূপ লংস্কার বুঝায়। কামক্রোধাদি ক্লেশনকল তাহার কারণ বলিয়া তাহাদিগকে স্ত্রে 'ক্লেশমূল' বলা হইয়াছে। সেই কর্মাশয় হইপ্রকার, যথা দৃষ্টজন্মবেদনীয় এবং অদৃষ্টজন্মবেদনীয়। যে দেহের দ্বারা কর্ম করা যায়, সেই দেহের নাম দৃষ্টজন্ম। প্রথমোক্ত কর্ম্মসংস্কার সেই দেহেই ভুক্ত হইয়া থাকে;

বথা নন্দীশ্বর বাল্যকালে মনুষ্যদেহের দ্বারাই তীব্রসম্বেগ সহকারে, মন্ত্র, তপং ও সমাধির দ্বারা ঈশ্বরের আরাধনা করিয়া, সেই দেহেই, দেবস্বজাতি, দীর্ঘ আয়ু এবং দিব্য ভোগসকল লাভ করিয়াছিলে। সেইরূপ বিশ্বামিত্র, (ব্রাহ্মণত্ব) জ্বাতি ও (দীর্ঘ) আয়ু লাভ করিয়াছিলেন। ভীত, ব্যাধিত, দীন, বিশ্বস্ত এবং মহামুভব ব্যক্তিদিগের প্রতি অপরাধ করিলে স্তঃস্তঃই তাহার ফলভোগ করিতে হয়, বেমন নহম, মহর্ষির প্রতি অপরাধ করিয়া স্তঃই সর্পত্ব প্রাপ্ত ইইয়াছিলেন। জ্বদৃষ্ঠ-জন্মবেদনীয় নামক দ্বিতীয় প্রকার কর্ম্মাশয় জন্মান্তরভোগ্য স্বর্গ নরকাদির কারণ হয়। ইহাই স্বত্রের অর্থ॥২২॥

বাঁহাদের অবিভাদি ক্লেশ ক্ষীণ হইয়াছে, তাঁহাদের এই কর্মাশয় নাই, এই বিশেষ কথা বুঝাইবার জন্ম হুত্র করিতেছেনঃ—

সতি মূলে তদিপাকো জাত্যায়ুর্ভোগাঃ ॥১৩॥

মূলে সতি জাত্যাযুর্জোগাঃ তদ্বিপাকঃ (তব্তি।)

কেশরপ মূল থাকিলে, কর্মের ফাতি (জন্ম), অরুও ভোগরপ বিপাক বা ফল জন্মে।

ক্লেশরপ মূল থাকিলেই কর্মের বিপাক বা ফল জয়ে। যিনি ক্লেশ্লুছ হইরাছেন, তাঁহার ভোগ নাই; কেননা যিনি সর্ব্রকামনাশৃন্ত, তাঁহার কর্মজনিত কোনও ফলে স্থব্দি নাই, এবং যিনি উদ্বেগশ্ন্ত, তাঁহাকে শোক করিতে হয় না। এইছেতু বিবেকথ্যাতিরপ অগ্লি দ্বারা ক্লেশসমূহ দগ্ধ হইয়া যাইলে, কর্মবীজ তুমহীন ধান্তবীজের ন্তায় আর ফল প্রান্তব না। কর্মের সেই বিপাক তিন প্রকার—(১) জাতি—জয় অথবা দেবত্বাদি, (২ আয়ু—দীর্ঘকার ধরিয়া দেহ ও প্রাণের সংযোগ, (৩) ইন্দ্রিয়সমূহ দারা বিষয়াত্বতা। তয়ধ্যে ভোগরূপ ফলই মুথ্য; জাতি ও আয়ু তাহার অক্সরূপ; এইরূপ বিভাগ ব্বিতে হইবে। তয়ধ্যে একই দেহে বিবিধ প্রকারের বিচিত্র ভোগ দেখা যায় বলিয়া (একাধিক জন্মার্জিত) অনেক কর্ম্ম পূর্বদেহের বিনাক কালে, এক সঙ্গে প্রকটিত হইয়া (অব্যবহিত পরবর্তী) একটীমাত্র জয় রচনা করে। সেইছেতু সেই প্রকটিত কর্ম্মসমূহকে 'একভবিক' কর্ম্মাণ্র বলে। তাহার ফল কোনওস্থলে জয় (দেবত্বাদি), কোনওস্থলে আয়ু, কোনওস্থলে জেলার, কোনওস্থলে জয়ারু, কোনওস্থলে স্কার্

কোনস্থলে ইহাদের ছইটি, কোনস্থলে বা তিনটি এইরূপ ফলের বিচিত্রতা ঘটে বুঁরিতে হইবে। ভগবাদ শ্রীকৃষ্ণ গীতার ৪র্থ অধ্যায়ে ১৭শ শ্লোকে বলিয়াছেন— "গহনা কর্মনো গতিঃ"—কর্মের গতি হুক্তের। এ বিষয়ে সবিস্তর বিবরণ ব্যাস-ভাষ্যে দ্ৰষ্টব্য ॥১৩॥

এক্ষণে জন্ম আয়ু ও ভোগ, ইহারা যে হেয় অর্থাৎ বর্জনীয়, তাহাই বুঝাইবার জন্ম তাহাদের ফল বলিতেছেন :— ·

তেজ্ঞাদপরিতাপফলাঃ পুণ্যাপুণ্য হৈতুত্বাও ॥১৪॥ (তে জ্যাত্যায়ূর্ভোগাঃ) পুণ্যাপুণ্যহেতৃত্বাৎ ফ্লাদপরিতাপফলাঃ (ভবস্তি)।

সেই কর্মাশয় সকল পুণাজনিত হইলে স্থ্যফলক এবং পাপজনিত হইলে ছঃখফলক হয়।

তাহারা অর্থাৎ বন্ম, আয়ু এবং ভোগ। পুণ্য হইয়াছে হেতু বা উৎপত্তির কারণ যাহাদিগের, তাহারা পুণ্যহেতু; সেইরূপ হইলে তাহারা স্থথরূপ ফল প্রসব করে। অপুণ্য অর্থাৎ পাপ হইয়াছে হেতু যাহাদিগের, তাহারা অপুণ্য হেতু; সেইরূপ হইলে তাহারা হুঃখরূপ ফল প্রদব করে। এস্থলে 'ভোগ'শব্দের অর্থ বিষয়ের অন্নভব। কিন্তু বাচষ্পতি মিশ্র বলেন, ভোগ শব্দের অর্থ স্থথ-ছংথামুভব। সেই স্থথছংথ উক্ত অমুভবের বা ভোগের পূর্ব্ববর্তী (পূর্ব্বদিদ্ধ) হওয়াতে তাহারা সেইরূপ ভোগের ফল না হইলেও তাহারা ভোগক্রিয়ার কার্য্যরূপে ভোগের ফল বলিয়া সিদ্ধ হইতে পারে; যেমন (পূর্ব্ধসিদ্ধ) গ্রাম, গমন ক্রিয়ার ফলরূপে সিদ্ধ হয়, সেইরূপ ॥১৪॥

আচ্ছা, তাহারা ছঃধফলপ্রদ হইলে যেন হেয় বা বর্জনীয় হইল, কিন্তু সুধ **ফলপ্রদ হ**ইলে তাহারা কি প্রকারে বর্জনীয় হইতে পারে? এই হেডু বলিতেছেন :---

পরিণামতাপদংক্ষারত্বঃটখগুণরুত্তিবিচরাধাক্তত্বঃখচমব সর্ব্রং বিবেকিনঃ ॥১৫॥

পরিণামতাপদংস্কারহঃথৈঃ (সংযুক্তত্বাৎ) গুণবৃত্তিবিরোধাৎ চ বিবেকিনঃ সর্বাদ্ ছঃখন্ এব ।

পরিণাম হংধ, তাপহংধ এবং সংস্কারহুংথের সহিত সংযুক্ত থাকাতে এবং

স্থুপ ছঃথ ও মোহরূপ গুণরুত্তির মধ্যে পরস্পার বিরোধ ঘটে বলিয়া, বিবেকীর নিকট সমস্তই ছঃখন্মরূপ ॥

'পরিগাুম' শব্দের অর্থ অন্তথাভাব (রূপাস্তরপ্রাপ্তি)। 'তা<u>প'</u>—বর্ত্ত<mark>মান</mark> কালীন হঃথ। 'সংস্কার'—অতীত(স্লখ-)হুঃথের। এই তিনটি 'তাহাদের সহিত' এইরূপে স্ত্রস্থ "পরিণামতাপসংস্থারছঃথৈঃ" এই সমাসটির ব্যাসবাক্য করিতে হইবে। দেখ, বিষয় স্থখ ভোগ হইতেই কামনারূপ অগ্নি রুদ্ধি পাইতে থাকে। কামনা বৃদ্ধি পাইলে, যদি কাম্য বস্তু না পাওয়া যায়, তাহা হইলে হঃথ অনিবার্য্য। আবার কাম্যবস্তু পাইলেও যদি কোন কারণবশতঃ পূর্ণনাত্রায় তাহার ভোগ না হয়, তাহা হইলে ত' হঃখ আছেই, (অধিকন্তু) যে কারণ হইতে ভোগের সঙ্কোচ হয়, তাহার প্রতি দ্বেষ হয়। তদনস্তর সেই কামনা এবং দ্বেষ এই উভয় হইতে পাপ বৃদ্ধি পাইলে, আবার হুঃখ। এদিকে ভোগের মাত্রা পূর্ণ হইলেও ব্যাধি ও পাপ। তাহা হইতে আবার হৃঃখ। এইরূপে ভোগ পরিণামে ছঃথেরই উৎপাদক। আর স্থথভোগকালে পাছে ভোগ্যবস্তু বিনষ্ট হয়, দেই ভয়ে ত্রংথ ত' আছেই ; আর ধাহা হইতে ভোগ্যবস্তুর বিনাশের সম্ভাবনা,তাহার প্রতি দ্বেবশতঃ তাপ নামক হুঃথ জন্মে। এইরূপে ভোগ তাপনামক হুঃথের উৎপাদক। আবার স্কুখভোগ সমাপ্ত হইয়া গেলে, যে সংস্কার থাকিয়া যায়, তাহা হইতে শ্বৃতি উৎপন্ন হইয়া আবার ভোগাসক্তি জন্মিলে পুণ্য ও পাপের অর্জ্জনহেতু আবার স্থথহুংথের ভোগ হইয়া থাকে। তাহা হইতে আবার সংস্কার জন্মে। এইরূপে অনন্ত ছঃখপ্রবাহ চলিতে থাকে। যদি ভোগ সমাপ্ত হইলে তাহার সংস্কার না থাকে, তাহা হইলে তথন আর হঃথের প্রবাহ চলেনা, কিন্তু সংস্কার থাকিয়াই যায়। এইরূপে (ভোগ-) সংস্কার হুঃথের উৎপাদক। বিচারশীলযোগী অক্ষিগোলক সদৃশ। এই সকল হুঃথ, অক্ষিগোলকদৃশ (স্নুকুমারচিত্ত) যোগীকে উদ্বিগ্ন করিয়া থাকে. কিন্তু কঠিনচিত্ত কর্মীদিগকে দেইরূপ উদ্বিগ্ন করিতে পারে না। থেমন (মাকড়সার জাল অত্যন্ত কোমল হইলেও, অক্ষিগোলককে উন্নিগ্ন করে, অস্ত অবয়বকে সেইরূপ উদ্বিগ্ন করে না, সেইরূপ। সেইহেতু সমস্ত ভোগোপকরণই বিচারশীল ব্যক্তির নিকট বিষমিশ্রিত অন্নের স্থায় হৃঃথপ্রাদ; কেননা সকল উপকরণই পরিণাম-তাপ-সংস্কার হৃঃথের সহিত সংযুক্ত এবং তাহারা "গুণরুতিবিরোধের উৎপাদক।" গুণবৃত্তিবিরোধ—গুণশব্দে চিত্তরূপে পরিণত সম্ব, রজঃ ও তমঃ এই তিন গুণকে বুঝায়। এই ত্রিগুণের 'রুত্তি' শব্দে স্থখ, ছঃখ ও মোহকে

বুঝার। তাহাদের 'বিরোধ' বলিলে, তাহাদের পরস্পর একটির অপরকে অভিভূত করা অথবা তদ্দারা অভিভূত হওয়া, বুঝার। (সেইরপ বিরোধ থাকাতেই বিবেকী যাবতীর ভোগোপকরণকে হঃখ বলিয়া বুঝেন।) উক্ত গুণরুত্তি সকল 'চল' অর্থাৎ অস্থায়ী। পুণাফলের আবির্ভাবহেতু, যদি চিত্তে কোন গুণরুত্তির আবির্ভাব হয়, তাহা হইলে কোন পাপের ফল আবির্ভৃত হইয়া উক্ত পুণাফলকে অভিভূত করিলে, সেই গুণরুত্তি তিরোহিত হইয়া যায় এবং সেই পাপের ফল আপনার স্বাভাবিক হঃখরপতা প্রকাশ করিয়া দেয়। (আর যাহাকে স্থথরুত্তি, বলা যায়) সেই স্থথ-বৃত্তি স্বভাবতঃ হঃখরপ বৈ অস্ত কিছু নহে; কেননা, তাহা হঃখরপ রজোগুণ-মিশ্রিত সম্বগুণের পরিণাম মাত্র; কিন্তু সেই স্থথরুত্তির হঃখরপতা যে স্পান্ট বুঝা যায় না, তাহার কারণ এই যে স্থথরুত্তি বর্ত্তমান থাকিলে তৎকালে সম্বগুণেরই প্রাধাস্ত থাকে; আর রজোগুণ সম্বগুণের হারা তিরোহিত হয় বলিয়াই, সেই স্থথরুত্তি স্পান্ট ভাবে বুঝা যায়। এই কারণেই লোকে স্থথ ও হঃখকে হইটি ভিন্ন ভিন্ন বৃত্তি বলিয়া থাকে। ইহা হারা স্থেও যে মোহরূপ, তাহা বুঝান হইল। এই হেতু ত্রিগুণের পরিণামস্বরূপ সমস্ত জগৎই হঃখমোহরূপ, অতএব হেয় বা পরিত্যান্ত্য, ইহাই দির হইল॥ ১৫॥

আর ঘেমন চিকিৎসাশান্ত্রে (১) রোগ, (২) রোগের হেতু, (৩), আরোগ্য (৪) আরোগ্যের উপায়—এই চারিটি বস্তু বুঝান হইয়া থাকে, সেইরূপ এই শোগশান্ত্রে ও(১) হেয় বস্তু, (২) তাহার হেতু, অর্থাৎ তাহা কি প্রকারে আসিল (৩) মোক্ষ, এবং (৪) মোক্ষের উপায়—এই চারিটি বুঝাইবার নিমিত্ত প্রথমে বিশেষ করিয়া হেয় বস্তুর স্বরূপ দেখাইতেছেন :—

হেয়ং ছঃখমনাগভম্ ॥১৬॥

অনাগতম্ জংথম্ হেয়ম্। অনাগত জংথই হেয়।

অতীত হঃখ, ভোগের দ্বারা ক্ষয় পাইয়াছে; সেইরূপ বর্ত্তমান হঃখণ্ড ভোগের দ্বারা ক্ষয় পাইতে থাকে। সেই হেতু যে হঃখ অনাগত অর্থাৎ এখনও আসে নাই, তাহাই হেয় অর্থাৎ তাহাকেই বর্জন করিতে হয় ॥১৬॥

সেই হেয় বস্তরহিত্যুক ? এক্ষণে ইহারই উত্তর দিতেছেন :—

দ্রষ্ট, দৃশ্যে সংযোগে। হের্হেছুঃ ॥১৭॥

দ্রষ্ট্ দৃশুয়োঃ সংযোগঃ হেয়হেতুঃ (ভবতি)। দ্রষ্টার এবং দৃশ্রের সংযোগই হেয়হেতু।

জ্ঞা — চৈতন্তস্বরূপ পুরুষ; তিনি বৃদ্ধিন্থত ছায়াস্বরূপ আপনাকে দর্শন করিয়া থাকেন। দৃশ্ত — বৃদ্ধিন্ত । সেই ছইটির 'সংযোগ' — স্বস্থামিতাব অর্থাৎ অধিকৃত বস্তু ও অধিকারীর ভাব। বৃদ্ধিনত্ত ইক্রিয়াদির দ্বারা শন্ধ, স্পর্শ প্রভৃতি বিবিধ আকারে পরিণত হয়। তাহা চৈতন্তময় পুরুষের ছায়া পাইয়া, সেই পুরুষ হইতে অভিন্ন বলিয়া দৃষ্ট হত্। অয়য়াস্তমণি বা চৃষক প্রস্তুর যেমন নিকটে থাকিলে লৌহাদির উপকারক হয়, অর্থাৎ তাহাদিগের সহিত আকর্ষক-আরুষ্ট সম্বন্ধ স্থাপন করে, সেইরূপ, বৃদ্ধিনত্ত আপনাতে অবস্থিত ভোগ এবং মোক্ষরূপ পুরুষরের প্রস্তুর্যার্থ, পুরুষকে দেখাইয়া, পুরুষরের স্ব অর্থাৎ বিষয়স্বরূপ হয় এবং পুরুষ তাহার স্বামিস্বরূপ ইন। এই উভয়বে অভিন্ন বলিয়া যে ত্রম হয় সেই ভ্রমরূপ অবিছ্যা হইতেই উভয়ের সংযোগ ঘটিয়া থাকে এবং যতদিন না পুরুষার্থসিদ্ধি হয়, ততদিন সেই সংযোগ বিষ্যুমান থাকে। সেই সংযোগই হেয় ছঃথের হেতু ॥১৭॥)

দৃশ্যের স্বরূপ বর্ণনা করিতেছেন:--

প্রকাশক্রিয়াস্থিতিশীলং ভুতেন্দ্রিয়াত্মকং ভোগাপবর্গার্থং দৃশ্যম্ ॥১৮॥

দৃশুম্ প্রকাশক্রিয়ান্থিতিশীলম্ ভূতে ব্রিয়াত্মকম্ ভোগাপবর্গার্থম্ (ভবতি)।

দৃশুবস্তু, প্রকাশ, ক্রিয়া এবং স্থিতি এই ত্রিস্বভাববিশিষ্ট এবং তাহা ভূতরূপে ও ইন্দ্রিয়রূপে অবস্থিত এবং ভোগ ও অপবর্গের সাধক।

সক্তরণ প্রকাশস্থভাব। রজোগুণ ক্রিয়াস্বভাব। তমোগুণ স্থিতিস্বভাব অর্থাৎ প্রকাশ ও ক্রিয়ার প্রতিবন্ধকস্বভাব। তমধ্যে সক্তরণ মৃত্র বলিয়া
তাহা তপ্য অর্থাৎ সন্তপ্ত হইয়া থাকে। রজোগুণ তাপক অর্থাৎ তাহা তাপ দিয়া
থাকে। এইরূপে সত্ত ও রজোগুণ পরস্পার তপ্য ও তাপকভাবে অবস্থিত
থাকাতে মমতাহারা পুরুষের মোহ জন্মায়। এই তিনটি গুণ নিজ নিজ কার্য্যে
পরস্পারকে সাহায্য করিয়া থাকে। ইহারা অবিবেকী বা জড় এবং ভোগ্য।
বিবেকী ব্যক্তির নিকট ইহারা হেয়। ইহারা পরস্পারকে অভিভূত করিয়া থাকে
বটে, (কিন্তু) ইহাদের মধ্যে পরস্পার অঙ্গান্ধিভাব আছে। সন্ধগুণের ফলে স্থথ
প্রকাশ ও লত্বতা; রজোগুণের ফলে ত্বংথ, ক্রিয়া ও উৎসাহ; এবং তমোগুণের ফলে

মোহ, আবরণ ও গুরুতা,এই সকল লক্ষণ দেখিয়া উক্ত গুণ তিনটিকে পরম্পর ভিন্ন বুলিয়া বুঝা যায়, কিন্তু তাহারা পরম্পর অভিন্ন থাকে বলিয়া তাহাদের মধ্যে ভেদ বুঝা যায় না। সেই হেতু তিনটির সমষ্টি "প্রধান" নামে অভিহিত হইয়া থাকে। সেই গুণত্রয় "ভূতেন্দ্রিয়াত্মক" অর্থাৎ ভূতরূপে ও ইন্দ্রিয়রূপে অবস্থিত। 'ভূত' শব্দে পঞ্চ স্থূলভূত ও পঞ্চতনাত বুঝায়। 'ইক্সির' শব্দে পাঁচটি জ্ঞানেক্সির, পাঁচটি কর্মেক্ত্রিয় এবং বৃদ্ধি, অহঙ্কার ও মন এই তিনটি অন্তঃকরণকে ব্ঝায়। এই ভূত ও ইন্দ্রিরসমূহ যাহার আত্মা অর্থাৎ নিজম্বরূপ হইতে অভিন্ন-পরিণাম, তাহাকে ভূতেন্দ্রিয়াত্মক বলে। সেই দৃশ্য "ভোগাপবর্গার্থ" অর্থাৎ ভোগ ও মোক্ষের প্রযোজক বা সাধক ; ইছাই স্থতের অর্থ ॥১৮॥

এই সকল গুণের পরিণাম বিভাগ করিয়া দেখাইতেছেন :—

ৰিদেৰাৰিকেষলিজমাত্ৰালিজাণি গুণপৰ্ৱাণি ॥১৯॥

বিশেষাবিশেষলিক্ষমাত্রালিক্ষাণি গুণপর্ব্বাণি (ভবন্ধি)।

বিশেষ, অবিশেষ, লিঙ্গমাত্র ও অলিঙ্গ, ইহারা ত্রিগুণের পর্বাস্বরূপ।

যাহাদিগকে বিশেষ করা যায় অর্থাৎ অন্ত হইতে পৃথক করিয়া নির্দেশ করা যায়, তাহাদিগকে বিশেষ বলা হয়। বোলটি বিকার পদার্থ এই বিশেষ নামক শ্রেণীর অন্তর্ভূত। সেই যোলটি বিকার এই:—পাঁচটি স্থুলভূত, যথা আকাশ, বায়ু, তেজ, জল ও পৃথী ; পাঁচটি জ্ঞানেন্দ্রিয়, পাঁচটি কর্ম্মেন্দ্রিয় অর্থাৎ দশটি ইন্দ্রিয়, এবং মন। ইহারা বিকারমাত্র অর্থাৎ অপর কোন তত্ত্বের প্রকৃতি বা মূল কারণ হয় না। এই সকল বিকারের প্রাকৃতি বা মূলকারণ ছয়টি অবিশেষ নামক পদার্থ যথা—পঞ্চন্মাত্র ও অহঙ্কার। এই ছয়টি আবার বুর্দ্ধির বিকার। সাংখ্য-মতাবলম্বিগণ বলেন "অহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রানি" (সাংখ্য হত্ত্র ১।৬১) অহঙ্কার হইতেই পঞ্চন্মাত্র উৎপন্ন হয়। কিন্তু যোগমতাবলম্বীগণ বলেন এই পঞ্চন্মাত্র বুদ্ধির অপত্য অর্থাৎ বৃদ্ধি হইতে উৎপন্ন, এবং তাহারা অহস্কারের অমুজ অর্থাৎ কনিষ্ঠ সহোদর। তন্মধ্যে শব্দ, স্পর্শ, রূপ, রুস ও গন্ধ নামক পঞ্চতন্মাত্র স্থুল প্রকৃতি বা মূলকারণ। অহম্বার, সত্ত্তণের সাহায্যে জ্ঞানে ক্সিরের, রজোগুণের সাহায্যে কর্ম্মেন্দ্রিয়ের এবং উভয় গুণের সাহায্যে মনের, প্রকৃতি বা মূলকারণ অর্থাৎ উৎপাদক হয়। যাহা লয় প্রাপ্ত হয় ভাহাকে লিন্ধু বলে। মহতত্ত্ব লিঙ্গ মাত্র। এস্থলে 'মাত্র' এই শব্দের দ্বারা বিশেষ এবং অবিশেষ এই উভয় শ্রেণী হইতেই এই মহতত্ত্বের পার্থক্য বুঝান হইতেছে। সেই মহতত্ত্ব প্রধানের

দৃশু অনাদি।

প্রথম কার্য্য, তাহা নির্ব্বিকল্পক অধ্যবসায়াত্মক অর্থাৎ সর্ব্বপ্রকার ভেদপরিশৃষ্ঠ নিশ্চয়ম্বরূপ। [নিশ্চয় ও সন্তা অবিনাভাবী] গুণত্ররের সাম্যাবস্থা অর্থাৎ তুল্যবেগতাম্বরূপ প্রধান, অলিক। এই চারিটি, গুণত্ররের পর্বব বা পরিণাম। এই গুণত্রয় চেতনপুরুষের শেষ বা ভোগ্যম্বরূপ বলিয়া, ইহাদিগকে গুণ (অমুখ্য) বলা হইয়াছে ব্রিতে হইবে॥১৯॥

এইরূপে দৃশ্যের স্বরূপ, নির্ণয় করিয়া দ্রষ্টার স্বরূপ নির্ণয় করিতেছেন :—

দ্রষ্টা দৃশিমাত্রঃ শুদ্রোহপি প্রত্যরান্ত্রপশ্যঃ ॥২০॥ দ্রষ্টা দৃশিমাত্রঃ শুদ্ধঃ অপি প্রত্যরান্ত্রপশ্মঃ (ভবতি)।

দ্রষ্টা চিন্মাত্র ; তিনি শুদ্ধ হইলেও প্রত্যয়ের সহিত অভিন্ন হইয়া, (শব্দাদি)
দর্শন করেন।

দ্রষ্টা বা পুরুষ দৃশিমাত্র অর্থাৎ চিন্মাত্র; তিনি জ্ঞানাদিধর্ম বিশিষ্ট নহেন। অতএব শুদ্ধ বা অপরিণামী হইলেও প্র<u>ত্যায়ের অর্থাৎ বৃদ্ধির</u>ত্তির অন্ধ্যরণ করিয়া দর্শন করেন। এই কারণে তাহাকে 'প্রত্যায়ামুপশ্য' বলা হইয়াছে। তাহার অর্থ এই যে তিনি বৃদ্ধিকে আপনা হইতে পৃথক না করিয়া—বৃদ্ধিরতির সহিত একীভূত হইয়া, শব্দাদি দর্শন (অন্ধূভব) করিয়া থাকেন। সেইহেতু প্রথম পাদের চতুর্থ স্থতে বলা হইরাছে "বুত্তি সাক্ষপ্য মিতরত্র" ॥২•॥

এইরপে দৃশু ও দ্রষ্টার স্বরূপ বর্ণিত হইল; এক্ষণে তাহাদের অকাঙ্গিভাব অর্থাৎ ভোক্তভোগ্য ভাব বর্ণনা করিতেছেন:—

ভদর্থ এব দৃশ্যস্যাত্মা ॥২১॥ দুখ্য আত্মা তদর্থ: এব ।

দৃশ্যের অর্থাৎ ভোগ্যের স্বরূপ, তাহার অর্থাৎ দ্রষ্টার জন্ম-দ্রষ্টার ভোগের ও অপ্যর্গের সিদ্ধির জন্ম।

দৃশ্যের অর্থাৎ ভোগ্যের স্বরূপ,দ্রষ্টার উদ্দেশ্যসাধক, তাহার নিজের স্বার্থসম্পাদক নহে, কেননা দৃশ্য অচেতন। (দৃশ্য দ্রষ্টার ভোগাপবর্গসম্পাদক)॥২১॥

আচ্ছা, তাহা হইলে দ্রষ্টার বা পুরুষের ভোগাপবর্গরূপ প্রয়োজন সিদ্ধ হইলে পুর, দৃশুরূপ প্রধান অর্থাৎ প্রকৃতির কোনও কর্ত্তব্য অবশিষ্ট থাকে না বলিয়া, তাহার একেবারে নিজ্ঞিয় হইয়া যাওয়া ত' উচিত। এবং (কেহ না কেহ অবশ্বই মৃক্ত হইয়া গিয়াছে) সেইহেতু এক্ষণে এই সংসারের প্রতীতিগোচর হওয়াও উচিত্ব নহে; এই আশক্ষা হেতু বলিতেছেন ঃ—

ক্কতাথং প্রতি নস্তমপ্যনস্তং তদন্যসাধারণত্বাৎ ॥২২॥ তৎ (দৃশুম্) কুতার্থম্ প্রতি নষ্টম্ অপি অনষ্টম্, অনুসাধারণত্বাৎ।

ক্বতার্থ পুরুষের নিকট দৃশ্য নাশপ্রাপ্ত হইলেও, তাহ। একেবারে বিনষ্ট হয় না ; কেননা, তাহা অন্ত (অক্বতার্থ) পুরুষেরও (তুল্যরূপে ভোগ্য)।

প্রধান বা প্রকৃতি একটিনাত্র, পুরুষ অসংখ্য। ইহাই স্থিতি অর্থাৎ প্রাকৃত অবস্থা ; কেননা শ্রুতি বলিতেছেন ;—

> 'অজামেকাং লোহিতশুক্লকশাং। বহুবীঃ প্ৰজাঃ স্তজ্মানাং স্বরূপাঃ।। অজোহেয়াকোজুষমানোহরুশেতে। জহাতেরুনাং ভুক্তভোগ।মড্জোহতঃ।। (ধেতাশ্বতঃ ৪)৫)।

িখেত রক্ত, ও কৃষ্ণবর্ণ বিশিষ্ট ছাগীর # ভায়, প্রকৃতি সন্তর্মজন্তঃমোঞ্জণান্বিতা।
সেই ছাগী যেমন আপনার অন্তর্মপ অনেক শাবক প্রসব করে, সেইরূপ প্রাকৃত্তি
আপনার অন্তর্মপ অর্থাৎ ত্রিগুণাত্মক কার্য্যসমূহ উৎপাদন করে। কোনও ছাগ যেমন
ছাগীকে উপভোগ করিবার জন্ত তাহার প্রতি আসক্ত হয়, সেইরূপ য়ে পুরুরের
ভোগাপবর্গ সিদ্ধ হয় নাই, সে প্রকৃতিতে তাদাত্ম্যবৃদ্ধি করে। আরু
অপর যে ছাগের ভোগ সম্পূর্ণ হইয়াছে, সে যেমন সেই ছাগীকে পরিত্তার্শা
করে, সেইরূপ যে পুরুষের ভোগাপবর্গ সিদ্ধ হইয়াছে সে স্মাপনাক্তে
প্রকৃতির সহিত নিঃসম্বন্ধ মনে করে।

তন্মধ্যে যে পুরুষ সম্বন্ধে প্রকৃতি ভোগাপবর্গ সাধন করিয়াছে, সেই পুরুষ ক্লজার্ম্ব ইয়াছে, কেননা, সেই পুরুষ স্বামী। যেমন ভূত্য জয়লাভ করিলে তাহাকে স্বামীর জয়লাভ করা বলে, (পুরুষের ক্লতার্থতাও সেইরূপ)। সেইরূপ সেই ক্লজার্থ স্বর্থাৎ

^{*} অজ শব্দের অর্থ জন্মহীন সনাতন পুরুষ। অজা শব্দের অর্থ সনাতনী প্রকৃঞি। দ্বধাশি উল্লয় শব্দের লৌকিক অর্থ (ছাগ ও ছাগী) গ্রহণ করিলে মন্ত্রের অল্পারটি পরিস্কৃট হ্র বলিরা, উক্তরূপ ব্যাখ্যা মার্জনীয়।

মুক্ত পুরুষ সম্বন্ধে প্রধান বা প্রকৃতি (বা দৃশ্য) অদর্শন প্রাপ্ত হইলেও, অন্ত পুরুষের নিকট সে অদর্শন প্রাপ্ত হয় না। ইহার ভাবার্থ এই যে পুরুষার্থ বা অপবর্গ (বতদিন) অনাগতাবস্থ থাকে, অর্থাৎ বর্ত্তমানাবস্থ [প্রকটিত] হইতে বাকী থাকে, (ততদিন) প্রধান, কার্য্য করিতে প্রবৃত্ত থাকে। তাহার পর, কৃতার্থ পুরুষ সম্বন্ধে প্রধানের কার্য্য করিবার কোনও কারণ না থাকাতে, তাহার প্রতি আর প্রবৃত্ত হয় না। কিন্তু যে পুরুষ অকৃতার্থ রহিয়াছে, তাহার প্রতি মহৎ অহঙ্কার প্রভৃতি আকারে প্রধানের কার্য্যপ্রবৃত্তি থাকিয়াই যায়। তাহা হইলে একটি পুরুষ মুক্ত হইলে, অপর সকল পুরুষই যে মুক্ত হইবে, তাহার সম্ভাবনা নাই ॥ ২২ ॥

এইরূপে দৃশ্য ও দ্রষ্টা বর্ণনা করিয়া, এক্ষণে হেয়হেতু সংযোগ কাহাকে বলে,
তাহাই বলিতেছেন ঃ

স্বস্থামিশতক্ত্যাঃ স্বরূতপাপলব্ধিত্রভুঃ সংবেগাগঃ ॥২৩॥

স্বস্থামিশক্ত্যোঃ সংযোগঃ স্বরূপোপলব্ধিহেতুঃ (ভবতি) ॥

-M3-2Mre

স্বশক্তির ও স্বামিশক্তির যে স্বরূপ, তাহা ততুভয়ের সংযোগ হইলেই উপলব্ধ হয় অর্থাৎ জানা যায়।

স্ব শব্দের অর্থ দৃশ্য। তাহা সর্ব্রদাই জড় বলরা, তাহার 'শক্তি'
শব্দের অর্থ, তাহার দৃশ্য হইবার যোগ্যতা। স্থামী শব্দের অর্থ পুরুষ। পুরুষের
শক্তি বলিলে পুরুষ (সর্ব্রদাই) চেতন বলিরা তাহার দ্রষ্টা হইবার যোগ্যতা বুনার।
পুরুষের স্বরূপই পুরুষের শক্তি। "তহভরের" অর্থাৎ স্ব বা দৃশ্যের দৃশ্য হইবার শক্তি
এবং স্বামীর বা দ্রষ্টার দ্রষ্টা হইবার শক্তি এই হইরের। বিবিধ প্রকার শন্দাদির
আকারে দর্শনযোগ্য বা গ্রাহ্ম বুদ্ধিরূপ দৃশ্যের স্বরূপের উপলব্ধি করার নাম
ভোগ। আর স্বামীর নিজ স্বরূপের উপলব্ধির নাম অপবর্গ। সেই ভোগ এবং
অপবর্গের কারণ স্ব্রামিভাব নামক সংযোগ। সেই সংযোগই দ্রষ্ট্-দৃশ্য ভাব বা
ভোক্ত্-ভোগ্য ভাব, নামে অভিহিত হইরা থাকে। তাহা না থাকিলে দ্রষ্টা ও
দৃশ্যের স্বরূপের উপলব্ধি হয় না, এবং তাহা থাকিলেই তাহার উপলব্ধি হয়। সেই
সংযোগের কার্য্যের দ্বারাই, সেই সংযোগ অন্থমিত হইয়া থাকে; ইহাই এই স্বত্রে
উপদিষ্ট হইয়াছে॥ ২০॥

এইরূপে সংযোগের স্বরূপ ও কার্য্য বর্ণনা করিয়া, তাহার কারণ বর্ণনা করিতেছেনঃ—

তস্য হেভুরবিদ্যা ॥২৪॥

অবিভা তস্ত হেতুঃ (ভবতি)। অবিভাই সেই (দ্রষ্টাও দৃষ্টের) সংযোগের হেতু।

লাস্থিজানের সংশ্বার সংযোগের কারণ, ইহাই হতের তাৎপর্য। আমিরূপে (অর্থাৎ আমি বৃদ্ধি, আমি অহন্ধার এইরূপে) যে দ্রষ্টা ও দৃশ্যের অন্তেদ বৃদ্ধি
তাহাই ল্রান্তি। সেই ল্রান্তির সংশ্বারাপন চিত্ত, প্রলয়কালে লীন থাকিয়া অর্থাৎ
প্রথানের সহিত একীভূত থাকিয়া, স্প্রেকালে পুরুষের সহিত তাহার স্ব হইয়া অর্থাৎ
বিষয়রপে সম্বদ্ধ হইয়া জন্ম লাভ করে। সেই সংযোগের হারাই, যিনি অবিবেকী তাহার
বন্ধ, এবং যিনি বিবেকী তাহার মোক্ষ ঘটে। * এই অবিছ্যা অনাদি কালের বাসনা
বা সংশ্বার সঞ্চয় করিয়া বিচিত্র হইয়া, চিত্তে অবস্থান করে। মৎস্থা যেমন জাল হারা
চারিদিকে বেষ্টিত হয়, পুরুষপশুও সেইরূপ এই অবিছ্যাহারা চারিদিকে বেষ্টিত হয়।
তথন সেই পুরুষপশুও (মৎস্থের ন্থায়) নিজকর্মসমানীত প্রাপ্ত হঃথ বর্জ্জন করিবার চেষ্টা
করে, বর্জ্জিত হঃথ পুনর্যার গ্রহণ করে এবং যে সকল অনাত্ম বস্তু পরিত্যাগ করাই
উচিত, তাহাতে আমি ও আমার বৃদ্ধি করিয়া, তাহাদের পশ্চাং ধাবিত হয় এবং
এইরূপে বাছ (আধিদৈবিক ও আধিভৌতিক) ও আধ্যাত্মিক কারণজনিত ত্রিবিধ
তাপ তাহাকে জন্মে জন্মে অমুদরণ করিয়া থাকে॥ ২৪॥

এইরূপে হেয় ও হেয়হতু নিরূপণ করিয়া, হেয় বস্তুর হান (সর্ব্ব দৃশ্য বস্তুর পরিত্যাগ, যাহার নামান্তর) মোক্ষ, তাহাই নিরূপণ করিতেছেন—

তদভাবাৎ সংযোগাভাবে হানং তদ্দুশ্যে কৈবল্যম্ ॥ ২৫॥

তদভাবাৎ সংযোগাভাবঃ ; হানম্ (ভবতি), তৎ দৃশেঃ । কৈবল্যম্ (ভবতি) ।

তাহার অর্থাৎ অবিভার অভাব হইলে সংযোগের যে অভাব হয়, তাহাই হান অর্থাৎ দুঞ্জের বর্জন। তাহাই দুশির বা পুরুষের কৈবল্য।

* এছলে "আশুবোধ" ও "দামোদর" কৃত, ষথাক্রমে কলিকাতা ও বারাণনী সংস্করণে, একই পাঠদৃষ্ট হয়। তাহা পাঠতঃ আন্ত বলিরা পরিত্যক্ত হউল এবং তাহার হুলে এইরূপ পাঠ গৃহীত হইল:—"এতয়া ফ্লাদিবাদনাবিচিত্রয়া চিত্তবর্ত্তিভা অবিভয়া দমন্ততো মংভাং জালেনেবামুবিদ্ধং পুরুষপত্তং স্বকর্মোপাহিতং দ্বঃবন্দুপাত্তং ত্যুজন্তুং, ত্যুজনুপাদদানং হাতব্য এবানাস্মভহন্ধার-মমকারামুপাতিনং জাত জাতং বাহাধ্যান্মিকোভয়নিমিত্তান্ত্রিপর্বাণন্তাপা অনুপ্লবন্তে।"

সেই অবিভার অভাব ইইলে, অর্থাৎ বিভার দারা অবিদ্যা বিনষ্ট ইইলে, সেই অবিদ্যার কার্য্য, বৃদ্ধি ও পুরুষের সংযোগ, যাহা বর্জনীয় ছঃথের হেডু, তাহার অভাব বা বিনাশ ঘটে। এই বিনাশকে নিত্যমুক্ত দৃশির বা পুরুষের কৈবল্য বলে॥ ২৫॥

মোক্ষের স্বরূপ বর্ণনা করিয়া তাহার হেতুর বর্ণনা করিতেছেন :—

বিবেক খ্যাভিরবিপ্লবা হাবনাপায়ঃ ॥২৬॥

বিবেকখ্যাতিঃ অবিপ্লবা (সতী) হানো পায়ঃ (ভবতি)

ৰুদ্ধি ও পুরুষের পরম্পর পার্থক্যের জ্ঞান যদি মিথ্যা জ্ঞানের ন্বারী ভর্ম শী ইইয়া টিকিয়া থাকে, তবে তাহাই (পূর্বোক্ত) "হানের" উপায় হয়।

দৃষ্ঠ ও দৃষ্ঠের অর্থাৎ পুরুষ ও বুদ্ধির পরস্পর পার্থক্যকে বিবেক বলৈ।
ক্রেই পার্থক্যের জ্ঞানের নাম বিবেকখ্যাতি। বিপ্লবশব্দের অর্থ মিথ্যাজ্ঞান। প্রথমে
শান্ত বিচার ইইটেই সামান্তভাবে বিবেক খ্যাতি উৎপন্ন হয়। সেই বিবেকখ্যাতি
শিরোকজ্ঞানমান্ত বিনিয়া, তাহা অনাদি কালের অবিভাকে বিনাশ করিতে পার্মে
শা। যথন সেই বিবেকখ্যাতি মননের দারা প্রতিষ্ঠিত হয় এবং চিত্ত,সকল বস্তর প্রতি
বৈর্গিয়বশতঃ (কেবল) পুরুষাভিমুখ হইয়া বিবেকখ্যাতি নিরন্তর অভ্যাস করিতে
থাকে, তখন সেই ধ্যানের প্রগাঢ়তা হইতে, পুরুষের প্রতিবিষযুক্ত সাক্ষাৎকাররূপ
বে বিবেকখ্যাতি জন্মে, তাহাই মিথ্যা জ্ঞান ও তাহার সংস্কার সমূহকে বিনন্ত করে,
(তদন্তর) সেই বিবেকখ্যাতি মিথ্যা জ্ঞান দ্বারা ভগ্ন না হইলে পরবৈরাগ্যযুক্ত
হইয়া, সংস্কারমাত্রাবিশিষ্ট ও কর্ত্তব্যশূত্র বা চরিতার্থ চিত্তের নিরোধ সাধন করিয়া,
প্রারক্ষম হইলে পর, চিত্তের সম্পূর্ণ রূপ নির্ত্তি ঘটায় এবং এইরূপে ভাবি হুঃথের
বর্জনরূপ মাক্ষের উপায় হয়। ইহাই স্থুতের ভাবার্থ ॥ ২৬ ॥

যাঁহার বিবেকথ্যাতি স্থিরত। লাভ করিয়াছে, অর্থাৎ যিনি জীবমুক্ত ইইয়াছেম, তাঁহার জ্ঞানের ঐশ্বর্য বর্ণনা করিতেছেনঃ—

তস্ম সপ্তধা প্রাক্তভূমিঃ প্রভ্রা ॥২৭॥ তম্ম প্রজ্ঞা সপ্তধা প্রাক্তভূমিঃ (ভবতি)।

সেই বিধান পুরুষের প্রজ্ঞা সতি প্রকারে চরমাবস্থা প্রাপ্ত হয়।

"প্রাস্তভূমি:"—প্রকৃষ্ট ইইয়াছে অন্ত বা ফলপ্রাপ্তিরূপঅবসান ধাহা-দিগের, তাহারা প্রান্ত' বা চরম ; 'প্রান্ত' হইয়াছে ভূমি বা অবস্থা ধাহার (অর্থাৎ

যে প্রজ্ঞার) তাহা প্রাস্তভূমি প্রজ্ঞা। (যে জ্ঞানীর আত্মখ্যাতি স্থির ও অবিপ্লব (মিথ্যাজ্ঞানশৃত্য) ইইয়াছে, তাঁহার প্রজ্ঞা, অপর সকল প্রকার প্রত্যয় বিদ্রিত করিয়া সাত প্রকার চরমাবস্থা লাভ করে। 'যাহা কিছু জানিতে বাকী ছিল, তাহা **গণন্ত**ই জানিয়াছি, আর কিছু জানিতে বাকী দাই', ইহাই উক্ত সাতটি চরমাবস্থার প্রথম। এই অবস্থায় সকল প্রাকার জিজ্ঞাসা নির্ত ইইয়া যায় বলিয়া ইহা একটি প্রান্ত বা চরমাবস্থা। যিনি আত্মজ্ঞান লাভ করিতে পারেন নাই, তাঁহার পক্ষে এই অবস্থা লাভ করা সম্ভবপর নহে, কেননা তথন (আত্মজ্ঞান লাভের পূর্বের্ব) আলম্বনযুক্ত সমাধির দারা প্রধান পর্যান্ত সকল বস্তুর প্রজ্ঞা স্থিরতা লাভ করিলেও, আত্মজিজ্ঞাসা অবশিষ্ঠ থাকে বলিয়া, সেই প্রধানের প্রজ্ঞাও চরম বলিয়া গণ্য হয় না। এইরূপে যে সকল অবস্থা অগ্রে (অতঃপর) বর্ণিত হইতেছে, তাহারাও 'প্রাস্ত' বা চরম বলিয়া গণ্য হইবে। যে সকল বন্ধনের হৈতু বর্জন করিতে : অবশিষ্ট ছিল, তাহাদের সকলগুলি বিনষ্ট হইয়াছে। আর কিছুই বর্জন করিতে আমার বাকী নাই, ইহাই উক্ত সাতটি চরমাবস্থার দ্বিতীয়। কৈবল্য প্রাপ্তি দ্বারা আমার লাভ করিতে যাহা কিছু অবশিষ্ট ছিল,তাহা সমস্তই লাভ করিয়াছি, এই হেতু আর কিছুই আমার লাভ করিতে বাকী নাই, ইহাই তৃতীয় অবস্থা। বিবেকখ্যাতি সম্পাদন করিয়া আমি সমস্ত কর্ত্তব্যই নিঃশেষ করিয়াছি, আমার আর কোন কর্ত্তব্যই অবশিষ্ট নাই, ইহাই চতুর্থ অবস্থা।) এই চারিটি অবস্থাকে কার্য্যবিমুক্তি বলে। (অপর) তিনটি অবস্থা চিত্তবিমৃক্তি নামে অভিহিত হয়। যথা, 'আমার বৃদ্ধি-সত্ত্ব কতার্থ হইয়াছে', ইহাই প্রথম। যে গুণত্রয়, বৃদ্ধি প্রভৃতির আকার ধারণ করিয়াছিল, তাহারাও পর্ব্বতশৃঙ্গচূত প্রস্তর থণ্ডের স্থায় (স্ব স্ব) প্রতিষ্ঠা হারাইয়া বিনষ্ট হইবার জন্ম নিজ কারণে পতিত হইয়া সম্পূর্ণ রূপে বিলুপ্ত হইতেছে। তাহাদের আর প্রয়োজন নাই বলিয়া,পুনরুৎপত্তিও হইতেছে না ; ইহা দ্বিতীয়াবস্থা। আর গুণাতীত হইয়া স্বরূপমাত্রে অবস্থিত হওয়ারূপ যে চিন্মাত্রাবস্থা তাহাই তৃতীয়। ইহাদের দকল গুলিই প্রজ্ঞাবস্থা। প্রথমাবস্থায় জিজ্ঞাদার অন্ত হয়। দ্বিতীয়াবস্থায় জিহাসার অর্থাৎ পরিত্যাগের ইচ্ছার বন্ধহেতুবর্জনের অন্ত হা। তৃতীয়াবস্থায় প্রেপার অর্থাৎ সর্কল প্রকার প্রাপ্তির ইচ্ছার অন্ত হয়। চতুর্থাবস্থায় চিকীর্যার অর্থাৎ সকল প্রকার কর্ম্ম করিবার ইচ্ছান্ন অন্ত হয়। পঞ্চাবিস্থায় শোকের, ষ্ঠাবিস্থায় ভয়ের ও সপ্তমাবস্থায় বিকল্পের অন্ত হয়। এইরপে সাতটি প্রজ্ঞাভূমি, সাত প্রকার বিনাশরপ ফলযুক্ত বলিয়া, এই সাতটি ভূমিকে প্রাপ্ত বা চরম ভূমি বলিয়া বুঝিতে হইবে ॥২৭॥

এক্ষণে প্রজ্ঞার সাধন বর্ণনা করিতেছেন :--

যোগাঙ্গারুষ্টানাদশুদ্ধিক্ষয়ে জ্ঞানদীপ্তিরাবিবেকখ্যাতেঃ।

যোগঙ্গান্মষ্ঠানাৎ অশুদ্ধিক্ষয়ে (জায়মানে) জ্ঞানদীপ্তিঃ (ভবতি) আ বিবেকথ্যাতেঃ।

যোগান্ধ সকলের অন্তর্গান দ্বারা অশুদ্ধি ক্ষয় হইতে থাকিলে, যত দিন না বিবেক খ্যাতি উৎপন্ন হয়, ততদিন জ্ঞানের উৎকর্ম হইতে থাকে।

যোগাঙ্গসমূহের এবং যোগের অন্নষ্ঠান হেতু ক্রনে ক্রনে ক্লেশরূপ ও কর্মরূপ অশুদ্ধির ক্ষয় হইতে থাকিলে, যে পর্যান্ত না নির্ব্বিকরা বিবেকথ্যাতি হয়, সেই পর্যান্ত, জ্ঞানের দীপ্তি অর্থাৎ বিশুদ্ধি হইতে থাকে। স্থতের ভাবার্থ এই—যোগের অষ্টাঙ্গের সহিত যোগের অষ্টান দারা যে শুদ্ধি জ্ঞান, তদ্ধারাই প্রজ্ঞা সংসাধিত হয় ॥২৮॥

যোগান্ধ কি কি ? ইহার উত্তরে বলিতেছেন :—

ষম-নিয়ম-আসন-প্রাণায়াম-প্রত্যাহার-ধারণা ধ্যান সমাধ্যয়ে ১ষ্টাবঙ্গানি ॥ ২৯ ॥

যন, নিয়ন, আসন, প্রাণায়াম প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধি এই আটটি যোগের অঙ্গ।

যন নামক অন্নটি অন্ত কোন যোগান্দের অপেক্ষা না করিয়া সফল হইতে পারে, এই নিমিত্ত যম নামক অন্নটি প্রথমেই উল্লিখিত হইল। নিয়ম নামক অন্নটি যম নামক অন্দের সাধনের উপর নির্ভর করে বলিয়া, তাহা পরে উক্ত হইল। আর এই ছুই অন্দের অনুষ্ঠান হইতে যে শুদ্ধি জন্মে, তাহার উপর আসনাদির সিদ্ধি নির্ভর করে এবং আসনাদি অন্ন সমূহের মধ্যে পূর্ব্ব পূর্ব্বটি পর পরটির (সিদ্ধির) হেতু বলিয়া (তাহারা স্ক্রলিখিত) ক্রমে উক্ত হইয়াছে #॥২৯॥

জপর এক শ্বৃতি বচন আছে :—

পতি নিয়মবান্হমেখনজো ন তুষমবালিয়মালদোহ বনীদেৎ। ইতিহমনিয়মোসমীকণ বুজাাযমবহুলেখনুসনদ্ধীত বুজিম্॥

শ নিষ্টিতাঃ যমাঃ নিয়মাঃ। যম প্রতিষ্ঠিত হইলে যমনিষ্ঠাই নিয়মরূপে দেখা দেয়। মুসু
বলেন—(৪।২০৪) হমান্ নেবেত সততং ন নিত্যং নিয়মান্ যুধঃ।
যমান্প তত্যকুর্ববালো নিয়মান্ কেবলান্ ভজন্॥

যমের অনুষ্ঠানে পরাধার্থ হইগা, কেবল নিয়মানুষ্ঠানে রত থাকিলে পতিত হইতে হয় ; কিস্ত যদি কেহ যমানুষ্ঠানে রত থাকিয়া নিয়মানুষ্ঠানে শিধিল হয়েন, তবে তাঁহাকে (শ্রেয়ালাভে) হতাশ হইতে হয় না। এইরপে যম ও নিয়ম এই উভয়ের অনুষ্ঠানের তারতম্য বুদ্ধির দারা বিচার করিয়া অধিক পরিমাণে যমের অনুষ্ঠানেই বৃধিকে প্রবৃত্ত করিতে হইবে।

অহিংসাসত্যাতস্তম্ভ্রক্সচর্য্যাপরিগ্রহা ষমাঃ ॥৩০॥ অহিংসা—সত্য অস্তেয় ব্রন্ধচর্য্যা-পরিগ্রহাঃ যমাঃ(ভবন্তি)।

অহিংসা, সত্য, অন্তের, ব্রহ্মচর্য্য ও অপরিগ্রন্থ এই পাঁচটি যম।
তন্মধ্যে 'অহিংসা' শব্দে কার, মন এবং বাক্য দ্বারা সর্ব্বদা সর্ব্ব জীবের প্রতি পীড়া
বর্জন ব্ঝার। এই অহিংসা সর্ব্বোত্তম শুক্র ধর্ম। যম নামক অপর কয়েকটি এবং
নির্মাদি দ্বারা এই অহিংসাধর্মের শুদ্ধি সম্পাদিত হইয়া থাকে, এই নিমিত্ত কথিত
হইয়াছে—

দ খল্পয়ং ভ্রাহ্মনেশ যথা যথা ব্রতানি বহুনি সমাদিৎস (তে?)তথা তথা প্রমাদক্ততভ্যো হিংসানিদানেভ্যো নিবর্ত্তমানস্তামেবাবদাতরূপাম হিংসাংকরোতীতি।

এই ব্রাহ্মণ (ব্রহ্মজ্ঞ) যতই অনেকানেক ব্রতের আচরণ করিবার নিমিত্ত ইচ্ছা করেন, ইনি ততই অনবধানতা বা বিচারাভাবজনিত ও হিংসামূলক, পাপ হইতে নির্ত্ত হইতে থাকেন, এবং এইরূপে সেই অহিংসা ধর্মকে বিশুদ্ধ করিয়া তুলেন।

'সত্য'শব্দের অর্থ পরহিতার্থে যথার্থকথন। বলপূর্কাক বা গোপনে অপরের ধন হরণকরাকে 'স্তেয়' বলে। তাহা না করাকে অস্তেয় বলে অর্থাৎ পরদ্রব্যে স্পৃহাশৃহাতা। উপস্থেঞ্জিয় সংঘদের নাম 'ব্রেলচয়্য'। নারীদিগকে সম্পৃহভাবে দর্শন করা,
তাহাদের সহিত আলাপ করা, তাহাদিগকে স্পর্শ করা, তাহাদের বচন ও গীতাদি
শ্রবণ করা ও তাহাদিগকে ধ্যান করা পরিত্যাগ করাকেই ব্রন্দর্যের অঙ্গ বলে।
দেহ যাত্রা নির্ব্বাহের অতিরিক্ত ভোগ্য বস্তু গ্রহণ না করার নাম 'অপরিগ্রহ'।
যম নামক এই পাঁচটি যোগের প্রতিক্ল হিংসা,অসত্য,চৌগ্য,স্ত্রীসঙ্গ এবং পরিগ্রহ এই
পাঁচটিকে অপসারিত করে বলিয়া ইহারা যোগাঙ্গ বলিয়া পরিগণিত হইয়া
থাকে॥৩০॥

এই সকল সাধন, যোগিগণের পক্ষে বিশেষরূপে উপাদেয়, এই কথা বলিতেছেনঃ—

জাতি-দেশ-কাল-সময়ানবচ্ছিলাং সার্বিভৌমা মহাব্রতম্ ॥৩১॥

জাতি, দেশ, কাল ও সময়ের দ্বারা অনিয়মিত অর্থাৎ সার্ব্বভৌম ইইলে তাহাদিগকে মহাত্রত বলা যায়। গোস্ব, ব্রাহ্মণত্ব প্রভৃতিকে 'জ্লাতি' বলে। 'দেশ'শব্দে তীর্থাদি বুঝার। 'কাল'নির্দিষ্ট সময়, চতুর্দশী প্রভৃতি (-রূপে) অনির্দিষ্ট সময় য়থা ব্রাহ্মণভাজনাদির
সময়। তাহা হইলে "আমি কথনই গোব্রাহ্মণ হত্যা করিব না", এইরূপ অহিংসা
জাতিঘারা পরিচ্ছিন্ন। ''তীর্থে অথবা চতুর্দশীতে আমি কাহাকেও হত্যা করিব না,"
এইরূপ অহিংসা দেশ ও কাল এতহুভ্রেরে ঘারা অবচ্ছিন্ন। "দেবতা, ব্রাহ্মণ
প্রভৃতির ক্ষন্ত ভোজনাদির (আয়োজনের) সময় ব্যতীত আমি হত্যা করিব না"
এইরূপ অহিংসা ''সময়ের'' (নির্দিষ্ট ব্যবহার ক্রমের) ঘারা অবচ্ছিন্ন।
কোনও স্থানে, কাহারও জন্তা, কোনও প্রাণীকে, আমি হত্যা করিব না—
এইরূপ অহিংসা, জাতি, দেশ প্রভৃতি চারিটি ঘারা জনবচ্ছিন্ন। এইরূপ
অহিংসাই সবিশেষ বীর্যবতী। সত্য প্রভৃতি অপর ক্রেকটী যদও এইরূপে
অনবচ্ছিন্ন হয়, বুঝিয়া লইতে হইবে। * এইরূপ জাতি প্রভৃতি
সকল ভূমিতে অর্থাৎ নির্দিষ্ট অবস্থাসমূহে অব্যবস্থা নির্দিষ্ট ছইলে অর্থাৎ সকল
অবস্থার অব্যভিচারিভাবে (অহিংসাদির) অমুষ্ঠান কর্ত্ব্য বলিয়া বিদিত হইলে, †
ইহারা সার্বভৌম হয়। তথন সেই সার্বভৌম যমের অমুষ্ঠানকে 'মহাব্রত' বলে॥৩১॥

'নিয়ম' বলিলে কি কি বুঝায়, তাহাই বলিতেছেন ং—

শোচসভোষ তৃপঃস্থাধ্যাত্রশ্বরপ্রণিধানানি নিরুমাঃ ॥৩২॥

শৌচ-সম্ভোধ তপঃ-স্বাধ্যায়-ঈশ্বরপ্রণিং।নানি নিয়মাঃ (ভবস্তি)

শৌচ, সন্তোষ, তপঃ, স্বাধ্যায় ও ঈশ্বর প্রণিধান এই পাঁচটি নিয়দ। মৃত্তিকা, জল প্রভৃতির দারা এবং গোময়, গোমূত্র, যাবক প্রভৃতি পবিত্র ভূক্ষা

শ সত্যনিষ্ঠা স্থৃতিশান্ত্রে এইরূপে অবচ্ছিন্ন হইরাছে—
 প্রাণত্রাণে২নৃতং বাচ্যমাত্মনো বা পরস্থ চ।
 গুর্ববর্থে স্ত্রীষ্ চৈব স্থাবিবাহকরণেরু চ॥

আপনার বা অপরের প্রাণরক্ষার জন্ম, গুরুর অভীষ্টসিদ্ধির জন্ম, পত্নীর নিকট এবং বি**নাছ** ব্যাপারে মিথ্যা বলা চলে।

† মূলে "জাত্যাদিভূমির্ কুপ্তাবস্থাক্য" আছে, তাহার অর্থ—গোদ্ধ, "ব্রাহ্মণদাদি জাতি" প্রভৃতির সম্বন্ধরূপ বিশেষ বিশেষ অবস্থার, অহিংসাসত্যাদি পালনের যে শান্ত্রীর ব্যবস্থা আছে, দেই সকল অবস্থার, অব্যবস্থা ক্রপ্ত অর্থাৎ নির্দিষ্ট হইয়া যাইলে, অর্থাৎ অবস্থানির্বিলেষে অব্যভিচারিভাবে অহিংসা সত্যাদি অমুষ্টিত হইলে, তাহারা "সার্ব্বভৌম" হয়। দ্রব্য ব্যবহারে, যে শৌচ সম্পাদিত হয়, তাহাকে বাহ্নশৌচ বলে। মৈত্র্যাদি ভাবনার দ্বারা চিন্তের যে অস্থা প্রভৃতি মল অপসারিত করা হয়, তাহার নাম আন্তর শৌচ। সিমিহিত কালে অর্থাৎ অনতিবিলম্বে কেবলমাত্র প্রাণধারণের উপায়ম্বরূপ দ্রব্যাদি লাভে তুই থাকার নাম সন্তোষ। (মানাপমানাদি, শীতগ্রীম্মাদি) দ্বন্দসহনকে এবং যথোপাযুক্ত কুদ্রুদি ব্রত প্রভৃতিকে তপঃ বলে। 'স্বাধ্যায়' শব্দে প্রণবাদির অভ্যাস।

জ্ঞানতোইজ্ঞানতো বাপি ষৎ করোমি শুভাশুভম্। তৎসর্বং ত্রয়ি সংগ্যস্তং ত্রৎপ্রযুক্তঃ করোম্যহম্।। কর্ম্মণা মনসা বাচা যা চেষ্টা মম নিত্যশ:।। কেশবারাধনে সা স্থাজ্জন্মজন্মান্তরেম্বপি।।

জ্ঞানপূর্ব্বক অথবা অজ্ঞানবশতঃ আমি যে শুভ অথবা অশুভ কার্য্য করিতেছি, সে সেকল তোমাকে অর্পণ করিলাম। তোমার দারা প্রেরিত হইয়াই আমি তাহা করিতেছি। শরীর চেষ্টা, মন এবং বাক্যের দারা আমি প্রতিক্ষণেই যাহা করিতেছি তাহা এবং জন্মজন্মান্তরেও যাহা করিব তাহা, যেন কেশবের আরাধনার নিমিত্ত হয়। এইরূপে পরমগুরু পরমেশ্বরে সকল পুণ্যকর্মের অপ্পত্তে ঈশ্বরপ্রণিধান বলে ॥৩২॥

বিভর্কবাধনে প্রতিপক্ষভাবনম্ । ৩৩। বিতর্কবাধনে (সতি) প্রতিপক্ষভাবনম্ (কর্ত্তবাম্)।

হিংসাদি বিতর্কের (৩৪ হুত্রে ব্যাখ্যাত) দ্বারা যোগাভ্যাস বাধিত (ব্যাহত) হইলে তাহাদের প্রতিপক্ষ সকলকে ভাবনা করিবে।

এই সকল যম, নিয়ম ইত্যাদি, বিতর্ক অর্থাৎ হিংসাদির সংস্কল্পের দ্বারা ব্যাহত হইলে অর্থাৎ আমি অপকারীকে হত্যা করিব, মিথাা বলিব, পরধন গ্রহণ করিব—এইরূপ সংকল্পসমূহের দ্বারা বিদ্পপ্রাপ্ত হইলে, যে গ্রাহ্মণ (বেদক্ত পুরুষ) যমাদির অভ্যাদে নিরত হইরাছেন,তিনি প্রতিপক্ষভাবনা করিবেন। 'সংসাররূপ ঘোর জ্লস্ত অথিতে আমি লগ্ধ হইতেছি বলিয়া, সর্ব্বভূতকে অভয় প্রদান করিয়া, আমি যমাদি ধর্মকে আশ্রয়রূপে গ্রহণ করিয়াছি; সেই আমি অহিংসাদি ধর্মকে পরিত্যাগ করিয়া যদি পুনর্ব্বার হিংসাদি ধর্মকে গ্রহণ করি, তাহা হইলে আমার আচরণ কুকুরের মত হইবে।' কুকুর যেমন যাহা বমন করে, তাহাই পুনর্ব্বার ভোজন করে, যে

ব্যক্তি পরিত্যক্ত বস্তুকে পুনর্ব্বার গ্রহণ করে, দেও তদ্ধপ। এইরূপে বিতর্কের প্রতিপক্ষ ভাবনা করিতে হয় ॥৩৩॥

এক্ষণে বিতর্কসমূহের স্বরূপ, প্রকার, কারণ, অবান্তর ভেদ ও ফল—পাঁচটি পদ দারা যথাক্রমে উল্লেখ করিয়া, প্রতিপক্ষ ভাবনার অর্থ পরিস্ফুটকরিতেছেন।

বিভর্কা হিংসাদয়: কৃতকারিতানুমোদিভা লোভক্রোধ মোহপূর্বকা মৃত্যুমধ্যাধিমাত্রা ছঃখাজ্ঞানানন্তফলা ইভি প্ৰতিপক্ষভাৰনম্ ॥৩৪॥

বিতর্কাঃ হিংসাদয়ঃ কৃতকারিতারুমোদিতাঃ লোভক্রোধমোহপূর্বকাঃ মুদুমধ্যাধি-মাত্রাঃ ত্বঃথাজ্ঞানানন্তফলাঃ ইতি প্রতিপক্ষভাবনম (ভবতি)।

হিংসা, অসত্য, স্তের প্রভৃতি যমনিরনের বিতর্ক। তাহারা ক্লত, কারিত, ও অন্নাদিত, ক্রোধ, লোভ ও মোহপূর্বক আচরিত, এবং মৃত্ব, মধ্য ও অধিমাত্র প্রকারের হইয়া থাকে। তাহারা অনস্ত অজ্ঞান ও অনস্ত হুঃথের হেতু, এইরূপে হিংস। নির নিরুত্তি ভাবনা করিয়া, হিংসাদিকে নিরুত্ত করাই প্রতিপক্ষভাবনা ॥৩৪॥

হিংসা, অসত্য, প্রভৃতি, বিপরীতভাবে বা (অহিংসা সত্যাদির) প্রতিকূলরূপে তর্কিত অর্থাৎ বিবেচিত হয় বলিয়া, ইহাদিগকে বিতর্ক বলে। স্ত্রস্থিত 'হিংসাদয়ং' (অর্থাৎ হিংদা, অসত্য, শুরুর প্রভৃতি), বিতর্কের স্বরূপের বর্ণনা করিতেছেন। তন্মধ্যে হিংসা তিন প্রকার, যথা—স্বয়ং অনুষ্ঠিত [১], 'কর' বলিয়া অপরের দ্বারা তাহার অন্তর্গান করান [২] এবং "সাধু, সাধু" বলিয়া তাহার অমুনোদন করা [৩]। তন্মধ্যে প্রত্যেকটী আবার কারণভেদে তিন তিন প্রকারের হইয়া থাকে, যথা—'হিংসা'—মাংস, চর্ম্ম প্রভৃতির লোভ হেতু; কিন্তা 'এই প্রাণী আমার অপকার করিয়াছে' এইরূপ ভাবিয়া তাহার প্রতি ক্রোধহেতু, কিম্বা ইহাকে বধ করিলে আমার ধর্ম সঞ্চয় হইবে, এইরূপ মোহহেতু। এই প্রকারে হিংদা নয় প্রকারের হইল। আবার লোভ, ক্রোধ, মোহ ইহার প্রত্যেকটি তিন তিন প্রকারের হইয়া থাকে, যথা মৃত্র, মধ্য ও তীব্র। সেই লোভ, ক্রোধ ও মোহ বশতঃ যে সকল হিংসা প্রভৃতির অন্তর্গান করা হয় তাহারাও তদমুসারে মৃত্র, মধ্য ও তীব্র এই তিন প্রকারের হইয়া থাকে। তাহাদের আবার প্রত্যেকটি ক্বত, কারিত ও অন্নুমোদিত এই তিন প্রকারের হওয়াতে তাহারা নয় প্রকারের হয়। তাহা হইলে হিংসার সর্বান্তম ২৭টি প্রকার বা ভেদ হয়। আবার মৃত, মধ্য ও

তীব্র ইহাদের প্রত্যেকটি তিন তিন প্রকারের হইয়া থাকে, যথা—মৃত্যুত্ব, মধ্যুত্ব, তীব্রম্থ ; মৃত্যুব্ধ, মধ্যুম্থ, তীব্র মধ্য ; মৃত্যু তীব্র, মধ্য তীব্র ও তীব্র তীব্র । এই প্রকারে লোভও নয় প্রকারের এবং ক্রোধ ও মোহ নয় নয় প্রকারের । সেই লোভ, ক্রোধ ও মোহজনিত হিংসা ২৭ প্রকারের হইয়া থাকে । তাহারা আবার ক্রুত্ব, কারিত ও অন্থুনোদিত ভেদে প্রত্যেকটি তিন তিন প্রকারের হওয়াতে সর্বরুদ্ধ ৮১ প্রকারের হইয়া থাকে । অসত্য প্রভৃতি সম্বন্ধেও এইরূপ বৃধিতে হইবে । এইরূপে বিতর্কসমূহের বিবরণ প্রদত্ত হইল । ছঃথ শব্দের অর্থ নরকাদি । অজ্ঞান শব্দের অর্থ স্থাবরাদির ভাব ; ইহা দ্বারা ভ্রান্তি এবং সংশন্ধও বৃঝা যাইতে পারে । এই ছঃথ ও অজ্ঞানকে অনবরত প্রসেব করে বলিয়া বিতর্কসমূকে 'হঃথাজ্ঞানানম্ভ ফল' বলা হইয়াছে । এইরূপে প্রতিপক্ষদিগকে অর্থাৎ বিতর্করূপ শক্রদিগকে ভাবনা করিতে হইবে । সেই ছেমপূর্বক ভাবনা করিবার উপদেশ দেওয়াতে ইহাই ব্যাইল যে সেই বিতর্কসমূহের পরিত্যাগ করিতে হইবে । সেই বিতর্কসমূহের বর্জন করিতে পারিলে, পাঁচটি যম ও পাঁচটি নিয়ম নির্বিদ্ধে সিদ্ধ হয় । সেই যম নিয়মে সিদ্ধিলাভ হইলে চিত্তশুদ্ধি দ্বারা কৈবল্য লাভ হয় এবং ইহা হইতে যোগেও সিদ্ধিলাভ হইরা থাকে, ইহাই হুত্রের তাৎপর্য্য ॥৩৪॥

এক্ষণে যে যে অবান্তর ফল দারা যম ও নিয়মের অন্তর্গত দশটি সাধনের সিদ্ধি বুঝা যাইতে পারে, তাহাই যথাক্রমে প্রদর্শন করা যাইতেছে ৪—

অহিংসাপ্রতিষ্ঠায়াং তৎসন্ধিদৌ বৈরত্যাগঃ ॥ ৩৫ ॥ অহিংসাপ্রতিষ্ঠায়াম তৎসন্ধিধৌ বৈরত্যাগঃ (ভবতি)।

যোগীর অহিংসা প্রতিষ্ঠিত হইলে, তাঁহার নিকটে যে সকল জন্তর মধ্যে স্বাভাবিক বৈরভাব আছে, তাহারা তাহা পরিত্যাগ করে ॥৩৫॥

কোনও যোগী অহিংসায় সিদ্ধিলাভ করিলে সেই হিংসাশৃন্ত মুনিবর্য্যের সন্নিধানে অহি-নুকুল প্রভৃতি যে সকল জন্তুর মধ্যে পরম্পর স্বাভাবিক বৈরভাব আছে, তাহারা তাহা পরিত্যাগ করিয়া থাকে ॥৩৫॥

সত্যপ্রতিষ্ঠারাং ক্রিরাফলাপ্ররত্বম্ ॥ ৩৬॥ সত্যপ্রতিষ্ঠারাম্ (তম্ম) ক্রিরাফলাশ্রত্বম্ (ভবতি)।

যোগীর সত্য প্রতিষ্ঠিত হইলে তিনি ক্রিয়া ও ফলের আশ্রয় স্বরূপ হয়েন ॥৩৬॥ যোগীর সত্যে প্রতিষ্ঠালাভ হইলে, তিনি ধর্মাধর্মরূপ ক্রিয়ার ও স্বর্গাদ্ধিরূপ তাহার ফলের আশ্রম্বরূপ হয়েন অর্থাৎ তাঁহার বাক্যোচ্চারণ মাত্রেই তিনি লোকের ধর্ম্ম ও অধর্ম্মের ও তত্ত্বভায়ের ফলের আশ্রয় হন অর্থাৎ সেই ফলদাতৃত্ব তাঁহাতে উৎপন্ন হয়। যেন তিনি যদি কাহাকেও বলেন 'তুমি ধার্মিক হও' তাহা হইলে সে ধার্ম্মিক হয় । যদি কাহাকেও বলেন, 'তুমি স্বৰ্গ লাভ কর' তাহা হইলে তাঁহার বাক্যের ফলে সেই ব্যক্তি অধার্মিক হইলেও ধার্মিক হইয়া স্বর্গ লাভ র ॥৩৩॥

অস্তেরপ্রতিষ্ঠারাং সর্বরত্লোপস্থানম্ ॥৩৭॥ অস্তেরপ্রতিষ্ঠায়াম সর্ব্বরত্বোপস্থানম (ভবতি)।

অস্তেয় প্রতিষ্ঠিত হইলে যোগীর নিকট সকল রত্ন উপস্থিত হয় ॥৩৭॥ অচৌর্যাবিষয়ে দৃঢ়তা জনিলে, সঙ্কল্পমাত্রেই বোগীর দিব্যরত্ন সমূহের প্রাপ্তি ঘটে। ["জাতৌ জাতৌযহুৎকৃষ্টং তদ্রত্মতি কথ্যতে"—কোন জাতির মধ্যে যাহা উংক্লষ্ট, তাহাকেই রত্ন বলে ।] (চেতন রত্ন স্বন্ধ এবং অচেতন রত্ন অন্তের সাহায্যে উপস্থিত হয়) ॥৩৭॥

ব্ৰহ্মচূৰ্যাপ্ৰতিষ্ঠায়াং বীৰ্যালাভঃ ॥৩৮॥ ব্রহ্মচর্য্যপ্রতিষ্ঠায়াম বীর্যালাভঃ (ভবতি)।

ব্রদ্মচর্য্য প্রতিষ্ঠিত হইলে বীর্ঘালাভ অর্থাৎ নিরতিশয় সামর্থ্য লাভ, হইয়া থাকে ॥৩৮॥

ব্রহ্মচর্য্য শব্দের অর্থ বীর্ঘানিরোধ। সেই বীর্ঘানিরোধ সিদ্ধ হইলে নিরতিশন্ত্র সামর্থ্য জন্মে। তদ্বারা অণিমাদিসিদ্ধি উপস্থিত হয় এবং শিষ্মগণের প্রতি উপদেশ অচিরে ফলপ্রদ হয় ॥৩৮॥

অপরিগ্রহটস্তর্য্যে জম্মকথস্তাসম্বোধঃ ॥ ৩৯॥

অপরিগ্রহ স্থৈর্যে (সতি) জন্মকথন্তাসম্বোধঃ (ভবতি)।

অপরিগ্রহ প্রতিষ্ঠিত হইলে জন্মবিষয়ক কথন্তার অর্থাৎ কি প্রকার জন্ম, কি হেতৃক জন্ম, কিরূপ ফলবিশিষ্ট জন্ম ইত্যাদির জ্ঞান হয়॥৩৯॥

অপরিগ্রহশীল যোগীর অপরিগ্রহতা স্থিতিলাভ করিলে অতীত, বর্ত্তমান ও ভাবী जन मश्दल कथे छात्र वर्षार जारात थाकात मश्दल, मगुक छान जत्म। स्मेर জ্ঞান, জানিবার ইচ্ছা হইলেই প্রাণ্ড হওয়। যায়—মনে প্রশ্ন উঠিলে তাহার উত্তর স্বরূপে উপস্থিত হয়। ইহাই স্ত্রের ভাবার্থ। কিরূপে জন্ম, কি প্রকার জন্ম, কি হেতু জন্ম, অমুক জন্মের ফল কি, তাহার অবসান কি প্রকার, এইরূপে জিজ্ঞাসা জন্মিয়া থাকে অর্থাৎ সেই জিজ্ঞাসা শরীর ধারণের প্রতিকুলতাহেতু উপস্থিত হয় অর্থাৎ সেইরূপ জিজ্ঞাসা উৎপন্ন হইলে শরীর পরিগ্রহের সম্ভাবনা ক্ষীণ হইতে থাকে। তদনস্তর সেই জিজ্ঞাস্থ বৃক্তিতে পারে যে পুরুষ স্বভাবতঃ জন্মাদিরহিত; পুরুষের সহিত কার্য্যকারণের সম্বন্ধ ঘটিলেই, তাহাকে পুরুষের জন্ম বলে। জীবের মনুষ্য, দেবতা ও তীর্যাক্রূপে জন্মকেই জন্মের প্রকার বলে। ক্লেশ ও কর্মাই জীবের জন্মের হেতু; হঃথই জীবজন্মের একমাত্র ফল এবং পুরুষের স্বরূপ বৃদ্ধিতে পারিলেই জীবের জন্মের অবসান হয়। জিজ্ঞাস্থ, আচার্য্য এবং শাস্ত্র হইতে এইরূপ নিশ্চয়বৃদ্ধি লাভ করিয়া দেহবিমুক্ত হইয়া, অপরিগ্রহ নামক সাধনের চরম ফল অনুভব করিয়া থাকে, ইহাই স্ত্রের ভাবার্থ ॥৩৯॥

যম নামক পাঁচটি সাধনের সিদ্ধি কথিত হইল; এক্ষণে নিয়ম নামক গাঁচটি সাধনের সিদ্ধি বর্ণনা করিতেছন:—

শোচাৎ স্বাঙ্গজুগুপ্সা পরের সংসর্গঃ ॥৪০॥ শোচাৎ স্বাঙ্গজুগুপা (ভবতি), পরেঃ অসংসর্গঃ (ভবতি)।

শৌচ হইতে নিজের শরীরে ঘুণা এবং পরের সহিত অসংসর্গ হয় ॥৪०॥

যিনি বাহ্ন শৌচে সিদ্ধিলাভ করিয়াছেন, তিনি (সেই সিদ্ধির ফলে) নিজের শরীরে কথনই শুদ্ধি দেখিতে পাননা, (কেননা তিনি বুঝিতে পারেন, শরীর স্থভাবতঃই অশুদ্ধ, তাহার শুদ্ধিসম্পাদন অসম্ভব)। এই হেতু তাহার শরীরে ঘুণার উদয় হয়; (তিনি মনে করেনী) যেহেতু শরীর স্থভাবতঃই অশুচি, তথন ইহাতে কোন ক্রমেই অহঙ্কার করা উচিত নহে। আমি শৌচপরায়ণ, আমার শরীর যথন শুদ্ধ হইল না, তথন যিনি শৌচবিষয়ে অমনোযোগী তাঁহার শরীর যে অশুচি, তিধিষয়ে আর কি সন্দেহ আছে ? এইরূপে দোধদর্শন করিতে থাকিলে তাঁহার অপরের শরীরের সহিত আর সংসর্গে প্রেইন্ত থাকে না॥৪০॥

এইরূপে বাহু শৌচের বিষয়ে সিন্ধি বর্ণনা করিয়া, অস্তঃশৌচ বিষয়ে সিন্ধির বর্ণনা করিতেছেনঃ—

সত্ত্ৰশুদ্ধিদেশীমনটেশ্যকৃণভাগ ক্ৰিয় জয়াত্মদৰ্শনহেশগ্যক্তানি চ ॥৪১॥

সত্ত্বস্তুদ্ধি-সে!মনস্ত-ঐকাগ্র্য-ইন্দ্রিয়ভয়-আত্মদর্শনযোগ্যত্বানি চ (ভবস্কি)।

(আভ্যন্তর) শৌচ হইতে বৃদ্ধির নির্মাণতা জন্মে; তাহা হইতে সম্বশুণের উৎকর্ম, তাহা হইতে চিত্তের স্থৈগ্য, তাহা হইতে বাহেন্দ্রিয়জয়, এবং তাহা হইতে আত্মদর্শনবোগ্যতা জন্মে ॥৪১॥

পূর্ব্ব হইতে 'শৌচাং' এই পদটি আনিয়া এই স্থত্তের অর্থ করিতে হইবে। এবং স্থতেশেষে 'ভবস্তি' এই পদটির সংযোগ করিতে হইবে। বৃদ্ধিরূপ সন্তত্ত্বণ হইতে রক্ষঃ ও তমোগুণজনিত ঈর্ধাদি মলের নাশ হইলে, তাহাকে সন্তত্ত্বদ্ধি বলে। তাহা হইতে সন্তত্ত্বণের উৎকর্ষ হয়। তাহা হইতে চিত্তের স্থিরতা জন্মে। এই স্থিরতা হইতে বাহেন্দ্রিয়সমূহ বশীভূত হয় এবং তাহা হইতে পুরুষণ্যাতি বা আত্মদর্শনের যোগ্যতা জন্ম—এইরূপ বিভাগ করিয়া স্থত্তের অর্থ বৃথিতে হইবে॥৪১॥

সভোষাদনুত্রমস্থলাভঃ ॥৪২॥

সন্তোধাৎ অনুত্তমস্থুপলাভঃ (ভবতি)।

সম্ভোষ প্রতিষ্ঠিত হইলে যোগী নিরতিশয় স্থামুভব করেন।

তৃঞ্চাক্ষয় সিদ্ধ হইলে যোগী নিষ্কাম হন। তথন অবশ্যই তাহার শুদ্ধসন্ত্ব উৎকর্ম লাভ করাতে, নিরতিশয় স্থামুভব ঘটে। মহাভারতে 'য্যাতি গীতায়' কথিত আছে—

'ৰচ্চ কামসুখং লোকে যচ্চ দিব্যং মহৎ সুখম্। ভূঞাক্ষয়সুখটদ্যতে নাহ তঃ যোড়শীং কলাম্॥"

ইহ সংসারে সকন কামনাপূর্ণ হইলে, যে স্থখনাভ করা যায় এবং স্বর্গে যে মহাস্থখ লব্ধ হইয়া থাকে বলিয়া শুনা যায়, তহুভয় মিলিত হইলেও তৃষ্ণাক্ষয় জনিত স্থাধের যোল অংশের এক অংশেরও তুল্য হয় না ॥৪২॥

কাহেয়ন্দি য়সিদ্ধিরশুদ্ধিক্ষয়াত্তপসঃ ॥৪৩॥

তপসঃ অশুদ্ধিক্ষয়াৎ কায়েক্সিয়সিদ্ধিঃ (ভবতি)।

তপস্থা হইতে অগুদ্ধিক্ষয় হইলে শরীর ও ইক্সিয়ের সিদ্ধিসকল প্রাত্তর্ভ হয়॥৪৩॥

তপস্তাদারা অর্থাৎ স্বধর্মকুচ্ছুচাক্রায়ণ প্রভৃতির অমুষ্ঠান দারা, ক্লেশ ও পাপের ক্ষর হইলে, শরীরের অণিমাদি সিদ্ধি এবং ইন্দ্রিয় সমূহের দূর, স্ক্র প্রভৃতি বস্তুর উপলব্ধি করিবার সামর্থ্যক্রপ সিদ্ধি, জন্মে ॥৪৩॥

স্থাধ্যায়াদিষ্টদেৰতাসম্প্রাহয়াগঃ ॥৪৪॥

স্বাধ্যায়াৎ ইষ্ট,দৰতা সম্প্রয়োগঃ (ভবতি)।

স্বাধ্যায়ের প্রতিষ্ঠা হইলে ইষ্টদেবতার সহিত সংপ্রয়োগ (সাক্ষাৎকার) হয় ॥৪৪॥

ইষ্টমন্ত্রাদির জ্বপ হইতে স্বকীয় ইষ্টদেবতার সহিত সম্ভাযণাদি ঘটে ॥৪৪॥

সমাধিসিদ্ধিরীশ্বরপ্রণিধানাৎ ॥৪৫॥

ঈশ্বরপ্রণিধানাৎ সমাধিসিদ্ধিঃ (ভবতি)।

ঈশ্বরপ্রণিধানদারা অর্থাৎ ঈশ্বরে সর্বভাবসমর্পণরূপ ভক্তিবিশেষদারা সমাধি সিদ্ধি হইয়া থাকে।

যিনি কারিক, বাচিক, মানসিক সকল চেষ্টার দারাই ঈশ্বরকে অভিমুখীকরণে নিরস্তর প্রবৃত্ত, তাঁহার কেবল সেইরূপ ভক্তি ঘারাই সম্প্রজ্ঞাতস্মাধিসিদ্ধি হইয়া থাকে। তাই বলিয়াই একথা বলিতে পার না যে, তাহা হইলে ত' যমাদি সাতটি অঙ্গ ব্যর্থ হয়, কেননা, উক্ত সাতটি অঙ্গধারা কিম্বা এক ভক্তিম্বারাই যোগসিন্ধি হয়,এইরূপ বিকল্প স্বীকৃত হইয়াছে ; একথা প্রথম পাদের ত্রোবিংশ সূত্রে—''ঈশ্বর-প্রণিধানাদবা" এই "বা" শব্দ দারা স্বীকৃত হইয়াছে। তাহা হইলে আবার একথাও বলিতে পার না যে, যিনি ভক্তিপক্ষ অবলম্বন করিবেন, তাঁহার পক্ষে যমাদি অঙ্গ-সমূহ নিক্ষল, কেননা তাহারা ভক্তিসাধনেও অঙ্গ হইতে পারে *। তাহারা ভক্তি ও যোগ এই উভয় প্রয়োজনেই লাগিতে পারে, এই কথাটিতে কোনও বিরোধ নাই, যেমন দধি নিত্য কর্ম্ম অগ্নিহোত্তের অঙ্গ এবং ইন্দ্রিপটুতাকামীর কাম্য কর্ম্মেরও অঙ্গ, এ কথায় কোনও বিরোধ নাই, সেইরূপ। ["একস্<mark>র</mark> ভূভয়ত্ত্বে সংযোগপথক্তম্" (৪।৩।৫।২) এই পূর্ব্বমীমাংসাহত্তের ব্যাখ্যা দ্রষ্টব্য ।]

আবার একথাও বলিতে পার না যে, সেই সপ্তাঙ্গ যথন আবশুকই রহিল, তথন তাহাদের দ্বারাই সমাধিসিদ্ধি হইবে, ভক্তির কি প্রয়োজন ? কেননা, উক্ত সাতটি অঙ্গের সহিত যদি ভক্তি না থাকে, তবে যোগসিদ্ধি স্থদূরপরাহত; আর যদি উক্ত

আননাদি ছয়ট দৃষ্টকলোপধায়ক উপায়য়পে এবং যমাদি, অগুদ্ধাদি কয়য়য়প অদৃষ্ট ফলোপধায়ক উপায়রূপে, ভক্তি ও সম্প্রজ্ঞাতযোগ এই উভয়েরই উপযোগী।

উপায় দকল ভক্তিরূপ অমৃত বর্ষণ করিতে থাকে তাহা হইলে, যোগসিদ্ধি অতি নিকটবর্ত্তী হয়। এইরূপে যোগরূপ ফলপ্রাপ্তির বিলম্ব ও অবিলম্ব বিশিষ্ট সাধনরূপে দপ্তাঙ্গ ও ভক্তি এই উভয় সাধনের বিকল্প করা যুক্তিসঙ্গত হয়। আর যাহারা বলেন যে ঈশ্বরে ভক্তি, যে যোগের অঙ্গ, সেই যোগ প্রত্যগাত্মবিষয়ক নহে অর্থাৎ তদ্বারা স্বরূপসিদ্ধি হয় না, এই হেতু সেই ভক্তি বহিরঙ্গ, অন্তরঙ্গ নহে,—একথা তাঁহাদের বচনকৌশল মাত্র। এই হেতু ভক্তিকে অন্তরঙ্গ সাধন মনে করিলে কোনও দোধের আশক্ষা নাই ॥৪৫॥

এইরূপে যম ও নির্মসমূহ তত্ত্বদভাবের ফলের সহিত বর্ণনা করিয়া, আসনের স্বরূপ বর্ণনা করিতেছেন—

স্থিরস্থখমাসনম্ ॥৪৬॥

স্থিরস্থম্ আসনম্ (আসনম্ ভবতি)।

স্থির ও স্থাবহ অবস্থিতির নাম আসন ॥৪৬॥

যোরাপ অবস্থিতি, নিশ্চল ও স্থাবহ, তাহাই যোগের অঙ্গ, ইহাই স্থ্যের অর্থ। যাহার দারা উপবেশন করা যার, তাহাই আসন (আস্ + করণবাচ্যে, অন্ট্)। তাহা ছই প্রকার, বাহু ও শরীরগত; তন্মধ্যে কুশের উপরিভাগে অজিন ও বন্ধস্থাপন করিলে বাহু আসন হর "চেলাজিন কুশোন্তরম্"। (গীতা ৬।১১) এবং পদ্ম, স্বস্তিক, প্রভৃতি বিশেষ বিশেষ প্রকারের শরীরাবস্থানকে শারীর আসন বলে। তন্মধ্যে পদ্মাসন সর্বজনবিদিত। আর বাম চরণকে আকুঞ্চিত করিয়া, দক্ষিণপদের ছই জন্থার মধ্যে স্থাপন করিলে এবং সেইরূপে দক্ষিণ চরণকে আকৃঞ্চিত করিয়া বামপদের ছই জন্থার মধ্যে স্থাপন করিলে, তাহাকে স্বস্তিকাসন বলে; এবং ছইটি পদতলকে অগুকোষেরসমীপে রাথিয়া মিলিত করিলে এবং পাণিদ্ব মিলিত করিয়া প্রের্বাক্ত মিলিত পদতলদ্বরের উপর স্থাপন করিলে, তাহাকে ভ্র্ডাসন বলে ॥৪৬॥

এক্ষণে কোন্ উপায়ে আসনকে স্থির রাথা যাইতে পারে তাহাই বলিতেছেনঃ—

প্রযন্ত্রশৈথিল্যানস্তদমাপত্তিভ্যাম ্ ॥ ५ १॥ প্রবর্গে থিল্যানস্তদমাপত্তিভ্যাম (আসনস্থৈগ্যম ভবতি)।

প্রযন্ত্রের শিথিলতা হইতে এবং নাগরাজ অনন্তে (অর্থাৎ অনন্তবিশ্বত বিশ্বমণ্ডলে)
চিত্তের সমাপত্তি হইতে আসন স্থির হয় ॥৪৭॥

লোকের স্বাভাবিক প্রবত্ত মর্থাৎ বিবিধ প্রকার লৌকিক ব্যবহার, আসনের বিঘাতক বলিয়া তাহা হইতে বিরত হইলে আসন সিদ্ধি হয়; কেননা, তন্ত্বারা অঙ্গের পুপন্দন বন্ধ হয়; আর অনন্ত নামক নাগরাজ অসংখ্য স্থির ফণাদ্বারা ধে বিশ্বমণ্ডল ধারণ করিয়া আছেন, তাঁহাতে চিত্তের সমাপত্তি করিলে, দেহাভিমান বিগলিত ,হইয়া যায় এবং দেইহেতু আদনের ক্লেশ অন্তভূত হয় না বলিয়া, আদন-সিদ্ধি হয় ॥৪৭॥

যে চিহ্ন দারা, আসন দিদ্ধ হইল, বুঝা যাইতে পারে, তাহাই বর্ণনা করিতেছেন ঃ—

ততো দ্বন্দ্বাইনভিঘাতঃ ॥৪৮॥

ততঃ (আসনজয়াৎ) দল্বানভিঘাতঃ (ভবতি)।

তাহা হইলে, দ্বন্দ্বের দারা অভিহত হইতে হয় না ॥৪৮॥

আসন জয় হইলে, শীতোঞাদি ও মানাব্যানাদি দ্বন্দ্ব আর বিদ্ন ঘটাইতে সমর্থ হয় না ॥৪৮॥

এক্ষণে আসনের সাহায়্যে যে প্রাণারামের সাধনা করিতে হয়, সেই প্রাণায়ামের বর্ণনা করিতেছেন :—

তস্মিন সতি শ্বাসপ্রশ্বাসম্যোগতিবিচ্ছেদঃ প্রাণায়ামঃ ॥৪৯॥

তন্মিন (আসনে) সতি, শ্বাসপ্রশ্বাসরোঃ গতিবিচ্ছেনঃ প্রাণায়ামঃ (কথ্যতে)। সেই আসন সিদ্ধ হইলে পর, শ্বাস ও প্রশ্বাসের গতিবিচ্ছেদ করাকে প্রাণায়াম বলে ॥৪৯॥

আসনের স্থিরতা সম্পাদিত হইলে, বাহ্যবায়ুর শরীরাভ্যস্তরে গমন এবং শরীরা-ভ্যন্তরস্থ বায়ুর বহির্দ্ধেশে আগমন, বন্ধ করিলেই প্রাণায়াম হয়॥৪৯॥

প্রাণারামের সাধারণ ক্ষণ বলিরা, এক্ষণে উক্ত লক্ষণদ্বারা যে প্রাণারামের পরিচয় প্রদত্ত হইল, তাহারই বিভাগ করিতেছেন—

বাহ্যাভ্যন্তরস্তন্তবৃত্তিদেশকালসংখ্যাভিঃ পরিদুষ্টো मीर्घमृ**ऋः** ॥ १०॥

বাহাভ্যন্তরস্তন্তর্তঃ (প্রাণায়ামঃ) দেশকালসংখ্যাভিঃ পরিদৃষ্টঃ দীর্ঘসূক্ষঃ (ভবতি)।

>0

প্রাণায়াম ত্রিবিধ,—বাহ্যবৃত্তি, আভ্যন্তরবৃত্তি ও স্তম্ভবৃত্তি। তাহারা দেশ,

কাল এবং সংখ্যা দ্বারা পরিদৃষ্ট হইলে, অভ্যস্ত হয় এবং অভ্যস্ত হইলে দীর্ঘ ও সুক্ষ হয় ॥৫ ।॥

পূর্ব্বোক্ত ত্রিবিধ প্রাণায়াম ও তুরীয় নামক অপর এক প্রকার প্রাণায়াম, ধরিলে, সর্বান্ডন্ধ প্রাণায়াম চারি প্রকারের হয়। শরীরাভ্যন্তরস্থ বায়ু রেচক দারা বহির্গত হইলে, বহির্দেশেই তাহাকে ধারণ করার নাম বাহ্যবৃত্তি প্রাণায়াম; তাহাই রেচক। বাহ্যবায়ু পূরণ দারা অন্তর্গত হইলে, তাহাকে শরীরাভ্যন্তরে ধারণ করা, আভ্যন্তর বৃত্তি প্রাণায়াম; তাহার নাম পূরক।

যথন রেচন ও পূরকের প্রয়ত্ব না হইয়া, কেবল বিধারণ প্রয়ত্বের সাহায্যে প্রাণের গতিবিচ্ছেদ হয়, তথন সেই স্তম্ভর্ত্তিকে কুম্তক বলে। ইহাকে রেচক বলা যায় না, কেননা ইহা শরীরাভ্যন্তরে অবস্থিত; ইহাকে পুরকও বলা যায় না, কেননা তপ্ত শিলার উপর নিপতিত জলবিন্দুর নায় (যাহা চতুর্দিক হইতে একেবারে শুষ্ক হয়, সেইরূপ) প্রাণ শরীরে সমুচিত হইয়া স্ক্রুভাব প্রাপ্ত হয়। যে স্থল বায়ু শরীরাভ্যন্তরে নিরুদ্ধ থাকিয়া শরীরকে পূর্ণ করে, তাহাকে পূরক বলে। সেইহেতু, রেচকাভ্যাস ও পূরকাভ্যাস বিনাই, একটিমাত্র প্রযন্ত্র দ্বারা কুম্ভক নামক হক্ষ্ম প্রাণ, ঘটস্থিত জলের হায় দেহে নিশ্চল হইয়া অবস্থান করিলে_ তাহাকে কুন্তক বলে। এই হেতু তাহা রেচক ও পূরক হইতে ভিন্ন এবং উহাদের স্থিত গণিত হইলে, তৃতীয় বলিয়া সিদ্ধ হয়। এই তিন প্রকারের প্রাণায়ামের দেশ, কাল এবং সংখ্যার প্রতি লক্ষ্য রাথিয়া ইহাদিগকে অভ্যাস করিতে থাকিলে, ইহারা দীর্ঘ ও স্ক্রা হয়। তন্মধ্যে রেচকের-দেশ নাসিকার বহির্দেশ। প্রাদেশ, (বুদ্ধাঙ্গুষ্ঠ ও তর্জনীকে প্রদারিত করিলে তাহাদের হুই অগ্রভাগের দূরত্ব), বিতত্তি (বিঘৎ বৃদ্ধাঙ্গুষ্ঠ ও কনিষ্ঠাকে প্রসারিত করিলে তাহাদের হুই অগ্রভাগের দূরত্ব), হস্ত প্রভৃতির দারা তাহার পরিমাণ নির্ণীত হইয়া থাকে। নিবাতস্থানে নাসিকার অগ্রে কাশপুষ্প, তূলা প্রভৃতি ধরিলে, তাহার স্পন্দন দেখিয়া এই দেশের পরিমাণ অন্থমিত হইয়া থাকে। শরীরের অভ্যন্তরভাগ পূরকাদির (পুরক ও কুম্ভকের) দেশ। পদতল হইতে মস্তক পর্যান্ত প্রিপীলিকাম্পর্শের সদৃশ এক প্রকার স্পর্শের দ্বারা পূরকাদির দেশ অন্তুমিত হইয়া থাকে। ক্ষণের গণনা দ্বারা কাল বুঝা বায়। মাত্রার গণনা দারা সংখ্যা বুঝা যায়। হস্তের দারা আপনার জাত্মণ্ডল একবার চাপড়াইয়া একবার ছোটিকা (তুড়ি বা চুটকী) দিয়া, সেইরূপ তিনবার করিতে যে সময় লাগে, তাূহার নাম মাত্রা। স্বস্থকায় পুরুষের একটি শ্বাস ও একটি প্রশ্বাসের দারা সেই মাত্রার কাল নির্ণীত হইয়া থাকে। তন্মধ্যে ২৬টি

মাত্রার দ্বারা অভ্যাস করিতে থাকিলে, প্রাণায়াম দীর্ঘ বলিয়া পরিদৃষ্ট হয়। প্রাণায়ামের দীর্ঘতা বলিলে অধিক দেশকালব্যাপিতা বুঝায়। প্রাণায়ামে নিপুণ ব্যক্তি যে পরিমাণে প্রাণের দীর্ঘতা বুঝিতে পারেন, সেই পরিমাণে প্রাণের হক্ষতা দেখিতে থাকেন, এইরূপে প্রাণায়াম (একই কালে) দীর্ঘ ও হক্ষ বলিয়া পরিদৃষ্ট হয়॥৫০॥

চতুর্থ প্রকারের প্রাণায়াম বর্ণন করিতেছেন :—

বাহ্যাভ্যস্তরবিষয়াক্ষেপী চতুর্থঃ ॥৫১॥

বাহুভ্যান্তরবিষয়াক্ষেপী প্রাণায়ামঃ চতুর্থঃ (প্রাণায়ামঃ ভবতি)।

বাহ্য ও আভ্যন্তর বিষয়ের আলোচনপূর্বক প্রাণায়াম অভ্যাস করিয়া পরে তাহা অতিক্রমপূর্বক যে স্তম্ভরুত্তি হয়, তাহার নাম চতুর্থ প্রাণায়াম ॥৫১॥

বাহুদেশরূপ বিষয়ের কথা পূর্ব্বে বর্ণিত হইয়াছে। হৃদয়, নাভিচক্র প্রভৃতিকে আভ্যন্তর বিষয় বলে। তাহাদের 'আক্ষেপ' বলিলে স্ক্র্যান্টিরারা তাহাদের পর্য্যালোচনা বুঝায়। যে প্রাণায়ামের পূর্ববর্ত্তীকালে সেইরূপ আলোচনা থাকে, তাহা চতুর্থ প্রকারের প্রাণায়াম। তাহা স্তম্ভরুত্তি মাত্র। তাহারূও পূর্বের হ্লায় দীর্ঘস্ক্রতা হয়। তাহা যে, কুস্তকের অন্তর্ভুত হইল, এইরূপ আশঙ্কা করা চলে না। (রেচক ও পূরকের অভ্যাসদারা বিজিত বাহ্য এবং আভ্যন্তর বিষয়ের নিশ্চয় বা আলোচনা না করিয়াই একটীমাত্র প্রয়ের দারা যে স্তম্ভরুত্তি ঘটে, তাহাকে কুম্ভক বলে।) সেইরূপ নিশ্চয়পূর্বেক যে স্তম্ভরুত্তি হয় এবং যাহা বহু প্রয়ের দারা সাধন করিতে হয়, তাহাই চতুর্থ প্রকারের প্রাণায়াম, এইমাত্র প্রভেদ ॥৫১॥

উক্ত চারি প্রকার প্রাণায়ামকে বোগসাধনের অঙ্গ করিলে, (বোগসিদ্ধির)
দ্বারস্বরূপ যে ফললাভ হয়, এক্ষণে তাহাই বর্ণনা করিতেছেনঃ—

ভঙ্গ ক্ষীয়তে প্রকাশাবরণম্ ॥৫২॥ ততঃ প্রকাশাবরণম্ ক্ষীয়তে।

প্রাণায়াম হইতে, তাহার ফলে, বুদ্ধিসত্ত্বের আবরণ ক্ষীণ হয় ॥৫২॥ প্রাণায়ামের অভ্যাসহেতু প্রকাশশীল বুদ্ধিসত্ত্বের ক্লেশ ও পাপরূপ আবরণ ক্ষয়প্রাপ্ত হয়। সর্ব্বজ্ঞ ভগবান মন্ত্ তাহাই বলিতেছেন 'প্রাণায়ামৈদ হেদ্দোষান্'— প্রাণায়াম দ্বারা দোষসমূহকে দক্ষ করিতে হয় ॥৫২॥

ধারণাস্ত্র চ যোগ্যতা মনসঃ ৷৷৫৩৷৷

ধারণাস্থ চ মনসঃ যোগ্যতা (ভবতি)।

বিবিধপ্রকার ধারণাবিষয়েও মনের যোগ্যতা হয় ॥৫৩॥

প্রাণায়ামের আরও এক ফল কি, তাহা বলিতেছেন। প্রাণায়ামের অভ্যাসের দ্বারা আবরণ ক্ষয় হইলে, কুন্ধ লক্ষ্যের ধারণা বিষয়ে, মনের যোগ্যতা হয় ॥৫৩॥

এই পর্যান্ত যে যম নিয়মাদির বর্ণনা করা হইল, তাহাদের অভ্যাদ দারা, থাঁহার চিত্ত বিশুদ্ধ হইয়াছে, তাঁহারই প্রত্যাহার হয়, এই মনে করিয়া এক্ষণে প্রত্যাহারের শক্ষণ বনিতেছেন:—

স্থবিষয় সম্প্রদোবেগ চিত্তস্য স্বরূপান্তকার ইবে-ন্দি_য়াণাং প্রত্যাহারঃ ॥৫৪॥

ইন্দ্রিয়াণাং স্ববিষয়াসম্প্রয়োগে চিত্তস্ত স্বরূপাত্মকারঃ ইব, প্রত্যাহারঃ (ভবতি)।

ইন্দ্রিয়গণ নিজ নিজ বিষয়ের উপলব্ধি করিতে বিরত হইয়া যথন চিত্তস্বরূপের অফুকরণের মতো করে, তথন তাহাদের প্রত্যাহার হইয়াছে বলা যায়।

চিত্ত বিশুদ্ধ হইয়া যথন আপনার গ্রহণযোগ্য শব্দ প্রভৃতি বিষয়ের সহিত আর মিলিত হয় না, অর্থাৎ বৈরাগ্যবশত বিষয়সমূহ হইতে বিয়ুক্ত হইয়া, চিত্ত য়থন তত্ত্বাভিমুথ হয়, তথন চক্ষুরাদি ইন্দ্রিয়, চিত্তের যে য়য়পায়্য়করণ করে, অর্থাৎ নিজ নিজ বিষয় হইতে বিয়ুক্ত হইয়া—বিষয়ের প্রতি ধাবমান না হইয়া তত্ত্বাভিমুথের মতো হয়, তথনই (ইন্দ্রিয়গণের) "প্রত্যাহার"। ইন্দ্রিয় দকল, 'প্রতি' অর্থাৎ প্রতিলোমভাবে (বিপরীত দিকে), বিষয়সমূহ হইতে, ইহাতে আহত হয়—এই ব্যুৎপত্তি অয়্লসারে 'প্রত্যাহার' শব্দ দির হইয়াছে। বিয়য়ভোগনিপুণ ইন্দ্রিয়গণ কথনই চিত্তের হায় তত্ত্বাভিমুথ হইতে পারে না, ইহাই স্ফানা করিবার নিমিত্ত হয়ে "ইব" শব্দ (অয়ৢবাদের 'মতো' শব্দ) প্রযুক্ত হইয়াছে। বেমন কোন মধুচক্র হুতে মৌমাছিদিগের রাজা উড্ডীন হইলে, মক্ষিকাগণ তাহায়ই অয়ৢসয়ণ করিয়া পাকে এবং সেই রাজা উপবিষ্ট হইলে, তাহায়া উপবিষ্ট হয়, সেইয়প ইন্দ্রিয় সকল, (ইন্দ্রিয়মুথ্য) চিত্তের অয়ৢসয়ণ করে বলিয়া, চিত্তনিরোধ দারাই তাহাদের নিরোধ হইয়া থাকে। তাহাদিগের নিরোধ করিতে, অন্থ কোন প্রকার যত্নের প্রয়োজন হয় না, ইহাই স্থত্রের তাৎপর্য্য ॥৫৪॥

প্রত্যাহারের ফল যোগের দ্বার স্বরূপ। এক্ষণে সেই ফল বর্ণনা করিতেছেন—

ভতঃ প্রমা্খতভক্তিয়াণাম্ ॥৫৫॥

ততঃ ইন্দ্রিয়াণাম্ পরমা বশ্রতা (ভবতি)।

প্রত্যাহার হইতে ইন্দ্রিয়গণের সর্বোত্তম বশুতা হয়। যতপ্রকার ইন্দ্রিয়-বিজয় আছে, তন্মধ্যে প্রত্যাহারের দারা যে ইন্দ্রিমবিজয় হয়, তাহাই সর্বশ্রেষ্ট . কেননা প্রত্যাহার অভ্যন্ত হইলে, ইন্দ্রিয়গণের বিষয়গ্রহণ একেবারেই বন্ধ হইয়া যায়। কেহ কেহ বলেন শব্দাদিবিষয়ে আসক্তিশৃক্ত হইলেই ইক্সিয় জয় হইল। আবার কেহ বলেন, অনিষিদ্ধ শব্দাদি বিষয়ের সেবন এবং নিষিদ্ধ বিষয়ে অপ্রবৃত্তিই ইন্দ্রিয়জয়। অপর কেহ বলেন, ভোগ্য বিষয়ে স্বতন্ত্রতা, অর্থাৎ ভোগ্য বিষয়ের বশীভূত না হওয়াই ইক্সিয়জয়। অপর কেহ বলেন রাগদ্বেষ না থাকা হেতু স্থ্যত্বংথশূক্তভাবে যে শব্দাদির জ্ঞান, তাহার নাম ইক্রিয়জর। কিন্তু জৈগীষব্য ও পতঞ্জলি বলেন, ইন্দ্রিয়ের সহিত চিন্ত একাগ্র হইলে, শবাদি বিষয়ে যে অপ্রবৃত্তি তাহাই ইক্সিয়জয়। এই প্রকার ইক্সিয়জয়ই সর্বশ্রেষ্ট, যেহেতু যোগীর চিত্তনিরোধ হইলে, অপর ইঞ্রিয় সকল আপনা হইতেই নিরুদ্ধ হইয়া যায়; এবং তজ্জন্য যোগীর প্রযত্মান্তরের অপেক্ষা থাকেনা। জৈগীষব্য বলেন—বিষয় সমূহ ইক্রিয়বধূদিগকে আপন আপন দিকে টানিলেও সেই ইক্রিয় বধূগণ, তত্ত্বরূপ পতির প্রতি একান্ত অমুরাগ বশতঃ বিষয় সমূহের প্রতি অত্যন্ত পরাষ্মুখী হইবে তাহাকেই ই জিন্নগণের প্রমা বশ্রতা বলে। যেমন রাবণ শ্রীসীতাকে আপনার দিকে আকর্ষণ করিলেও তিনি শ্রীরামগতপ্রাণ ছিলেন বলিয়া সেই রাক্ষসাধমের প্রতি একাস্ক পরাত্মখী হইয়াছিলেন, ইহাও সেইরূপ। প্রত্যাহার হইতে ইন্দ্রিয়গণের পরমা বশুতা হয়, ইহাই স্থত্তের অর্থ ॥৫৫॥

ইতি সাধনপাদ সমাপ্ত॥

নিভূতিপাদ

ক্রিকাপে দ্বিতীয়পাদে প্রথমে ক্রিয়াযোগ নির্মাণিত হইয়াছে। ক্রিয়াযোগ ক্রেশক্রিয়াক সরিক্রর বর্ণিত হইয়াছে। পরে তাহারা যে হেয়, ইহা প্রতিপাদন
ক্রিরার জন্ম, তাহারা যে হঃখরূপ, তাহাই বুঝান হইয়াছে। তদনন্তর হৈয়, হেয়হেছু, মোক্র ও মোক্রের হেডু, এই চারিটা বর্ণনের পর যোগের বহিরক্র সাধন—
যমাদি পাচটা, অবাস্তর ফলের সহিত নির্মাণিত হইয়াছে। এক্রণে সংযম নামক
ধারণা প্রভৃতি তিনটি অন্তরক্র সাধনের বর্ণনা করিয়া, সেই সংযম দারা যে যে
বিজ্তির বাভ হইয়া থাকে, সেই বিভৃতি সকল, শ্রনা উৎপাদন করিয়া সাধককে
ক্রেরন্যাক্রক যোগে প্রবৃত্ত করিয়া থাকে; ইহাই বলিবার নিমিত্ত তৃতীয়পাদ আরম্ভ
ক্রিয়া, প্রথমেই 'ধারণার' ক্রকণ করিতেছেন—

দেশবন্ধশ্চিত্রস্য ধারণা ॥ ১ ॥

চিত্তক্ষ দেশবন্ধঃ ধারণা (ভবতি)।

বাহ্য কিম্বা আধ্যাত্মিক কোন দেশে চিত্তকে বাঁধিয়া রাখার নাম ধারণা ॥ ১॥

নাভিচক্র, হৃদয়, নাসাগ্র, প্রভৃতি দেশে সম্প্রজ্ঞাত যোগদিদ্ধির নিমিত্ত চিত্তকে বাধিয়া রাথা অর্থাৎ স্থির করিয়া রাথাকে, ধারণা বলে। বিষ্ণু পুরাণে (৬ খণ্ডে প্রস্থায়ে) তাহা এইরূপে বর্ণিত হইয়াছে :—

প্রাণায়ামেণ প্রবনং প্রত্যাহারেণ চেন্ট্রিয়ম্। বশীক্ষত্য ততঃ কুর্য্যাচ্চিত্তস্থানং শুভাশ্রমে ॥ ৪৫ প্রাণায়াম দারা শরীরস্থ বায়ুকে এবং প্রত্যাহার দারা ইন্দ্রিয়সমূহকে, বশে আনিয়া, তদনস্তর কোন শুভ অবলম্বনে •চিত্তকে অবস্থাপন করিতে হইবে।

মূর্ত্তং ভগৰতে। রূপং সর্ব্বোপাশ্রয়নিস্পৃহম্। এষা বৈ ধারণা জ্ঞেয়া যচ্চিত্তং তত্র ধার্যতে ॥ ৭৭

ভগবানের যে মূর্ত্তরূপ, তাহাকে অবলম্বনরূপে গ্রহণ করিলে, অপর কোন বস্তুকে উপাশ্রয় বা অবলম্বন করিবার ইচ্ছা হয় না ; চিত্তকে সেই অবলম্বনে ধরিয়া রাথাকেই ধারণা বলিয়া বুঝিতে হইবে।

তচ্চমূর্ত্তং হরে রূপং যাদৃক্ চিস্ত্যং নরাধিপ। ভচ্ছুয়তামনাধারে ধারণানোপপছতে ॥ ৭৮

হে রাজন্! ভগবান্ হরির সেই ধ্যানযোগ্য মূর্ত্তরূপ কি প্রকার, তাহা শ্রবণ কর; কেননা কোন অবলম্বন ব্যতীত ধারণা সিদ্ধ হয় না।

প্রসরবদনং চারু পদ্মপত্রনিতভক্ষণম্ ।
স্থকপোলং স্থবিস্তার্পলিলাটফলকোজ্বলম্ ॥ ৭৯
সমকর্ণাস্থবিস্তম্ভ চারুকুগুলভূষণম্ ।
কমুগ্রীবং স্থবিস্তার্প জীবৎসাঙ্কিতবক্ষসম্ ॥ ৮০
বলীত্রিভঙ্গিনা মগ্ননাভিনা চোদরেন বৈ ।
প্রলম্বাস্টভূজং বিষ্ণুমথবাহপি চভুভূজম্ ॥ ৮১
সমস্থিতোরজজ্ঞহং চ স্থস্থিরাজিঘুকরামুজম্ ।
চিন্তবেয়দ্ধ, সাভ্তুতং তং পীতনিশ্বল বসনম্ ॥ ৮২

তাঁহার বদন প্রসন্ধ, নয়নয়য় স্থন্দর পদাদল সদৃশ, কপোলযুগল মনোহর, ললাট প্রদেশ স্থবিস্তার্থ ও উজ্জ্বল, স্থন্দর কর্নযুগলের প্রান্তভাগে মনোহর কুণ্ডল অলম্বার বিহান্ত রহিয়াছে; তাঁহার গ্রীবা শঙ্খসদৃশ (ত্রিবলিয়্ক্ত), তাঁহার বক্ষঃপ্রদেশ স্থবিস্তার্থ প্রীবংসচিহ্নে শোভিত; তাঁহার উদরে ত্রিবলিরেথা ও স্থগভীর নাভি শোভা পাইতেছে; তিনি স্থদীর্ঘ অইভ্জাবিশিষ্ট অথবা চতুর্ভূজ; তাঁহার উরু ও জঙ্বা স্থসম এবং তাঁহার চরণ এবং করকমল স্থন্থির; তাঁহার পরিধানে নির্মাল পীত বর্দন—এইরূপ ব্রশ্বররূপ বিষ্ণুর মূর্ত্তি চিন্তা করিতে হইবে ॥ ১॥

এক্ষণে ধারণারূপ সাধন দারা যে ধ্যান সিদ্ধ হয় তাহারই লক্ষণ করিতেছেন—

তত্ৰ প্ৰত্যইয়কভানভা ধ্যানম্ ॥ ২ ॥

তত্র প্রত্যবৈক্তানতা ধ্যানম্ (ভবতি)।

তাহাতে জ্ঞানবৃত্তির যে একতানতা বা অবিচ্ছিন্ন ধারা, তাহাকেই ধ্যান বলে।

যেস্থলে ধারণার বিজাতীয় বৃত্তিসমূহকে পরিত্যাগ করিবার জন্য যত্নের আবশুকতা থাকে, সেই স্থলেই যে, প্রত্যায়সমূহের অর্থাৎ জ্ঞানবৃত্তির একতানতা, অর্থাৎ বিনা প্রযত্নে এক বিষয়ে নিবদ্ধ থাকা, তাহাই ধ্যান । পূর্ব্বোক্ত বিষ্ণুপুরাণেই কেশিধ্বজ, থাণ্ডিক জনকের প্রতি এই প্রকারে ধ্যানের উপদেশ করিতেছেন—

তদ্ধেপ প্রত্যইয়কাগ্রসম্ভতিশ্চান্সনিস্পৃহা। তদ্ধ্যানং প্রথইমরটঙ্গঃ ষড়্ভিনিপ্পান্ততে নুপ ॥৮৯

হে রাজন্ যথন সেই বিষ্ণুমূর্ত্তি বিষয়ক জ্ঞানের একটি ধারা অবিচ্ছিন্নভাবে চলিতে থাকে এবং মন অন্ত কোন বস্তু গ্রহণে স্পৃহা করে না, তথন তাহাকেই ধ্যান বলে; তাহা প্রথমোক্ত ছয়টি যোগাকের ছারা নিম্পন্ন হয় ॥ ২ ॥

এক্ষণে সমাধির লক্ষণ করিতেছেন।—

তদেবার্থ মা দ্রনির্ভাসং স্বরূপশূত্যমিব সমাধিঃ ॥৩॥

তৎ এব অর্থনাত্রনিভাগিন্ স্বরপশ্সন্ইব (সং) সমাধিঃ (ভবতি)।

যথন সেই ধ্যান ধ্যেয় কেবল বস্তুরই প্রকাশক হয় এবং স্বরূপশ্সের স্থায় হয়,
তথন সেই ধ্যানকেই সমাধি বলে।

অতি স্বক্ত চিত্তবৃত্তির প্রবাহরূপে যে ধ্যান, তাহাই যথন কেবল্মাত্র ধ্যেয় বস্তর স্বরূপে প্রকাশমান হয়, তথন তাহাকেই সমাধি বলে। স্ত্রস্থিত 'স্বরূপভূম্ ইব' এই তুইপদ দ্বারা স্ত্রস্থিত 'মাত্রচ্' প্রত্যয়ের অর্থ ই প্রকটিত করিলেন; অর্থাৎ ধ্যানে যথন ধ্যানের স্বরূপজ্ঞান না থাকে, বা ধ্যানকে ধ্যান বলিয়া বুঝা যায় না, তথনই তাহা সমাধি। 'ইব'বা 'যেন' শব্দের সার্থকতা এই যে, ধ্যান তথন সত্যই স্বরূপশ্ন্য হইয়া যায় না। তথন তাহার সত্তা থাকে; যেমন স্বচ্ছ স্ফটিক মণির সন্নিধানে জ্বাকুস্থম থাকিলে, সেই মণি উক্ত জ্বার রূপেই প্রকাশমান হয়, নিজের স্বরূপে নহে, ইহাও সেইরূপ। ধারণা বিজ্ঞাতীয় বৃত্তিদ্বারা বিচ্ছিন্ন হইয়া থাকে; সেইরূপ বিচ্ছিন্ন না হইলে, তাহাই ধ্যান। আর যথন ধ্যেয়, ধ্যান ও ধ্যাতা এই তিনটির প্রকাশের মধ্যে কেবলমাত্র ধ্যেয় বস্তর প্রকাশ অবশিষ্ট থাকে, তথন তাহাক্রেই সমাধি বলে। সেই সমাধি দীর্ঘকালব্যাপী হইলে, তাহাকে সম্প্রক্তাত যোগ বলে, এইমাত্র বিশ্বেষ।

যোগশাস্ত্রে 'ধারণা' 'ধ্যান' ও 'সমাধি' এই তিনটির ব্যবহারের স্থবিধা করিবার উদ্দেশ্যে, ঐ তিনটির 'সংযম' নামে একটি সংজ্ঞা করিতেছেন।—

ত্রয়েক্ত সংষ্মঃ ॥ ৪ ॥

ত্রয়ম্ একত্র "সংযমঃ" (ভবতি)।

ধারণা, ধ্যান ও সমাধি এই তিনটি একবিষয়ক; উহাদের পারিভাষিক নাম সংযম।

ধারণাদি <u>তিনটির বিষয় একই বলিয়া,</u> ঐ তিনটিকে 'সংযম' এই একটি মাত্র সংজ্ঞাবারা অভিহিত করা হয়॥

সংযমের ফল বলিতেছেন:-

ভজ্জাৎ প্রভাবেশকঃ ॥ ৫॥

তজ্জ্যাৎ প্রজ্ঞালোকঃ (ভব্তি)।

সেই সংযদে সিদ্ধি লাভ করিলে, সমাধিজনিত জ্ঞান নির্ম্মলতা লাভ করে।

সেই সংধ্যের জন্ম হইলে অর্থাৎ হৈন্য সম্পাদিত হইলে, সমাধিজ্ঞনিত প্রজার আলোক বা নির্মানতা জন্মে অর্থাৎ ভ্রাস্তি, সংশন্ন প্রভৃতি মল অপগত হইনা ধ্যের বস্তুর স্বরূপ প্রকাশিত হয় ॥৫॥

bro.

٠.

আচ্ছা সেই সংযম কোন্ বিষয়ে প্রযুক্ত হইলে উপরোক্ত ফল লাভ ইইয়া থাকে ৪ এই প্রশ্নের উত্তর দিতেছেন :—

তন্ত্র ভূমিষু বিনিদ্যোগঃ 11 ও 11 ভূমিষ্ তন্ত্র বিনিয়োগঃ (কর্ত্তব্যঃ)।

সেই সংযম প্রথমে পূর্ব্ব ভূমি এবং পরে উত্তর ভূমি সমূহে যথাক্রমে বিনিয়োগ করা কর্ত্তব্য ।

স্থূল স্ক্রাদি (অবলম্বনের) বর্ণনা কালে সবিতর্ক নির্বিতর্ক, সবিচার ও নির্বিচার ভূমি সমূহ কথিত হইরাছে তাহাতেই সংধ্যের প্রয়োগ করিতে হইবে। সংধ্যের দ্বারা প্রথমেই পূর্বভূমি জয় করিয়া পরে উত্তর ভূমি জয় করিবার ইচ্ছা করিতে হয়। স্থলের সাক্ষাৎকার না করিয়া স্ক্রের সাক্ষাৎকার করা যায় না, ইহাই ভাবার্থ।

আচ্ছা, যোগের আটটি অঙ্গের মধ্যে পূর্ব্ব গাদে পাঁচটি অঙ্গ নিরূপিত হইয়াছে, এবং অবশিষ্ট তিনটি এই পাদে নিরূপিত হইতেছে। এইরূপ করিবার হেতু কি? এই প্রশ্নের উত্তরে বলিতেছেন:—

ত্রর মন্তরকং পূর্বেভ্যঃ । ৭ ।। পূর্বেভ্যঃ ত্রয়ন্ অন্তরদন্!

পূর্ব্বোক্ত যম, নিয়ম, আসন, প্রাণারাম ও প্রত্যাহার এই পাঁচটির অপেক্ষার, (অষ্টাঙ্গ সাধনের) শেষোক্ত তিনটি অর্থাৎ ধারণা, ধ্যান ও সমাধি, সম্প্রজ্ঞাতযোগের অন্তরঙ্গ সাধন।

চিত্ত, কায়, প্রাণ ও ইন্সিয়ের, মল সম্প্রজ্ঞাত সমাধির প্রতিবন্ধক স্বরূপ হয়।

থমাদি পাঁচটি অঙ্গ সেই মলের নিবৃত্তি করে বলিয়া তাহারা থোগের বহিরক কিন্তু
ধারণাদি তিনটি অঙ্গ, অঙ্গীর অর্থাৎ থোগের সহিত তুল্যবিষয়ক বলিয়া এবং সাক্ষাৎ
সম্বন্ধে তাহার উপকার করে বলিয়া, অস্তরঙ্গ নামে অভিহিত। এই হেতু এই

তিনটি পূর্ব্বোক্ত পাঁচটি অপেক্ষা সম্ভরঙ্গ, এইরূপ বলাতে, তাহার ফলে, 'সেই সেই ভূমিতে উক্ত সংখ্যের প্রয়োগ করিতে হইবে',এইরূপ উক্তির অর্থও এস্থলে নিরূপিত হইল ॥৭॥

তদপি বহিরঙ্গং নির্বীজস্ম ।৷ ৮ ।। তং অপি নির্বীজ্ঞ (সমাধ্যে) রহিরদম্।

িকিন্ত সেই তিনটিও নির্বীঞ্চা সমাধির বহিরক ॥ ৮॥

ধারণা প্রভৃতি তিনটি অঙ্গও অসম্প্রজ্ঞাত সমাধির বহিরঙ্গ; তাহার কারণ এই যে অঙ্গী বা অসম্প্রজ্ঞাত যোগ সর্ব্ধবিষয়পরিশৃন্ত ; আর ধারণাদি তিনটি অঙ্গে কিছু না কিছু বিষয়রপতা থাকে। স্থতরাং উক্ত তিন অঙ্গের সহিত অঙ্গীর বা অসম্প্রজ্ঞাত (অর্থাৎ নির্বিষয়) যোগের তুল্যবিষয়তা নাই। সেই হেতু উক্ত তিনটি অঙ্গকে এক প্রকার বূর্খান বলা যাইতে পারে। সম্প্রজ্ঞাত যোগের পরিপাক দারা প্রজ্ঞার নির্দ্মণতা বা পরবৈরাগ্য সিদ্ধ হইলে, তদ্ধারা উক্ত ধারণাদি তিনটি ব্যুখানের নিরোধ হয়। তাহা হইলে সম্প্রজ্ঞাত যোগও নিরুদ্ধ হওয়াতে সমাধি নির্বীজ হয়। এইরূপে ধারণাদি তিনটী পরম্পরাক্রমে অসম্প্রজ্ঞাত যোগের উপকারক হওয়াতে, তাহার বহিরঙ্গ ।৮॥

এক্ষণে সংযম্মারা কি কি বিভূতি সিদ্ধ হইতে পারে, তাহা বলিবার নিমিত্ত যে সকল পরিণাম, সংযমের লক্ষ্য, তাহাদের স্বরূপ বর্ণনা করিতেছেন :—

ব্যুত্থাননিবরাধসংস্কারস্কোরভিভবপ্রাছভাবে নিবরাধ -ক্ষণভিত্তান্বস্কো নিবরাধপরিণামঃ ॥ হ:॥

ব্যুখাননিরোধসংস্কারয়োঃ অভিভবপ্রাহর্ভাবৌ নিরোধক্ষণচিস্তাম্বরঃ নিরোধ পরিণামঃ (ভব্তি).i

ব্যুখান সংশ্লারের অর্থাৎ সম্প্রজ্ঞাত সংশ্লারের অভিভব এবং নিরোধ সংশ্লারের প্রাত্ত্তাব, এইরূপ পরিণাম বাহা নিরোধক্ষণরূপে চিত্তে অন্বিত থাকে, তাহাকে নিরোধপরিণাম বলা হয়॥ ৯॥

এস্থলে, 'ব্যুত্থান' শব্দের অর্থ সম্প্রক্তাত। পরবৈরাগ্য দারাই তাহার নিরোধ হয় বলিয়া এস্থলে নিরোধ শব্দের অর্থ পরবৈরাগ্য। তাহা হইলে যখন ব্যুত্থান সংস্কারের অভিভব হয় এহং নিরোধ সংস্কারের প্রাত্মভাব হয়,তথন চিত্ত নিরোধসংস্কার রূপ অসম্প্রজ্ঞাত যোগের ক্ষণ বা সময়ের সহিত যুক্ত বা অন্বিত হয়। সেই নিরোধ ক্ষণের সহিত অন্বিত চিত্তরূপ ধর্মী ত্রিগুণাত্মক বলিয়া কথনই এক অবস্থায় থাকেনা, অর্থাৎ তাহা সর্ব্বদাই পরিণামশীল। অভিভূত ব্যুত্থান সংস্কারের এবং প্রাত্মভূত নিরোধ সংস্কারের (অর্থাৎ এই তুই ধর্ম্মের), ধর্ম্মিরপ চিত্তের সহিত যে সম্বন্ধ, তাহাই 'নিরোধপরিণাম' নামে অভিহিত হইয়া থাকে। পরবৈরাগ্যরূপ বৃত্তিদারা সম্প্রজ্ঞাত বৃত্তির ও তাহার সংস্কারের অভিভব হইলে, পরবৈরাগ্যের সংস্কারই অভিব্যক্তভাবে থাকে তাহাকৈ নির্বাদ্ধ নিরোধপরিণাম' বলে, ইহাই স্ত্রের ভাবার্থ॥ ৯॥

সম্পূর্ণরূপে ব্যুত্থান সংস্কারের অভিভব হইলে নিরোধসংস্কার স্থৈয় লাভ করে এই কথাই বলিতেছেন :—

তস্য প্রশান্তবাহিতা সংস্কারাৎ গ ১০ ।। তম্ম সংস্কারাৎ (চিত্তয়) প্রশান্তবাহিতা (ভবতি)।

সেই নিরোধের সংস্কার হইতে,(চিন্ত) নিরোধাবস্থার প্রশান্তবাহিতী হয় অর্থাৎ চিন্ত এক প্রশান্তপ্রবাহরূপে নির্বিকারের মতো হইয়া চলিতে থাকে॥ ১০॥

নিরোধ সংস্কার বৃদ্ধি পাইতে পাইতে যথন যাবতীয় ব্যুখান সংস্কাররূপ মল একেবারে গুরীভূত হইয়া যায়, তথন চিত্তে কেবলমাত্র নিরোধসংস্কারপরস্পরা প্রবাহ রূপে চলিতে থাকে।

(শঙ্কা) আচ্ছা, তাহা হইলেও চিত্ত ত' একটি 'চল'বা পরিণামী বস্তু (তাহার ত' পরিণাম হইতে থাকিবেই) ?

(সমাধান) সত্য বটে ; তাহা হইলেও সেই পরিমাণশ্রেণাকেই চিত্তের স্থৈয় বলা হয় ; ইহাই হুত্তের ভাবার্থ॥ ১০॥

্রইন্সপে চিত্তের নিবরীভাবস্থা বর্ণনা করিয়া, সম্প্রজ্ঞাত পরিণাম বর্ণনা করিতেছেন :—

সর্বাথ হৈ কাগুভুহেরাঃ ক্ষন্তেরাদকের চিত্তস্য সমাধিপরিণামঃ ৷৷ ১১ ৷৷

(চিত্তস্থ) সর্বার্থতৈকাঞ্জতরোঃ ক্ষরোদয়ো চিত্তস্থ সমাধিপরিণামঃ (ভবতি) ।

চিত্তের সর্ববিষয়তারূপ ধর্মের ক্ষয় এবং একাগ্রতারূপ 'ধর্মের উদ্যুকেই চিত্তের সমাধিপরিণাম বলে॥ ১১॥ চিত্তের সর্ববিষয়তা বলিলে, চিত্ত যে বিবিধ বিষয়ের আকার ধারণ করে, সেই বিক্ষিপ্তরূপতা ধর্মকেই বুঝায়। চিত্তের একাগ্রতা বলিলে যাহা বুঝায় তাহা পরে ব্যাখ্যাত হইবে। সেই ছই ধর্মের যথাক্রমে ক্ষয় ও উদয়কেই অর্থাৎ তিরোভাব ও প্রাহ্মভাবকেই (যাহা, যথাক্রমে একাস্ত বিনাশ ও নৃতন উৎপত্তি নহে, তত্তুভয়কেই)সমাধিপরিণাম বলে। কারণ, যাহা মৎ তাহার বিনাশ নাই এবং যাহা অসৎ তাহার কথনই উৎপত্তি হয় না। অভ্যাসদ্বারা বিক্ষেপ দ্রীভূত হইলে একাগ্রতার স্থিরতাকেই সমাধি বলে, ইহাই হত্তের ভাবার্থ॥ ১১॥

শাস্তোদিতো ভুল্যপ্রত্যক্ষো চিত্তইস্যকাগ্রতা পরিণামঃ ॥ ১২ ॥

় শান্তোদিতৌ তুল্যপ্রতায়ৌ চিত্তস্থ একাগ্রতাপরিণামঃ (ভবতি) (অর্থাৎ) শান্তোদিতৌ প্রত্যয়ৌ তুল্যৌ (সম্ভৌ) চিত্তস্থ একাগ্রতাপরিণামঃ ভবতি । . অতীত প্রত্যয় এবং বর্ত্তমান প্রত্যয়, ঠিক একাকার হইলে তাহাকে একাগ্রতা-পরিণাম বলে॥ ১২॥

শান্ত' শব্দের অর্থ অতীত এবং 'উদিত' শব্দের অর্থ বর্ত্তমান। অতীত প্রত্যর ও বর্ত্তমান প্রত্যর যথন উভয়েই তুল্য হয় অর্থাৎ একবিষয়ক হয়, তথন তাহাদিগকে তুল্য প্রত্যের বলে। যথন চিত্তের (পূর্ব্বাপর) ছইটি বৃত্তি নিরন্তর একবিষয়ক হইতে থাকে, তথন তাহাকেই চিত্তের একাগ্রতানামক পরিণাম বলে। এই একাগ্রতা দ্বাদশগুণ হইলে, তাহার নাম ধারণা। ধারণা দ্বাদশগুণ হইলে তাহার নাম সমাধি; এবং সমাধি দ্বাদশগুণ হইলে, তাহাকে সম্প্রজ্ঞাত যোগ বলে। এইরূপ প্রভেদ॥ ১২॥

মনের নিরোধপরিণাম, সমাধিপরিণাম ও একাগ্রতাপরিণাম বর্ণনা করিবার কালে, যে নিয়ম (বা ন্থায়) কথিত হইয়াছে এক্ষণে বিষয়ান্তরে সেই নিয়মের প্রয়োগ করিতেছেন।

এতেন ভূ তেব্দ্রিচয়েষু ধর্মালক্ষণাবস্থাপরিণামা ব্যাখ্যাতাঃ ॥ ১৩ ॥

এতেন ভূতেন্দ্রিরেষ্ ধর্মলক্ষণাবস্থাপরিণামাঃ ব্যাখ্যাতাঃ (ভবস্তি)। এই চিন্তপরিণামব্যাখান দ্বারা (পৃথিব্যাদি) ভূতের এবং (চক্ষুরাদি) ইন্দ্রিরের ধর্ম পরিণাম, লক্ষ্ণ পরিণাম ও অবস্থা পরিণাম ব্যাখ্যাত হইল ॥ ১৩॥

পৃথিব্যাদিভূত ও চক্ষুরাদি ইন্দ্রির ইহারা ধর্মী অর্থাৎ ধর্মের আশ্রয়। তাহাতে ধর্ম পরিণাম, লক্ষণ পরিণাম ও অবস্থা পরিণাম এই তিন প্রকার পরিণাম ঘটে। নিরোধ, সমাধি ও একাগ্রতা নামক মনের যে তিন প্রকার পরিণাম, পূর্ব্বে ব্যাখ্যাত হইয়াছে, তদ্বারাই ভূত ও ইন্দ্রিয়ের ধর্মাদি তিন প্রকার পরিণাম ব্যাখ্যাত হুইয়াছে ৷ যেমন মৃত্তিকায় পিগুরূপ ধর্ম অভিভূত হইলে ঘটরূপ ধর্ম আবিভূ ত হয়, সেইন্নপ চিত্তের ব্যুত্থান তিরোহিত হইলে, নিরোধের প্রাফুর্ভাব হয়। তাহাই চিত্তের ধর্মপরিণাম। লক্ষণপরিণাম—লক্ষণ শব্দের অর্থ ভবিশ্বৎ বর্ত্তমান ও অতীত এই তিন কাল, কেননা এই তিন কালই কার্যারপ ধর্মের 'লক্ষণ' বা ব্যাবর্ত্তন করে। এই তিন কালকে যথাক্রমে অনাগত অধ্বা (কাল), বর্ত্তমান অধ্বা ও অতীত অধ্বা বলে। তন্মধ্যে উক্ত ধর্মবিদিষ্ট ঘটের অনাগতভাবকে প্রথম অধ্বা, বর্ত্তমান ভাবকে দিতীয় অধ্বা এবং অতীত ভাবকে তৃতীয় অধ্বা বলে। ইহাই লক্ষণ পরিণাম। সেই অনাগতত্ব নামক ধর্মই বর্ত্তমান ও অতীত নামক ধর্ম্মদ্বয় হইতে ব্যাবৃত্ত বা 'লক্ষিত' করিতেছে। এইরূপে বর্ত্তমানতাদি নামক ধর্মদ্বর অপর ছুই ছুই ধর্ম হুইতে লক্ষিত করে, বুঝিতে হুইবে। এইরূপে লক্ষণ-পরিণামের অথবা তন্ধারা অবচ্ছিন্ন (নিরূপিত) ধর্মের, অবস্থাপরিণাম বুঝিতে হইবে। তাহা এইরূপ, যথা,—যাহা আগামীকল্লে হইবে তাহা অনাগততম, যাহা এই কল্পেই হইবে তাহা অনাগততর, যাহা আগামীকল্য হইবে তাহা অনাগত; যাহা সন্থঃ জন্মিল তাহা বর্ত্তমানতম, এইরূপে ব্রিয়া লইতে হইবে। সেইরূপ বর্ত্তমানেরও নৃতনত্ব ও পুরাণত্ব প্রভৃতি অবস্থাপরিণাম আছে। সংক্ষেপে বলিতে হয় "প্রতিক্ষণপরিণামিনঃ সর্কে ভাবা ঋতে চিতিশক্তেঃ" চিতিশক্তি অর্থাৎ চৈতন্ত ভিন্ন আর সকল বস্তুই প্রতিক্ষণপরিণামী ॥ ১৩ ॥

যাহার এই ত্রিবিধ ারিণাম হয়, সেই ধর্মীর লক্ষণ করিতেছেন :---

শান্তভাদিতাব্যপদেশ্যধৰ্মানুপাতী ধৰ্মী । ১৪ ॥ ... শাস্ত-উদিত-অব্যপদেশুধৰ্মান্ত্ৰপাতী ধৰ্মী (ভবতি)।

যাহা, অতাত বর্ত্তমান ও অনাগত এই ত্রিবিধ ধর্ম্মের অমুগমন করে অর্থাৎ তাহাদের আধাররূপে অমুস্থাত হইন্না থাকে, তাহাকেই ধর্ম্মী বলে ॥ ১৪॥

'শাস্ত' শব্দের অর্থ যাহার ব্যাপার সমাপ্ত হইরাছে অর্থাৎ অতীত (যথাবিনষ্ট ঘট)। উদিত শব্দের অর্থ যাহা, (ঘটের স্থায়) জলাহরণাদি কার্য্যে ব্যাপৃত

ক্লহিয়াছে অর্থাৎ বর্ত্তমান। অব্যাপদেশ্য শব্দের অর্থ বাহা শক্তিরূপে (ভবিষ্ট্রত ৰুটের ক্লায়) মৃত্তিক। প্রভৃতি ধর্মীতে অবস্থিত রহিয়াছে অর্থাৎ অনাগ্নত। এই মুকুল অব্যুপদেশুপরিণাম অতিশয় সুন্ম বলিয়া ধর্মী হুইতে অথবা অন্ত ধর্ম হুইতে ভাহাদিগকে বিভিন্নরূপে নির্দেশ করিতে পারা যায় না; এই হেতু সকল কার্যাই শক্তিরূপে অব্যপদেশু (অনির্দেশু), এবং যে কোন কারণ হইতে উৎপন্ন হুইতে পারে, স্বতরাং দকল কারণই দকল প্রকারকার্য্যাত্মক হয়। দেখা মায় দাবাগ্নিদগ্ধ বেত্রবীজ হইতে কদলীথগু (কলার ঝাড়) জন্মে। (সেই বেত্রবীজে कमनीतृष्क ना थाकित्न) रमञ्चल यांश अमर, जाशत ज' উৎপত্তি मञ्चत्पत इम्र ना । দেশ, কাল, কর্ম প্রভৃতি, অভিব্যঞ্জক কারণের বিচিত্রতাহেতু যে কোন স্থলে যাহা কিছু উৎপন্ন হয়; এইরূপই সংসারের কার্য্যকারণব্যবস্থা। যাঁহারা যোগসিদ্ধ তাঁহাদের নিকট দেশ কাল প্রভৃতি, প্রতিবন্ধকম্বন্ধপ হয় না বলিয়া তাঁহার। সকল বস্তু হইতেই সকল বস্তু উৎপাদন করিতে পারেন। এই সকল শাস্ত, উদিত এবং অব্যপদেশ্য ধর্ম ঘটিমন্ত্রের স্থায় নিরস্তর একটির পর একটি করিয়া আবিভূতি ও তিরোহিত হইতেছে। যাহা সেই সকল ধর্মের অন্থপতন করে অর্থাৎ তাহাদের দহিত অন্বিত হইয়া থাকে তাহাই ধর্মী, যেমন মৃতিকা স্কবর্ণ প্রভৃতি চুর্ণ, পিণ্ড, ঘট, কণ্ঠাভরণ প্রভৃতি পরিণামের সহিত অন্বিত থাকে বলিয়া তাহাদিগকে ধর্মী বলে, সেইরূপ ॥ ১৪ ॥

আচ্ছা, একমাত্র ধর্মীর যে বহু প্রকার পরিণাম হইতে দেখা যায় তাহার কারণ কি ? এইরূপ আশঙ্কা হইতে পারে বলিয়া বলিতেছেন :—

ক্রমান্যত্বং পরিণামান্যতত্ব হেভুঃ ॥ ১৫ ॥ ক্রমান্তবং পরিণামান্তবে হেভুঃ (ভবতি)।

ক্রমের ভিন্নতাহেতু পরিণামের ভিন্নতা ন্নটে ॥ ১৫॥

দেখা যায় মৃত্তিকার চুর্ণপরিণাম ও পিগুপরিণাম এই ছইটির মধ্যে একটির পর একটি উপস্থিত হয়। সেইরূপ পিগু-পরিণাম ও ঘট-পরিণাম এবং ঘট-পরিণাম ও কপাল (খোলা) পরিণাম ছই ছইটি পরিণামের মধ্যে একটির পর অপরটি ঘটিয়া থাকে। এইরূপ পৌর্বাপিয্যরূপ ক্রমের ভিন্নতা যে দৃষ্ট হয় তাহাই মৃত্তিকারূপ একমাত্র ধর্ম্মীর চুর্ণ, পিগু প্রভৃতি বহুপ্রকার ধর্ম্ম-পরিণামের হেতু বা জ্ঞাপক। এইরূপে অনাগত, বর্ত্তমান এবং অতীত অধ্বার ক্রম দেখিয়া ধর্মগম্হের যে ভিন্ন ভিন্ন ক্ষনপরিণাম হইতে পারে, তাহা বুঝা যায়। আর ক্ষণসমূহের পরক্ষরাহেতু

ষট, ব্রীহি প্রভৃতিতে ছল্ল ক্ষ্য স্ক্রম পরিণামক্রমে যে, নবছ, পুরাণত্ব প্রভৃতি ভিন্ন প্রকারের অবস্থা পরিণাম ঘটে, তাহা বুঝা যায়। দেখা যায়, যে সকল ধান্ত ধান্তাগারে রক্ষিত হয়, দীর্ঘকাল পরে তাহারা এইরূপ অবস্থা প্রাপ্ত হয় যে হাত দিয়া ক্ষার্ম করিবামাত্রই চূর্ণ হইয়া যায়; এইরূপ অবস্থা ক্ষণিক পরিণামের ক্রম ভিন্ন ঘটে না এবং নৃতন ধান্যেও সেইপ্রকার পরিণাম দেখা যায় না বা তাহা অকন্মাৎ ঘটিতে পারে না। সেই হেতু পরিণামী অথচ নিত্য একমাত্র ধর্ম্মীর ভিন্ন ভিন্ন ধর্ম্ম উপস্থিত হয় এবং ধর্ম্মসূহের ভিন্ন ভিন্ন লক্ষণ ও তাহাদের ভিন্ন ভিন্ন অবস্থা হয়, ইহাই নিয়ম। সেই ধর্ম্মী অনন্ত বা একমাত্র বলিয়া তাহাকে ক্ষণিক বলা চলে না। সেই হেতু ক্ষণিক বিজ্ঞানবাদিদিগের মতান্ত্রসারে তাহাকে ক্ষণিক বলা চলে না। এইরূপে চিত্তের যে সকল পরিণাম হয়, তন্মধ্যে কতকগুলি প্রত্যক্ষ, যথা কাম, স্থথ প্রভৃতি। অপর কতকগুলি কেবল আগমপ্রমাণ বা অনুমান প্রমাণ দারা বুঝা যায়, তাহারা সংখ্যায় সাতটি। ব্যাসভাষ্যে তাহারা এইরূপে উল্লিখিত হইয়াছে।

"নিরোধ-ধর্ম-সংস্কারাঃ পরিণামোহথ জীবনম্। চেষ্টা শক্তিশ্চ চিত্তস্ত ধর্মা দর্শনবর্জিতাঃ॥

নিরোধ, ধর্মা, সংস্কার, পরিণাম, জীবন, চেষ্টা ও শক্তি এই সকল চিত্তের দর্শনবর্জ্জিত অর্থাৎ পরোক্ষ ধর্ম (নিরোধ — নিরোধ সমাধি), ধর্ম (পাঠাস্তরে কর্মা) পুণাপুণ্যরূপ অপূর্ব্ব (ত্রিবিপাক সংস্কার)। চিত্ত ত্রিগুণাত্মক বলিয়া চিত্তের প্রতিক্ষণ পরিণাম অনুমানগম্য। জীবন — প্রাণধারণ, খাদ প্রভৃতি চিচ্ছের দ্বারা অনুমের। চেষ্টা— চিত্তস্থিত ক্রিয়া, তাহা গাত্রকম্পন প্রভৃতি দ্বারা অনুমের। শক্তি—কার্য্য-সমূহের বা ব্যক্ত ক্রিয়ার স্ক্ষাবস্থা॥১৫॥

এইরপে সংযমধর্মের বিষয়ভূত ধর্মাদিপরিণাম নিরূপিত হইল। সংযম সেই সেই বিষয়ে বশীকার লাভ করিয়াছে কিনা, তাহা বুঝিবার নিমিত্ত এক্ষণে এই পাদের শেষপর্যান্ত (বিশেষ বিশেষ) বিভূতি বর্ণিত হইতেছে:—

পরিণামত্রয়সংযমাদতীতানাগতভ্যানম্ ॥১৬॥ পরিণামত্রয়সংয়মাৎ অতীত-অনাগত-জ্ঞানম্ (ভবতি)।

্রেই পরিণাম ত্রয়ে সংযম করিলে (সংযমদারা সাক্ষাৎকার করিলে) অতীত ও অনাগত বিয়য়ের জ্ঞান হয়॥১৬॥

ৈ চিত্তসত্ত্ব স্বভাবতঃই সকল বস্তু প্রকাশ করিতে পারে। রক্তঃ এবং তমোমল-জনিত প্রতিবন্ধক সংযদাভ্যাসদারা নিবৃত্তি হইয়া গেলে, সেই চিত্ত-সত্ত্ব, অনুমানাদি প্রমাণের সাহায্য ব্যতিরেকে সকল বস্তুই জানিতে পারে, ইহাই নিয়ম। অমুক ধর্মীতে এই সকল ধর্ম অনাগতাদি অবস্থার রহিয়াছে, (তাহাদের) এই সকল অধ্বা, এই সকল অবস্থা, এইরূপে ধর্মপরিণামে, লক্ষণপরিণামে ও অবস্থাপরিণামে সংযমাভ্যাস করিলে যোগীর অতীত ও অনাগত বস্তুর সাক্ষাৎকার হয় ॥১৬॥

শব্দার্থ প্রত্যয়ানামিতরেতরাধ্যাসাৎ সঙ্করস্ত্রৎ প্রবিভাগ সংযমাৎ সর্বভূতরুতজ্ঞানম্ ॥১৭॥

শন্ধ-অর্থ-প্রত্যয়ানাম্ ইতরেত্ রাধ্যাসাৎ সঙ্করঃ (ভবতি), তৎপ্রবিভাগসংযমাৎ সর্বভৃতক্ষতজ্ঞানম্ (ভবতি)।

শব্দ, অর্থ, এবং প্রত্যয় বা জ্ঞান, ইহাদের পরপ্পর আরোপবশতঃ সঙ্কর বা অভেদবুদ্ধি হয়। ইহাদের প্রবিভাগে সংযম করিলে অর্থাৎ ইহাদের মধ্যে বে পরপ্পর অত্যন্ত ভেদ আছে, তাহাতে ধ্যানাদির প্রয়োগ করিলে, সর্বভৃতের উচ্চারিত শব্দের অর্থ জ্ঞান হয় ॥১৭॥

ক্ষোটনামে এক প্রকাব নিত্যশন্ধ আছে, তাহা বর্ণের অতিরিক্ত, কিন্তু বর্ণনারাই অভিব্যক্ত হয় এবং তাহার আর বিভাগ হইতে পারে না। সেই ক্ষোট হইপ্রকার, পদক্ষোট এবং বাক্যক্ষোট। গোঃ এই একটা পদ; ইহা শ্রোত্রেক্সিয়গ্রাহ্থ পদক্ষোট। 'গামানয়'—গরু লইয়া আইস, এই একটি বাক্যরূপে গ্রহণীয় যে ক্ষোট, তাহা বাক্যক্ষোট। বর্ণসকল ক্ষণিক অর্থাৎ উচ্চারণমাত্রেই বিনষ্ট হইয়া যায়; সেইহেতু একাধিক বর্ণ উচ্চারিত হইলে তাহাদের একত্মের প্রত্যক্ষজনিত জ্ঞান হইতে পারে না, (কেননা পরবর্ত্তী বর্ণের উচ্চারণ আরম্ভ হইবার পূর্ব্বেই, পূর্ব্বেণ বিনষ্ট হইয়া যায়)। দেখ, গোঃ এই শব্দে গ্ + উ + ঃ এই তিনটি বর্ণ, "গোঃ" এই শব্দের ক্ষোটকে অভিব্যক্ত করিতেছে, কিন্তু সেই তিনটি বর্ণ যথাক্রমে 'গণ' 'শৌরি' ও 'পয়ং' এই তিন শব্দ মধ্যে অবস্থিত থাকিয়া, এইতিনটি বিজাতীয়াক্ষেটের অভিব্যক্তক হইতেছে,তথাপি তাহারা একই স্থান হইতে উচ্চারিত হয় বলিয়া গোঃ পদের'গ'কার 'গণঃ' পদের 'গ'কারের, 'গোঁ' পদের 'ঔ'কার 'শৌরি'পদের 'ঔ'কারের এবং 'গোঃ' পদের বিসর্গ, 'পয়ঃ' পদের বিসর্গের সদৃশ। (কেননা শিক্ষাশান্ত্রে কথিত ইইয়াছে)

"অষ্টো স্থানানি বর্ণানামুরং, কণ্ঠঃ শিরস্তথা। জিহ্বামূলং চ দস্তাশ্চ নাসিকোঠো চ তালুচ॥" [বর্ণসমূহের উচ্চারণস্থান আটটি যথা বক্ষঃ,কর্ণ, মূর্দ্ধা, জিহবামূল, দস্ত, নাসিকা ওষ্ঠ, এবং তালু]।

এইরূপে স্পর্শবর্ণের উচ্চারণ 'স্পৃষ্ট'প্রযম্বের সাহায্যে সম্পাদিত হয় এবং স্বরবর্ণ ও উন্মবর্ণ সকল 'বিবৃত'প্রয়ন্তের সাহায্যে উচ্চারিত হয়, ইত্যাদিরূপ প্রয়ত্ত্বের সাদৃশ্রও আছে বুঝিয়া লইতে হইবে। তাহা হইলে, উদানবায়ু কোনও একটি প্রযন্ত্রবারা প্রেরিত হইয়া উক্ত আটটি স্থানে গিয়া লাগিলে,সেই আটটি স্থানে যে বাগিন্দ্রিয় আছে, তাহাদের দারা গকারাদি বর্ণ উৎপাদিত হয়। সেই সকল বর্ণ, ধ্বনির সহিত অভেদবশতঃ শ্রোত্রেক্সিয়ের প্রত্যক্ষাত্মভবের গোচর হয় এবং তাহাদের প্রত্যেকটি যেমন 'গোঃ' পদের ক্ষোটকে অভিব্যক্ত করে, সেইরূপ তৎসদৃশ এবং তদ্রপ, অব্যক্ত 'গণা'দি শব্দের ক্ষোট-সকলকেও অভিব্যক্ত করে; কেননা বর্ণ-সকলের নিজ নিজ সাদৃশ্য নিজ নিজ অভিব্যঙ্গ্য (ক্ষোটে) সমারোপিত হইয়া থাকে। কিন্তু আবার 'গৌঃ' শব্দের অন্তর্গত গকারাদি তিনটি বর্ণ ক্রমযুক্ত হইয়া—পর পর অবস্থিত থাকিয়া—শোত্রেক্সিয়ে (এক নৃতন) জন্মলাভ করে। সেই শোত্রেক্সিয়ে উক্ত বর্ণত্রয়ের অনুভবজনিত সংস্কার থাকাতে, সেই সংস্কারগুলি একই বুদ্ধিরূপে (বৌদ্ধ প্রত্যয়রূপে) প্রকাশিত হয় বলিয়া, মিলিত হইয়া যায়। সেইরূপে মিলিত হওয়াতে উক্ত বর্ণত্রয় যে অস্থান্থ (বিবিধপ্রকার) ফোট অভিব্যক্ত করিয়াছিল, তাহা হইতে গোপদক্ষোটকে পৃথক করিয়া ফেলে এবং সেই গোপদক্ষোটকে একটি ভিন্ন অভিব্যক্তি করিয়া প্রকাশ করে। সেই গোপদক্ষেটি বস্তুতঃ অবিভক্ত হইলেও প্রতিবর্ণের সহিত আপন তাদাত্ম্যহেতু আরোপিতসাদৃশ্রাত্মক ভাগবিশিষ্ট হয় এবং তাহা ক্রমবিহীন ও নিত্য হইলেও তাহাকে ক্রমবিশিষ্ট ও অনিত্যের স্থায় দেখায়। যেমন মলিন ও বক্ত (concave, convex বা cylindrical) দর্পণ, নির্ম্মল সরল মুখমগুলে আপনার বক্রতা ও মলিনতা আরোপ করিয়া তাহাকে মলিন ও বক্ররূপে প্রকাশ করে, সেইরূপ। এইরূপে বর্ণদ্বারা অভিব্যক্ত ক্ষোট অর্থের প্রতীতি করায়

এস্থলে এরূপ আপত্তি উঠিতে পারে না, যে বর্ণসমূহের প্রত্যেকটিই যথন অর্থের অব্যক্ত অভিব্যক্তি করিল, তথন ত' এরূপ বলা যাইতে পারে যে তাহারা মিলিত হইয়া সেই অর্থের স্ফৃটতর অভিব্যক্তি করিল; তাহা হইলে আর স্ফোটের প্রয়োজন কি ?

এরপ আপত্তি যে উঠিতে পারে না, তাহার কারণ এই যে ব্যক্ততা ও অব্যক্ততা

প্রত্যক্ষজ্ঞানের ধর্ম; আর অর্থ যথন (প্রত্যক্ষ হয় নাই,) পরোক্ষ রহিয়াছে তথন তাহার জ্ঞানে সেই ব্যক্ততা ও অব্যক্ততা রহিয়াছে, এরূপ বলা চলে না। একটি পদ বা একটি বাক্য—এইরূপে যে ক্ষোটজ্ঞান হয়, তাহা শ্রোত্রেক্সিয়জাত প্রত্যক্ষজ্ঞান, তাহারই ব্যক্ততা বা অব্যক্ততা হইতে পারে—অধিক বিস্তারের প্রয়োজন নাই।

এই শব্দের, শব্দ ও প্রত্যায়ের সহিত অভিন্নভাবে বিকল্পিত (অবস্ত বস্তুরূপে প্রতিপাদিত) মিশ্রিত অর্থকেই লোকে সঙ্কেত দারা গ্রহণ করিয়া থাকে—ইহা পূর্ব্বে (সমাধিপাদে ৪৩ স্থত্রের টীকায়) প্রতিপাদিত হইয়াছে। আর 'গৌঃ' এই শব্দ, গৌঃ (সাম্নাদিমান্ প্রাণী) এই অর্থ, গৌঃ এই প্রত্যয় (অর্থজ্ঞান)—এই শব্দ, অর্থ ও প্রত্যন্নের একটির অপরটির সহিত অভেদ আরোপ করিয়া যে মিশ্র বস্ত হয়, তাহা একান্ত মূর্থ হইতে পণ্ডিত পর্যান্ত সকলেই জানে। শাস্ত্রও যুক্তিদারা তাহাদের যে প্রবিভাগ হয়, তাহা স্থবিদিত, (যথা) পদ বর্ণ দারা অভিব্যক্ত হয় ; বাক্য, যাহা পদদারা অভিব্যক্ত হয় তাহা, (অভিধা, ব্যঞ্জনাদি) শক্তি প্রভৃতি বৃত্তির দ্বারা (অর্থের) বোধক হয়—ইহাই <u>শব্দতত্ত</u>। অর্থ —দ্রব্য, গুণ, কর্ম্ম, জাতি প্রভৃতির দারা বাচ্য কিম্বা লক্ষ্য হয়, ইহাই অর্থত<u>ত্ত্ব</u>। শব্দ দারা উৎপাঘ্য অর্থ-বিষয়ক যে প্রত্যয় হয়, তাহা বুদ্ধিতেই থাকে—ইহাই জ্ঞা<u>ন্তত্ত্</u>। (শ্<u>দু</u> কর্ণে, অ<u>র্</u>থ কর্ণবৃদ্ধির বাহিরে, প্রত্যয় <u>বৃদ্ধিতে) গো শব্দের দৃষ্টান্ত দিয়া যে এই তিনটি</u> বিভাগ প্রদর্শিত হইল, তাহা সকলস্থলেই বুঝিয়া লইতে হইবে। সেই বিভাগে সংযম করিলে সকল প্রকার শব্দ প্রভৃতি যে আয়ত্তাধীন হয়, তাহা পশু, পক্ষী প্রভৃতি সর্ব্বজীবের উচ্চারিত শব্দের জ্ঞান দ্বারা স্থৃচিত হয়। তথন সেই সংব্যাভ্যাসী বুঝিতে পারেন, ইহারা এই অর্থ প্রকাশ করিতেছে॥ ১৭॥#

সংস্কারসাক্ষাৎকরণাৎ পূর্বজাতিজ্ঞানম্ ॥১৮॥ সংশ্বারসাক্ষাৎকরণাৎ পূর্বজাতিজ্ঞানম্ (ভবতি)।

সংস্বারদাক্ষাৎকার করিলে পূর্বজন্মের জ্ঞান হয় ॥ ১৮ ॥

 ^{*} তার্গার্থ শক্র, "শব্দ ইতি চেয়াতঃ প্রভবাৎ প্রত্যক্ষায়্মানাভ্যাম্। ১০০,২৮" এই
ব্রক্ষায়্রের ভায়ে ফোটবাদ থণ্ডন করিয়াছেন।

ক্ষোটের নিত্যতা, অর্থবোধকতা ও প্রত্যন্তিজ্ঞান্ত্রনকতা স্বীকার করিনে, বর্ণেরও যে তদ্ধপ নিত্যতাদি মানিতে হয়, তদ্বিষয়ে তিনি বলেনু (১) বর্ণ প্রতি উচ্চারণেই বিভিন্ন। (২) বর্ণের অর্থবোধকতা নাই। (৬) বর্ণের প্রত্যন্তিজ্ঞা হয় না। তিনি ক্ষোটবাদে কল্পনা গৌরব, দৃষ্টহানি, অদৃষ্টকল্পনা প্রভৃতি দোধারোপ করিয়াছেন। সবিস্তর নেইস্থলে দ্রষ্টব্য।

স্থ্রোক্ত সংস্কার সকল দ্বিবিধ। অন্তভবক্লেশজনিত বা বাসনারূপ সংস্কার সকল, স্মৃতিক্লেশেরহেতু এবং কর্মজনিত সংস্কার সকল, স্থুথ ছঃথের হেতু। এই সকল সংস্কার পূর্বজন্মপরম্পরায় সঞ্চিত হইয়া চিত্তের ধর্মারূপে অবস্থান করে। সেই সকল সংস্কারকে শ্রবণ বা অনুমান দারা ধারণা করিয়া, সংযমের দারা তাহাদের সাক্ষাৎকার করিলে, তাহাদের হেতুরূপে স্বকীয় ও পরকীয় পূর্বজন্মপরম্পরার সাক্ষাৎকার লাভ হয়। এই বিষয়ে, ভগবান জৈগীষব্য উদাহরণ। এইরূপ উপাথ্যান আছে যে সেই যোগিশ্রেষ্ট যোগবলে প্রকৃতিকে বলে আনিয়াছিলেন। তিনি এই সংস্কারসমূহের সাক্ষাৎকারদারা দশমহাকল্পে দেব, নর, তির্ঘ্যক প্রভৃতি ষোনিতে যে জন্মপরম্পরা লাভ করিয়াছিলেন, তাহার সাক্ষাৎকার করিয়াছিলেন এবং পরে তাঁহার দিব্য বিবেকজ জ্ঞান প্রাগ্নভূতি হইয়াছিল। ভগবান আবট্য তাঁহাকে জিজ্ঞাদা করিলেন "ভগবন্! আপনি যে দশকল্প দর্শন করিয়াছেন, তাহাতে স্থুখ ও তুঃথ, এই তুইটির মধ্যে কোন্টিকে অধিক বলিয়া অনুভব করিলেন ? উত্তর করিলেন ''আয়ুম্মন্! হায়, কি আর বলিব, দেব নর প্রাভৃতি যোনিতে পুনঃ পুনঃ জন্মলাভ করিয়া আমি যাহা কিছু অন্তুভব কবিয়াছি, তাহা তুঃথ ভিন্ন আর কিছুই নহে।" আবট্য বলিলেন "আপনি কি বলেন যে আপনার যে প্রকৃতি-বশীষ্বহেতু দিব্য, অক্ষয় ভোগসকল সংকল্প মাত্রেই উপস্থিত হইতেছে, সেই প্রকৃতি বশীষও ছঃথম্বরূপ ?'' তিনি প্রত্যুত্তর করিলেন "সত্য, লৌকিক স্থথের তুলনায় প্রকৃতিবশীত্ব সর্কোৎকৃষ্ট, কিন্তু কৈবল্যের সহিত তুলনা করিলে ইহা ছঃখ ভিন্ন আর কিছুই নহে ; যেহেতু,তৃঞ্চারজ্ঞু যদি ছিন্ন না হয়, তবে তাহা সর্বব হুঃথের আকর হইয়া থাকে; তাহাকে বিচ্ছিন্ন করিতে পারিলে যে নির্ম্মল কৈবল্যস্থথ লাভ হয়, তাহার আর তুলনা নাই। ব্যাসভাষ্যে এই আখ্যায়িকা আছে।

(শঙ্কা) আচ্ছা, যাহাতে সংবম করা যাইবে, তাহারই সাক্ষাংকার লাভ হইবে, ইহাই নিয়ম। তাহা হইলে সংস্কারে সংবম করিলে কি প্রকারে পূর্ব জন্মের জ্ঞান হয় ?

সেমাধান) সত্য, অনুবন্ধ যুক্ত (আনুসঙ্গিক ব্যাপার সহিত) সংস্কারেই সংযম অনুষ্ঠিত হইয়া থাকে এবং সেই সংস্কারের সহিত পূর্বজন্ম অনুবন্ধ (বিজড়িত) বলিয়া, পূর্বজন্মেরও জ্ঞান উৎপন্ন হইয়া থাকে। এইরূপে বৃ্নিতে হইবে॥ ১৮॥

অন্য সিদ্ধির কথা বলিতেছেন :—

প্রভারস্য পরচিত্তজ্ঞানম্ ॥ ১৯ ॥

প্রত্যয়স্থ (সংযমাৎ), পরচিত্তজ্ঞানম্ (ভবতি)। পরচিত্তে সংযম করিনে, পরচিত্তের সাক্ষাৎকার হয় ॥১৯॥

ন চ তৎ সালম্বনং তস্যাবিষয়ীভূতত্বাৎ ॥ ২০॥

ন চ তৎ (প্রচিত্তজ্ঞানম্) সালম্বনম্ ভবতি, তস্ত অবিষয়ীভূতত্বাৎ ।

কিন্তু সেই পরচিত্তের আলম্বনের জ্ঞান তন্দারা হয় না, কারণ তাহা সেই সংযমের বিষয়ীভূত নহে ॥২০॥

(শঙ্কা) সংস্কারের সাক্ষাৎকার হইলে যেমন সেই সঙ্গে তাহার অমুবন্ধেরও জ্ঞান হইয়া যায়, সেইরূপ প্রচিত্তের সাক্ষাৎকার হইলে সেই প্রচিত্তের আলম্বনের সহিত কি প্রচিত্তের জ্ঞান হয় ?

(সমাধান) তহন্তরে বলিতেছেন, না, কেবলমাত্র পরচিত্তেরই সাক্ষাৎকার হয়। স্থান্তর 'চ' শব্দের অর্থ 'কিন্তু'। 'সাবশ্বন' শব্দের অর্থ 'বিষয়ের সহিত'। আলম্বনের সহিত পরচিত্তের সাক্ষাৎকার হয় না, কেননা সেই আলম্বন অজ্ঞাত থাকে। চিহ্নাদিবারা যাহা বিদিত হয় তাহারই উপর সংযম করা চলে; অজ্ঞাত বস্তুর উপর সংযম হয় না।

"জন্মান্তরে যদভ্যস্তং তদভাপ্যুপপগুতে। হংস্রাহিংক্সে মূহুক্তুরে তস্থাৎ তৎ তস্য রোচতে॥''* মহাভারত [১২।৮৫২৫—৭]

জন্মান্তরে যাহা অভ্যাদ করা হইরাছিল আজও তাহার অন্তর্ত্তি চলিতেছে। সেই হেতু হিংস্র, অহিংস্র, মৃহ, ক্রুর এইরূপ কর্ম্মে লোকবিশেষের রুচি হয়। এই আগমবচনামুদারে কাহারও কোন সংস্কার ধরিয়া তাহা যেমন তাহার পূর্ব্ব

"তেষাং যে যানি কর্মাণি প্রাক্ স্বষ্ট্যাং প্রতিপেদিরে তান্যের প্রতিপদ্যন্তে স্বজ্যমানাঃ পুনঃ পুনঃ ॥ ৪৮ "হিংস্রাহিংস্রে মৃদ্ধ ক্রুরে ধর্মাধর্মানৃতান্তে। তন্তাবিতাঃ প্রপাতন্তে তন্মাতন্তক্ত রোচতে॥ ৪৯"

^{*} মণিপ্রভাকার স্মৃতি হইতে উক্ত মহাভারতীয় য়োকটি উদ্বৃত করিয়া থাকিবেন, করেণ উক্ত তাৎপর্যোর য়োক শাস্তিপর্কেব ২৩১ অধ্যায়ে (বঙ্গবাদী সংস্করণে) এই রূপে দৃষ্ট হয়

জন্মের সহিত অনুবন্ধ বলিয়া ব্ঝিতে পারা যায়, সেইরূপ পরচিত্ত বিষয়ক জ্ঞান হইলেও, সেই চিত্ত অমুক বিধয়ক, এইরূপ জ্ঞান হয় না, কেননা (সংস্কারের জ্ঞাপক চিহ্নের ফ্রায়) ইহার কোন জ্ঞাপক চিহ্ন পাওয়া যায় না। হর্ষ প্রভৃতি চিহ্নের দ্বারা অপরের চিত্ত সহজেই ব্ঝিতে পারা যায়। যদি সেই রূপে পরচিত্ত ব্ঝিয়া, সংযমের দ্বারা তাহার সাক্ষাৎকার লাভ করিয়া, এক্ষণে 'তাহার আলম্বন কি ?' এইরূপে স্বকীয় চিত্তে প্রণিধান করা যায়, তাহা হইলে যোগী পরচিত্তের তৎকালীন আলম্বন জ্ঞানিতে পারেন। কিন্তু আসক্তি প্রভৃতি বৃত্তি সকল চিত্ত হইতে ভিন্ন নহে বলিয়া তাহাদের সাক্ষাৎকার হয়, ইহাই স্কল্ম তত্ত্ব ॥ ২০॥

অন্য সিদ্ধির কথা বলিতেছেন:--

কায়রূপসংযমাৎ তদ্গ্রাহাশক্তিস্তত্তে চক্ষুঃপ্রকাশা সম্প্রতিয়াগেইন্তর্দ্ধানম্ ॥২১॥

কামরূপসংয্মাৎ তদ্গ্রাহ্শক্তিস্তত্তে (সতি) চক্ষুপ্রকাশাসম্প্রয়োগে অন্তর্ধানম্ (ভবতি)।

শারীরকভাষ্যেও (১।৩।৩০) ঠিক এইরূপে উদ্ধৃত দেখা যায়।

নীলকণ্ঠ এইরূপে ব্যাখ্যা করিয়াছেন :---

পূর্ব্বের ঐশী বা জৈবী স্প্রিতে, দেই নরকিয়রাদিগণের, যে, পূর্ব্বকল্পে হিংস্র ছিল, জন্মান্তরেও আবার দেই হিংস্রতা, তাহার অনুবর্ত্তন করিয়া থাকে; যেমন কলা যে হিংস্র ছিল অভও তাহার দেই হিংস্রতা দৃষ্ট হয়, দেইরূপ। শ্রুতিও বলিতেছেন, বর্ত্তমান কল্পের ঐশরী স্প্রিও পূর্ব্ব কল্পের ঐশরী স্প্রির অনুরূপ, যথা "স্থাচন্দ্রমদৌধাতা যথাপূর্ব্বমকল্পরাদ্দবঞ্চ পৃথিবীং চান্তরিক্ষ মথো শং"—বিধাতা বর্ত্তমান কল্পে স্থা, চন্দ্র, ভৌং, পৃথিবী, অন্তরিক্ষ ও স্বর্লোক স্কল করিলেন, বেমন পূর্ব্ব কল্পে করিয়া ছিলেন, ঠিক দেইরূপ। এই বিষয়ে ব্যাদর্ভিত ব্রহ্মস্থাছে— (১০০০) তাহার অর্থা "এ কল্পের স্থাছি পূর্ব্বকল্পের সমান, স্বতরাং প্রলয়কালেও এ সকল্পের আত্যন্তিক ধ্বংস হয় না। সংস্কার বা বীজ থাকে। বীজভাবাপন্ন হইয়া থাকে। সেই হেতু এ সকল আত্যন্তিক অনিত্য নহে। যেহেতু অনিত্য নহে, দেইহেতু শক্ষার্থনিত্যতা সিদ্ধান্ত অবিরুদ্ধ, বিরুদ্ধ নহে।"

আর প্রতিকল্পে বিদদৃশ সৃষ্টি মানিতে হইলে "কৃতহানাকৃতোভ্যাগম দোষ আদিয়া পড়ে।
উক্ত শ্লোক দ্বরের অর্থ এই →পূর্বের বা পূর্ব্ব জন্মে বে জীব বে কর্ম এবি হইয়াছিল, অঙ্জন
করিয়াছিল, সে জীব পুনঃ সৃষ্টিতে বা পুনজ্জিলে দেই কর্ম অর্থাৎ তদমুরূপ কর্ম প্রাপ্ত হয়। হিংস্র অহিস্র, মৃদ্ব, কুর, ধার্মিক, অধার্মিক, সত্য মিথাা—এ সকল পূর্ব্ব সংস্কার প্রভাবেই হয় এব পূর্ব্ব সংস্কার অনুসারেই কটি বা প্রবৃত্তি হইয়। থাকে।" ৺কালীবরবেদান্তবাগীশকৃত অমুবাদ। শরীরের রূপে সংষদ করিলে শরীরের গ্রাহ্মশক্তি প্রতিবন্ধ হয়। তদনস্তর চক্ষুর্জনিত প্রকাশ বা জ্ঞানের সংযোগ না হওয়াতে (যোগীর) অন্তর্জান হয় ॥২১॥

শরীরের যাহা রূপ, যদ্দারা শরীর দৃষ্টিগোচর হয়, তাহাতে সংযম করিলে, সেই রূপে, পরচক্ষু গ্রাহ্মতার অন্ধকুল যে শক্তি, তাহার স্তম্ভ বা প্রতিবন্ধক হইলে অর্থাৎ তাহা অপরের চাক্ষুষ জ্ঞানের অগোচর হইলে পর, যোগিদেহের অন্তর্জান ঘটে, অর্থাৎ যোগী ইচ্ছান্মসারে দৃষ্টির অগোচর হইয়া থাকিতে পারেন। ইহাদারা অধিকন্ত ব্রান হইল যে যোগী স্বকীয় শব্দ, স্পর্শ, রস ও গন্ধে সংযম করিলে, তাহা (অপরের) শ্রোত্রাদির অপোচর করারূপ সিদ্ধিলাভ করিতে পারেন॥২১॥

অন্য বিভৃতির কথা বলিতেছেন :—

সোপক্রমং নিরূপক্রমং চ কম্মর্, তৎসংযমাদপরাস্তজ্ঞানমরিস্টেড্যো বা ॥১২॥

কর্ম সোপক্রমম্ নিরূপক্রমম্ চ, তৎসংযদাৎ অপরাস্তজ্ঞানম্ (ভবতি) অরিষ্টেভ্যঃ বা (ভবতি)।

কর্ম ছই প্রকারের, সোপক্রম ও নিরূপক্রম; তাহাতে সংযম করিলে মৃত্যুর কালের জ্ঞান হয়। অরিষ্ট সকল হইতেও সেইরূপ জ্ঞান হয়॥২২॥

পূর্বজন্মকত কর্মা, যাহা এখনও রহিয়াছে, তাহা ছই অবস্থায় আছে, যথা সোপক্রম ও নিরূপক্রম। যে কর্ম ফলদান করিতে প্রস্তুত্ত হইয়াছে এবং অচিরে যাহার বিপাক হইবে, তাহা সোপক্রম কর্ম। একথানি আর্দ্র বন্ধ যদি রৌদ্রযুক্ত স্থানে প্রসারিত করিয়া দেওয়া যায়, তাহা অবিলম্বেই শুক্ত হয়; সোপক্রম কর্ম সেইরূপ। আর যে কর্ম কালান্তরে ফলপ্রদান করিবে, এক্ষণে ব্যাপারশৃত্ত বা নিক্ষেট্ট হইয়া রহিয়াছে কিন্তু দীর্ঘকালে বিপাক প্রাপ্ত হইবে, তাহা নিরূপক্রম কর্ম। একথানি আর্দ্র বিপ্তাক্ত করিয়া যদি রৌদ্রশৃত্ত প্রদেশে স্থাপন করা যায়, (তাহা হইলে তাহার শুক্ত হইতে বিলম্ব হয়); তাহা নিরূপক্রম কর্মের সদৃশ। সেই ছইপ্রকার কর্ম্মে সংঘম করিলে, তাহাদের সাক্ষাৎকার হইতে, তাহাদের বিপাকরূপ আয়ুর অবসান (যাহা স্ত্রে 'অপরান্ত' শব্দে হচিত হইয়াছে) জানিতে পারা যায়। 'পরান্ত'শব্দে মহাপ্রলম্ব ব্যায়। 'পর' অর্থাৎ প্রজাপতি, তাঁহার অন্ত বা অবসান। মহাত্যাদির মরণের নাম ''অপরান্ত''। সেই অপরান্তের জ্ঞান বলিলে ব্রিতে হইবে যে অমুক্রপেশে, অমুক্রকালে, আমার দেহবিয়োগ হইবে, এইরূপ সাক্ষাৎকার। তন্মধ্যে

সোপক্রমের সাক্ষাৎকার করিলে,তাহার যে বিপাক হইবে, অবিলম্বে তাহার ভোগের নিমিন্ত যোগী বহুশরীর গ্রহণ করিয়া স্বেছার মরিতে পারেন। সেই ভোগ এক শরীরের বারাই ভোগ করিতে হইলে, বিলম্ব ঘটে। প্রসঙ্গক্রমে বলিতেছেন অরিষ্ট সমূহ হইতেও সেই জ্ঞান হয়। অরিষ্টসমূহ তিন প্রকারের হইয়া থাকে। (১) আধ্যাত্মিক, যথা,—হস্তবারা কর্ণছিদ্রম্বর নিক্ষক করিলে, যে দেহ মধ্যে প্রাণের ঘোর বা শব্দ শুনা যায়, তাহা না শুনিতে পাওয়া। (২) আর্থিভৌতিক, যথা,— যমদ্ত দর্শন প্রভৃতি। (৩) আর্থিদৈবিক, যথা—অকম্মাৎ স্বর্গদর্শন প্রভৃতি। ইহাদিগকে অরিষ্ট বলে, কেননা ইহারা অরির স্থায় আস উৎপাদন করে। এই ত্রিবিধ অরিষ্ট বা মরণহচক চিহ্ন হইতে যে মরণের জ্ঞান হয়, তাহা অযোগীর ও হইয়া থাকে॥ ২২॥

ইমত্র্যাদিসু বলানি ॥ ২৩ ॥ মৈত্র্যাদিষু (সংযদাং) বলানি (ভবন্তি) ।

নৈত্রী প্রভৃতিতে সংখন করিলে নৈত্রাদি বল সকল লব্ধ হয়॥ ২৩॥ পূর্বে (প্রথম পাদের ৩৩ সংখ্যক স্থত্ত) নৈত্রী করুলা ও ম্দিতায় সংখ্যের বিধান করিয়াছেন, তন্ধারা মৈত্রী প্রভৃতি বিষয়ক বল বা বীর্ঘ্য জন্মে। সেই বীর্ঘ্য লাভ হইলে যোগী প্রাণিশাত্রেরই স্থেকর স্কৃষ্ক্ হ্য়েন, ত্বংথ হইতে তাহাদের

উদ্ধার কর্ত্তা হয়েন এবং অপক্ষপাতী হয়েন, কিন্তু উপেক্ষা কেবল উদাদীন্ত বলিয়া তাহাতে কোন বল নাই, # কেননা তাহাতে সংযম হয় মা॥ ২৩॥

> ব**েলযু হস্তিবলাদীনি ॥ ২৪ ॥** বলেরু (সংযমাৎ) হস্তিবলাদীনি **(** ভবস্তি)।

বলে সংযম করিলে হস্তিবলাদি হয়॥ ২৪॥ হস্তী, হন্তুমান, গরুড় প্রাভৃতির বলে, সেই সেই বলবক্তা ধারণ করিয়া সংযম

^{*} মৈত্রীবলে যোগীর নিজের টার্ধান্থের বিনষ্ট হয়। করুণাবলে হালগত নিঠুরভা দূর হয়, এবং মুদিতাবলে, অসুয়াদি তিরোহিত হয়। এবং (যথাক্রমে) অপরে তাঁহাকে মিত্র মনে করে, বিপদে আশ্রয়স্থল মনে করে এবং পুণাবান্গণ আকৃষ্ট হইয়া, প্রীতি স্থাপন করে।

করিলে, বোগীর তাদৃশ বল লাভ হয়, কেন্না চিত্তের স্বভাবতঃই সর্ব্বপ্রকার সামর্থ্য স্মাছে। ॥২৪॥ †

প্রবৃত্ত্যালোক স্থাসাৎ সূক্ষ্মব্যবহিত-বিপ্রকৃষ্টজ্ঞানম্ ॥ ২৫ ॥

প্রবৃত্যালোক ন্যাসাৎ স্ক্রাব্যবহিতবিপ্ররুষ্টজ্ঞানম্ (ভবাত)।

জ্যোতিশ্বতী প্রবৃত্তির আলোককে, স্ক্ল, ব্যবহিত ও বিপ্রারন্ত (দূরস্থ) পদার্থে নিক্ষেপ করিলে, তাহাদের জ্ঞান হয়।

পুর্ব্বে (প্রথম পাদের ৩৬শ সংখ্যক স্বত্রে) চিত্তের জ্যোতিয়তী প্রবৃত্তি ব্যাথ্যাত হইয়ছে। সেই জ্যোতিঃসাক্ষাৎকাররপ প্রবৃত্তির যে আলোক বা আম্পদ (range বা সাত্ত্বিক প্রকাশমণ্ডল), যাহা সকল দিকে প্রস্তুত হয়, সেই নির্ম্মলবুদ্ধিসত্তকে যদি স্ক্র পরমাণু প্রভৃতিতে, মৃত্তিকাদি ভূত দ্বারা ব্যবহিত নিধি প্রভৃতিতে, এবং বিপ্রের্ক্ট বা দ্ববর্ত্তী নেরুর অভ্যন্তরঙ্গ রসায়ন প্রভৃতিতে, গ্রাস বা প্রক্রেপ করা যায়, তাহা হইলে তাহাদের জ্ঞান বা সাক্ষাৎকার লাভ হয়। স্বর্যোর আলোকের সংযোগ হইলে, যেরূপ ঘটাদির জ্ঞান হয়, সেইরূপ ॥ ২৫॥

সংযমন্বারা বৃদ্ধির আলোকের সাক্ষাৎকার করিয়া তদ্মারা জ্ঞানলাভের কথা বলিয়া, ভৌতিক বস্তুতে সেই বৃদ্ধ্যালোক দ্বারা, তাহার জ্ঞানলাভের কথা বলিতেছেন:—

ভুবন জ্ঞানং স হেয়্য সংয্যাৎ ॥ ২৬॥

স্বর্য্যে সংবদাৎ ভুবনজ্ঞানম্ (ভবতি)।

প্র্য্যে সংযম করিলে ভুবনজ্ঞান হয় ॥ ২৬ ॥

শরীরস্থ (অর্থাৎ কাহারও মতে হাদর হইতে উর্দাত, কাহারও মতে মেরুদণেওর মধ্যস্থিত) স্থ্যাদি অর্থাৎ স্থ্যা নাড়ী এবং তন্মধ্যস্থ জ্যোতিয়তী প্রবৃত্তির ধারা বিশেষ, আকাশে দেদীপ্যমান স্থ্যমণ্ডলের ছারস্বরূপ। সহস্রর্মিযুক্ত সেই স্থ্যমণ্ডলে সংযম করিলে চিত্ত (ব্রহ্মানাগানী হইরা) দৃশ্যের সহিত (ব্রহ্মালাক হইতে দৃখ্যমান প্রপঞ্চের সহিত) অভিন্ন হইরা চতুর্দশ ভূবনের সাক্ষাংকার লাভ করে॥ ২৬॥

[†] ব্যায়ামকালে স্নায়্বিশেষে বা পেশাবিশেষে ইচ্ছাশান্তি এয়োগ করিলে যে তত্ত্বল হৃদ্ধি গংগ, তাহা ব্যায়ামকারিমাত্রেই অবগত আছেন। সংযম ইচ্ছাশন্তির চরম সীযা।

চক্রে তারাব্যহজ্ঞানম্ ॥ ২৭ ॥

চক্রে (সংযমাৎ) তারাব্যহজ্ঞানম্ (ভবতি)।

চক্রে সংযম করিলে তারকাদিগের ব্যুহের জ্ঞান হয় ॥ ২৭ ॥

চন্দ্রে সংবম করিলে নক্ষত্রদিগের বিশেষ বিশেষ সন্নিবেশের সাক্ষাৎকার হয়। স্থ্য নক্ষত্রদিগকে অভিভব করিয়া ফেলেন; এই হেতু স্থ্যে সংবম করিলে সেই তারাব্যুহের জ্ঞান হয় না, ইহাই স্ত্তের অভিপ্রায় ॥ ২৭ ॥

ঞ্ৰবে তদ্গতিজ্ঞানম্ ॥ ২৮ ॥

ঞ্বে সংযমাৎ তদগতিজ্ঞানম্ (তারাণাম্ গতি জ্ঞানম্) (ভবতি)।

ধ্রুবে সংযম করিলে যোগী তারাদিগের গতি জানিতে পারেন। এই তারা জমুক নক্ষত্রের সহিত এই পথ দিয়া এতাবংকাল যাইতেছে, এইরূপ॥ ২৮॥

এইরপে বাহ্ সিদ্ধিসকল বর্ণনা করিয়া আধ্যাত্মিক সিদ্ধি সকল বর্ণনা করিতেছেন:—

নাভিচকে কায়ৰূছে জ্ঞানম্ ॥ ২৯॥

নাভিচক্রে সংযমাৎ কায়ব্যুহ জ্ঞানম্ (ভবতি)।

নাভিচক্রে সংযম করিলে শরীরের বৃাহ সকলের জ্ঞান হয় ॥ ২৯ ॥

শরীরের মধ্যভাগে, চতুপার আধার চক্রের এবং ঘটপত্র লিসচক্রের উপরিভাগে অবস্থিত, যে দশপত্র নাভিচক্র আছে, তাহাতে সংযম করিলে যোগী দেহের সন্ধিবেশ জানিতে পারেন। বায়ু, পিত্ত এবং শ্লেমা এই তিনটি শরীরের দোষ। ত্বক্, রক্ত, মাংস, স্বায়ু, অস্থি, মজ্জা ও শুক্র এই সাতটি ধাতু। তাহাদিগের মধ্যে পূর্ব্ব পূর্ব্বটি পর পর অপেক্ষা বাহ্য, ইংাই কায়ের বিহাস॥ ২৯॥

কপ্ঠকূপে ক্ষুৎপিপাসানিবৃত্তিঃ ।। ৩০ ।।

কণ্ঠকূপে (সংযমাৎ) ক্ষুৎপিপাসা নিবৃত্তিঃ (ভবতি)।

কণ্ঠকূপে সংযম করিলে ক্ষ্ৎপিপাসাবোধ নিবৃত্ত হয় ॥ ৩० ॥

জিহ্বা তন্ত্রর অধোদেশে কণ্ঠের কৃপাকার প্রদেশ আছে যেস্থলে প্রাণাদির সংঘর্ষহেতু কুধার ও পিপাসার অন্থভব হয়। সেইস্থলে সংযম করিলে তত্ত্ত্যের নিবৃত্তি হয়॥ ৩০॥

কুম্ম নাড্যাং স্থৈহ্যম, ॥ ৩১॥

কৃৰ্ম্মনাড্যাম্ সংযমাৎ স্থৈগ্যম্ (ভবতি)।

কুর্মনামক নাড়ীতে সংযম করিলে চিত্তের স্থৈয় হয় ॥ ৩১ ॥

পূর্ব্বোক্ত কণ্ঠকূপের অধোদেশে হ্বায়ে কৃষ্মাকারা এক নাড়ী আছে। তাহাতে সংযম করিলে সেই নাড়ীপ্রবিষ্ট চিত্তের স্থিরতা দিন্ধ হয় ॥ ৩১ ॥

সুর্দ্ধ ভেসাভিষি সিদ্ধ দর্শনম্ ॥ ৩২ ॥ মুর্দ্ধজ্যোতিষি (সংযদাৎ) সিন্ধদর্শনম্ (ভবতি) ।

(মস্তকের খুলির মধ্যস্থিত ছিদ্রে) যে মুর্ক্কজ্যোতিঃ আছে তাহাতে সংযম করিলে (ত্যুর্লোক ও পৃথিবীর অস্তরালচারী) সিদ্ধগণের দর্শন হয় ॥ ৩২ ॥

মাথার খুলিতে ব্রহ্মরক্ত নামক যে ছিদ্র আছে, তাহাতে স্বয়ানাড়ীর সংযোগ এবং স্বদয়স্থিত চিত্তমণির প্রভার সংযোগহেতু অত্যুজ্জন এক জ্যোতিঃ আছে, তাহাই মুদ্ধ জ্যোতিঃ; তাহাতে সংযম করিলে যোগী অদৃশ্য সিদ্ধদিগেরও (দেবযোনি বিশেষের) দর্শনলাভ করেন॥ ৩২॥

্ৰপ্ৰাতিভাদ্বা সৰ্বম্ ।৷ ৩৩ ।৷ প্ৰাতিভাং বা (যোগী) সৰ্বম্ (জানাতি)।

প্রাতিভা নামক জ্ঞানশক্তির দ্বারা যোগী সমস্তই জানিতে পারেন॥ ৩৩॥

বিবেকথাতিকে (অর্থাৎ সন্ত ও পুরুষের পার্থক্য জ্ঞানকে, প্রসংখ্যান বলে।) তাহাই জীবকে সংসার হইতে উত্তীর্ণ করে বলিয়া তাহাকে তারক জ্ঞান বলে। সেই জ্ঞানলাভের জন্ম সংযম করিতে থাকিলে সেই প্রসংখ্যানের উপস্থচকরূপে যে জ্ঞান জন্ম তাহার নাম প্রাতিভ জ্ঞান। তন্দারাও যোগী সকল বিষয় জানিতে পারেন। যেমন স্থ্যোদয়ের পূর্বের স্থ্যোদয়স্রচক অরুণপ্রভা আবিভূতি হইলে তাহার সাহায্যে লোকে দেখিতে পায়, সেইরূপ। ভোজরাজরুত ব্যাখ্যায় উক্ত হইয়াছে যে, 'যে ষথার্থ জ্ঞান, কোনও নিমিত্তের অপেক্ষা, না রাখিয়া কেবল মন হইতেই অচিরে উৎপন্ন হয়, তাহাকেই প্রতিভা (intuition) বলে। তাহার ঠি সংযম হইতে বিবেকখ্যাতির পূর্বেবর্তী, ও তৎস্টক, 'তারক-জ্ঞান' উলিত হয়; ও তন্ধারা যোগী সমস্ত জ্ঞানিতে পারেন',—এইরূপ ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে॥ ৩০॥

হ্লদহয় চিত্তসংবিৎ ।। ৩৪ ।।

হৃদয়ে (সংযমাৎ) চিত্তসংবিৎ (ভবতি)।

হাদরে সংবম করিলে চিত্তসংবিৎ বা বুদ্ধির সাক্ষাৎকার, হয় ॥

অধোমুথ হৃৎপদ্মই চিত্তের স্থান। তাহাতে সংযম করিলে বাসনা সহিত চিত্তের জ্ঞান হয়॥ ৩৪॥

সত্ত্বপুরুষেরোরত্যন্তাসংকীর্বয়েঃ প্রত্যয়াবিদেবে। ভোগঃ পারার্থ্যাৎ স্বার্থ-সংষ্মাৎ পুরুষজ্ঞানম্ ॥ ৩৫ ॥

সত্তপুক্ষরোঃ অত্যন্তাদংকীর্ণরোঃ প্রত্যন্নাবিশেষঃ ভোগঃ (তস্ত্র) পারার্থ্যাৎ স্থার্থসংখনাৎ পুক্ষজ্ঞানম্ (ভবতি)।

বৃদ্ধি ও পুরুষ অত্যন্ত পৃথক্। তাহাদের যে অবিশেষ-প্রত্যন্ত অর্থাৎ অভিন্ন বিলিন্ন। মনে করা, তাহাই ভোগ। সেই ভোগ পরার্থ অর্থাৎ পুরুষের জন্ত ; [কিন্তু দেই ভোগে, যে পুরুষের প্রতিবিম্ব থাকে, তাহা, স্বার্থ অর্থাৎ কাহারও ভোগের নিমিত্ত নহে]; তাহাতে সংযম করিলে পুরুষ সম্বন্ধীন্ত প্রজ্ঞা হয়॥ ৩৫॥

বুদ্ধি ভোগ্য ; আত্মা ভোক্তা ; এইরূপে তাহারা পরম্পর অত্যস্ত ভিন্ন। তাহারা অত্যন্ত ভিন্ন হইলেও, তাহাদের অভেদ-প্রত্যন্ন হয়। সেই প্রত্যন্ন বৃদ্ধিরই পরিণান। সেই বৃদ্ধির পরিণাম—স্থা, ছংখ ও মোহ প্রতায়ের স্বরূপ। তাহাতে পুরুষের প্রতিবিধ পড়ে। সেই প্রতিবিধ্যুক্ত স্থ্য, হুঃখ ও মোহরূপ প্রভারের সহিত পুরুষের যে অবিশেষ সারূপ্য বা একরূপতা, সেই একরূপতা হেতু প্রতিবিম্ব দারা পুরুষে স্থ্রথহঃথানির আরোপ হইরা থাকে; তাহাই ভোগ। তাহা বুদ্ধিতে অবস্থান করে। তাহা দৃশ্য বলিয়া পরার্থ অর্থাৎ ভোক্তা পুরুষের "শেষ' বা ভোগোপকরণ স্বরূপ। সেই পরার্থ ভোগ একপ্রকার প্রভার। তাহাতে চিংম্বরূপ পুরুষের প্রতিবিম্ব গৌণভাবে থাকে। সেই ভোগ জড় বলিয়া, চিংস্বভাব প্রতিবিদ্ব তাহা হইতে অস্ত বা ভিন্ন। সেই প্রতিবিদ্ব স্বার্থ অর্থাৎ তাহা অপর কাহারও ভোগোপকরণ স্বরূপ নহে। তাহাতে সংযম করিলে পুরুষের সাক্ষাৎকার হয়। তাহাও স্বপ্রকাশ পুরুষের দৃষ্ঠ এবং তাহা বৃদ্ধিতে অবস্থান করে বলিয়া, তাহা পুরুষকে আপনার বিষয়ীভৃত করিতে সমর্থ হয় না। কিন্তু তাহাতে কিছুমাত্র অনাত্মাকার ভাব থাকে না বলিয়া এবং তাহা কেবলমাত্র আত্মার প্রতিরূপ গ্রহণ করে বলিয়া, তাহাকে পুরুষ বিষয়ক ভান বলা যায়। (বস্তুতঃ তাহা পুরুষকে বিষয়ীভূত করে না।)

সেইহেতু শ্রুতি বলিতেছেন "বিজ্ঞাতারমরে কেন বিজ্ঞানীয়াৎ" (বৃহ্দা, উ, ২।৪।১৪ অথবা ৪।৫।১৫)।

থিনি বিজ্ঞাতা, তাঁহাকে আবার কি দিয়া জানিবে ? ৩৫॥

এক্ষণে সংযম দ্বারা, পুরুষদাক্ষাৎকারের পূর্বের যে সকল সিদ্ধিলাভ হয়, তাহা বর্ণনা করিতেছেন:—

ততঃ প্রাতিভ-শ্রাবণ-বেদনা দশাস্থাদবার্ত্ত। জায়তে ॥৩৬॥

ততঃ (সংযমাৎ) প্রাতিভ-শ্রাবণ-বেদনা-আদর্শ-আস্বাদ-বার্ত্তাঃ জান্বন্তে।
সেই সংযম হইতে পূর্ব্বোক্ত সর্ববিষয়ক প্রাতিভজ্ঞান এবং দিব্য শব্দ, স্পর্শ, রূপ
রস, গন্ধগ্রহণসমর্থ শ্রাবণাদি পাঁচটি দিব্য ইন্দ্রিয় জন্মে॥ ৩৬॥

"ততঃ" তাহা হইতে অর্থাৎ পূর্ব্বোক্ত স্বার্থ নামক চিৎস্বভাব প্রতিবিধের সংযম হইতে, যোগজনিত শুরুধর্মের আরুকুন্য লাভ করিয়া, পূর্ব্বর্ণিত প্রাতিভ নামক, —কেবল মন হইতে উৎপন্ন, সর্ব্ব বিষয়ক জ্ঞান জন্মে এবং দিব্য,শন্দ,স্পর্শ,রূপ, রস, গন্ধ গ্রহণে সমর্থ শ্রাবণ, বেদন, আদর্শ, আস্বাদ ও বার্ত্তা নামক যথাক্রমে কর্ণ, ত্বক্, জিহ্বা, ও নাসিকা জন্মে; অর্থাৎ যথন যোগীর কর্ণাদি ইন্দ্রিয় দিব্য শন্দাদিগ্রহণসমর্থ হয় তথন যোগীর সেই সকন ইন্দ্রিয়ের যোগশান্তপ্রসিদ্ধ উক্ত শ্রাবণাদি নাম হয়। এইরূপে আ্রাণিন্দ্রিয়ের 'বার্ত্তা' এই সংজ্ঞা হয়, বৃঝিয়া লইতে হইবে॥ ৩৬॥

আহ্না, তাহা হইলে দেই যোগী ত' ক্নতক্ষত্য হইলেন ? এই আশঙ্কার উত্তরে বলিতেছেনঃ—

"তে সমাধাৰুপদৰ্গা ৰুয়ুখানে সিদ্ধয়ঃ" ॥ ৩৭ ॥

তে (প্রাতিভাদয়ঃ) সমাধৌ উপদর্গাঃ (ভবন্তি) ব্যুত্থানে দিদ্ধয়ঃ (ভবন্তি)।

পূর্বহত্তে যে প্রাতিভাদিজ্ঞান ও শ্রাবণাদি দিন্ধিবর্ণিত হইরাছে। "তে দিই প্রাতিভজ্ঞান প্রভৃতি, সমাধি বিষয়ে, নিঃশ্রেয়স বা মুক্তিরূপ ফলাকান্ধী যোগীর পক্ষে, 'উপসর্গ' অর্থাৎ বিম্নম্বরূপ হয়। এইহেতু যিনি মুক্তির প্রার্থী; তিনি তাহাদিগকে উপেক্ষা করিয়া থাকেন। যতদিন না আত্মবিষয়ক জ্ঞান হয়, ততদিন কোটি সিন্ধিলাভ হইলেও, যোগীকৃত কৃত্য হন না। প্রমগুরু শ্রীকৃষ্ণ গীতায় এইরূপ বিলিয়াছেন—

"এতবুদ্ধা বৃদ্ধিমান্ স্থাৎ ক্রতক্তাশ্চ ভারত" (গীতা ১৫।২০)
[জ্ঞানী এই রহস্ত অর্থাৎ পরমাত্ম-জ্ঞানই সকল পুক্ষার্থের পরিসমাপ্তি,
জ্ঞানিয়া ক্রতক্রতা হয়েন]

কিন্তু যিনি বা্খানে রত, তাঁহার পক্ষে পূর্ব্বোক্ত প্রাতিভজ্ঞানানি, সিদ্ধির (কৃতক্বতাতা বোধক লাভের) স্বরূপ হয়॥ ৩৭॥

এইরপে সংযমের, আত্মনর্শন পর্যান্ত জ্ঞানরূপ বিভূতির বর্ণনা করিয়া, ক্রিয়ারূপ বিভূতির বর্ণনা করিতেছেন :—

বন্ধ কারণশৈথিল্যাৎ প্রচারসংবেদনাচ্চ চিত্তস্থ পরশরীরাবেশঃ॥ ৩৮॥

বন্ধকারণশৈথিন্যাৎ প্রচারসংবেদনাৎ চ চিত্তস্থ পরশরীরাবেশঃ (ভবতি) ॥ ৩৮ ॥

(দেহ ও চিত্তের) বন্ধের কারণ শিথিল হ'ইলে এবং নাড়ীমার্গে চিত্তের সঞ্চারের জ্ঞান হ'ইলে চিত্তের পরশরীরাবেশ সিদ্ধ হয়॥ ৩৮॥

'বন্ধঃ'—সর্ব্ব ব্যাপ্ত হওয়া চিত্তের স্বভাব; কেবলমাত্র নিজশরীরে সঙ্কুচিতভাবে অবস্থানই চিত্তের বন্ধন। সেই বন্ধনের কারণ ধর্ম ও অধর্ম। সংযম দ্বারা তত্ত্বভার শিথিল হইয়া যায়। 'প্রচার' যয়ায়া চিত্ত প্রচার অর্থাৎ বিচরণ করে তাহাকে 'প্রচার' বলে; এই হেতু 'প্রচার' অর্থে নাড়ীসমূহকেই বৃথিতে হইবে। সংযমবারা তাহার সম্বেদন হয় অর্থাৎ এক্ষণে অমুক নাড়ীদ্বারা চিত্তের সঞ্চার হইতেছে, এইরূপ জ্ঞান হয়। সেইরূপ প্রাণ ও ইক্রিয়েরও মার্গনাড়ীর জ্ঞান হয়। যেমন কোন পথজ্ঞ বন্ধপুরুষের বন্ধনরজ্ঞু বিনষ্ট হইলে, তিনি নিজের বা অপরের আবাসে (ইজ্ঞামত) প্রবেশ করিতে পারেন, সেইরূপে চিত্তও জীবিত বা মৃত পরকীয় শরীরে প্রবেশ করিতে সমর্থ হয়, এবং মধুচ্কু হইতে মধুক্ররাজ উড্ডান হইলে অপর মক্ষিকাগণ যেমন তাহার অনুগমন করে, সেইরূপ ইক্রিয়্রগণও চিত্তের অনুগমণ করে ইহাই ভাবার্থ॥ ৩৮॥

উদানজয়াজ্জলপঙ্ককণ্টকাদিষ্বসঙ্গ উৎক্রান্তিশ্চ । ৩৯ ॥ উদানজয়াৎ জলপঙ্ককণ্টকাদিয় অসঙ্গ উৎক্রান্তিঃ চ (ভবতি)।

(সংয়ম দ্বারা) উদান জয় করিলে যোগী, জল, পঙ্ক ও কণ্টকাদিতে লগ্ন বা নিমগ্ন হন না এবং (ইচ্ছালুসারে) উৎক্রমণ বা দেহত্যাগ করিতে পারেন ॥ ৩৯ ॥

ইন্ত্রির সমূহেব প্রবৃত্তি ছই প্রকার, বাহ্ন ও আন্তর। বাহ্নামক প্রথম-প্রকারের প্রবৃত্তিবারা আলোচন অর্থাৎ বাহ্ন বস্তুর গ্রহণ নিষ্পন্ন হয়। আন্তর প্রবৃত্তি জীবনোৎপাদিকাশক্তির প্রযন্ত্রম্বরূপ, তাহা সকল ইন্সিয়েরই সাধারণ। প্রাণ অপান প্রভৃতি পাঁচটি ইহারই কার্য স্বরূপ। তন্মধ্যে প্রাণ নাসিকাগ্র হইতে হাদমপর্যান্ত স্থানে, অবস্থিত। সমান হাদয় হইতে আরম্ভ করিয়া নাভি পর্যান্ত স্থানে অবস্থিত। ভুক্ত অয়াদির সমতা করাই, তাহার কার্য়। নাভি হইতে আরম্ভ করিয়া পাদতল পর্যান্ত স্থানে অপান অবস্থিত। মলের অপনয়ন করাই তাহার কার্য়। নাসাগ্র হইতে শিরঃ পর্যান্ত স্থানে উদান অবস্থান করে। উদানই উৎক্রেমণ বা দেহত্যাগের কারণ। ব্যান সর্বদেহ ব্যাপী। এই পাঁচটির মধ্যে প্রাণই শ্রেষ্ঠ। তন্মধ্যে উদানকে সংযম দ্বারা জয় করিলে যোগী লঘু হইয়া জলাশয়, পয়, কণ্টক প্রভৃতির,উপর দিয়া গমন করিতে পারেন এবং তদ্ধারা অসংলয় থাকেন। এবং স্বেচ্ছাক্রমে মরণ লাভ করিতে পারেন॥৩৯॥

সমান জয়াজ্জ্জলনম্ । ৪০ ।। সমান জয়াৎ জলনম (ভবতি)।

সমান, নামক প্রাণশক্তিকে জয় করিলে, যোগী প্রজ্জনিতের হায় লক্ষিত হন॥ ৪০॥

সমান নাভির নিকটস্থ অগ্নিকে ব্যাপিয়া থাকে। তাহাকে বশীভূত করিলে অগ্নির জলন হয়। তদ্বারা (যোগী) যেন জলিতেছেন বলিয়া বোধ হয়। এইরূপে প্রাণাদিকে জয় করিতে পারিলে স্ফেছাক্রমে তাহাদেরও ক্রিয়া সিদ্ধ করিতে পারা যায়, বুঝিয়া লইতে হইবে॥ ৪০॥

Cপ্রাক্রাকাশরোঃ সম্বন্ধসংয্যাদ্দিব্যং প্রোক্রম্ ।। ৪১ ।। শ্রোকাশরোঃ সংয্যাৎ দিব্যম্ শ্রোক্রম্ (ভবতি)।

কর্মেন্দ্রির এবং আকাশের সম্বন্ধে সংযম করিলে দিব্যশ্রোত্র উৎপন্ন হয়॥ ৪১॥
য়ভাপি কর্মেন্দ্রিয় আহবকারিক অর্থাৎ আকাশপ্রতিষ্ঠ বে অভিমান তাহাই
কর্মেন্দ্রিয়, তথাপি আকাশের সহিত কর্মেন্দ্রিয়ের আধার-আধেয় ভাব আছে।
কর্ণেন্দ্রিয় ও আকাশের সম্বন্ধ উপলক্ষমাত্র। তদ্বারা অগিন্দ্রিয় ও বায়ুর, চক্ষ্রিন্দ্রিয়
ও তেজের, রসনেন্দ্রিয় এবং জলের এবং আণেন্দ্রিয় ক্ষিতির (সম্বন্ধ ক্রিয়া লইতে
হইবে)। এই সকল সম্বন্ধে সংযম করিলে পূর্ব্বোক্ত আবণ, বেদন প্রভৃতি নামক
দিব্য ইন্দ্রিয় সকল উৎপন্ন হয়। তদ্বারা মোগী এককালেই দিব্য শব্দাদি জানিতে
পারেন॥ ৪১॥

কারাকাশ্রেরঃ সম্বন্ধসংয্যাল্লঘুভূলসমাপ্তেক্তাকাশ্ গমনম্ ॥ ৪২ ॥

কায়াকাশয়ো: সম্বন্ধসংয্মাৎ লঘু।

শরীর এবং আকাশের সম্বন্ধে সংযম করিয়া এবং তুলাদি লঘুদ্রব্যে সমাপত্তি করিয়া, আকাশগমন সিদ্ধ হয়॥ ৪২॥

শরীর এবং আকাশের সংযোগকে সংযম দারা জয় করিলে, কিদ্বা লঘু তূলাদি পদার্থে, তাহাদের লঘুভাবে সমাপত্তি করিলে শরীর লঘু হয়। তদ্বারা যোগী প্রথমে জলে বিচরণ করিতে পারেন; তদনস্তর মাকড়সার জালে, তদনস্তর হর্ষ্য রিশিতে বিচরণ করিতে পারেন; তদনস্তর যথেচ্ছাক্রমে আকাশে গমন করিতে পারেন॥ ৪২॥

বহিরকল্পিভাবৃত্তিশ্বহাবিদেহা ভভঃ প্রকাশাবরণ ক্ষয়ঃ ॥ ৪৩॥

বহিঃঅকল্লিতাবৃত্তিঃ মহাবিদেহ (ধারণা) (কথ্যতে);
ততঃ প্রকাশাবরণক্ষরঃ (ভবতি)।

শরীরের বাহিরে, মন অকল্লিত ভাবে বৃত্তি লাভ করিলে তাহার নাম মহাবিদেহা ধারণা। তাহা হইতে বৃদ্ধি সঞ্জের আবরণক্ষয় হয়॥ ৪৩॥

দেহে অহংভাব থাকিতেও 'আমার মন বাহিরে থাকুক', এইরূপ কলনা ছারা দেহের বাহিরে মনের বৃত্তিশাভ হয়। সেই ধারণার নাম কলিত বিদেহা ধারণা। সেই ধারণার অভ্যাস করিতে করিতে, যথন দেহের অহংভাব পরিত্যক্ত হইয়া য়য়, তথন স্বভাবতঃই বাহিরে বৃত্তিশাভ ঘটে। তাহাকেই অকলিত মহাবিদেহা ধারণা বলে। সেইরূপ ধারণার ফলে প্রকাশ স্বভাব চিত্তের ক্লেশকর্মাদি আবরণ ক্ষয় হয়। তদন্তর সর্বজ্ঞতালাভ হয়, ইহাই স্থ্রার্থ॥৪০॥

স্থুল স্বরূপ সূক্ষাত্ররার্থবিত্ত্বসংষমাদ্ভূতজ্যঃ । ৪৩ । ক ।। স্থল-স্বরূপ-স্কা-অবর-অর্থরাত্ত্ব-সংঘমাৎ ভূতজ্বঃ (ভব্তিঃ)।

স্থূল, স্বরূপ, স্থান, অরয় ও অর্থবিত্ব—ভূতের এই পঞ্চরূপে সংয্ম করিলে ভূতজ্ঞর হয়॥ ৪৩ (ক)॥

পঞ্জুতের 'স্থ্লরপ' বলিলে, পঞ্জুতের পৃথিবী আদি জাতিবিশিষ্ট দৃশুমান অবয়ব সংস্থানকে বুঝার। যাহাতে শ্বাদি পাচটি স্থ্লগুণ যথাক্রমে এক একটি

করিয়া কম হইয়া, এক এক ভূতে বর্ত্তমান আছে,(যথা পৃথিবীতে শব্দ, স্পার্শ,রূপ,রুস ও গন্ধ; জলে শব্দ, স্পর্শ, রূপ ও রদ, তেজে শব্দ, স্পর্শ ও রূপ, বায়্তে শব্দ ও স্পর্শ; আকাশে কেবল শব্দ)। ইহাই পঞ্জুতের 'স্থূল' নামক প্রথম রূপ। পঞ্জুতের "স্বরূপ" নামক দিতীয় রূপ—যথাক্রমে পৃথিবীর কাঠিন্ত, জলের স্নেহ, তেজের উষ্ণতা, বায়ুর প্রেরণা এবং আকাশের সর্ব্বগতত্ব। বায়ুর প্রেরণা বলিতে তাহার তৃণাদিবাহকত্ব ধর্মকে বুঝায়। পঞ্ছতের তৃতীয় বা সৃন্ধ রূপ পঞ্চ তুমাত্র। পঞ্চ ছূল ভূতের 'স্ক্ল' বা কারণ, প্রমাণু সমূহ। পঞ্চ তুমাত্র সকল আবার সেই পরমাণু সমূহের 'ফুক্ম' বা কারণ । পঞ্চভূতের চতুর্থ রূপ 'অন্তুয়' বা 'সামান্ত' বলিতে গুণত্রয়কেই ব্ঝায়, কারণ, গুণত্রয় পঞ্ছতের কারণরূপে সর্বভৃতেই অন্বিত, অনুগত বা সাধারণভাবে রহিয়াছে। পঞ্চভূতের পঞ্চম রূপ 'অর্থবত্ত্ব' অর্থাৎ গুণনিষ্ঠ ভোগাপবর্গ প্রদানে সামর্থ্য। সেই সামর্থ্য (প্রকৃতপক্ষে) গুণত্রমনিষ্ঠ হইলেও পঞ্চভূত উক্ত গুণত্রমের সহিত অন্বিত বলিয়া অর্থাৎ উক্ত গুণত্রর পঞ্চভূতে সাধারণভাবে ক্রন্থগত বলিয়া উক্ত সামর্থ্য পঞ্চভূতে আসিয়া গিয়াছে। এইরূপে পঞ্চভূতের কার্য্য স্বরূপ ও হেতুভূত, উক্ত পাঁচটি রূপে স্থলাদি ক্রমে সংযম করিলে পঞ্চভূত যোগীর সংকল্পের বশবর্তী হইয়া য়ায় অর্থাৎ বৎস যেমন গাভীর অন্তুসরণ করে, সেইরূপ পঞ্চভূতও যোগীর সংকল্পের অন্তুসরণ করে॥ ৪৪॥

ততোহণিমাদিপ্রাচুর্ভাবঃ কায়সম্পৎ তদ্ধর্মানভিঘাতশ্চ ॥ ৪৫॥

ততঃ অণিমাদি প্রাত্রভাবঃ, কায়সম্পৎ, তদ্ধ্যানভিঘাতঃ চ (ভবতি)।

তাহা অর্থাৎ সেই ভূতের জয় হইতে অণিমাদি অষ্টসিদ্ধির প্রাত্নভাব হয়, এবং কায়সম্পৎ হয়, এবং ভূতের দারা কায়ধর্মের অনভিঘাত বা বাধাশৃক্ততা হয়॥৪৫॥

'ততঃ'—সেই ভ্তজন হইতে, যোগীর অণিমাদি অষ্টদিন্ধি প্রাহর্ভ্ত হয়। অষ্টদিন্ধি বথা—(১) অণিমা—পরমাণুর তুল্যতা, (২) মহিমা—বিভূত বা সর্ব্ব-ব্যাপকতা, (৩) লিঘমা—ভূলপিণ্ডের ন্থান্ন লঘুত্ব, (৪) গরিমা—মেরুপর্বতের ন্থান্ন গুরুত্ব, (৫) প্রাপ্তি—যেমন অঙ্গুলিশারা চক্ত স্পার্শ করা, (৬) প্রাপ্তাম্য—স্ত্য- সঙ্কলতা, (৭) বশিত্ব—ভূতদমূহকে বশে রাথা এবং (৮) ঈশিত্ব—ভূতস্ঞ্বনশক্তি; এই অষ্টদিন্ধির মধ্যে প্রাপ্তি' পর্যন্ত পাঁচটি দিন্ধি ভূতদমূহের পূর্ব্বোক্ত স্থুলরপ সংবদদারা জন্মে। (পূর্ব্বোক্ত) স্বরূপসংবদদারা প্রাকাম্যদিনি হয়। অবশিষ্ট ছইটি, ভূতের (পূর্ব্বোক্ত) হেতুসংবদ হইতে উৎপন্ন হয়। স্থ্যোক্ত "কায়সম্পৎ" শব্দটি স্থাক্তার পরবর্তী স্থাক্ত বাাথা৷ করিবেন। ভূতজার হইতে কায়ের অনভিঘাত, অর্থাৎ কাঠিক্ত প্রভৃতি ভূতধর্ম্মসমূহ দারা বাধাশূক্তা দিন্ধ হয়। তদ্বারা যোগী শীলার অভ্যন্তরে প্রবেশ করিতে পারেন এবং শৈত্য, উষ্ণা প্রভৃতি ভূতি গাঁহাকে বাধা দিতে সমর্থ হয় না ॥ ৪৫॥

্রপ্রপাবণ্যবল্রবজ্রসংহ্রনজানি কার্সম্পৎ ॥ ৪৬ ॥ রূপ-লাবণ্য-বল-বজ্বসংহ্রনজানি কার্যম্পং (ভবতি)।

রূপ, লাবণ্য, বল ও বজের মত শরীরের সংহননের নাম কারসম্পৎ ॥ ৪৫ ॥
বাহা চক্ষুর প্রীতিকর তাহাই রূপশব্দবাচ্য । লাবণ্য শব্দে স্বর্বাঙ্গসৌন্দর্য,
বলশব্দে বীর্য্য, বজ্লসংহনন শব্দে অব্যবসমূহে বজের ন্থায় দৃঢ় সংহতি—বাহা
হন্তমানের শরীরে বিভামান বলিয়া প্রসিদ্ধ ॥ ৪৬ ॥

ভূতজয়ের পর ইন্দ্রিয়জয়ের উপায় বলিতেছেন—

প্রহণস্বরূপ। স্মিতাত্মরার্থবিত্ত্বসংযমাদিরি জরঃ ॥ ৪৭ ॥ গ্রহণ-স্বরূপ-সন্মিতা-স্বর্য়-অর্থবিত্বসংযমাৎ ইঞ্জিরজয়ঃ (ভবতি)।

গ্রহণ, স্বরূপ, অন্মিতা, অন্নর, ও অর্থবন্ধ এই পাঁচটি ইন্দ্রিররূপে সংযম করিলে ইন্দ্রিয়জয় হয় ॥ ৪৭ ॥

শ্রোত্রাদি পঞ্চেক্রিয়ের 'গ্রহণ'-নামক প্রথম রূপগুলি, পঞ্চেক্রিয়ের কার্যরূপ পাঁচ প্রকারের বৃত্তি। সেই পাঁচ বৃত্তি সামান্তবিশেষাত্মক, শব্দাদিবিষয়ক। শব্দ সামান্ত রূপ, সঙ্গীতশাস্ত্র প্রসিদ্ধ ষড় জাদি তাহার বিশেষ রূপ। স্পর্শ সামান্তরূপ, শীতাদি বিশেষরূপ, রূপ সামান্ত, পীতাদি তাহার বিশেষ; রূস সামান্ত, মধুরাদি তাহার বিশেষ; গন্ধ সামান্ত, স্থরভি তাহার বিশেষ। প্রকাশকত্ব বা 'স্বরূপ' ইক্রিয়িদিগের দ্বিতীয় রূপ। তার্মিতা নামক সাত্মিক অহক্ষার, যাহা ইক্রিয়দিগের কারণ, তাহাই ইক্রিয়দিগের

তৃতীয় রূপ। অন্বয় ও অর্থবন্ধ নামক চতুর্থ ও পঞ্চম রূপ পূর্বেই [৪৪ স্থত্রের টীকায়] ব্যাখ্যাত হইয়াছে। ইন্দ্রিয়গণের সেই পাঁচটি রূপে সংযম করিলে ইন্দ্রিয়-জয় হয় ॥ ৪৭॥

তাহা হইতে কি হয় ? ইহার উত্তরে বলিতেছেন :---

ততে। মনোজবিত্বং বিকরণভাবঃ প্রধানজয় শ্চায় ৪৮ ॥ ততঃ মনোজবিত্বম, বিকরণভাবঃ, প্রধানজয়ঃ চ (ভবতি)।

পূর্ব্বোক্ত পাঁচটি ইন্দ্রিররপের জয় হইতে, মনের স্থায় (শরীরের) গতি, বিকরণভাব এবং প্রকৃতিবশিত্ব হয় ॥ ৪৮ ॥

"মনোজবিদ্বং"—মনের ন্থার শরীরের নিরতিশয় উৎক্ষট গতি লাভ অর্থাৎ বিভু অন্তঃকরণকে পরিণত করিয়া যেথানে দেখানে য়ণপৎ শরীরনির্ম্মাণসার্ম্য । "বিকরণভাব"—বিদেহ হইবার অপেক্ষা না রাথিয়া ইন্দ্রিয়গণ দ্রন্থিত বাহ্যবস্তুর জ্ঞানলাভ করিলে, তাহাকে ইন্দ্রিয়ের বিকরণত্ব বলে । 'প্রধানজয়'— অয়য় নামক প্রধানের চতুর্থ রূপকে (৪৪ সংখ্যক হত্তের টীকায় দ্রন্থর) জয় করিলে সমস্ত জ্ঞাৎ বশে আইসে । এই সকল সিদ্ধি ইন্দ্রিয়জয় হইতে প্রাহ্মত্ত হয় । অন্মা প্রভৃতি হইতে আরম্ভ করিয়া প্রধানজয় পর্যান্ত এই সকল সিদ্ধি, এই শাস্ত্রে "মর্প্রতীকা" নামে কথিত হইয়া থাকে । মর্র একাংশ— সাম্বাদনের ক্রায় এই সকল সিদ্ধি মর্প্রতীকা বা মর্র তুল্য । কিম্বা স্থল হইতে আরম্ভ করিয়া প্রধান পর্যান্ত সকল বিধয়ের যে যোগজনিত ঋতম্ভরাপ্রজ্ঞা হয়, তাহাই মর্। ভৃতেন্দ্রিয় জয় দারা তাহাদের প্রতীককে অর্থাৎ কারণকে সাক্ষাৎকার করে বলিয়া ঐ সকল সিদ্ধিমপ্রপ্রতীকা নামে উক্ত হইয়া থাকে ॥ ৪৮ ॥

এইরপে সংযমনারা জ্ঞানসিদ্ধিসমূহ ও ক্রিয়াসিদ্ধিসমূহ বর্ণিত হইল। যোগী সেই সকল সিদ্ধি লাভ করিলে তাহা হইতে তাঁহার যে শ্রনা উৎপন্ন হয়, তন্ধারা যে বিবেকথ্যাতি পর্যন্ত সিদ্ধিলাভ হইয়া থাকে, তাহাও (৩৫ হতে) বর্ণিত হইল।

এ বা িবেকথ্যাতি হইতে যে অবান্তর সিদ্ধি হয়, তাহার বর্ণনা করিতেছেনঃ—

সত্ত্বপুরুষান্যভাখ্যাতিমাত্রস্থ সর্বভাবাধিষ্ঠাতৃত্বং সর্বজ্ঞাতৃত্বঞ্চ ॥ ৪৯ ॥

সৰপুৰুষাগুতাথ্যাতিমাত্ৰস্ত (সংযমাৎ) সৰ্বভাবাধিষ্ঠাত্ত্ৰন্ সৰ্ববিজ্ঞাতৃত্বন্ চ (ভবতি)।

বৃদ্ধি এবং পুরুষের যে ভেদথ্যাতি হয়, কেবল তাহাকেই অবলম্বন করিয়া সংবদ করিবল, সর্বভাবাধিষ্ঠাতৃত্ব ও সর্ববক্ততা সিদ্ধ হয় ॥ ৪৯ ॥

িকৈবল্যলান্ডের উপার। িকেবল্যবিদ্ধ নিবৃত্তির উপার।

পূর্ব্বোক্ত (৩৫শ সংখ্যক স্থত্র বর্ণিত চিৎপ্রতিবিশ্বরূপ) স্বার্থে সংযম দারা যোগীর অন্তঃকরণ হইতে রজোমল ও তমোমল নিধূ ত হইয়া গেলে, যোগীর চিত্তজয় সিদ্ধ হয়; তদনন্তর বশীকার নামক অপরবৈরাগ্য উৎপন্ন হইলে তদ্ধারা যোগীর বৃদ্ধিসত্ত ও আত্মার ভেদখ্যাতি জন্মে। কেবলমাত্র তাহাকে অবলম্বন করিয়া সেই ভেদখ্যাতির আর্ত্তি করিতে রত হইলে যোগী প্রধান এবং প্রধানের পরিণামভূত যাবতীয় বস্তুর অধিষ্ঠাতা বা নিয়ন্তা হন এবং অতীত, বর্ত্তমান এবং ভবিশ্বং সকল বিষয়েরই জ্ঞাতা হন। এই সিদ্ধির নাম "বিশোক।" ॥ ৪৮॥

এক্ষণে বিবেকথ্যাতি হইতে যে মুখ্যসিদ্ধি হয় সেই মুখ্যসিদ্ধির বর্ণনা করিতেছেন—

তদ্বৈরাগ্যাদিপি দোষবীজক্ষতের কৈবল্যম্ ॥৫০॥ তদ্বৈরাগ্যাৎ অপি দোষবীজক্ষরে (সতি) কৈবল্যম (ভবতি)।

সেই বিবেকথাতি জনিত বিশোকা নামক সিদ্ধিতেও বৈরাগ্য হইলে ক্লেশবীজের ক্ষয় হইয়া কৈবল্যসিদ্ধি হয় ॥৫০॥

সেই বিশোকা নামক সিদ্ধিতেও বৈরাগ্য হইলে, সেই বৈরাগ্য হইতে তাহার হেতৃভূত বিবেকথ্যাতিতেও যে বৈরাগ্য জন্মে, তাহাই পরবৈরাগ্য। সেই পরবৈরাগ্য হইতে, দোষসমূহের অর্থাৎ ক্লেশাদির বীজ যে প্রান্তিসংস্কার, তাহার ক্ষয় অর্থাৎ সর্ব্বতোভাবে তিরোভাব ঘটলে, চিত্তে কেবলমাত্র পরবৈরাগ্যের সংস্কার অবশিষ্ট থাকে। তথন পুরুষের স্বরূপে প্রতিষ্ঠতা বা কৈবল্য সিদ্ধ হয়। এই সিদ্ধির নাম "সংক্ষারশেষা" ॥ ৫০॥

ইহাতে বিদ্ন ঘটিলে সেই বিদ্ন দ্রীকরণের উপায় বলিতেছেন :—

স্থান্যুপনিমন্ত্রতে সঙ্গ সময়াইকরণং পুনরনিউপ্রসঙ্গাৎ ॥৫১॥ স্থান্যুপনিমন্ত্রণে সঙ্গুম্মাকরণম্ (কর্ত্ব্যুম্), পুনঃ অনিষ্ট্রপ্রসঙ্গাৎ।

স্থানী দেবগণের দ্বারা উপনিমন্ত্রিত হইলে তাহাতে আসক্তি এবং গর্বান্থভব করা উচিত নতে, কেননা তাহা হইলে পুনর্ব্বার সংসারে পতনরূপ অনিষ্ট উৎপন্ন হইতে পারে ॥৫১॥

আলোচ্য যোগিগণ চারিশ্রেণীর অন্তর্গত যথা —প্রথমকল্লিক, মধুভূমিক, প্রক্রান্ত্যোতিঃ এবং অতিক্রান্তভাবনীয়। তন্মধ্যে প্রথমশ্রেণীর যোগী সংযমে প্রবৃত্ত ইইয়াছেন মাত্র । তাঁহার পর চিন্তজ্ঞানাদি কোনপ্রকার সিদ্ধিলাভ হয় নাই। দ্বিতীয় শ্রেণীর যোগী, সম্প্রজ্ঞাত যোগদারা মধুমতী নামক চিন্তভূমিকা বা ঋতস্তরা প্রজ্ঞার অবস্থা লাভ করিয়া পূর্বে যে সকল ভূত ও ইন্দ্রিয়ের সাক্ষাৎকার লাভ করিয়াছেন, তাহাদিগকে জয় করিতে ইচ্ছা করেন। সেই জয়ের দ্বারা পূর্বেবর্ণিত মধুপ্রতীকা, বিশোকা ও সংস্কারশেষা নামক তিনটি ভূমিকা যথাক্রমে লাভ করাই তাহার উদ্দেশ্য। তৃতীয় প্রকারের যোগী অর্থাৎ প্রজ্ঞাজ্যোতিঃ, ভূত ও ইন্দ্রিয় সমূহকে জয় করিয়াছেন বলিয়া মহেক্রাদি দেবতাদিগের প্রলোভনাদির দ্বারা ক্ষোভিত হয়েন না, এবং প্রথম ছইভূমি লাভ করিয়া বিশোকাদি ভূমিয়য় সাধন করিবার ইচ্ছায়, স্বার্থে সংযম করিতে উল্লমশীল হন। চতুর্থ প্রকারের যোগী ষড়ৈর্ঘাশালী, মহান্থভাব, বিবেকখ্যাতি পর্যন্ত ভূমিত্রয় লাভ করিয়া পরম বৈরাগ্যবান, বিদ্রশঙ্কাশৃশ্র ও জীবয়ুক্ত। তিনি চতুর্থ ভূমিকায় অবস্থান করেন। দ্বিতীয় পাদের ২৭শ সংখ্যক স্বত্রে তাঁহারই প্রজ্ঞা সাত প্রকার চরমাবস্থাযুক্ত বিলয়া বর্ণিত হইয়াছে।

উক্ত চারি প্রকারের যোগীর মধ্যে প্রথম প্রকারের যোগী দেবতাদিগের নিমন্ত্রণের যোগ্য নহেন। এই হেতু তাঁহাকে পরিত্যাগ করিয়া যিনি মধুভূমিকা নামক দ্বিতীয় . প্রকারের যোগী, তাহাকেই স্থানিগণ অর্থাৎ মহেক্রাদি বিশেষ বিশেষ পদের আধিকারিক পুরুষগণ এইরূপে উপনিমন্ত্রণ বা প্রার্থনা করিয়া থাকেন—"হে (মহাত্মন) এই ম্বর্গাদি স্থানে উপবেশন করুন, এখানে রমণ করুণ, এই কন্তা কমনীয়া, এই ভোগ দেবভোগ, এই রসায়ন জরা-মৃত্যু নাশ করে, এই যান আপনার ষথাভিশ্বিত স্থানে লইয়া বাইতে পারে, ইত্যাদি"। দেবতাদিগের এইরূপ প্রার্থনায় সঙ্গ বা ভোগাভিলাষ করা উচিত নহে কিম্বা আমার এতাদৃশ যোগপ্রভাব জন্মিয়াছে বলিয়া শ্বয় বা গর্ব্ব করা উচিত নুহে। প্রত্যুত তাহাতে এই প্রকারে দোষ ভাবনা করিতে হর: — "আমি এই ঘোর সংসারাগ্নির জলন্ত অঙ্গারের মধ্যে পুন: পুন: দগ্ধ হইতেছি, আমি চক্রারতের কার পুনঃ পুনঃ জন্ম ও মৃত্যু ভোগ করিতেছি, আমি কোনক্রমে ্রণ, কর্ম্ম ও অবিভাতি নিরবিনাশক যোগপ্রদীপ লাভ করিয়াছি, তৃষ্ণাসমুৎপন্ধ এই সকল বিষয়বায়ু সেই যোগপ্রদীপের প্রতিকূলতা করিতেছে, এই অবস্থায় আমি আলোকপ্রাপ্ত হইয়া কেন আবার এই মৃগত্ঞিকার দ্বারা বঞ্চিত হই এবং কেন আপনাকে পুনঃ পুনঃ সেই প্রদীপ্ত সাংসারাগ্রির ইন্ধনস্বরূপ করি ? অতএব হে স্বপ্লোপম দীনজন প্রার্থনীয় বিষয়গণ! তোমরা স্থথে থাক "এবং এইরূপে দূচ্মতি হুইয়া সমাধিভাবনা করিতে হুর। (দেবতাদিগের উপনিমন্ত্রণে) সঙ্গ বা আসক্তি

হইলে যোগী পতিত হয়েন, সায় বা গর্ব্ব হইলে 'আমি কৃতক্কতা হইরাছি' এইরূপ মনে করিয়া তিনি যোগে অসিদ্ধই থাকিয়া যান। এইরূপে যোগভ্রষ্ট হইলে পুনর্বার সংসাররূপ অনিষ্ট প্রাপ্তির সম্ভাবনা। সেই কারণে কৈবল্যের বিদ্ন দূর করিবার নিমিত্ত সেই উপনিমন্ত্রণে যোগীর সঙ্গ ও সায় অর্থাৎ আসক্তি ও গর্ব্ব করা উচিত নহে॥ ৫১॥

পূর্বে (৩৫ সংখ্যক হতে) বৃদ্ধিপ্রতিবিদ্বিত পুরুষের <u>স্থার্থে</u> দ্রংমন করিলে নোক্ষপ্রদ বিবেকজ্ঞান উৎপন্ন হয়, ইহা বলা হইয়াছে। এক্ষণে তদ্বিষয়ে অপর এক উপায় বর্ণনা করিতেছেন—

ক্ষণতৎক্রমমোঃ সংখ্যাদ্ বিবেকজং জ্ঞান্ম্ ॥৫২॥ কণতৎক্রময়োঃ সংখ্যাৎ বিবেকজংজ্ঞান্ম (ভবতি)।

ক্ষণ এবং তাহার ক্রমে সংযম করিলে বিবেকজ জ্ঞান সিদ্ধ হয়॥ ৫২॥
কালের যে বিভাগকে আর ভাগ করা যায় না, তাহাকেই ক্ষণ বলে। সেই
ক্ষণ সত্য বস্তু। মূহূর্ত্ত প্রভৃতি যে সকল ক্ষণসমূহস্বরূপ অপর কালবিভাগ প্রচলিত
আছে, তাহারা মিথ্যা, কেননা ক্ষণের সমৃহ বা সমষ্টি সং বস্তু নহে, (বৃদ্ধিপরিকল্পিত
মাত্র)। তন্মধ্যে এই ক্ষণটি অমুক ক্ষণের পূর্ববর্ত্তী, এইটি তাহার উত্তরবর্ত্তী,
এইরূপে ক্ষণসমূহের ক্রম বা পৌর্বাপর্য্যের সংযম হইতে সেই অতি হক্ষ ক্ষণ সমূহের
ভেদসাক্ষাৎকাররূপ বিবেক উৎপন্ন হয়। সেই বিবেক্ষারা আকাশাদি হইতে
আরম্ভ করিরা পুরুষপর্যন্ত যাবতীয় বস্তুর সাক্ষাৎকাররূপ জ্ঞান যুগপং জন্মিতে
পারে॥ ৫২॥

এইক্ষণসংযমজনিত সর্ববিষয়ক জ্ঞান অগ্রে বর্ণিত হইবে। এক্ষণে সেই জ্ঞানের একটা স্কল্ম তত্ত্ব বলিতেছেন :—

জাভিলক্ষণদেটশরন্যভানবচ্ছেদে ভুল্যমোস্তভঃ ু প্রভিপত্তিঃ ॥ ৫৩ ॥

জাতি লক্ষণ দেশৈঃ তুল্যমো (বস্তুনোঃ)অন্ততানবচ্ছেদে ততঃ (বিবেকজ্ঞানাৎ) প্রতিপত্তিঃ (ভবতি)।

জাতিগত, লক্ষণগত এবং দেশগত ভেদ্ধারা হুইটি তুল্য বস্তুর পার্থক্য উপলব্ধ না হুইলেও, বিবেকজ্ঞান্দারা তাহাদের পৃথক্ত উপলব্ধি করা যায়॥ ৫৩॥

(স্ত্রস্থিত) '<u>অবচ্ছেদ</u>' শব্দের অর্থ নিশ্চয়। সংসারে তিনটি কারণ দারা পদার্থসমূহের ভেদ মিশ্চিত হইয়া থাকে। গো এবং গবয়, দেশ এবং লক্ষণ দারা তুল্য হইলেও জাতিদারা তহভয়ের মধ্যে ভেদজ্ঞান হয়। ছুইটি গো দেশ এবং জাতিয়ারা তুলা হইলেও ক্লফ, খেত প্রভৃতি লক্ষণ দারা তত্বভরের ভেদ জ্ঞান হয়। তুইটি আমলক ফল, জাতি এবং লক্ষণ দারা তুলা হইলেও একটি পূর্ববেশবর্তী, একটি উত্তরদেশবর্তী, এইরূপে তত্ত্ভয়ের মধ্যে ভেদ নির্ণীত হইয়া থাকে। কিন্তু যদি কেহ যোগীর জ্ঞান পরীক্ষা করিবার নিমিত্ত যোগীর মন বিষয়ান্তরে ব্যাপৃত হইলে পূর্ব্বদেশবর্তী আমলক ফলটিকে উত্তরদেশবর্তী আমলক ফলের স্থানে রাথিয়া, উত্তরদেশবর্ত্তী আমলক ফলটিকে অপহরণ করেন. তাহা হইলে সেই তুইটি ফল উভয়ই আমলকত্ম জাতি, রূপ পরিণামাদি লক্ষণ এবং দেশ দারা তুল্য ৰলিয়া জাতি প্রভৃতি দারা তাহাদের ভিন্নতা নিশ্চয় করা অসম্ভব হইলেও, "ততঃ'' সেইক্ষণ সংযমজনিত বিবেকজ্ঞান হইতে, যোগী তহুভয়ের ভিন্নতা উপলব্ধি করিতে পারেন। যেইক্ষণে পূর্ব্বদেশবর্তী আমলকটি উত্তরদেশে রক্ষিত হইল, সেইক্ষণের পূর্ব্ববর্তী ক্ষণসমূহে সেই পূর্ব্ববর্ত্তী আমলকে পূর্ব্বদেশস্করপ পূর্ব্বপরিণামসমূহ জন্মিয়াছিল; সেই সকল পরিণাম উত্তরদেশবর্তী আমলকে জন্মে নাই, কেননা তথন সেই উত্তরদেশবর্তী আমলকে উত্তরদেশস্থ পরিণাম-সমূহ জন্মিয়াছিল। সেই হেতু যে যোগী ক্ষণ এবং তাহাদের ক্রম সাক্ষাৎকার করিতে পারেন, তিনি তহুভয়ের পূর্বদেশবর্তী ও উত্তরদেশবর্তী নিজ নিজ পরিণাম সমূহের ক্ষণ হইতে বর্ত্তমান ক্ষণের আনন্তর্য্য বুঝিতে পারিয়া এক্ষণে এইটি উত্তর দেশে রক্ষিত হইয়াছে, ইহা পূর্বের পূর্ববদেশে ছিল, উত্তরদেশে ছিলনা, এইরূপ ভেদ নিশ্চয় করিতে পারেন, ইহাই তাৎপর্যা॥ ৫২॥

তারকং সর্ববিষয়ং সর্ব থাবিষয়মক্রমঞেতি বিবেকজং জ্ঞানম্ ।। ৫৪ ।।

(তৎ) বিবেকজন জ্ঞানন্ তারকন্ সর্ববিধয়ন্ সর্বাধাবিষয়ন্ অক্রনন্ চ (ভবতি)।

সেই বিবেকজ জ্ঞান সংসার হইতে মোক্রপ্রদ, সর্ববিষয়ক, সর্বাধাবিষয়ক এবং
অক্রন ॥ ৫৪ ॥

পূর্ব্বে যে সকল সংযমের কথা বলা হইয়াছে তদ্বারা সর্ব্বজ্ঞতা সিদ্ধ হয়, এই মাত্র বলা হইগাছে। সেই সর্ব্বজ্ঞতা কেবলমাত্র প্রকারবিষয়কা "রন্ধনশালায় প্রস্তুত সকল ব্যঙ্কন দ্বারা ভোজন সম্পন্ন হইয়াছে" এইরূপ বলিলে সকল "প্রকারের" ব্যঞ্জন দ্বারা ভোজন নিপ্তার হইয়াছে এই মাত্র ব্ঝায়, এবং যথন আবার বলা হয়
"পাত্রস্থিত সকল ব্যঞ্জন দ্বারা, সমানীত সকল অন্ন ভোজন করা হইয়াছে
তথন সমস্ত অন্ন স্বরূপতঃ ও প্রকারতঃ এবং নিংশেষরূপে ভুক্ত হইয়াছে,
এইরূপ ব্ঝায়। সেইরূপ ক্ষণসংযমসনিত বিশেষজ্ঞান সর্ববস্তুর স্বরূপবিষয়ক এবং
সর্ব্বথাবিষয়ক অর্থাৎ সর্ববস্তুর প্রকার বিষয়ক হইয়া থাকে। সেই জ্ঞান তারক
অর্থাৎ পুরুষতত্ত্বকেও স্ববিষয়ী ভূত করে বলিয়া, তাহা সংসার সাগর হইতে
যোগীকে উত্তীর্ণ করে এবং তাহা অক্রম, অর্থাৎ তাহা করতলস্থিত আমলক ফলকে
যেমন সমগ্রভাবে ও একেবারে অবগত হওয়া যায়, সেইরূপ তল্বারা একেবারেই
সকল বস্তুকে সমগ্রভাবে জানিতে পারা ষায়॥ ৫৪॥

এইরপে বিবেকখ্যাতি যে সকল সংযমের চরম ফল এবং যদ্ধারা পুর্ব্বোক্ত বিশেষ বিশেষ বিভৃতি সিদ্ধ হইয়া থাকে, সেই সকল সংযমের বর্ণনা সমাপ্ত হইল। সেই বিবেকখ্যাতিরূপ চরমফল যোগীর সিদ্ধ হউক বা নাই হউক, সত্ত্ব ও পুরুষের ভিন্নতা (মাত্র) সাক্ষাৎকার করিলেই তদ্ধারা মুক্তিলাভ হয়, ইহাই ব্ঝাইবার জন্ম বলিতেছেন:—

সত্ত্বপুরুষজোঃ শুদ্ধিসাতম্য তৈকবল্যম্ ॥ ৫৫ ॥ সত্ত্বপুরুষয়োঃ শুদ্ধিসাম্যে (দতি) কৈবল্যম্ (ভবতি) ।

বৃদ্ধি ও পুরুষের শুদ্ধির সমত। হইলে কৈবল্য দিদ্ধ হয়॥ ৫৫॥

বৃদ্ধির শুদ্ধি বলিলে এই বৃঝায় যে বৃদ্ধিসত্ত হইতে সমস্ত রজোমল বিদূরিত হইলে, বিবেকথাতি দ্বারা যথন বৃদ্ধিসত্ত সর্ববৃত্তিশৃত্ত হইয়া সংস্কার মাত্রে অবশিষ্ট থাকে, তথন তাহাই বৃদ্ধির শুদ্ধি। পুরুষ নিত্যশুদ্ধ হইলেও যথন পুরুষের কল্লিত ভোগের বিরতি ঘটে, তখন তাহাই তাহার শুদ্ধি। এইরূপে তত্তভ্রের শুদ্ধির ভূল্যতা হইলে, কৈবল্য সিদ্ধ হয়। কেবলমাত্র শ্রদ্ধা উৎপাদন করিবার নিমিত্ত পুর্বোক্ত বিভূতি সকল বর্ণিত হইয়াছে! পুরুষ বৃদ্ধি হইতে বিলক্ষণ; সেই পুরুষের সাক্ষাৎকার হইবামাত্রই অবিভা নির্ত্ত হওয়াতে, অনাগত হঃথের আর উৎপত্তি না হওয়ায়, কৈবল্য সিদ্ধ হয় ইহাই স্ব্রার্থ ॥ ৫৫ ॥

ইভি বিভৃতিপাদ।

কৈবল্যপাদ।

সর্বসাধনসিদ্ধীনাং যা স্থাৎ সিদ্ধিরনুত্তমা। কৈবল্যরূপা তন্মাত্রং সীতারামং নমাম্যহম্॥

সর্ব্ধপ্রকার সাধন দারা যে সকল সিদ্ধি লব্ধ হইয়া থাকে, তন্মধ্যে যে সিদ্ধি অপেক্ষা আর উৎক্কষ্ট সিদ্ধি নাই, তাহাই কৈবল্যরূপা সিদ্ধি। সেই কৈবল্য যে সীতারামের প্রকৃত রূপ, আমি সেই সীতারামকে প্রণাম করিতেছি।

প্রথম পাদে যোগ এবং দিতীয়পাদে যোগসাধন প্রতিপাদিত হইয়াছে। তৃতীয় পাদে সংযম নামক তিনটি অন্তরঙ্গ সাধন (ধ্যান,ধারণা,সমাধি), সংযমের লক্ষ্য, সংযমের ভিন্ন ভিন্ন পরিণাম এবং সিদ্ধি-সমূহ বর্ণিত হইয়াছে। তন্মধ্যে অতীত-অনাগত বিষয়ের জ্ঞান প্রভৃতি কয়েকটি সিদ্ধি, সাধকের শ্রন্ধা উৎপাদন করে বলিয়া, (গৌণভাবে) কৈবল্যযোগের অন্ধ মধ্যে পরিগণিত হয়। ইন্দ্রিয়জয় প্রভৃতি কয়েকটী সাক্ষান্তাবে কৈবল্যের অন্ধ। 'তারক' নামক বিবেকজ্ঞানের সিদ্ধি যোগের ফল বলিয়া নির্মাপত হইয়াছে। এক্ষণে কৈবল্যের স্বরূপ প্রধানভাবে প্রতিপাদন করিতে হইবে। তহুদেশ্রে কিবল্যভাগী এই চিন্ত, পরলোক,এবং ক্ষণিকবিজ্ঞানের অতিরিক্ত আত্মা, যিনি স্বথহুংথাদি চিন্ত বিকারের ভোক্তা, এবং ধর্মমেয—এই কয়েরটি বিয়য়ের বর্ণনা করা প্রয়োজন এবং প্রসন্ধক্রমে আগত অন্থান্ত বিষয়েরও বর্ণনা করা প্রয়োজন, এই হেতু চতুর্থ পাদের আরম্ভ। তদ্মধ্যে প্রথমসিদ্ধিদিগের চিন্তসমূহের মধ্যে যে চিন্ত কৈবল্যের উপযোগী, তাহা বর্ণনা করিবার জন্ত, পূর্বে যে সকল সিদ্ধি বর্ণিত হইয়াছে, তাহারা, ভিন্ন ভিন্ন আবির্ভাবকারণ বশতঃ, পাচ প্রকারের হইয়া থাকে, তাহাই বলিতেছেন:—

ি সিদ্ধির বিশেষ বিশেষ কারণ।

জকৌষধিমন্ত্ৰতপঃসমাধিজাঃ সিদ্ধয়ঃ ॥ ১ ॥

সিদ্ধরঃ জন্ম-ঔষধি-মন্ত্র-তপঃ--সমাধিজাঃ (ভবন্তি)।

জন্ম, উষধি, মন্ত্র, তপঃ ও সমাধি এই পাঁচ প্রকার অভিব্যঞ্জকের সাহায্যে সিদ্ধি প্রাহর্ভ ত হয়।

জন্ম হইতেই যক্ষাদির আকাশগমনাদি সিদ্ধি জন্মে। কপিল প্রভৃতি সিদ্ধগণের সিদ্ধিসমূহকে সাংসিদ্ধিকী (অর্থাং স্বভাবতঃ সিদ্ধ) সিদ্ধি বলে। মাণ্ড্র্য প্রভৃতির যে সকল সিদ্ধি ছিল,তাহা কোনও বিশেষ প্রকারের ওষধি সেবন করিয়া জন্মিয়াছিল।
মন্ত্রজ্ঞপের দারা কাহারও কাহারও অণিমাদি সিদ্ধি জন্মে। বিশ্বামিত্র প্রভৃতির সিদ্ধি
তপস্থাদারা উৎপন্ন হইয়াছিল। পূর্ব্বজন্মর যোগাস্ত্যাদ বশতঃই এই চারি প্রকার
সিদ্ধি জন্মিয়া থাকে, তাহা কেবল জন্মাদি নিমিত্তকে উপলক্ষ্য করিয়া (ইহজন্মে)
অভিব্যক্ত হয়। এই হেতু বিশ্বাস পূর্ব্বক যোগাভ্যাসে প্রবৃত্ত হইতে হয়, কেননা,
ইহজন্মে কোনও প্রকার সিদ্ধি না দেখিতে পাইলেও জন্মান্তরে সেই যোগাভ্যাস
সফলতা লাভ করে। সমাধি হইতে যে সকল 'সিদ্ধি' জন্মে, পূর্ব্বপাদে তাহাদের
বর্ণন করা হইয়াছে।

(শঙ্কা)। আচ্ছা, এইরপ শুনা যায় যে নন্দীশ্বরের তপঃপ্রভাবে, তাঁহার শরীর ইহজনেই ভগবান উমাপতির (রুপা-)কটাক্ষদৃষ্টি মাত্রেই দেবশরীররূপে পরিণত হইয়াছিল। [শিবপুরাণ ৭৪ শং অধ্যায় দ্রষ্টব্য] সেইরপস্থলে এই নরদেহ কথনই দেবাদিদেহের উপাদান হইতে পারে না। তাহা হইলে, সেই দেহের অন্যপ্রকার পরিণাম হওয়া উচিত ছিল না এবং যে নরদেহটি বিনম্ভ হইল, তাহার সেইরূপ নাশের কোনও কারণ ছিল না। আর সেই নরদেহের অবয়বসমূহ (দেবদেহের) উপাদান হইয়াছিল, এইরূপ বলা যায় না, কেননা তাহারা কেবদমান্ত্র নরদেহেরই হেতু (কার্যানির্ব্বাহক) তাহাদের দ্বারা নরদেহভিন্ন অন্যপ্রকার দেহের কার্যানির্ব্বাহক হওয়া সম্ভবপর নহে। এইরূপ আশক্ষা নিরাকরণজন্ম বলিতেছেন:—

জাত্যম্ভরপরিণামঃ প্রক্ষত্যাপুরাৎ ॥২ ॥

জাত্যন্তরপরিণামঃ প্রক্ত্যাপূরাৎ (ভবতি)।

একজাতি হইতে যে জাতস্তারে পরিণাম হয়, তাহা প্রকৃতির আপুরণ হইতে হয়।

হয়।
প্রধান হইতে আরম্ভ করিয়া ক্রিতিপর্যান্ত সকল গুলিই প্রকৃতি (অর্থাৎ বিবিধ
বিক্ষতির কারণ।) সেই সকল প্রকৃতি সর্ব্বেই বিগুমান। সেই হেতু নরদেহের অবয়ব
সমূহে তাহাদের আপূরণ হইলে অর্থাৎ তাহারা ধর্ম্ম (অধর্ম্ম) প্রভৃতি নিমিন্তকে
উপলক্ষ্য করিয়া অবয়বে অন্ধপ্রবেশ করিলে, (নরদেহের) জাত্যন্তরপরিণাম
সম্ভবপর হয়, যেমন প্রকৃতির অন্ধ্রাহ্বশতঃ বন প্রভৃতি স্থানে অগ্নিকণা বহু
ভৃণাদির রাশিকে ব্যাপ্ত করিয়া ফেলে, সেইরূপ।

শেষা)। আচ্ছা, উক্তরূপ প্রকৃতির আপূরণ ধর্মাদি নিমিত্তকে অপেক্ষা করিয়া হয় অথবা নিরপেক্ষভাবে হয় ? ধর্মাদি নিমিত্তকে অপেক্ষা করিয়া হয়, এরূপ না বলিলে, সর্বত্রই প্রকৃতির আপূরণ সম্ভাবিত হইয়া পড়ে। (সমাধান)। এইরূপ আশঙ্কা করা চলে না, ধর্মাদি নিমিন্তকে অপেক্ষা করিয়া প্রকৃতির আপ্রণ হয় না, কেননা পুরুষার্থ (পুরুষের ভোগ ও অপবর্গ) ধর্মাদিনিমিন্তকে প্রবর্ত্তিত করিলেই ধর্মাদি প্রবর্ত্তক হইতে পারে (নতুবা নহে)— এইরূপ সিদ্ধান্তের সহিত বিরোধ ঘটে। এই হেতু বলিতেছেনঃ—

নিমিত্তমপ্রবোজকং প্রকৃতীনাং বরণতভদস্ত ভতঃ ক্ষেত্রিকবং ॥ ৩ ॥

নিমিত্ত সকল প্রকৃতিসমূহের প্রয়োজক নছে; (নিমিত্ত সকল) প্রতিকৃশ নিমিত্ত সকলকে অপসারিত করে, (তদনন্তর প্রকৃতি স্বয়ং প্রবৃত্ত হয়); যেমন ক্র্যকেরা ক্ষেত্রের আলি কাটিয়া দিলে জল স্বয়ং নিমৃত্র ক্ষেত্রে প্রবাহিত হয় সেইরূপ।

নিরীশ্বর সাংখ্যবাদিগণ বলেন, যে অনাগত পুরুষার্থই প্রকৃতিসকলকে প্রবর্ত্তিত করিয়া থাকে। আমরা কিন্তু ঈশ্বরবাদী; প্রকৃতিসকলের প্রবর্ত্তন কার্য্যে ঈশ্বরই প্রবর্ত্তক এই 'আশর' লইয়াই বলিয়া থাকি, 'পুরুষার্থ প্রবর্ত্তক'। (ধর্মাদি) নিমিন্ত প্রকৃতি সকলের প্রবর্ত্তক নহে, কেননা তাহার। প্রকৃতির কার্য্য। (কার্য্য কথনও কারণের প্রবর্ত্তক হইতে পারে না)। কিন্তু ("ততঃ") তাহা ইইতে অর্থাৎ ধর্ম্মাদি নিমিন্ত হইতে, প্রতিবন্ধের বাধ বা অপসারণ ঘটে। ধর্ম্ম দ্বারা অধর্মা অপসারিত হইলে, প্রকৃতিসকল নিজে নিজেই দেবশরীরাদিরূপ পরিণাম ঘটাইতে প্রবৃত্ত হয়। পাপের আতিশব্য বশতঃ যথন পুণ্যের প্রতিবন্ধ ঘটে, তথন তির্য্যাদির শরীররূপে পরিণাম ঘটে, যেমন নহুষ রাজার সর্পরূপে পরিণতি ঘটিয়াছিল (মহাভারত, উত্যোগপর্ব্ব, ১৬শ অধ্যায় দ্রন্থব্য।) স্বত্রে যে 'ক্ষেত্রিকবৃত্ব' (ক্ষেত্রিকের আরু) শব্বের উল্লেখ আছে তাহার অর্থ এই যে ক্ষেত্রিকগণ (রুষকেরা) স্ব স্থ ক্ষেত্রে জল আনিবার জন্ম কেবল মাত্র মাটি কাটিয়া উন্নতভূমিরূপ প্রতিবন্ধ আপুসারিত করিয়া থাকে, তদনস্তর জল নিজে নিজেই ক্ষেত্রের অভ্যস্তরে প্রবেশ করে। এস্থলেও সেইরূপ।

(শক্ষা)। আচ্ছা, যোগী যথন এককালেই বিবিধ প্রকার ভোগ করিবার নিমিন্ত অনেক শরীর নির্মাণ করিয়া (পরিগ্রহ করেন), তথন সেই সকল দেহে অনেকশুলি চিত্ত কোথা হইতে আইনে ? ইহার উত্তরে বলিতেছেন :—

নিৰ্ম্মাণ চিত্তান্যস্মিতামাত্ৰাৎ ॥ ৪ ॥

নির্ম্মাণচিন্তানি অক্ষিতামাত্রাৎ (জারস্তে)। অক্মিতামাত্রের দারা যোগীর নির্ম্মাণ চিন্তসকল উৎপন্ন হয়।

িকর্মের বিশেষ বিশেষ প্রকার I

যোগ প্রভাবে নির্দ্মিত হয় বলিয়া এই সকল চিত্তকে নির্দ্মাণ চিত্ত কহে। বেমন যোগীর সঙ্কলবশে প্রকৃতির আপূরণ হইতে দেবোচিতাদি কায় উৎপন্ন হয়, সেইরূপ অহঙ্কাররূপ প্রকৃতি হইতে নির্দ্মাণ চিত্তসকল জন্মিয়া থাকে, ইহাই স্থতার্থ।

(শঙ্কা) আচ্ছা, চিত্তগুলি যথন পরস্পর বিভিন্ন, তাহাদের উদ্দেশ্রও সেইরূপ বিভিন্ন, সেই হেডু 'নির্ম্মাণ্চিত্ত' নির্ম্মাণকারী যোগীর ভোগও সিদ্ধ হন্ধ না।

এইরূপ আশস্কা হইতে পারে বলিয়া বলিতেছেনঃ—

প্রকৃতিতভদে প্রতয়াজকং চিত্ততমকমতনতক্ষাম্ ॥ ৫॥ একম্ চিত্তম্ অনেকেধাম্ প্রকৃতিভেদে প্রয়োজকম্ (নিয়ামকম্) (ভবতি)।

একটি প্রধান চিত্ত বহু নির্মাণচিত্তের বিবিধপ্রকার প্রবৃত্তির নিয়ামক হয়।
যোগী যোগবলে স্বকীয় ভোগের অনুক্ল প্রবৃত্তিবিশেষের নিয়ামক এক চিত্ত
নির্মাণ করিয়া থাকেন, তাহাই নির্মাণচিত্তসমূহের নায়কস্বরূপ হয়। সেইহেতু
(যোগীর)ভোগ এবং ভোগের (পূর্ব্ববর্ত্তী সাধ্যসাধনাদির) অনুসন্ধান সম্ভবপর
হয়।

এইরূপে পূর্ব্বোক্ত জন্ম প্রভৃতি পাঁচটি কারণজ্ঞনিত পাঁচ প্রকারের সিদ্ধৃচিত্ত বর্ণিত হইল। (তুনুধ্যে যে প্রকারের চিত্ত অপবর্গ বা মোক্ষের ভাগী হয়, সেই প্রকার চিত্ত নির্দ্ধারণ করিতেছেন):—

তত্র ধ্যানজমনাশয়ম্ ॥ ৬॥

তত্র ধ্যানজম্ (চিত্তম্) অনাশয়ম্ (ভবতি)।

পূর্ব্বোক্ত পাঁচ প্রকার চিত্তের মধ্যে সমাধিজচিত্ত আশয়হীন।

প্রথম হত্তে জন্ম প্রভৃতি যে পাঁচটি কারণ, উল্লিখিত হইরাছে তন্মধ্যে সমাধিরপ কারণ হইতে যে চিত্ত জন্মে, তাহা 'আশ্রহীন' অর্থাৎ ক্লেশকর্মবিপাকাদি বাসনাশৃষ্ঠ বলিরা মোক্ষের যোগ্য।

যোগীর চিত্তও যেমন অনন্তদাধারণ, তাঁহার কর্মত সেইরূপ :—

কর্মাশুক্লাহ্রফং যোগিন স্তিনিধমিতরেষাম্॥ १॥

যোগিনঃ কর্ম অশুক্লাকৃষ্ণন্, ইতরেষান্ ত্রিবিধন্ (ভবতি)।

যোগীদিগের কার্য্য অশুক্ল-অকৃষ্ণ, অপর সকলের কর্ম ত্রিবিধ।

বাক্য ও মনের দারা নিষ্পান্ত যে সকল কর্ম্মের ফল স্থুথ ভিন্ন অস্ত কিছু নহে,
তাতা শুরুকর্মা। সেইরূপ কর্মা ওপঃস্বাধ্যায়াদিনিরত ব্যক্তিদিগেরই হইয়া

পাকে। ছঃথই যে সকল কর্মের একমাত্র ফল, তাহাদিগকে ক্রঞ্জকর্ম কহে। সেইরূপ কর্ম ছরাত্মগণেরই হইয়া থাকে। বাক্য ও মন ব্যতীত অন্থ অর্থাৎ বিহঃসাধনসাধ্য যে সকল কর্মের ফল স্থত্মগমিশ্রিত, তাহাদিগকে শুক্ররুঞ্চ কর্মা বলে। সেইরূপ কর্মা, যাঁহারা সোম্যাগাদিতে রত, তাঁহাদিগেরই হইয়া থাকে, কেননা সেই সোম্যাগাদি কর্মে ত্রীহি প্রভৃতির বিনাশ করিয়া পিপীলিকাদিকে পরিপীড়িত করিতে হয় এবং দক্ষিণাদান প্রভৃতি কর্ম্ম দারা অপরকে অন্তগ্রহও করিতে হয়, স্থতরাং সেইরূপ কর্মা স্থত্মগাদি মিশ্রফলক। এই তিন প্রকার কর্মা 'ইতরেয়াং'—অপরের অর্থাৎ অযোগীদিগেরই হইয়া থাকে। যোগী কিন্তু সয়্মাসী বলিয়া বাহ্মসাধনসাধ্য কর্ম্ম সকল পরিত্যাগ করিয়াছেন, সেই হেতু তাঁহার কর্ম্ম শুক্রুঞ্চ নহে এবং তিনি ক্ষীণক্রেশ হইয়াছেন বলিয়া তাঁহার কর্ম্ম কর্ম্ব কর্মহে এবং তিনি ক্ষীণক্রেশ হইয়াছেন বলিয়া তাঁহার কর্ম্ম কর্মহে সমর্পণ করায়, তাঁহার শুক্র কর্ম্মও নাই। এই হেতু তাঁহার কর্ম্ম, চিত্তশুদ্ধি ও বিবেকথ্যাতি সম্পাদন করিয়া কেবলমাত্র মোক্ষফল প্রদান করে বলিয়া 'অশুক্রারুঞ্ধ'।

কর্মের কথা বলিতে তৎপ্রসঙ্গে বাসনার অভিব্যক্তির কথা বলিতেছেন :---

তত স্তৎবিপাকান্নগুণানাদ্য এব বাসনানাম্ অভিব্যক্তিং (ভবতি)।

সেই (রুষ্ণ, শুক্ল ও মিশ্র এই ত্রিবিধ) কর্ম হইতে তাহাদের বিপাকানুরূপ বাসনার অভিব্যক্তি হয়।

'ততঃ'—তাহা হইতে অর্থাৎ সেই ত্রিবিধ কর্ম্ম হইতে, মৃত্যুর পরে জাতি, আয়ু ও ভোগরূপ বিপাক প্রদানের নিমিত্ত পূর্বকর্মের অভিব্যক্তি হইলে সেই বিপাকের অত্মরূপ বাসনা সকলেরই অভব্যক্তি হইয়া থাকে; উক্ত বিপাকের বিরুদ্ধ বাসনা সকলের অভিব্যক্তি হয় না, ইহাই ভাবার্থ। যথন দেবত্বপ্রাপ্তি ঘটে, তথন নরকভোগ বাসনা সকল চিত্তে প্রস্থপ্ত হইয়া থাকে, কেননা তাহাদের অভিব্যক্তি হইলে দিব্যভোগের প্রতিবন্ধকতা ঘটে, ইহাই তাৎপর্যা।

(শঙ্কা)। আচ্ছা, স্বর্গলোকে দেবজন্মে, দেবোচিত ভোগ হইতে যে সকল সংস্কার জন্মিল, সেই সকল সংস্কার পরবর্ত্তী কালে মন্থয়, ব্যাঘ্র প্রভৃতি যোনিতে সহস্র জন্মের ব্যবধানের পর আবার দেবজন্ম লাভ ঘটিলে, কি প্রকারে অভিব্যক্ত হয় ? পূর্ব্বদিনের বাসনাসমূহ যেমন পরদিনে আবিভূতি হয়, সেইরূপ অব্যবহিত পূর্ববর্ত্তী জন্মের বাসনাসমূহেরই পরবর্ত্তী জন্মে আবিভূতি হওয়া উচিত, কিন্তু কি হেতু সেইরূপ হয় না ? এই আশক্ষার উত্তরে বলিতেছেন ঃ—

জাতিদেশকাল্ব্যবহিতানামপ্যানন্তর্য্যং স্মৃতি সংস্কার্ত্যোত্রকরূপত্থাৎ ॥ ৯ ॥

জাতিদেশকালব্যবহিতানাম্ অপি আনস্তর্য্যম্ (ভবতি), স্মৃতিসংস্কাররোঃ

একরূপত্বাৎ ।

বাসনাশ্বতি ও বাসনা, অনেক জন্ম, দীর্ঘদেশ ও দীর্ঘকালের দারা ব্যবহিত হুইলেও অন্তরালহীনের মত প্রাহৃত্ত হয়, কেননা বাসনা ও শ্বতি একবিষয়ক বিশিয়া একরূপ, অর্থাৎ সংস্কারের প্রবৃদ্ধভাবই শ্বতি, স্থতরাং উভয়ের মধ্যে অন্তরাল থাকিতে পারে না।

যম্মপি, কেহ নিদ্রা হইতে উঠিলে তাহার অব্যবহিত পূর্ব্বদিনের অমুভব হইতে বে সকল সংস্কার জন্মিয়াছিল, তাহারাই সাধারণতঃ অভিব্যক্ত হয়, কেননা সেই সকল সংস্কার (জন্মান্তর দারা, কিম্বা দীর্ঘকাল দারা, কিম্বা অন্ত দেশ দারা) ব্যবহিত হইয়া পড়ে নাই, তথাপি এই অনাদি সংসারে যে কর্ম্মবশতঃ, যে জন্মে ভোগজনিত সংস্কার সকল সঞ্চিত হয়, সেই সকল সংস্কার, কোটি জন্ম দারা. দেশান্তর দ্বারা বা শতকল্লকাল দ্বারা ব্যবহিত হইলেও, যথন তজ্জাতীয় কর্ম্মবশতঃ সেইরূপ জন্ম, পুন: উপস্থিত হয়, তথন সেই কর্ম দারা অথবা সেই জন্ম দারা অভিব্যক্ত হইয়া অব্যবহিত হয়, অর্থাৎ তাহারা শ্বৃতি দ্বারা ভোগাদির হেতু হয়। বিজ্ঞাতীয় কর্ম্ম ফল দিতে আরম্ভ করিলে পর, পূর্বজন্মের সংস্কার সকল, অভিব্যঞ্জক নিমিত্তের অভাবে প্রস্থপ্ত থাকে, আর তাহাদের অভিব্যঞ্জক কর্ম্ম ও জন্ম আছে বলিয়া, তাহারা ব্যবহিত হইলেও তাহাদের কর্ম্ম ও জন্মদারা অভিব্যক্তি সম্ভবপর ছয়। আর এ কথা বলিতে পারনাযে, সেই জন্ম ও কর্মা বিজাতীয় হইলেও তাহারা অব্যবহিত বলিয়া তাহাদের সেই অব্যবহিত পূর্ববর্ত্তী বাসনা সকল,তহুভয়ের শারা (অর্থাৎ বর্ত্তমান জন্ম ও কর্ম্ম দারা স্মৃত্যাদির (উৎপত্তির) নিমিত্ত অভিব্যক্ত হইতে ত' পারে; (এরপ বলিতে পার না) কেননা স্মৃতি ও সংস্কার একরপই হইরা থাকে। অভিপ্রায় এই—হর ক্রিয়া, না হয় জ্ঞান, না হয় অন্ত কিছু-আদক্তি প্রভৃতি যথন শক্তিরূপে অবস্থিত থাকে, তথন তাহাদিগকে সংস্কার বলে। সেই সংস্কার তুল্যবিষয়ক ক্রিয়াশ্বতি প্রভৃতির হেতু হয়। তাহার অর্থ এই—ক্রিয়ার সংস্কার ক্রিয়ার আকারে, জ্ঞানসংস্কার শ্বৃতির আকারে, অন্ধ্য সংস্কার অন্থ আকারে পরিণাম প্রাপ্ত হয়। এইরূপে শ্বৃতি ও সংস্কারের মধ্যে ভেদ না থাকাতে এবং তাহারা এক বিষয়ক হওয়াতে, তাহাদের একরূপতা হেতু, তাহাদের আনন্তর্য্য বা কার্য্যকারণ ভাব হয়। বিজাতীয়ের মধ্যে সেইরূপ কার্য্যকারণ ভাব হইতে পারে না। ব্যব্ধানদারা, সংস্কারের, আপনা হইতে ভিন্নরূপ কার্য্যের উৎপাদকতা আসিতে পারে না; কেননা তাহা হইলে ত' ঘট অমুভব করিলে, সেই অমুভব জনিত সংস্কারের অব্যবহিত পরেই যে বন্ধ অমুভব করা হয় নাই তাহার শ্বৃতি হইতে পারে।

চার্স্বাক (এবং তন্মতাবলম্বিগণ) বলিয়া থাকেন, জন্মান্তরের অর্জিত বাসনা সকল কথনই থাকে না। তাঁহাকে (বা তন্মাতাবলম্বিগণকে) লক্ষ্য করিয়া বলিতেছেন:—

তাসামনাদিত্বং চাশিযো নিত্যত্বাৎ ॥ ১০॥

তাসান্ অনাদিখং চ (যথা আনন্তর্যাং) আশিষিং নিত্যখাৎ ৷ 🣑

বাসনাসমূহের (যেমন কার্য্যকারণভাব,) সেইরূপ অনাদিত্বও আছে, কেননা "আশীঃ" "আমি যেন চিরদিনই থাকি" এইরূপ আকাজ্ঞা নিত্য অব্যভিচারিভাবে সকল প্রাণিস্থলন্ত।

'তাসান্'—সেই সকল বাসনার যে কেবল আনস্তর্য্য বা কার্য্যকারণ সম্বন্ধ, তাহাই নহে, তাহাদের 'অনাদিছং চ' অনাদিতাও আছে, অর্থাৎ তাহারা অনাদিও বটে। 'আশিষঃ নিত্যছাৎ,' 'আমি যেন চিরদিনই থাকি' এইরপ আকাজ্জা বা মরণত্রাস অব্যভিচারিভাবে সর্বজনে অর্থাৎ সকল জন্ততেই বিভ্যমান। এন্থলে গৃঢ় অভিপ্রায় এই—জন্মিবামাত্রই জীবে কম্পনাদি দৃষ্ট হয়; তাহা দেখিয়া মৃত্যুভয়ের অমুমান করা যায়; তাহা অব্যভিচারিভাবে হেয়্যবস্তুর ও ছঃথের অমুম্বতি স্বচনা করিয়া দেয়। সেই দেয়্যছঃথম্মতি আবার বাসনার স্বচনা করে; তাহা আবার মরণজনিত ছঃথামুভবের স্বচনা করে। সেই মরণজনিত ছঃথামুভবে আবার বর্ত্তমানজন্মে ঘটিতে পারে না বলিয়া, তাহা জন্মান্তর স্বচনা করিয়া থাকে। এইরূপে সেই সকল বাসনার অনাদিত্ব সিদ্ধ হয়।

(শঙ্কা)। ভাল, দেহ যথন আত্মা নহে তথন জন্মমরণভয় কাহার ? (অভয়ত্বাৎ) আত্মাত অনাদিও অনন্ত। এবং সেইহেতু ভয়শূন্য।

(সমাধান)। উত্তরে বলি সেই জন্মমরণভয় চিত্তের; চিত্তই অনাদি সংস্কার দ্বারা ব্যাপ্ত এবং অহঙ্কার (যাহা গ্রগণমণ্ডলের ফায় ত্রৈলোক্যব্যাপী তাহা) হইতে উৎপন্ন বলিয়া, ইহা বিভূ; বিভূ হইলেও, যে যে দেহের সহিত ইহার সম্বন্ধ হয়, সেই সেই দেহের পরিমাণ অন্তুসারে, (য়থাক্রমে ঘট মধ্যে ও প্রাসাদমধ্যে স্থাপিত প্রদীপের স্থায়) সঙ্কোচ বিকাশশীল বৃত্তি লাভ করে; তাহাই জয়, আর সেইরূপ মৃত্তির উপরম বা অনুদ্ভবই মরণ (অর্থাৎ একদেহ পরিত্যাগ করিয়া দেহান্তর প্রাপ্তিরূপ অন্তর্রাবস্থায় (মধ্যাবস্থায়) চিত্তের আতিবাহিক শরীরাকার ধরিয়া অবস্থান) এবং সেই সময়ে ছাথ ইত্যাদিরূপ সকল সংসার বা জদ্মমরণপরম্পরাধ্যাপ্তি এইরূপে সঙ্কত হয় এবং ঘটিয়া থাকে।

(শঙ্কা)। ভাল ; বাসনা সকল অনাদি, স্থতরাং কি প্রকারে তাহাদের উচ্ছেদ হুইতে পারে ? তদ্বিয়ের বলিতেছেন :—

হেভুফলাশ্রয়ালম্বটনঃ সংগৃহীভত্বাদেষামভাবে ভদভাবঃ ॥ ১১ ॥

(বাসনানাম্) হেতুফলাশ্রয়ালম্বনৈঃ সংগৃহীতত্বাৎ এবাম্ অভাবে তদভাবঃ (ভবতি)। বাসনা সকল হেতু, ফল, আশ্রয় ও আলম্বন দ্বারা সংগৃহীত হয় বলিয়া ইহাদিগের অভাব হইলে, সেই বাসনারও অভাব হয়।

এই সকল বাসনা পুরুষের স্থায় অনাদি নহে, কিন্তু তাহারা কার্য্যমাত্র। এইরূপে তাহারা প্রবাহাকারে অনাদি; এই হেতু তাহাদের কারণের উচ্ছেদ হইলে তাহাদের (অর্থাৎ বাসনা সমূহের) উচ্ছেদ সম্ভব। দেখ, অবিছা পূর্ব্ব পূর্ব্ব ভ্রমের সংস্কার মাত্র। সেই অবিছা 'আমি' এইরূপ অন্মিতার হেতু। সেই অন্মিত। আবার 'আমি মনুয়,' 'ইহা আমার অনিষ্ট' এইরূপ ত্রমের কারণ। সেই ত্রম আবার, রাগদ্বেষের কারণ। সেই রাগদ্বেষ আবার পরের প্রতি নিগ্রহ অমুগ্রহ প্রভৃতি দারা ধর্ম ও অধর্মের কারণ হয়। সেই ধর্মাধর্ম আবার **ভো**গের কারণ হয়। সেই ভোগ আবার বাসনার কারণ হয়। সেই বাসনা আবার ভ্রমাদির কারণ হয়; এইরূপে অনাদি সংসারচক্র নিরন্তর আবর্ত্তন করিতে থাকো সেই সংসারচক্রে বাসনা সকলের হেতু হইতেছে ক্লেশ ও কর্ম্ম, ফল হইতেছে দেহ, আয়ু এবং ভোগ। আশ্রর হইতেছে চিত্ত; এবং আলম্বন হইতেছে শবাদি বিষয়। এই হেতু, ফল, আশ্রয় ও আলম্বন দারা (ক্লেশ, কর্ম্ম, দেহ, আয়ু ভোগ, চিন্ত, বিষয় দারা) বাদনা দকল সংগৃহীত অর্থাৎ দঞ্চিত হইয়া থাকে বলিয়া, ক্রিয়াযোগ যে যোগের অঙ্গ সেই যোগের অর্থাৎ ক্রিয়াযোগ সহিত অষ্টাঙ্গ যোগের অন্তর্চান দ্বারা যে "অবিপ্লবা বিবেকখ্যাতি" (২।২৬) জন্মে, তন্থারাই তাহাদের (হেতৃ প্রভৃতির) উচ্ছেদ হইলে, কারণের অভাবে বাসনারও উচ্ছেদ হয়, ইহাই ভাবার্থ।

ভাল,আপনারা সৎকার্য্যবাদী; আপনাদের মতে সংস্কারসকল সং। তাহা হইলে কি প্রকারে তাহাদের অভাব ঘটিতে পারে ? এই প্রশ্নের উত্তরে বলিতেছেন :—

অতীতানাগতং স্বরূপতোইস্ক্যপ্রভেদাদ্ধর্মাণাম্ ॥ ১২ ॥ অতীতানাগতং স্বরূপতঃ অস্তি, ধর্মাণান্ অধ্বভেদাৎ।

অতীত বস্তু ও অনাগত বস্তু স্বরূপতঃ আছে; কেননা ধর্ম সকলের অধ্বভেদ অর্থাৎ কালভেদ বশতঃই এইরূপ অতীত-অনাগতরূপে ব্যবহার হয়।

অসৎ বস্তুর উৎপত্তি নাই এবং সৎবস্তুর বিনাশ নাই। কারণ শ্রীমন্তগবদগীতারূপ শ্রুতি বলিতেছেন—

"নাসতো বিভাতে ভাতেবা নাভাতেবা বিভাতে সতঃ। (গীতা ২।১৬)। অসং বস্তুর অন্তিম্ব নাই এবং সংবস্তুর অভাব (বিলোপ) নাই।

"বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন। ভবিষ্যাণি চ ভূতানি" (গীতা ৭।২৬)। হে অর্জুন, আমি যে সকল ভূত একেবারে অতীত হইয়া গিয়াছে, যাহারা বর্ত্তমান রহিয়াছে, এবং যাহারা ভবিষ্যতে আমিবে তাহাদের সকলকেই জানিতেছি।

এই বাক্য দারা অতীত ও অনাগত বস্তু, বর্ত্তমান বস্তুর স্থায় প্রত্যক্ষামূভবযোগ্য এই কথাই ভগবান্ বলিলেন। যে বস্তু অসৎ তাহার প্রত্যক্ষামূভব কি প্রকারে সম্ভব হইতে পারে ? সেইহেতু অতীত ও অনাগত ধর্ম্মসমূহ ধর্মিবস্ততে শক্তিরূপে বিভ্যমানই রহিয়াছে; এবং বিভ্যমান রহিয়াছে বলিয়াই যোগিগণ (অতীত, অনাগত ও বর্ত্তমান) এই তিন প্রকার পরিণামে সংযমাদি দারা সেই ধর্ম্মসমূহকে সাক্ষাৎ করিয়া থাকেন, এবং কুস্তুকার প্রভৃতিও নিজ নিজ বৃদ্ধিতে আলিখিত বা প্রতিফলিত করিয়া (কার্য্যসমূহকে অভিব্যক্ত) করে। অতীত ও অনাগত ধর্মসমূহ এক স্থির ধর্মিবস্তর সহিত অন্থর্মকুক বা সম্বন্ধ থাকিলেই এইরূপ সম্ভব হয় বলিয়া, একটি স্থির ধর্মিবস্তু এইপ্রকারে স্থিতি হইয়াছে।

শঙ্কা—ভাশ, তাহা হইলে বাসনাদি (সংস্কারাদি) বন্ধন্তনক বস্তু যথন সৎ অর্থাৎ থাকিয়াই যাইবে, তথন (বন্ধনাশক বলিয়া পরিচিত) তত্ত্বজ্ঞান ত' নিম্বল হইয়া পড়ে।

সমাধান—এরূপ আশঙ্কা উঠিতে পারে না। কেননা ধর্ম্মসকল অতীতাধ্বা, বর্ত্তমানাধ্বা ও অনাগতাধ্বা এই তিন প্রকার; তাহারা বর্ত্তমানাধ্বা হইলেই, ত্বংখাদিসংস্কার দারা বিচিত্র চিত্ত, ব্যাপাররত ও অসংখ্যেয়রূপে পরিণামি হইয়া ভোগ্যাবস্থা প্রাপ্ত হয়। তথনই সেই চিত্তকে বন্ধ অর্থাৎ বন্ধের কারণ বলে। তত্বজ্ঞান হইলে, সেই চিত্ত নির্ধিকার অর্থাৎ নির্ব্যাপার হইয়া অতীতাধ্বায় প্রবিষ্ট (স্থাপিত) হয়; তথন সেই চিত্ত প্রকৃতিলীন হইয়া যায়; প্রকৃতিস্বরূপে সৎ হইলেও (সেই চিত্ত) আর ফিরিয়া আইসে না; কেননা তাহার পুনরুখানের বীজ যে পুরুষার্থবিষয়ক কর্ত্তব্য (করিতে অবশিষ্ট ভোগাপবর্ণসম্পাদন), তাহা পরিসমাপ্ত হইয়া গিয়াছে; ইহাই ভাবার্থ।

আছো এই যে বলা হইল, অতীত ও অনাগত বস্তু স্বরূপতঃ রহিয়াছে, ভাহাতে জিজ্ঞান্ত এই, সেই স্বরূপ কি প্রকার ? এই হেতু বলিতেছেন—

তে ব্যক্তসূক্ষা গুণাত্মানঃ ॥ ১৩ ॥

তে (ধর্মাঃ) ব্যক্তস্ক্রাঃ, (পরমার্থতঃ) গুণাত্মানঃ (ভবস্তি)।

সেই ধর্ম সকল (বর্ত্তমানাধ্বায়) ব্যক্ত, এবং (অতীতানাগতাধ্বায়) হক্ষ কিছ (পরমার্থতঃ) ত্রিগুণস্বরূপ (সম্বরজন্তমোগুণাত্মক)।

"ব্যক্ত" শব্দের অর্থ বর্ত্তমান অধ্বায় বিগুমান, স্ক্র শব্দের অর্থ অতীত ও অনাগত অধবা প্রাপ্ত। ''তে' অর্থাৎ সেই মহৎ হইতে আরম্ভ করিয়া ঘটাদি বিশেষ ভাবাপন্ন ধর্ম সকল, "গুণাত্মানঃ"—সত্ত্বরজন্তমঃস্বরূপ। সকল পদার্থ ই স্থথহঃখমোহাত্মক গুণান্বিত বলিয়া, উক্ত গুণত্রয়ই তাহাদের প্রকৃতি; স্কৃতরাং উক্ত পদার্থ সকল গুণত্রয়স্বরূপ, যেমন ঘটাদি পদার্থ মৃত্তিকার সহিত অন্থিত বলিয়া মৃৎস্বরূপ। প্রকৃতি ও বিকৃতি এতহভ্রের মধ্যে ভেদাভেদরূপ তাদাত্ম্য সম্বন্ধ রহিয়াছে বলিয়া (প্রকৃতিরূপ গুণসমূহ ও বিকৃতিরূপ মহৎ হইতে আরম্ভ করিয়া ঘটাদি বস্তু সকল, এই উভ্রের মধ্যে) গুণসমূহ পরিণামি-নিত্য (অর্থাৎ কৃটস্থ নিত্য নহে।) অপর সকল পদার্থ প্রতিক্ষণপরিণামশীল ও ক্ষণবিধ্বংসী। পুরুষ কিন্তু কৃটস্থ। এই কথাই ব্যাসভ্যায়ে এইরূপে কথিত হইয়াছে।

গুণানাং পরমং রূপং ন দৃষ্টিপথমূচ্ছতি। যন্ত্র দৃষ্টিপথং প্রাপ্তং তন্মাইয়ব স্বভুচ্ছকম্॥

[বার্ষগণ্যাচার্য্য প্রণীত "ষষ্টিতন্ত্র" (ষষ্টিপদার্থপ্রতিপাদক সাংখ্য**শাস্ত্র** বিশেষ)।

গুণত্রমের পরম অর্থাৎ বিশুদ্ধ রূপ জ্ঞানের গোচরীভূত হয় না। যাহা জ্ঞানের গোচরীভূত হয়, তাহা মায়াই; তাহা অতিশয় তুচ্ছ। "মায়ৈব স্তৃত্ত্ক্কং"—
স্থাৎ ঐক্তলালিক বস্তুর ক্রায় ক্ষণবিধ্বংসী।

শকা—ভাগ, যদি সত্ত্ব, প্রক্ষঃ ও তমঃ এই তিনটি গুণ পরিশামী হইল, তাহা হইলে তিনটি পরিণামের প্রত্যেকটির (পৃথক্ হওয়া উচিত), এক হওয়া উচিত নহে; দেখুন মৃত্তিকা, হতা, এবং হগ্ধ এই তিনটির ত' একই প্রকার পরিণাম দেখা যায় না। (কেননা ঘট, বস্ত্র ও দধি এই তিনটি পরিণাম, ভিন্ন ভিন্ন পদার্থ রূপেই দৃষ্ট হয়)।

এই শঙ্কার সমাধান করিবার জন্ম বলিতেছেন—
পরিণাটমকস্থাদ্পস্ততন্ত্রম্ ॥ ১৪ ॥
(গুণাণাম) পরিণামৈকত্বাৎ (একম্) বস্ততন্ত্রম ।

গুণত্ররের পরিণামের একত্বশতঃ অর্থাৎ তিনটি গুণ এক্যোগে পরিণাম প্রাপ্ত হয় বলিয়া, (গুণত্রয় নির্মিত) প্রত্যেক বস্তুর স্বরূপ একটি বলিয়াই প্রতীত হয় (অর্থাৎ রূপরসাদি একবার শক্তিরূপে অর্থাৎ তমোগুণাত্মকরূপে, একবার ক্রিয়ারূপে অর্থাৎ রজোগুণাত্মকরূপে ও বারাস্তরে প্রকাশরূপে অর্থাৎ সহগুণাত্মক-রূপে প্রভীত হয় না)।

অনেক বস্তুর একরূপ পরিণামও দেখা যায়। যেমন লবণের খনিতে নিক্ষিপ্ত গজ, অশ্ব প্রভৃতি সকলেরই একই লবণরূপ পরিণাম দৃষ্ট হয়। বর্তি, তৈল, অগ্নির একই দীপরূপ প্রিণান দৃষ্ট হইয়া থাকে। মৃত্তিকা, স্থতা ও ছুগ্নের মধ্যে অঙ্গান্ধিভাব না থাকাতে তাহাদের পরিণামের একতা দেখা যায় না, (ভিন্নতাই দেখা যায়)। কিন্তু গুণত্ররের যে পরিণাম তাহা অঙ্গাঙ্গিভাবে একই বলিয়া মহৎ প্রভৃতি বস্তুর স্বরূপ এক একটি হংয়াই সঙ্গত। তন্মধ্যে সত্তপ্তণ যথন অস্থী হয়, তথন গুণতায় হইতে একই বস্তু 'মহং' উৎপন্ন হয় ; সেই একই গুণতায় রজ্ঞপ্রধান হইলে, তাহা হইতে 'মহম্বারের' উৎপত্তি এবং তমঃপ্রধান হইলে (সেই গুণত্রয় হইতে) 'পঞ্চন্মাত্রে'র উৎপত্তি হয়। তাহাদের প্রত্যেকটিই একস্থবিশিষ্ট। অহস্কার সাত্ত্বিক হইলে, তাহা হইতে জ্ঞানেক্সিয়সমূহ, রাজসিক হইলে, তাহা হইতে কর্ম্মেক্সিয়সমূহ, এবং উভয়াত্মক হইলে, তাহা হইতে মনের উৎপত্তি হয়। এইরূপে শক্তনাত্র যথন অঙ্গী হয়, তথন পঞ্চনাত্রের আকাশন্ত্রপ একই পরিণাম হয়। এইরূপে স্পর্শতনাত্র, রূপতন্মাত্র, রূসতন্মাত্ত ও গন্ধতন্মাত্রের এক একটি অঙ্গী হইলে যথাক্রমে বায়ু, অগ্নি, জল ও ক্ষিতির এক একটি উৎপন্ন হয়। একই বস্ত হইতে যে বছ পরিণাম হয়, তাহা বছপরিণামসংস্কাররূপ শক্তির বিচিত্রতাবশতঃই হইয়া থাকে। অধিক বিস্কৃত ব্যাখ্যার প্রয়োজন নাই।

শঙ্কা—আচ্ছা, চিন্ত ত' ক্ষণিক বিজ্ঞানস্বরূপ; সেই চিন্ত ব্যতীত অন্থ বন্ত । বাহাকে প্রমের বন্ত বলা হয়, তাহা বিজ্ঞান হইতে অভিন্ন। তাহার দৃষ্টাস্ত বিজ্ঞান। (বিজ্ঞানও একটি প্রমের বন্ত, তাহা বিজ্ঞান হইতে ভিন্ন নহে।) আর ঘটাদি বন্তও প্রমের। অতএব একত্ব, নানাত্ব লইয়া চিন্তা বা বাদাহবাদ কিসের জন্ম ? কেননা চিন্ত, অনাদি অব্যবহিত পূর্ববর্ত্তী প্রত্যয়স্বরূপ সংস্কার দারা বিচিত্র; সেই জন্ম উক্ত চিন্ত দ্বৈব্য ও গুণরূপে প্রতিভাত হয়। এইরূপ মতাবলম্বী ক্ষণিকবিজ্ঞানবাদী বৌদ্ধের প্রতি বলিতেছেন—

বস্তুসাম্যে হাদি চিত্তভেদাত্তরোর্বিভক্তঃ পাস্থাঃ ॥ ১৫ ॥ বস্তুসাম্যে হাদি চিত্তভেদাৎ তয়োঃ পদ্মাঃ বিভক্তঃ (ভবতি)।

বস্তুসাম্য থাকিলেও অর্থাৎ বস্তু এক হইলেও, চিত্তবৃত্তি ভিন্ন ভিন্ন বলিয়া, তচ্বভয়ের অর্থাৎ চিত্ত ও বস্তুর পথ বিভক্ত অর্থাৎ তহুভয় স্বতন্ত্র বা পৃথক্।

"তরো:''—তহভমের অর্থাৎ চিত্ত ও বস্তুর, "বিভক্তঃ পন্থাঃ''—ভিন্ন পথ। ইহার দারা ইহাই বুমান হইল যে চিত্ত ও বস্তুর মধ্যে বিজ্ঞান ও বিষয়রূপে ভেদ রহিয়াছে; তহুভয় এক নহে। যদি বল কেন ? তহুত্তরে বলি "বস্তুসাম্যে অপি"—বস্তু এক হইলেও; যেমন কোনও একটি নারীশরীর একটি মাত্র বস্তু হইলেও, "চিন্ত ভেদাৎ"—চিন্ত ভিন্ন ভিন্ন বলিয়া, নারীশরীর একটি মাত্র হইলেও তাহা পতির স্থথ বিজ্ঞানের অর্থাৎ স্থানুভবের কারণ হয়; তাহা না পাইলে কামুকের মোহ ও বিষাদ উপস্থিত হয় অর্থাৎ সেই একই শরীর মোহ ও বিষাদ বিজ্ঞানের কারণ হয়। নিষ্কাম ব্যক্তির সেই নারীশরীরে উপেক্ষা-বিজ্ঞান জন্ম। ভূমি যে বস্তু দেখিয়াছ, সেই বস্তুই আমি দেখিয়াছি, এইরূপে সকলের বিসম্বাদ-শৃন্থ প্রত্যভিজ্ঞান (পূর্ববজাত বস্তর পুনর্ববার জ্ঞান) হওয়াতে, ইহাই নিশ্চয় ছইতেছে যে, বস্তু এক, কিন্তু বিজ্ঞান অনেক। এইরূপে উভয়ের মধ্যে ভেদ সিদ্ধ হয়। যাহা এক (একত্বপ্রতীতির বিষয়) তাহা (অনুমানে "পক্ষ''), যাহা অনেক (অনেকত্বপ্রতীতির বিষয়) তাহা হইতে ভিন্ন (অমুমানে "সাধ্য"); যেমন (এক) নীলবিজ্ঞান অনেক পীতবিজ্ঞান হইতে ভিন্ন (অমুমানে "দৃষ্টান্ত")। আর (যেমন উপরে প্রতিপাদিত হইল) বস্তু এক ; এই হেতু তাহা, দেই বস্তু বিষয়ক অনেক বিজ্ঞান হইতে ভিন্ন। আর একথা বলিতে পার না যে, প্রমেয় বস্ত প্রমা হইতে আভিন্ন অর্থাৎ তত্তভয় একই ; কেননা তাহা হইলে বিষয়বিষয়িত্বভাব থাকেনা। (অর্থাৎ প্রমেয় বিষয় এবং প্রমা বিষয়ী এইরূপ বিষয়বিষয়িরূপে অনুভব সম্ভবপর হয় না।) আর কোন একটি বাহা বস্তু না থাকিলে, নীল পীতাদি আকারের (নানা) বিজ্ঞান হওয়া উচিত নহে। আর একথা বলিতে পারনা যে (ভিন্ন চিত্তগত) প্রমেয়রপ বাসনাই তাহার (নানা বিজ্ঞানের) কারণ; কেননা (তোমার মতে) বাসনা, হইয়াই বিনষ্ট হইয়া যায়, স্কৃতরাং তাহা হেতু হইতে পারে না। আর পক্ষাস্তরে একথাও বলিতে পার না "আপনার একই রূপের বস্তু হইতে কি প্রকারে চিত্তের বিচিত্রতা অর্থাৎ বিজ্ঞানের নানাত্ব ঘটে?" কেননা বস্তুমাত্রেই ত্রিগুণাত্মক; আর ধর্মা, অধর্মা ও অবিভাকে নিমিত্ত করিয়া বস্তুর স্বরূপগত সত্ত্ব, রক্ষঃ ও তমোগুণ উদ্রিক্ত হইয়া আপেক্ষিক প্রাধান্ত লাভ করিয়া, স্কুথবিজ্ঞান, হঃথবিজ্ঞান ও মোহ বিজ্ঞানের হেতু হইয়া থাকে; আর তত্ত্বজ্ঞানকে নিমিত্ত করিয়া গুণত্রয় সাম্যভাব অবলম্বন করিলে, তাহারা (গুণত্রয়) উপেক্ষার বা উপেক্ষারূপ বিজ্ঞানের হেতু হইয়া থাকে, এইরূপ নির্দ্ধারণ মৃক্তিসিদ্ধ বিলিয়া সেই কারণেও বিজ্ঞান হইতে অতিরিক্ত বস্তু বিভ্যমান আছে।

আঁর কেহ কেহ এইরপ বলেন—বিজ্ঞান হইতে ভিন্ন বস্তু বিশ্বমান থাকে, থাকুক, কিন্তু সেই বস্তু জড় অর্থাৎ অচেতন বলিয়া বিজ্ঞানগ্রাহ্য অর্থাৎ তাহার অন্তিত্ব বিজ্ঞানগাপেক্ষ; তাহা প্রাতিভাসিক, তাহা অজ্ঞাত নহে (অর্থাৎ তাহাও বিজ্ঞানগ্রাহ্য বিজ্ঞান)। তাহা হইলে সেই বস্তু সম্বন্ধে বলিতে হইবে—কোথা হইতে তাহার উৎপত্তি হয়। যদি বলা যায় (সেই বস্তুর উৎপত্তি) গ্রাহক বিজ্ঞানরপ চিত্ত হইতে, তাহা হইলে জিজ্ঞাসা করি—ঘট এই একটি বস্তু কি চৈত্রের অর্থাৎ কোন এক ব্যক্তির বিশেষের, চিত্তের কার্য্য অর্থাৎ সেই এক ব্যক্তির চিত্তের ইতে উৎপন্ন, অথবা তাহা চৈত্র, মৈত্র প্রভৃতি অনেক ব্যক্তির চিত্তের কার্য্য ? প্রথমটি হইতে পারেনা অর্থাৎ তাহা (ঘটরূপ একটি কার্য্য) ব্যক্তিবিশেষের চিত্তের কার্য্য হইতে পারেনা । কেননা—

ন চৈকচিত্তভন্তং বস্তু তদপ্রমাণকং তদা কিংস্থাৎ ॥ ১৬॥
ন চ একচিত্তভন্তং বস্তু, (যদা) তং অপ্রমাণকম্ (স্থাং), তদা কিম্ স্থাং ?
বস্তু একচিত্তাধীন অর্থাং এক জ্ঞানাধীন নহে। কেননা যথন সেই চিত্ত সেই
বস্তু বিষয়ে প্রমাণ না হয় অর্থাং যথন সেইবস্তু সেই চিত্ত দারা প্রমিত না হয়,
তথন তাহা কি হইবে ?

যদি ঘটরূপ বস্তু একটিমাত্র চিন্তের কার্য্য হয়, তাহা হইলে সেই চিন্ত, পট প্রভৃতি বস্তুতে ব্যগ্র বা তন্নিবিষ্ট হইলে, সেই বস্তুটি অপ্রামাণিক হইয়া—চিন্তুরূপ প্রমাণকে হারাইয়া, কি বিলুপ্ত হইবে ? ইহাই স্থ্রোর্থ। আর একথা বলিতে পার না "আপনার এ আপত্তি অনভিমত নহে (অর্থাৎ বস্তুটি বিলুপ্তই হইয়া বাইবে), কেননা আবার যথন সেই বস্তুটির দর্শন হয়, তথন সেই ঘটটি এই—এইরপ প্রত্যভিজ্ঞানের (পূর্বজ্ঞাত বস্তুর পুনর্ব্বার জ্ঞানের) কোনও বাধা হয় না। আর, এক চিত্ত (অর্থাৎ ঘট যাহার গোচর হইয়াছিল সেই চিত্ত) দ্রব্যাস্তরে ব্যপ্র (নিবিষ্ট) থাকিলেও, অন্থ চিত্ত তাহাকে দর্শন করে। সেই হেতু বস্তু একচিন্তাধীন নহে, তাহা অনেক চিত্তাধীনও নহে (অর্থাৎ অনেক গ্রাহকবিজ্ঞানরূপ চিত্ত হইতে উৎপন্ন প্রাতিভাসিকও নহে, কেননা প্রাতিভাসিক বস্তু স্বপ্নের হ্রায় এক চিত্তাধীন (অর্থাৎ আমার স্বপ্ন যেমন আমারই প্রতীতির বিষয়, সেইরূপ প্রাতিভাসিক বস্তু ব্যক্তিবিশেষের প্রতীতির বিষয়) এইরূপ নিয়ম রহিয়ছে। (তাহা হইলে) যে ঘটটি পূর্ব্বে একটি চিত্ত কর্তু ক দৃষ্ট হইয়াছিল, তাহা পরে অনেক চিত্তের সহিত সম্বন্ধ বা সম্বন্ধ্বক্ত হইলে, পূর্ব্ব দৃষ্ট ঘট হইতে ভিন্ন অন্থ ঘটের উৎপত্তি হইয়াছে বিলিয়া মানিতে হয়, কেননা এই ঘটের সামগ্রীর বিলক্ষণতা ঘটতেছে, (অর্থাৎ ইহাকে অনেক চিত্তের অনেক বিজ্ঞাননির্দ্ধিত বিলিয়া মানিতে হয়) ।*

আচ্ছা, তুমি কি বলিতে চাও যে, যথন তুমি নিজের উদ্র দেখিতেছ তথন তোমার পৃষ্ঠদেশ নাই ? কিন্ধা যথন পৃষ্ঠের দিকে মুখ ফিরাও, তথন তোমার উদর নাই ? এই হেতু, বস্তু প্রাতিভাসিক নহে, কিন্তু চিত্ত হইতে ভিন্ন স্বতন্ত্র, ইহা সিদ্ধ হইল।

(শঙ্কা)—ভাল; তাহা হইলে, আপনার সিদ্ধান্তে চিত্তকে যে বিভূ পদার্থ বিলিয়া মানা হয়, সেই হেতু তাহার সহিত সকল বস্তুরই সম্বন্ধ থাকাতে, সেই চিত্তের ত' সকল বস্তুই সর্বাদা দায় হইয়া পড়ে। এই আশঙ্কার উত্তরে বলিতেছেন:—

ভছপরাগাপেক্ষত্বাচ্চিত্তস্ম বস্তু জ্ঞাভাজাভম্ ॥ ১৭ ॥

তহপরাগাপেক্ষত্বাৎ চিত্তস্ত বস্তু জ্ঞাতাজ্ঞাতম্ (ভবতি)।

(চিন্ত), ব^{ন্তু}র উপরাগের অপেকা করে বলিয়া চিন্তের পক্ষে বস্তু ত জ্ঞাত ও অজ্ঞাত হয়।

^{*} অর্থাৎ প্রাতিভাদিক বস্তু স্থাদৃষ্ট বস্তুর স্থায় একচিত্রাধীন ; এক ব্যক্তির স্থাদৃষ্ট বস্তু অপর ব্যক্তির স্থাদৃষ্ট বস্তু হইতে ভিন্ন বলিরা, একের স্থাদৃষ্ট বস্তু যে যে উপাদানে নির্মিত, অপরের স্থাদৃষ্ট বস্তু তাহা হইতে ভিন্ন উপাদানে নির্মিত হইবে, স্নতরাং বস্তুকে প্রাতিভাদিক বলিরা মানিলে, একচিত্ত্বকর্ত্বক দৃষ্ট ঘট যথন অনেক চিত্তর কর্ত্বক দৃষ্ট হয়, তথন সেই ঘটের উপাদানও ভিন্ন ভিন্ন হইয়া পড়ে এবং অনেক চিত্তের অনেক বিজ্ঞান সেই একই ঘটকে ভিন্ন ভিন্ন বহু ঘটকেপে নির্মিত করিবে, ইহাই মানিতে হয় ।

যত্তপি চিন্ত ও ইন্দ্রিমদকল আহঙ্কারিক (অহঙ্কার হইতে উৎপন্ন) বলিয়া বিভূপদার্থ, তথাপি তাহারা অহঙ্কারে স্বপ্ত থাকা কালে, তাহাদের বিষয়ের সহিত সন্থার হয় না; স্মতরাং তাহারা বিষয়ের ফ্রির (প্রকাশের) প্রতি কারণ হইতে পারে না; কিন্তু দেই চিন্তু ও ইন্দ্রিমদকল যথন কর্ম্ম্বারা (ধর্ম্মাধর্ম্বন্তঃ) অভিব্যক্ত হয়া দেহে অবস্থিত হয়, (তথন তাহারা বিষয়ফ্রির কারণ হয়)। তাহা হইলে ইন্দ্রিয় দ্বারা যে বস্তুর চিন্তে উপরাগ (ইন্দ্রিয় দ্বারা চিত্তে যে বস্তুর আকার অন্ধিত) হয়, সেই বস্তু বিষয়ে, চিন্তু আপনাতে অবস্থিত চিৎ্প্রতিবিশ্বরূপ ফ্রির বা প্রকাশ ধারণ করে। সেই বস্তুকেই পুরুষ বুদ্ধিতে প্রতিকলিত আপনার প্রতিবিশ্ব দ্বারা, সেই বস্তুর আকারে আকারিত বৃদ্ধির্ত্তি দ্বারা জ্ঞাত হয় বা প্রকাশ করে, অন্ধ্র বস্তুকে নহে; (অন্ধ্র বস্তুকে প্রকাশ করে না বা জ্ঞানে না)। এইরূপে বস্তুর জ্ঞাত ও অজ্ঞাত হয় । অতএব চিন্ত সেই বস্তুর উপরাগসাপেক্ষ হইয়া কথনও সেই বস্তুকে জানিতে পারে, কথনও পারে না । এইরূপে চিন্তু জ্ঞাতাজ্ঞাত বিষয়য়্লসারে পরিণাম প্রাপ্ত হয়; ইহাই তাৎপর্যয়। ১৭।

শঙ্কা-তাহা হইলে আত্মা ত' পরিণামী।

এই আশঙ্কার উত্তরে বলিতেছেন:—

সদা জ্ঞাতাশ্চিত্তবৃত্তরস্তৎপ্রতভাঃ পুরুষস্যা-পরিণামিত্বাৎ ॥ ১৮ ॥

চিত্তবৃত্তরঃ পুর্লভোঃ সদা জ্ঞাতাঃ (ভবন্তি), পুরুষশু অপরিণামিত্বাৎ।

চিত্তবৃত্তিসকল প্রভুর অর্থাৎ পুরুষরূপ দ্রষ্টার সর্ব্বদাই জ্ঞাত হইয়া থাকে,

থেহেতু পুরুষ অপরিণামী।

ক্ষিপ্ত, মৃচ প্রভৃতি সকল প্রকার বৃত্তির সহিত চিত্ত, পুরুষের বিষয় (জ্ঞেয়) হইয়া থাকে। চিত্ত বেমন শব্দাদিরূপ আপনার বিষয় বিভূমান থাকিলেই তাহাকে জানিতে পারে, পুরুষ যদি সেই আপনার চিত্তরূপ বিষয় বিভূমান থাকিতে তাহাকে না জানিতে পারেন,তাহা হইলে পুরুষ চিত্তের ক্রায় পরিণামী হইয়া পড়েন; কেননা সেই সেই বিষয়ের আকারে আকারিত বৃত্তিরূপ পরিণামকে অপেক্ষা করিয়া সেই জ্ঞাতৃত্ব সম্ভাবিত হইয়া থাকে (অর্থাৎ পুরুষেও বৃত্তিরূপ পরিণাম মানিতে হয়)। তাহা হইলে ছইটী পরিণামীর প্রয়োজন কি? এইহেতু (অর্থাৎ ছইটী পরিণামী মানিলে) পুরুষ চিত্ত হইতে ভিন্ন বস্তা হয়েন না। শব্দাদি আকারের চিত্তবৃত্তি সকল বিভ্যমান থাকিলে, তাহারা জ্ঞাত হইয়া ভোগ্যস্বরূপ হয়: তাহারা সেই ভোগ্যের প্রভর অর্থাৎ ভোক্তার অপরিণামিত্বই জানাইয়া

দেয় অর্থাৎ পুরুষকে অপরিণামী বলিয়া প্রমাণ করে। সাক্ষীকে অপরিণামী হইতেই হয় বলিয়া সেই চিত্তবৃত্তি সকল স্বয়ং সর্বাদাই জ্ঞাত হইয়া থাকে, অন্থ কোন অবস্থায় অর্থাৎ সাক্ষী পরিণামী হইলে (বদলাইতে থাকিলে) তাহারা সর্বাদা জ্ঞাত হইতে পারে না; ইহাই তাৎপর্যা। *

শক্কা—ভাল, চিত্তকেই যদি ক্ষণিক, স্বপ্রকাশ এবং আপনার বিষয়ের সহিত আপনাকেও প্রকাশ করিতে সমর্থ, বলা যায়, তাহা হইলে, (চিত্ত হইতে ভিন্ন আর) একটা সাক্ষী মানিবার প্রয়োজন কি? এইরূপ শক্কার উত্তরে বলিতেছেন—

ন তৎ স্বাভাসং দৃশ্যত্বাৎ ॥ ১৯ ॥

তৎ (চিত্তং) ন স্বাভাসং, দৃশ্যত্বাৎ।

সেই চিত্ত স্বাভাস অর্থাৎ স্বপ্রকাশ নহে, কেননা তাহা নিজেই দৃশু অর্থাৎ পরপ্রকাশ্য।

যেরপ বলা হয় রূপবান্ ঘট (অর্থাৎ ঘট পরপ্রকাশ্চ) সেইরূপ লোকে বলিয়া থাকে 'আমি স্থথী,' 'আমি কুরু,' 'আমার মন শান্ত,' এইরূপে ('আমি' বা 'মন' শব্দ দ্বারা হচিত) চিত্ত, দৃশ্চ বলিয়া তাহা স্বাভাস অর্থাৎ স্থপ্রকাশ নহে; ইহাই স্ত্তের অর্থ ।

অভিপ্রায় এই—এই 'স্বপ্রকাশতা' কি প্রকার? নিজ হইতে অভিন্ন প্রকাশরপ ক্রিয়ার কর্মন্ত, স্বপ্রকাশতা নহে (অর্থাৎ স্বপ্রকাশ বলিতে এরপ বুঝার না যে, যাহা প্রকাশস্বরূপ, তাহা নিজেই আবার সেই প্রকাশরপ ক্রিয়ার কর্মা); কেননা একই বস্তু, ক্রিয়া ও কর্মা হইতে পারে না। গতি কথনই গমন ক্রিয়ার কর্মা হইতে পারে । আর একথা বলা চলে না যে, পুরুষ যেমন আপনা হইতে ভিন্ন প্রকাশের বিষয় নহে, ভিত্তও সেইরূপ; কেননা, সকলেই এইরূপ অনুভব করে "আমার মন ক্রুদ্ধ হইয়াছে," এইরূপে মন অনুভবের বিষয় হইয়া থাকে। এই হেতু, চিত্ত দৃশ্য বলিয়া, ইহার আপনা হইতে ভিন্ন এক পৃথক দুষ্টা আছে; সেই চিত্ত "আমি সেই" (অর্থাৎ মে আমি অপ্রসন্ন ছিলাম, সেই আমি প্রসন্ন হইয়াছি) এইরূপ প্রত্যভিজ্ঞান (পূর্ব্বদৃষ্টবস্তর পুনর্ব্বার জ্ঞান) করিয়া থাকে বলিয়া, ইহা ক্ষণিক নহে।

 ^{* &}quot;দাক্ষিতা কা বিকারিণঃ" "নেক্ষর্সদিদ্ধিং" ২।৭৭—জ্ঞানোত্তম কৃত টীকা—"বিকারিণঃ
দাক্ষিত-মন্পুপন্নম্। আত্মা চ দমন্ত বৃদ্ধিবৃত্তিদাক্ষী"। মোট কথা ,যদি কোনও চিত্তবৃত্তির অজ্ঞাত
থাকা সন্তব হইত, তাহা হইলে "আমি জানিতেছি বা জানিতেছি না" এইরূপ দংশ্র হইত।

দোৰ হয়।

একসময়ে চোভয়ানবধারণম্॥ ২০॥

একসময়ে চ উভয়ানবধারণম্।

আরও দেথ একই সময়ে চিত্ত ও চৈতন্ত এবং চিত্ত ও বাহ্ বস্তু এই উ**ভ**রের অবধারণ (নিশ্চর বা জ্ঞান) সম্ভব হয় না।

ক্ষণিক বিজ্ঞানবাদীর মতে একইক্ষণে যে চিত্ত ও চৈতন্ত এই ছইটীর অবঁধারণ বা জ্ঞান মানিতে হয়, ভাহা সম্ভবপর নহে। ইহাই হ্রার্থ। দেখ "আমি ঘট দেখিয়াছিলাম" এইরূপ যে অয়ভূতি হয়, তাহাতে চিত্ত ও (চিত্তগ্রাহ্ণ) বস্তু এই ছইটীর যে য়য়ল, তাহা চিত্ত ও (চিত্তগ্রাহ্ণ) বস্তু এই উভয়ের অয়হত ইইতেই উৎপন্ন হয়। তাহাতে যে ক্ষণে চিত্তের অয়তে ইইয়াছিল, সেইক্ষণে উভয়ের অর্থাৎ চিত্ত ও গ্রাহ্ণ বস্তু এই ছইটীরই অয়তে কি প্রকারে সম্ভব ইইতে পারে? আর একণা বলা চলে না যে উভয়ের অয়ভবের নামই চিত্ত। যদি বল (চিত্তগ্রাহ্ছ) বস্তু চিত্ত হইতে উৎপন্ন, তাহা হইলে যে ক্ষণে বস্তুটির অয়ভব হয়, সেইক্ষণে চিত্ত থাকে না (কারণ ক্ষণিক বিজ্ঞান বাদীর মতে সবই ক্ষণিক)। আর যদি বল বস্তুটি চিত্ত ইইতে অয়ৎপন্ন কিন্তু সমকালিক, তাহা হইলেও সেই একই ক্ষণে বস্তুর উৎপত্তি ও চিত্তের সহিত তাদাত্মা লাভ সম্ভবপর ইইতে পারে না, এবং সেই হেতু বস্তুটিও চিত্তের গ্রহণযোগ্য হইতে পারে না। আর যদি বল তাদাত্মারূপ সম্বন্ধ না হইলেও, চিত্ত বাহ্য বস্তু গ্রহণ করিতে পারে, তাহা হইলেও চিত্তকে সর্বজ্ঞ বলিতে হয় (তাহা ত' বস্তুতঃ নহে)। আরও দেখ সৌগতগণই বলিয়াছেন—

"অতহুৎপত্তিরতদাত্মা চ তেন ন গৃহুতে"।

যাহা চিত্ত হইতে উৎপন্ন নহে, এবং চিত্তের সহিত যাহা তাদাত্ম্যসম্বন্ধে সম্বন্ধ না হয়, তাহা চিত্তের গ্রাহ্থ হইতে পারে না। চিত্ত (নিজে পুরুষের দৃশ্য বলিয়া) আপনিই আপনাকে গ্রহণ করিতে পারে না (জানিতে পারে না,) একথা পূর্কেই বলা হইয়াছে। আর আপনার (চিত্তের নিজের) এবং (চিত্ত গ্রাহ্থ) বস্তুর, এতহভ্রের অমুভব এই হুইটীও চিত্ত নহে। যে বস্তু অতিক্ষণিক, তাহার উৎপত্তি ভিন্ন অন্থ ব্যাপার হইতেই পারে না, কারণ কথিত হইয়াছে:—

"ভুতির্হেষাং ক্রিয়াটসৰ কারকং সৈব চোচ্যতে"

তাহাদের উৎপত্তিই তাহাদের একমাত্র ক্রিয়া এবং তাহাকেই কারক (ক্রিয়াসজ্মটক) বলা হয়। আর একই বস্তু হইতে ব্যাপারের ভিন্নতা না হইলে কার্য্যের ভেদ হইতে পারে না। স্বপ্নেও চিত্ত একই সময়ে জ্ঞান ও জ্ঞের সম্পাদন করিতে পারে না। সেই হেতু সাক্ষীই, চিত্ত ও চৈতন্ত * (চেত্য-চিত্তগ্রাহ্য বস্তু?) এই উভরের অমুভব করিয়া থাকে, ইহাই সিদ্ধ হইল।

(শক্ষা)—ভাল, চিত্ত যেন আপনিই আপনার দৃশু না হইল; চিত্ত অক্স চিত্ত কর্তৃক দৃষ্ট হইয়া থাকে, এরূপ ত' বলা চলে। তাহা হইলে সাক্ষী মানিবার প্রয়োজন কি ? এইরূপ আশক্ষার উত্তরে বলিতেছেন—

চিত্তান্তরদৃষ্যত্ত্ব বুদ্ধিবুদ্ধে রতি প্রসঙ্গঃ স্মৃতিসঙ্করশ্চ ॥২১॥

চিত্তান্তরদৃশ্রতে (সতি) বৃদ্ধিবৃদ্ধে অতিপ্রসঙ্গং শ্বতিসঙ্করঃচ (ভবতি)।
চিত্তকে অন্ম চিত্তের দৃশ্য বলিয়া মানিলে, বৃদ্ধির দ্রষ্টা অন্ম বৃদ্ধি স্বীকার করা
অনিবার্য্য হইয়া পড়ে; তাহাতে অতিপ্রসঙ্গ দোষ—অসংখ্যবৃদ্ধিকরনাজনিত
অনবস্থা দোষ—আসিয়া পড়ে এবং অসংখ্য স্থিতির মিশ্রণ ও অনিবার্য্য
হয়।

যদি নীল বস্তুর আকারে আকারিত চিত্ত অন্থ চিত্তের দৃশু হয়, তাহা হুইলে সেই বৃদ্ধি রূপ (অর্থাৎ দর্শক বা নিশ্চয়কর্ত্তা) চিত্ত অন্থ বৃদ্ধির দৃশু হুইবে, সেই বৃদ্ধি আবার অন্থ বৃদ্ধির, এইরূপে 'অনবস্থা' নামক দোষ (Regressus and infinitum) আসিয়া পড়ে।

জার যদি বল—ভাল, ছই তিনটি, অথবা তিন চারিটী, অথবা পাঁচ ছয়টী চিত্তস্বরূপ ধরা যাউক না কেন, তাহা হইলে ত' অনবস্থা দোষ হইবে না, তবে বলিও ই
এইরূপ বলিতে পার না; কেননা কোন্ চিত্তটি গ্রাহক তাহার নিশ্চয় না হইলে,
কোন্ চিত্তটি তাহার গ্রাহ্ণ হইল, তাহারও নিশ্চয় হয় না। "গৃহে ঘট দেখা গিয়াছে
কি না" যদি এইরূপ সংশয় উপস্থিত হয় এবং "দেখা যায় নাই" এইরূপ ব্যতিরেকনিশ্চয় (নিষেধ মুথে নিশ্চয়) হয়, তাহা হইলে বস্তু নিশ্চয় না হওয়াতে কোনটি
কে জানচিত্ত (অর্থাৎ কোন্ চিত্তটি যে বস্তুর গ্রাহক) তাহারও নিশ্চয় হইল না।
তাহা হইলে জানচিত্তের অনিশ্চয় বশতঃ বস্তুর অনিশ্চয়ের হেতু পাওয়া গেল না;

^{*} মূলের পাঠ "চিত্তচৈতশুমোরমূভব ইতি সিদ্ধন্"। এই পাঠ "চিত্তচেতায়োরমূভবং" এইরূপ হইলেই অধিকতর সমীচীন হয়। চিত্ত ও চিত্তগ্রাহ্ম বস্তু এতত্তুভয়ের অমূভব। বস্তুতঃ যোগস্থাকরনামী টীকায় যোগমণিপ্রভার এই অংশের তাৎগ্যপ এইরূপে সংগৃহীত হইয়াছে "কৃমাৎ পুরুষ এব চিত্তার্থয়োরবভাদকো, ন চিত্তম্—ইত্যর্থঃ"।

আর সেই সেই অসংখ্য চিত্তের অন্ধভব হইতে যে অসংখ্য চিত্তম্বতি উৎপন্ন হয়, তাহাদের পরস্পর মিশ্রণও অনিবার্য হইয়া পড়ে। স্বৃতি অসংখ্য হইলে তাহাদের গ্রহণও অসন্ভব হওয়ায় এবং গ্রাহক চিত্ত না থাকায়, "এইটি নীল চিত্তের স্মৃতি, "এইটিই পীত চিত্তের স্মৃতি" এইরূপ বিভাগ করাও চলে না। ইহাই স্ক্রের তাৎপর্য। অধিকস্ক সকল চিত্ত দীপসমূহের স্থায় পরস্পর একরূপ বলিয়া, কোন্ চিত্তটি বস্তার গ্রাহক বা প্রকাশক হইল, তাহার নিশ্চয় করাও অসম্ভব হইয়া পড়ে। এইহেতু সিদ্ধ হইল যে চিত্ত সাক্ষিবেত্য, অর্থাৎ চিত্ত চিত্তান্তরের বেত্য নহে, পুরুষ-রূপ সাক্ষীরই বেত্য।

(শঙ্কা)—ভাল, সাক্ষী হইল কৃটস্থ অর্থাৎ নিজ্জিয় ও নির্ব্বিকার। সেই সাক্ষীর পক্ষে ক্রিয়ানিষ্পাদন পূর্ব্বক চিত্তের সহিত সম্বন্ধস্থাপন হইতেই পারে না। তাহা হইলে চিত্ত কি প্রকারে সাক্ষীর সম্বেখ্য হইতে পারে? এইরূপ আশঙ্কার উত্তরে বলিতেছেনঃ—

চিতেরপ্রতিসংক্রমায়াস্তদাকারতাপত্তে স্ববৃদ্ধি-সম্স্থেদনম্ ॥২২॥

অপ্রতিসংক্রমায়াঃ চিতেঃ তদাকারতাপত্তৌ (সত্যাম্) স্ববৃদ্ধিসম্বেদনং (ভবতি)।

চিৎশক্তি (পুরুষ) (অপরিণামিনী বলিয়া) প্রতিসঞ্চারশূলা অর্থাৎ ঘটাদি বস্তুর প্রতি গমন করিয়া তাহাতে সংশ্লিষ্ট হয় না, কিন্তু তাহার প্রতিবিশ্ব পাইয়া বৃদ্ধি চিৎশক্তির আকার প্রাপ্ত হইলে, চিৎশক্তির আপন বৃদ্ধির সম্বেদন (জ্ঞান) হয়। বৃদ্ধি পরিণামিনী বলিয়া বৃদ্ধির প্রতিসংক্রম হয় অর্থাৎ বৃদ্ধির ক্রিয়ায়ারা ঘটাদির সহিত বৃদ্ধির সংশ্লেষ হয়। কিন্তু চিতিশক্তি অপরিণামিনী বলিয়া বৃদ্ধির প্রতিবিশ্ব পতি তাহার সেইরপ প্রতিসংক্রম হয় না, পরস্তু জলে যেমন স্বর্যের প্রতিবিশ্ব পড়ে, সেইরূপ বৃদ্ধিতে চিতের প্রতিবিশ্ব পড়িলে, বৃদ্ধি চিদাকার প্রাপ্ত হয়; তথন চিতি শক্তির, আপন ভোগ্য বৃদ্ধির সম্বেদন হয়। চিচ্ছায়াগ্রহণযোগ্যতারূপ সম্বন্ধের দ্বারা চিত্ত চিত্রের তাৎপর্য । অপ্রতিসংক্রমা চিতের সায়িধ্য হেতু, সেই চিতের আকার-ছায়া-আছে যাহাতে, তাহার ভাবপ্রাপ্তি ঘটলে, চিতের আপন জোগ্য বৃদ্ধির সম্বেদন হয়। এইরূপ অর্থ প্রাপ্তির অন্তর্মপ (অর্থাৎ প্রদর্শিত প্রকারে) সম্বন্ধ করিতে হইবে।

(শঙ্কা)—যদি আত্মা বলিয়া চিত্তের অতিরিক্ত এক বস্তু থাকেন, তাহা হইলে কাহারও কাহারও চিত্তকেই কেন আত্মা বলিয়া ভ্রম হয়? এইরূপ আশঙ্কার নিরাকরণের জন্ম বলিতেছেন—চিত্তের সর্বার্থগ্রহণসামর্থাই তাহাদের উক্তরূপ ভ্রমের মূল কারণ।

দ্রস্ট্রন্থাপরক্তং চিত্তং সর্বার্থম্ ॥ ২০ ॥ দ্রষ্ট্রন্থাপরক্তম্ চিত্তম্ সর্বার্থম্ (ভবতি)।

দ্রষ্টা এবং দৃশু দারা উপরক্ত হইতে পারে বলিয়া চিত্ত সর্বার্থ হয়। (চিত্ত চিৎসন্নিধানে চিদাকারা এবং বিষয় সন্নিধানে বিষয়াকার হইতে পারে বলিয়া ইহা চেতন অচেতন সর্ব্ব বিষয়ই গ্রহণ করিতে সমর্থ হয়)।

দ্রষ্টা পুরুষ চেতন, দৃশ্য শবাদি অচেতন, সেই সমস্ত অর্থাৎ চেতন ও অচেতন হইয়াছে অর্থ বা বিষয় যাহার—যে চিত্তের, সেই চিত্ত হইতেছে "সর্ব্বার্থ"। তন্মধ্যে সেই চেতন পুরুষের সান্নিধ্যবশতঃ চিত্ত যেন চিদ্রূপতা প্রাপ্ত হয়, এবং চৈতন্তের দ্বারা উপরক্ত হইয়া দ্রষ্টা হইলে, চিত্ত, দ্রষ্ট্ বিষয়ক হয় (অর্থাৎ পুরুষকে আপনার গোচর করিতে পারে) এবং ইন্দ্রিয়াদির দারা দৃশ্যোপরক্ত হইয়া দৃশ্যাকার প্রাপ্ত হয় (অর্থাৎ দৃশুরূপ ধারণ করে) ৷ এইরূপ হয় বলিয়া ভোগ্য শব্দাদির আকারে এবং স্থত্যংখাদি পরিণাম রূপ ভোগের আকারে দৃশ্য হইলেও, চিত্তের চিৎপ্রতিবিম্বের সহিত অভেদ হেতু—সৌগতগণ (বৌদ্ধেরা),এই চিত্তকেই যে আত্মা বলিরা ভ্রম করেন, তাঁহাদের পক্ষে দেইরূপ ভ্রম হইতেই পারে। আর উৎকৃষ্ট জাতীয় ফটিক-মণির, (সন্নিহিত) জ্ববাকুস্থমাদি বস্তুর আকার (বর্ণ) গ্রহণ করা স্বভাবের ন্যায়, চিত্তের-দৃশ্য বস্তুর আকার গ্রহণ করা স্বভাব দেথিয়া, (ক্ষণিক)—বিজ্ঞানবাদিগণ যে বলেন চিত্তের অতিরিক্ত অন্ত বস্তু নাই,ইহাও তাঁহাদের ভ্রম। এ স্থলে এইরূপে স্কল্ম বিচার ্ করিতে হইবে—চিত্ত স্বয়ং ভোগ্য বলিয়া চিত্তের অতিরিক্ত অন্য ভোক্তা আছে, ইহা মানিতেই হইবে। সেই ভোক্তাকেই নিত্যোদিতা অর্থাৎ সদাপ্রকাশশীল চিৎ-শক্তি বলা হয়। চিৎশক্তি হুই প্রকার; নিত্যোদিতা এবং অভিবার্ম্পা। তন্মধ্যে নিত্যোদিতা চিৎশক্তি কুটস্থা অর্থাৎ নির্ক্সিকারা, আরু সেই নিত্যোদিতা কুটস্থা চিৎ-শক্তির চিত্তসত্ত্বে চিৎপ্রতিবিদ্বরূপ যে অভিব্যক্তি, যাহা স্থাদির সহিত সমানরূপতা প্রাপ্ত হয় | চিত্তসত্ত্বে চিৎপ্রতিবিদ্বরূপা সেই চিৎশক্তিকেই, কৃটস্থা নিত্যোদিতা চিৎ-[।] শক্তির ভোগ বলা হয়। সেই ভোগ আবার দ্বিবিধ। এক প্রকার ভোগের চৈতত্তেই পর্যাবসান; অপর প্রকার ভোগ বিবিধ দৃশ্যরূপ পরিণামেই পর্যাবসিত।

তন্মধ্যে উক্ত অভিব্যক্ষ্যা চিৎশক্তি প্রথম প্রকারের ভোগ এবং এই ভোগ পুরুষেরই হয়; আর স্থাদিপরিণামরূপ ভোগ প্রাপ্ত চৈতন্ত বৃদ্ধিরই (চিৎপ্রতিবিম্ব যুক্ত হওরায় চৈতন্তময়ী বৃদ্ধিরই) হইয়া থাকে। এইরূপে বৃদ্ধি ও পুরুষের পার্থক্য নিদ্ধারণ পূর্বক সমস্ত মলজাল বিধ্বংস করিয়া নিশ্চল প্রদীপশিথার ন্তায় সমাহিত ও প্রশান্তবাহি (একই আকারে পরিণম্মান) হইয়া চিত্ত, পুরুষের সত্তা অবধারণ করিতে পারে, ইহাই তাৎপর্য্য।

অপর এক কারণেও বলিতে হয় চিত্তের অতিরিক্ত ভোক্তা আছেন। সেই কথাই এক্ষণে বলিতেছেন—

ভদসংখ্যেরবাসনাভিশ্চিত্তমপি পরার্থং সংহত্যকারিত্বাৎ ॥২৪॥

অসংখ্যেরবাসনাভিঃ (চিত্রম্) চিত্তম্ অপিপরার্থম্ (ভবতি); সংহত্যকারিত্বাৎ। অসংখ্য বাসনা দ্বারা বিচিত্র হইলেও, চিত্ত অপরের (পুরুষের) উদ্দেশ্যসাধক; কারণ (দেহেক্সিয়াদির সহিত) মিলিত হইয়া কায্য করাই চিত্তের স্বভাব।

